व्यापि-लीला।

সপ্তদশ পরিচ্ছেদ।

বন্দে স্বৈরাদ্রুতেহং তং চৈতন্তং যৎপ্রসাদতঃ। যবনাঃ স্থানায়ন্তে ক্ষানামপ্রজন্নকাঃ॥ ১॥ জয়জয় শ্রীচৈতন্ত জয় নিত্যানন্দ। জয়াদৈতচন্দ্র জয় গৌরভক্তর্ন ॥ ১ কৈশোর লীলার সূত্র করিল গণন। যৌবন লীলার সূত্র করি অনুক্রম॥ ২

শোকের সংস্কৃত চীকা।

বন্দ ইতি। তং চৈতন্তং শ্রীকৃষ্ণচৈতন্তদেবং বন্দে। কথস্তুত্ম ? স্বৈরান্ত্তেহং স্বৈরা স্বচ্ছনা অন্তুতা লোকোত্তরা দ্বা চেষ্টা যক্ত তম্। যৎপ্রসাদতঃ যক্ত প্রসাদতঃ যবনাঃ ভাগবতধর্মবিদ্বেষিণঃ শ্লেচ্ছাঃ কৃষ্ণনামপ্রজন্নকাঃ কৃষ্ণনামজপ্রধারণাঃ সন্তঃ স্থমনায়ন্তে অস্থমন্যঃ স্থমন্যো ভবস্তীতি স্থমনায়ন্তে ভগবদ্ভক্তা ভবস্তীতি। ১।

গোর-কুপা-তরঞ্চিণী টীকা।

এই সপ্তদশ পরিচ্ছেদে এমন্ মহাপ্রভুর যৌবন-কালের বিবিধ-লীলা বণিত হইয়াছে।

্শো। ১। অষয়। স্বৈরাভূতেহং (সচ্চন-লোকোজ্র-চেষ্টিত) তং (সেই) চৈতভং (শ্রীচৈতভাদেনকে) নন্দে (আমি বন্দনা করি); যৎপ্রসাদতঃ (খাঁহার প্রসাদে) যবনাঃ (যবনগণ) ক্ফানামপ্রজন্নকাঃ (ক্ফানাম-প্রজন্নক) [সস্কঃ] (হইয়া) স্ব্যুনায়তে (স্থানা—শুদ্ধচিত্ত—হইয়াছে)।

অসুবাদ। যাঁহার প্রসাদে যবনগণও কৃষ্ণনাম কীর্তন করিতে করিতে শুদ্ধচিত্ত হয়, সেই স্বচ্ছল-অভুত-চেষ্টিত-শ্রীচৈতগুদেবকৈ আমি বন্দনা করি। ১।

বৈষ্ণাছ্তেইং—বৈদ্ধা (সচ্ছাদান) এবং অন্তুতা (লোকোন্ত্রা, অলোকিকী) ঈহা (চেষ্টা) বাহার; ইহা "চৈতন্তের" বিশেষণ। শ্রীচৈতন্ত-মহাপ্রভুব লীলা স্বচ্ছনা—স্বতন্ত্রা—তাঁহার নিজের ইচ্ছাধীন, অপর কাহারও দ্বারা নিয়ন্ত্রিত নহে; তাঁহার লীলা আবার অলোকিকী—লোকিক জগতে কোনও ব্যক্তি তাঁহার ছার কার্য্য করিতে পারে না। কাজি-দমন-লীলাদিতে তাঁহার চেষ্টার এ সমস্ত বিশেষত্ব প্রকটিত হইয়াছে; স্বপ্রযোগে নৃসিংহদেব কর্তৃক কাজির বন্দোবিদারণ, জাগ্রতেও বিদারণ-চিন্থের স্থিতি, কীর্তন-বিন্নকারী কাজি-ভৃত্যগণের মুখে উল্লাপাতন এবং তাহাদের শাশ্র-আদির দাহন, যবনের মুখে হরিনাম-প্রকটন প্রভৃতি প্রভুব স্বচ্ছন এবং অলোকিক লীলার পরিচায়ক। যবনাঃ—মেচ্ছগণ; মেচ্ছগণ সাধারণতঃ ভাগবতধর্ম-বিল্বেমী ছিল; তাহারা কীর্ত্তন স্বন্ধনাম-প্রজন্মকাঃ—ক্ষুনাম নামকীর্ত্রনাদিতে বাধা জন্মাইত; কিন্তু শ্রীমন্ মহাপ্রভুর রূপায় তাহারাও কৃষ্ণনাম-প্রজন্মকাঃ—ক্ষুনাম কীর্ত্তনাদির বিদ্ন জন্মাইত; কিন্তু শ্রীমন্ মহাপ্রভুর রূপায় ক্ষুনাম-কীর্তনের ফলে তাহারা স্ব্যুমনায়ত্তে—স্ব্যুন—শুদ্ধিত হইল। গেল, ভক্ত বলিয়া পরিগণিত হইল।

২। করিল গণন—পূর্ব্ববর্ত্তী ১৬শ পরিচ্ছেদে। যৌবন—কৈশোরের পরে—পঞ্চদশ বৎসর বয়সের শরে—যৌবন। অনুক্রম—আরম্ভ। তথাছি---

বিষ্ঠাসোন্দর্য্যসন্ত্রেশ-সম্ভোগনৃত্যকী উনৈঃ। সকল প্রেমনামপ্রদানৈন্দ্র গৌরো দিব্যতি যৌবনে শাস্ত্র নিত্তি—নিত্র

যৌবন প্রবেশে অঙ্গে অঙ্গ-বিভূষণ। দিব্য বস্ত্র দিব্য বেশ মাল্য চন্দন॥ ৩ বিছোদ্ধত্যে কাহাকেও না করে গণন। সকল পণ্ডিত জিনি করে অধ্যাপন॥ ৪

কায়ুব্যাধি-ছলে হৈল প্রেম-পরকাশ। ভক্তগণ লৈঞা কৈল বিবিধ বিলাস। ৫

নত্বিস্কৃতি কি জোকের সংস্কৃত দীকা।

বিস্তৃত্বি চন্ত্রি ক্রিনার ক্রিনার ক্রিক্রির ক্রিরের করি। কৈরিত্যপেকারামাহ ; বিষ্ঠা শাস্ত জ্ঞানং সৌন্দর্যাং লার্বাট্রির ক্রেন্থ প্রাক্রির ক্রিরের ক্রিরের করি। প্রাক্রির প্রাক্রির ক্রিরের করি। প্রাক্রির প্রাক্রির ক্রিরের করি। প্রাক্রির প্রাক্রির করি। বিতরবৈশ্চেতি। ২।

গৌর-কূপা-তরঞ্চিণী টীকা।

ক্রো। ই। অধীয়। গোর: (এগোরাঙ্গ) মোরনে (যোবনকালে) বিজ্ঞাসোন্দ্র্য্যসন্ধেন-সম্ভোগন্ত্য-কীর্ত্তনিঃ বিষ্ণা, সৌন্দ্র্য্যস্থেনি, বিষয়োপভোগ, নৃত্য, কীর্ত্তন দ্বারা) প্রেমনামপ্রদাদেশ (এবং প্রেমনামপ্রদান দ্বারা) দীব্যতি (ক্রীড়া করেন ধা শোভাপ্রাপ্ত হয়েন)।

অসুবাদ। বিশ্বা, সৌন্দর্য্য, স্থন্দরবেশ, খ্যাতিপ্রতিপত্তি-আদি-বিষয়োপভোগ, নৃত্য, কীর্ন্তন এবং প্রেম-নাম-প্রদান দ্বারা শ্রীগোরাঙ্গ-প্রভু যৌ্বনে ক্রীড়া করেন (বা শোভা প্রাপ্ত হয়েন)। ২।

৩। মৌবন প্রবিশে— শ্রীগোরাঙ্গের দেহে যখন যৌবন প্রবেশ করিল, তখন; যৌবনের প্রারম্ভে।

(অসে অফ্র-বিভূমণ অসই অসের বিভূষণ (অলঙ্কার); যৌবনের প্রারম্ভে প্রভূর অক-প্রত্যঙ্গাদি এমনিই স্থানর

(ইইল যৌ, তাইনির্হি সমিন্তি দিহের ভূষণ স্বরূপ হইল; অর্থাৎ অলঙ্কার ধারণ করিলে দেহের যেরূপ শোভা হয়,
অলঙ্কার ব্যতীতই—কেবল অকপ্রত্যঙ্গাদির সৌন্দর্য্যেই—প্রভূর দেহের তজ্ঞপ শোভা প্রকাশ পাইতে লাগিল। তাহার

ভিন্নার ভিন্নি আঁকার দিব্যবিদ্ধান অতি স্থানর কাপড়, ধুতি ও উত্তরীয় আদি; দিব্যবেশ—মনোহর বেশভূষা; এবং
মাল্য-চন্দ্ন—স্লের মালা ও স্থানি চন্দ্নাদি ধারণ করিতে লাগিলেন; তাহাতে প্রভূর সৌন্ধ্য কন্দর্পের
(দর্শ্বহরণ করিতে জিন্মার্থ হেইল, ইকাই রামিন।

্তর্গালক দ্বলি মায়ুব্রামি নায়ুরার্সী, বায়ুরী প্রকোপ-বৃদ্ধি-জনিত রোগ। ছলে—ছলে; ব্যপদেশে। প্রেমের ক্রিপ্রামিন ক্রিয়ের প্রক্তিক ক্রিয়ের প্রভাবে তিনি কথনও বা উচ্চস্বরে হাল্য করেন, কথনও বা জেন্দন লক্ষেন, ক্রেয়েন, ক্রেয়েন ক্রেয়ের ক্রিয়ের ক্রিয়ার ক্রেয়ার ক্রিয়ার ক্রেয়ার ক্রিয়ার ক্র

তবেত ক্রিল্টাপ্রস্থ ক্ষাজ্যে প্রস্তাধ তল্যাত ইথরপুরীর সঙ্গে তথাই মিলন ॥ ৬ দীক্ষা-অনুমূলে ঐক্লোচ প্রেম প্রবৃদ্ধার্থ্য। ক্যাবাদ দেশে আগমন পুন প্রেমের বিলাস ॥ ৭

াক বি কিবাহত-প্ৰভন্ন কিবা। গোর-কুপা-তরিদিণী নিকা।

ভক্ত পণ বৈশ্ব ইত্যাদি— তক্ত গণের সঙ্গে নানাবিধ কৈত্বির সক্ষাধান করে। তাহাদের জ্বাদি গ্রহণ করিয়া তাহাদির করিছেন করিয়া তাহাদিগকে কৃত্যে করিতেন। নগর ভ্রমণ করিতে করিতে প্রভু একদিন এক তদ্ভবিষের গৃহে উপস্থিত ইইয়া তাহাকে বলিলেন "ভাল বস্ত্ৰ আন ॥" তন্তুবায় বস্ত্ৰ আনিলে মূল্য ঠিক করিয়া প্রভূ বলিলেন "এবে কড়ি নাঞি।" ভাঁতি বলিলা "বল্ল লৈয়া সেরা ভূমি শর্ম সভোৱেশ চালাভেছি ভূমি কিডিওমার কিওাপমারেট দিন্দ্র দিনাই দিনাই দিনা লোমালার কাড়ীতের পিয়নী"প্রজ্ঞুলীর্যাক্সনিকাজেজেজের উপজনিব কুঞ্জ উচ্চান চাপ্রমাজিত ইক্তারণ মহারণজ্ঞতাহাবন মহানী দালীক ক্ষাপ্রস্কৃতিক গোগেপ্ত ক্ষতক্রপারীছার । চত্রাশামান্দ্রমাণ শক্ষিসউস্ক ক্ষত্রকাল মঞ্জীর নাল্ড কৈছে। শব্দেলভাগতির আমান্ত ক্ষতির বিদ্যাল একান্টিগেশিপ কাৰ্যক্ষ ক্ষিত্ৰীয়াৰ্যক্ষক্ষেণ্টক্ষয়ায়। চত্তক্ষেষ্ঠানিকা-ভিত্তমিকান্টাৰ ক্ষেত্ৰত্বতি ভিত্তমান কাৰ্যকৰ তেন্ত্রিত নিজক্ষ স্থাব্যাত্র জ্বাত্ত্বাত্ত বিশ্বাত্ত্বাত্ত্ব কর্মান কর্মান্ত সাম্প্রতি ক্রান্ত্র ক্রান্ত ক্রান্ত ক্রান্ত ক্রান্ত ক্রান্ত ক্রান্ত ক্রান্ত ক্র দ্বৌত্সামি। । তি নি ইয়ালে গন্ধৰ কিছেক বংকাজী প্ৰিয়ালাক্ষজনী, কালীকাংবের বিন্তু নি বিয়ালাজীকুনী নালা, াত্সীৰ নীরা ছবেনান্তিয়া তাম্বুলান্ডমা, শঙ্কানন্দিকেক ঘট্রাইণিয়ার্গালন্ডান্প্রাইলেক বিয়ানিকীর্মকের ব্যক্তিনিতে প্রিয়লি আঁহনিক সম্প্রের প্রেয়-রের্ড্রাইল কর্ণীরলেন ত প্রস্তৃত্বাবিদেশন ত পুঞ্জীধর; তুমি সর্বন্ধদা হিরি ছবি থিকি; ব্যক্তীক্ষাতেরভূচিসকা ক্ষের, তথাচাণিত ভোমার ওত্ত্ববাচুট্রান্ত কেন 🕊 - জীধন্ম বিলিকেন কর্ম ভিপবাস তেজা করিনা ট্রাছে টিন্টিজকার জিটা হউকে রম্বপ্রায়ও, নপ্ত কি । বিশ্বজ্ঞানু বিশ্বজ্ঞান ন্ত্রী হ পর্ন, তিছেদ্ভে—দ্বদৈথিলাও শাঁঠিদশ ঠাইজিনা াপ্তরে ও সমত্ট নিহিলা আছর চ দেখু,ত মহিবা চক্তিনী-বিবছ বিষ্ণু স্কুলা ক্রাক্তে, তারা কেমন স্থথে স্বচ্ছনে আছে।" এরপ কোনল চলিল।। ভ্রারে শ্রীধীর রালিকেননা সিজে সমন্ত্র প্রাঞ্জিক।ভারতে ক্রানীর —'আমায় কি দিবে বল ; নতুবা* যাবনা— স্কান্ত্ৰীত্ৰবৈত্ৰ নিক্ট শতিবা সে পাকুক এখনে, পাইব তাহা পাছে॥ এবে কলা মূলা থোর দেহো प्रभावक प्रथम, शहित जाहा शांह । वाद कला मेला (थात (मर्था काशावरण। । मर्था जाहा रहान परामण करित के लिए हैं कि निर्मा कि लिए हैं कि निरम् हैं कि निरम् कि लिए हैं कि निरम् हैं कि निरम हैं कि निरम् हैं कि निरम हैं প্রেক্ত গমাম প্রমত করিমাছিলের। চাইশ্বরপ্রবীর সঙ্গেইত্যানিলাগমাতে শ্রীপ্রাদ্ধ ইব্রপ্রীর সহিত্ব প্রভাৱ বিলন হয়। শীপাদ ক্রমার কিন্তেন শীপাদ স্থাধবেশপ্রেরী-প্রাম্থানী র শিখ দার জিনি ইতঃপুরের । একবার ভুনবদ্ধীপে আহিয়া দ্বিলেন প্রকংশেচীৰ ক্লোক্তাক ক্লাক্তাক বিষাদিল্লেন : ত্রেদেৰ বিষ্টু ক্লিখবপ্রুৱী ব স্থান্থিত প্রপ্তান্তর বিষ্টু বিভাগ বিষাদিল্লেন : ত্রেদেৰ বিষ্টু ক্লিখবপ্রুৱী ব স্থান্থিত প্রপ্তান্তর বিষ্টু বিভাগ বিষ্টু বিষ্টু বিভাগ বিষ্টু বিষ্টু বিভাগ বিষ্টু বিভাগ বিষ্টু বিষ্টু বিভাগ বিষ্টু বিষ্টু বিষ্টু বিষ্টু বিষ্টু বিষ্টু বিষ্টু বিভাগ বিষ্টু ভাষত তাৰ্নাত কৰিয়া ক্ষাহাৰেৰ ভ্যোগাড় ক্লবিভেছেন চাণ্ডমন সুসৰ ক্লিব্ৰপ্ৰী তাৰ্মিয়া তাঁহার অভিথি হুইলেন

শচীকে প্রেমদান তবে অদ্বৈতমিলন।

অবৈত পাইল বিশ্বরূপ দরশ্ন॥ ৮

পৌর-কুপা-তরঞ্জিণী চীকা।

সম্ভবতঃ সাধন-ভজনে গুরুক্তপার প্রয়োজনীয়তা দেখাইবার উদ্দেশ্তে লৌকিক রীতিতে প্রভূ গয়াতেই শ্রীপাদ ঈশ্বরপূরীর নিকটে দশাক্ষর-গোপালমন্ত্রে দীক্ষা গ্রহণ (-লীলার অভিনয়) করেন। দীক্ষা-অমস্তরে ইত্যাদি—দীক্ষা-গ্রহণের. পরেই পুরী-গোস্বামীর নিকটে প্রভূ যথন ক্ষণপ্রেম ভিক্ষা চাহিলেন, তথন তিনি প্রভূকে আলিঙ্গন দিয়াছিলেন; আলিঙ্গন মাত্রেই "দোহার শরীর। সিঞ্চিত হইল প্রেমে কেহ নহে স্থির॥" আর একদিন প্রভূ যথন নিভূতে বসিয়া ইষ্টমন্ত্র জপ করিতেছিলেন, তথন প্রেমাবেশে "ক্ষণ্ডরে, বাপরে, কোণা গেলারে" ইত্যাদি বলিয়া আর্ত্তনাদ করিতে করিতে ভূমিতে গড়াগড়ি দিয়াছিলেন। অনেক কষ্টে প্রভূকে সেইদিন সান্থনা দেওয়া হইয়াছিল। তাহার পর প্রভূ সিষ্পাণকে বলিলেন, "তোমরা দেশে যাও, আমি প্রাণবন্ধত শীক্তকের অন্থেমণে মথুরায় ঘাইব।" তারপর একদিন শেষরাত্রিতে কাহাকেও না জানাইয়া প্রেমাবেশে মথুরার দিকে যাত্রা করিলেন; কতদুর ঘাইয়া দৈববাণী শুনিয়া কিরিয়া আশিলেন। গয়া-যাত্রা উপলক্ষ্যে মহাপ্রভূর প্রেম-বিকাশের এইরূপ অনেক কাহিনী শ্রীচৈতন্মভাগরতের আদি ১৫শ অধ্যায়ে দেখিতে পাওয়া যায়।

দেশে আগমন ইত্যাদি—গয়া হইতে দেশে ফিরিয়া আসার পরে রফপ্রেমের আবেশে প্রভু অনেক অভ্ত লীলা প্রকাশ করিয়াছিলেন। প্রথমতঃ, গয়া হইতে আসার পরেই হু' চারিজন ভক্তের নিকটে নিভূতে বিষ্ণুপাদপয়ের বর্ণনা করিতে করিতে প্রভুর দেহে অশ্র-কন্প-পূলকাদি এবং শেষে মূর্চ্ছা প্রকাশ পাইল। পরে শুক্রাম্বর-ব্রহ্মচারীর গৃহে সমস্ত ভক্তগণের সাক্ষাতে নিজের রফবিরহ-হুংথ বর্ণন করিতে করিতে প্রভুর যে অবস্থা হইয়াছিল, তাহা বর্ণনাতীত।। ইহার পরে প্রভু সর্কাদাই রুফবিরহ-বেদনার ব্যাকৃলতা প্রবেশ করিতেন; হরার, গর্জন, উচ্চ ক্রন্দন, কম্প, পূলক, মূর্চ্ছাদি দেখিয়া শচীমাতা ও বিষ্ণুপ্রিয়া দেনী যেমন একদিকে বিশেষরূপে চিন্তিত হইলেন, অপর দিকে শ্রীনাসাদি ভক্তগণ প্রভুর প্রেমভক্তি দেখিয়া বিশেষ আনন্দিত হইলেন। অধ্যাপন-কার্য্য প্রায় বন্ধ হইয়া আসিয়াছিল; পঢ়ুয়ারাও প্রমাদ গণিল। শেষে প্রভু পড়াইতে লাগিলেন; কিন্তু সে এক অভ্ত অধ্যাপনা; হুরে, বৃদ্ধি, পাঁজি—যাহা কিছু ব্যাখ্যা করেন, সমস্তের তাৎপর্য্যই রুষ্ণে নিয়া পর্য্যবসিত করেন। শেষকালে ছাত্রেরাও পৃথিতে ডোর দিয়া "হরি হরি" বলিয়া বাহির হইয়া পড়িল এবং কীর্জন-রসে ভাসমান হইতে লাগিল। প্রভুর এসমস্ত লীলা শ্রীচৈতস্যভাগ্রতের মধ্যবন্ত প্রথম অধ্যায়ে বর্ণিত আছে।

৮। শাচীকে প্রেমদান—শ্রীঅবৈতের নিকট শাচীমাতার অপরাধ হইয়াছিল বলিয়া প্রভু প্রথমে মাতাকে প্রেম দেন নাই; পরে কৌশলে সেই অপরাধ খণ্ডন করাইয়া তাঁহাকে প্রেম দিয়াছিলেন।১।১২।৪০ পয়ারের টীকা দ্রষ্টব্য। অবৈত মিলন—গয়া হইতে আসার পরে প্রভু একদিন শ্রীল গদাধরকে সর্কে লইয়া শ্রীঅবৈতের সঙ্গে দেখা করিতে গোলেন। যাইয়া দেখেন, শ্রীঅবৈত "বসিয়া করয়ে জল তুলসী সেবন॥ ছুই ভুজ আক্ষালিয়া বলে হরি হরি। ক্ষণে হাসে ক্ষণে কান্দে অর্জন পাসরি॥ মহামন্ত সিংহ যেন করয়ে হকার। ক্রোধ দেখি যেন মহাক্রল-অবতার॥" শ্রীঅবৈতকে দেখিবামাত্রই প্রভু মৃচ্ছিত হইয়া ভূমিতে পড়িয়া গোলেন। ভক্ত-অবতার শ্রীঅবৈত ভক্তি-প্রভাবে জানিতে পারিলেন যে "ইনিই তাঁহার প্রাণনাথ।" তথন তিনি ক্ষতি যাবে চোরা আজি—ভাবে মনে মনে। এতদিন চুরি করি বুল এই খানে। অবৈতের ঠাঞি চোর! না লাগে চোরাই। চোরের উপরে চুরি করিব এথাই॥" তথন তিনি যথাবিধি—প্রভুর মৃষ্ঠাবস্থাতেই—তাঁহার পূজা করিয়া "নমো ব্রন্ধণ্যদেবার" ইত্যাদি শ্লোক-উচ্চারণ পূর্বক প্রভুকে নমস্কার করিলেন। তাঁহার কার্য্য দেখিয়া, "হাসি বোলে গদাধর জিহলা কামড়ায়ে। বালকেরে গোসাঞি এমত না জুয়ায়ে॥" আচার্য্য গদাধরের কথার হাসিয়া বলিলেন—"ইনি বালক, না আর কিছু—কত দিন পরে জানিতে পারিবে।"

প্রভুর অভিষেক তবে করিলা শ্রীবাস।

খাটে বসি প্রভূ কৈনা ঐশ্বর্য্য প্রকাশ ॥ ৯

গৌর-কূপা-তরক্রিণী টীকা।

কতক্ষণ পরে প্রস্কুর বাছস্টুর্ত্তি হইলে অধৈতের আবিষ্টাবস্থা দেখিয়া তিনি আত্ম-গোপনের চেষ্টা করিলেন, স্তুতি-নতি করিয়া আচার্য্যের পদ্ধৃলি নিলেন। অদৈত বলিলেন—"তোমার সহিত কীর্ত্তন করিতে, ক্লঞ্জ্ঞকা বলিতে সমস্ত বৈষ্ণবেরই ইচ্ছা; তুমি এথানেই থাক।" প্রভূ দম্মত হইয়া গৃহে প্রত্যাবর্ত্তন করিলেন। শ্রীচৈঃ ভাঃ মধ্য।২॥ আবার, ঈশ্বরাবেশে প্রভু একদিন রামাই-পণ্ডিতকে বলিলেন—"রামাঞি, ভূমি অদ্বৈতের নিকটে যাইয়া বল, যাঁহার জন্ম তিনি কত আরাধনা, কত ক্রন্দন, কত উপবাসাদি করিয়াছেন, সেই আমি প্রেমভক্তি বিলাইতে অবতীর্ণ হইয়াছি। এপাদ নিত্যানন্দের আগমনের কথাও বলিবে। ওাঁহাকে বলিবে, আমার পূজার সজ্জ লইয়া তিনি যেন সন্ত্রীক আসেন।" রামাঞি শান্তিপুরে যাইয়া সমস্ত নিবেদন করিলেন। শুনিয়া আচার্য্য প্রেমানন্দে মুচ্ছিত হইলেন; বাছজ্ঞান ফিরিয়া আসিলে তিনি বলিলেন—"শুন রামাঞি পণ্ডিত। মোর প্রভু হেন আমার প্রতীত।। আপন ঐশ্বর্য্য যদি মোহারে দেখার। প্রীচরণ তুলি দেই আমার মাথায়। তবে সে জানিমুমোর হয় প্রাণনাথ।" পূজার সজ্জ লইয়া আচার্য্য সন্ত্রীক চলিলেন; কিন্তু রামাঞিকে বলিলেন "রামাঞি! তুমি প্রভুর নিকটে গিয়া বলিবে যে, আচার্য্য আসিলেন না; আমি নন্দনাচার্য্যের গৃহে যাইয়া লুকাইয়া থাকিব; তুমি তাহা প্রকাশ করিও না।" সর্বজ্ঞ প্রভু আচার্য্যের সঙ্কল্প জানিতে পারিলেন ; জানিয়া শ্রীবাসের **গৃ**হে যাইয়া আবেশে ব্রিষ্ণুখট্টায় বসিলেন এবং হুশ্বার করিতে করিতে—"নাঢ়াঁ আইসে নাঢ়া আইসে—বোলে বারে বারে। নাঢ়া চাহে মোর ঠাকুরাল দেখিবারে।" উপস্থিত ভক্তবৃন্দ প্রভুর আবেশ জানিয়া সময়োচিত সেবা করিতে লাগিলেন। এমন সময় রামাঞি-পণ্ডিত আসিয়া উপস্থিত। তিনি কিছু না বলিতেই প্রভূ বলিয়া ফেলিলেন—"মোরে পরীক্ষিতে নাঢ়া পাঠাইল তোরে। ***জানিয়াও নাঢ়া মোরে চালায় সদায়। এথাই রহিল নন্দন-আচার্য্যের ঘরে। মোরে পরীক্ষিতে নাঢ়া পাঠাইলেন তোরে॥ আন গিয়া শীঘ্র তুমি এপাই তাহানে।" রামাঞি নন্দনাচার্য্যের গৃহে গিয়া সমস্ত প্রকাশ করিলে শ্রীঅদ্বৈত আনন্দিত চিত্তে প্রভূর স্তব পড়িতে পড়িতে এবং দূর হইতেই দণ্ডবৎ করিতে করিতে সন্ত্রীক আসিয়া প্রভুর সন্মুখে উপস্থিত হইলেন। প্রভু রূপা করিয়া শ্রীঅবৈতকে বিশ্বরূপ দর্শন করাইলেন; আচার্য্য স্তবস্তুতি ও যথাবিধি পূজাদি করিয়া প্রভুর চরণে পতিত হইলেন এবং "সর্বভূত অন্তর্য্যামী শ্রীগোরাঙ্গ রায়। চরণ তুলিয়া দিলা অদ্বৈত-মাধায়।"—শ্রীচৈঃ ভাঃ মধ্য ৬ষ্ঠ অধ্যায়।

বিশ্বরূপ দরশন—নদন-আচার্য্যের গৃহ হইতে আসিয়াই শ্রীঅহৈত প্রভুর বিশ্বরূপের দর্শন পাইলেন (আচার্য্য প্রভুর ঐপর্য্য দেখিতে চাহিয়াছিলেন, অন্তর্য্যামী প্রভু তাহা দেখাইলেন)। আচার্য্য দেখিলেন—"জিনিয়া কদর্প-কোটি লাবণ্যস্থানর। জ্যোতির্ম্যর কনক-স্থানর কলেবর।" প্রভুর "হুই বাহু কোটি কনকের স্তম্ভ জিনি। তহিঁ দিব্য অলকার—রজের বেঁচনি॥ শ্রীবংস-কৌশ্বভ-মহামণি শোভে রকে। মকর-কুণ্ডল বৈজয়ন্তী মালা দেখে॥ পাদপ্রদ্মেরমা, ছত্র ধর্মের অনন্ত ॥ ***বিভঙ্গে বাজায় বাঁশী হাসিতে হাসিতে॥ কিবা প্রভু, কিবা গণ, কিবা অলক্ষার। জ্যোতির্ময় বই কিছু নাহি দেখে আর॥ দেখে পড়ি আছে চারি পঞ্চ শত মুখ। মহাভয়ে শ্বতি করে নারদাদি শুক॥ মকরবাহন-রথ এক বরাঙ্গনা। দণ্ড পরণামে আছে যেন গঙ্গা স্মা॥ তবে দেখে শ্বতি করে সহন্তর্বদন। চারিদিকে দেখে জ্যোতির্ময় দেবগণ॥ উলটিয়া চাহে নিজ চরণের তলে। সহন্ত সহন্ত দেব পড়ি ক্ষেপ্ত বলে॥ দেখে সপ্তফণাধর মহানাগগণ। উর্দ্ধবিত্ব করে ভুলি সব ফণ॥ অন্তর্রীক্ষে পরিপূর্ণ দেখে দিব্যর্থ। গজহংস অংশে নিরোধিল বায়ুপ্থ॥ কোটি কোটি নাগবধূ সজল-নয়নে। ক্ষেপ্ত বলি শ্বতি করে দেখে বিশ্বমানে॥ ক্ষিতি অন্তর্রীক্ষে স্থান নাহি অবকাশে। দেখে পড়ি-আছে মহাঋষিগণ পাশে॥" এই অপরূপ রূপে প্রভু অবৈতের নিকটে তাঁহার আরাধনার কথা এবং তজ্জন্ত স্থীয় অবতরণের কথা প্রাণ করিলেন। শ্রীটিং ভা: মধ্য। ৬॥ ১৪৯ পুরারের টীকা ক্রপ্ত্য।

ে **৯। প্রভুর অভিযেক** ইত্যাদি—একদিন শ্রীমন্ মহাপ্রভু পরম বিহুরল নিত্যানদকে সঙ্গে করিয়া

তবে নিত্যানন্দস্বরূপের আগমন।

প্রভুকে মিলিয়া পাইল ষড়্ভুজ দর্শন 📭 🔊 🗈

গৌর-কুপা-তরঙ্গিণী চীকা।

শ্রীবাস-ভবনে আসিয়া ঐশ্বর্যের ভাবে আবিষ্ট হইলেন; ক্রমে ক্রমে সমস্ত ভক্ত আসিয়া মিলিত হইলেন এবং কীর্ত্তন আরম্ভ করিলেন; প্রভু কতক্ষণ নৃত্য করিয়া বিষ্ণু-খট্টায় উঠিয়া বসিলেন। অস্তান্ত দিনতী ঐভি^{চ্}বিষ্ণু-খট্টায় বিশ্লেই কিন্তু তাহা যেন না জানিয়া—ভাবের আবেশে—বদেন। আজ কিন্তু তাহা নয়; আজ শ্বিসিনী প্রেইর সভি প্রেডু শুক্তি হৈয়া। জোড়হস্তে সন্মুখে সকল ভক্তগণ। রহিলেন পরম আনন্দযুক্ত মন।।" সকলেই মনে করিলেন জিইয়াই বৈক্তি— নাথ খট্টায় বসিয়াছেন। তথন প্রভু আদেশ করিলেন—"বোল মোর অভিষিক গাঁত ॥" তথন সকলৈ নি শিল্পী আভিষিক গীতি গান করিলেন। প্রভু সকলের দিকে রুপাদৃষ্টি করিলেন, তথান প্রভুরী অভিযেক করণর নিমিন্ত সকলের হিচ্চা হইল। তথন "সৰ ভক্তগণ ৰহি আনে গঙ্গাজল। আগে ছিনিকলেন দিবাৰসনে সিকল ^{গিন} দৈবি আকপ্ৰ-চিতৃ: সম-আদি দিয়া। সজ্জ করিলেন সবে প্রেমযুক্ত হৈয়া। মহাজির জগ্ন ধ্বনি ভানি চারিভিতে। অভিবেদ মন্ত্রী সভ नां शिना পড़ित ॥ नर्सारण श्रीनिजानम एयं जैसे निनि थि जेसे श्रीनिरेत जैने निया कुँ इनी में चिकि श्रीनिर्मि যতেক প্রধান। পড়িয়া পুরুষ-স্কু করার্যেন স্থানি। দি মুকুনি দি অভিযেক-গাঁড গাঁহিটে লাগিটলিই বর্মার্গি। ইলুমার্নি করিতে লাগিলেন। ভক্তগণের মধ্যে কৈই ক্ষিদিটেই, ১৫ইন। নাচিতে লাগিলেন কিউরিটে মহীস্থাইরিটিই প্রাইটি রাজ-রাজেশ্বর-অভিষেক হইল। পরবিজী পিয়ার ইইতি বুঝা যারি প্রীপিদি নিউটানিদ্দের সিহিত প্রভূর নিলিনের পূর্বিই এই অভিষেক-ক্রিয়া সম্পন্ন ইইয়াছিল ; কিন্তু এটে উট্ট ভাগবৈতের মধ্য থাতের দ্বিম অধ্যায়ের অভিদেক-বর্ণনা ইইটিউ বুঝা যায়, জীনিত্যানলৈর সহিত মিলনের পরে রাজ-রাটজখন আভিষেক হছিয়াছিল। জীনিত্যানলৈর সহিত মিলনের পূর্বে শ্রীবাসের গৃহ্টে প্রিভু একবারি ক্রপ্র্যা প্রেকাশা করিয়া কিজ তবা নাজি করিয়া ছিলেন; (শ্রীচেই ভাই প্রেপ্তি তথন প্রামী প্রভার স্তর্ম কিন্ত পূজাদি কিরিয়াছিলন ; কিন্তু প্রেই সিময়ে অভিনেক করির প্রমীণ ষ্টেউর্জ-ভারীইডে পাৰিয়া খিয়িয় দি

ार्ड विकित्ति कि विकासी विकास

াট্টিক ১৯৯ **জানিও টিনর্ন্দ-স্থার্মপের** জ্ঞানিরিভানিন্দ-প্রিভূর টিশ্রীপাদি নিত্যনিন্দের ইয়স ইয়বর্ন আভি শ্রন্ধ, ভর্তনিষ্ট করিয়া প্রানিউটি বুন্দাবিনে আপিলেন; সেম্বানে তিনি বুঝিতে জারিলেন যে, প্রারুষ্টা প্রনিষ্টানি অপতার ইইয়া লালা ক্রীর্মাতট্রনাল উব্যাহ তিনি জ্রাক্রার ক্রান্তাল করিনিন এবং আসিরা নার্না আর্থার প্রতি ক্রান্তাল ক্রিনানি ইহার ৰ্কীয়েক দিন আগেই শ্ৰহাপ্ৰজু ভক্তবুন্দকৈ জানাইরা ছিলেনা যে? শীঘ্রই নমন্বীর্টপা কোঁগও, মহাপুরুষের আগমন ইইটেই থিবেক্সিম প্রীদিত্যিনন্দ চাদ দক্ষীচাইষ্যর স্তেই আশিলেন, সেইদিনি গ্রাক্ত কালে প্রকৃত উক্তর্কইক বিদ্যালন প্রাণিম গত স্ক্রা বিচেত স্বর্ধ দেখিয়া চিণ্ট্রক অসুধা্ম মৃষ্টি নক্ষীর্টপ স্পামারা গ্রহের সমুখে আসিয়া ইহা স্মাণিতি পিউতের প্রতি কিনা জিজ্ঞান্স ক্ষিল্লন। তিহার প্রকাশ্ত নরির্জ্পের্ডের এক "মহাতত্ত্ত", বামহাতে তিবত্তবারা তিকে ক্ষিণাক্ত, "মতকে এত পরিধানে ভিমি বিলিলেন " এই ভাই ইয়ে। ইতিমিরা আমার কালি হৈবা পরিচয়ে। " এসকল কথা। বিলিভে বলিভে প্রভুর দাক্ত লোপি শ্বহিন, বনরাংমের ভাগেক তিনি আবিষ্ট ইইনেন।। সত্তর প্রভূ বলিনেন আনি পূর্বেও বলিয়া ছিট্ট আজও দক্ষে ছই ডিছে— কোল মহাপ্রাধ যেন আসির।ছেন ; ভিনিরোওবাঁজ করিয়া। দেখা। তুইজন তথ্নই ছুট্টিনি গিয়া। প্রতেত্য মিড়ীতেউৎক্ষাজ করিলেনাট্ট তিন প্রহর্জ পর্যাস্ত থেইজ করিয়া।বিফলমনোরথ ছইয়া-ক্ষিরিয়া আসিটলম। গীতথন প্রাভুৎপ্রক্ষাট্ট হাসিয়া বলিলেন^{াঠ}"আজ্ঞা, চল আমার সঞ্জে।" সকলে চলিলেন, প্রাড়ু নন্দন-আচার্য্যের স্বৃত্তে যাইয়া উপনীত হইকেন; দেখিলেন ^{ক্র}তিকার্টি-স্থাসম্কান্তি থাক মহাপুরুষ থেন ধ্রানিষীণ্ণ অবস্থান্ত্রী স্বসিয়া আছেন িসপ্রাধিন প্রভূতি আছাতে নিম্পার্গ ক্ষুত্রিক্তা দিয়াইকারিইত্রেনন কাহারও মূবে কপঢ়কাই::প্রভু চাহিয়া জাতেইন আগভেকেরচক্তিতে মুখ্যাগায়ুক্তাছাহিয়ালআছেন

প্রথমে ষড়্ভুজ তাঁরে দেখাইল ঈশ্ব। শঙ্খ-চক্র-গদা-পদ্ম-শাঙ্গ-বেণুধর॥ ১১ তবে চতুৰ্ভু জ হৈলা তিন অঙ্গ বক্ৰ। তুই হস্তে বেণু বাজায় তুইয়ে শঙ্খ চক্ৰ॥ ১২

গৌর-কুণা-তর ক্লিণী টীকা।

প্রভ্র দিকে। প্রভ্র ইঙ্গিতে শ্রীবাস শ্রীকৃষ্ণধ্যানের এক শ্লোক পাঠ করিতেই শ্রীনিত্যানন্দ মৃচ্ছিত ইইয়া ভূপতিত হইলেন; শ্রীবাস আরও শ্লোক পড়িতে লাগিলেন; কতক্ষণ পরে শ্রীনিতাইয়ের চেতনা ফিরিয়া আসিল, কিন্তু প্রেমোন্ত হেইয়া হুন্ধার, গর্জ্জন, ক্রন্দন, নৃত্য, লক্ষ্যাদি দারা সকলকে বিশিত করিতে লাগিলেন। কেহই তাঁহাকে ধরিয়া রাখিতে পারেন না; তথন মহাপ্রভূ তাঁহাকে কোলে লইলেন, অমনিই শ্রীনিতাই নিম্পান্দ হইয়া পড়িয়া রহিলেন। তারপর ঠারে ঠোরে উভয়ের আলাপ হইল; শ্রীনিতাই তীর্থ-শ্রমণের কথা, বুন্দাবন-গমনের কথা, বৃন্দাবন হইতে নবদ্বীপে আসার কারণ সমস্ত বলিলেন। শ্রীটো চঃ মধ্য। ৩-৪।

প্রভুৱে মিলিয়া ইত্যাদি—মহাপ্রভুৱ সহিত-মিলিত হইয়া শ্রীনিতাই মহাপ্রভুৱ বড্ভুজরপের দর্শন পাইলেন। শ্রীচৈতগ্যভাগবতের মতে, মিলনের দিনেই ষড়্ভুজরপ প্রকটিত হয় নাই; ব্যাসপূজার দিনে শ্রীপাদ নিত্যানদ যথন মহাপ্রভুৱ মস্তকে মালা দিলেন, তথনই প্রভু ষড়্ভুজরপ ধারণ করিয়াছিলেন। শ্রীচৈঃ ভাঃ মধ্য। ৫।

এই পরিচ্ছেদে বর্ণিত লীলা-ক্রমের সহিত অনেক স্থলেই শ্রীচৈতম্য-ভাগবতের বর্ণিত লীলা-ক্রমের মিল দেখা যায় না। গ্রায়কারের লীলারসাবেশবশতঃই বোধ হয় এইরূপ হইয়া থাকিবে।

১১। ষ্ড্ভুক্ত—ছয়টী বাহু বিশিষ্ট রপ। শাক্ত — মথুরানাথ শ্রীক্ষের ধয়্কের নাম শার্ক (মাথন লাল ভাগবতভূষণ)। শ্রীমন্ মহাপ্রভু শ্রীমরিত্যানদ-প্রভুকে যে ষড়ভুজরূপ দেথাইয়াছিলেন, তাঁহার এক হাতে শহ্ম, এক হাতে চক্র, এক হাতে গদা, এক হাতে পয়, এক হাতে শার্ক ধ্রু এবং এক হাতে বেণু ছিল। শহ্ম, চক্র, গদা ও পয় এই চারিটী দারকানাথের অন্ধ, শার্ক মথুরানাথের অন্ধ এবং বেণু রজনাথের বৈশিষ্ট্য। ছয় হস্তে এই ছয়টী বস্ত ধারণ করিয়া প্রভু সম্ভবতঃ দেথাইলেন যে, তিনি দারকানাথ, মথুরানাথ ও রজনাথের মিলিত বিগ্রহ—অর্থাৎ দারকা, মথুরা ও রজে একই শ্রীক্ষের যে সমস্ত বিশিষ্ট ভাব-বৈচিত্রী প্রকটিত হইয়াছে, এক শ্রীমন্ মহাপ্রভুতেই উক্ত তিন ধামের সে সমস্ত ভাব-বৈচিত্রী বর্ত্তমান আছে। অথবা, তিনি ইহাই দেথাইলেন যে, দাপর-লীলায় যিনি দারকা, মথুরা ও বুন্দাবনে লীলা প্রকটিত করিয়াছেন, তিনিই এই কলিতে শ্রীগোরাঙ্গরূপে নবদ্বীপে অবতীর্ণ হইয়াছেন। দারকানাথ, মথুরানাথ ও ব্রজনাথ এই তিন স্বরূপের বর্ণই ছিল গ্রামবর্ণ বা কৃষ্ণবর্ণ। এই তিনের মিলিত বিগ্রহ যড়ভুজরূপও গ্রামবর্ণ বা কৃষ্ণবর্ণ ছিল বলিয়াই মনে হয়।

যাহা হউক, এস্থলে ষড়্ভুজনপের যে বর্ণনা দৃষ্ট হয়, তাহার সহিত শ্রীচৈতম্ভাগবতের বর্ণনার নিল নাই।
শ্রীচৈতম্ভাগবত বলেন, প্রভুর ছয় হাতে "শঙ্ম, চক্র, গদা, পদ্ম, শ্রীহল, মুদল" ছিল; হল ও মুদলের পরিবর্জে কবিরাজ-গোস্বাগী শাঙ্ক ও বেণু লিখিয়াছেন। হল ও মুদল শ্রীবলরামের অস্তা। মুরারিগুপ্তের কড়চায় ষড়্ভুজনপের উল্লেখ আছে (২৮৮২৭), কিন্তু বর্ণনা নাই। কড়চায় চতুর্জ ও দ্ভুজনপেরও উল্লেখ আছে; কিন্তু শ্রীচৈতম্ভাগবতে ষড়্ভুজ ব্যতীত অম্ম নাপের উল্লেখ নাই।

\$২। তিন তাঙ্গ বিক্ত — গ্রীবা, কটিও জাম্ এই তিন আগ বক্ত (বহিষ)। শ্রীমন্ মহাপ্রভূ শ্রীমনিত্যানদ প্রকৃতি প্রথমে পূর্বা-পরার-বর্ণিত ষড়ভূজন প দেখাইয়াছিলেন; পরে ষড়ভূজনপ অন্তর্হিত করিয়া চতুভূজনপ দেখাইলেন; এই চতুভূজনপের এক হাতে শঙ্খ, এক হাতে চক্ত ছিল, আর হই হাতে তিনি বেণু বাজাইতেছিলেন। শঙ্খ-চক্ত হারা ঐশ্বা্য এবং ক্রিভঙ্গনপে বেণু-বাদন-ভঙ্গী হারা ঐশ্ব্যগর্ভ পূর্ণতম মাধুষ্য স্টিত হইতেছে। এই চতুভূজনপ-প্রদর্শনের ব্যঞ্জনা বোধ হয় এই যে, শ্রীমন্ মহাপ্রভূতে ব্রজনাথের ঐশ্ব্যগর্ভ-পূর্ণতম মাধুষ্য থাকিবে এবং প্রেয়াজন হইলে তিনি হারকানাথের ঐশ্ব্যও প্রকৃতি করিবেন। পূর্বাপ্যারের টীকা দ্রষ্টব্য।

তবে ত দ্বিভূজ কেবল বংশীবদন।
শ্যাম-অঙ্গ পীত-বস্ত্র ব্রজেন্দ্রনন্দন॥ ১৩
তবে নিত্যানন্দ-গোসাঞির ব্যাসপূজন।
নিত্যানন্দাবেশে কৈল মুঘলধারণ॥ ১৪
তবে শচী দেখিল রাম-কৃষ্ণ তুইভাই।

তবে নিস্তারিল প্রভু জগাই-মাধাই॥ ১৫
তবে সপ্তপ্রহর প্রভু ছিলা ভাবাবেশে।
বর্থাতথা ভক্তগণ দেখিল বিশেষে॥ ১৬
বরাহ-আবেশ হৈলা মুরারি ভবনে।
তার স্কন্ধে চটি প্রভু নাচিলা অঙ্গনে॥ ১৭

গৌর-কুপা-তরঙ্গিণী চীকা।

১৩। চতুর্জিরপ অন্তর্হিত করিয়া শ্রীমন্ মহাপ্রাহ্ আবার শ্রীমন্নিত্যানন্দকে দির্জ বজেন্দ্র-নন্দররপ দেখাইলেন; এই দির্জারপের বর্ণ খ্যাম, পরিধানে পীতবসন এবং বদনে বংশী। সর্বাশেষে বজেন্দ্রনারপ প্রদর্শনের ব্যঞ্জনা বোধ হয় এই যে, বজেন্দ্রনান্দন সম্মীয় ভাবই শ্রীমন্ মহাপ্রভৃতে মুখ্যতঃ প্রকৃতিত হইবে। পূর্ববর্তী ১২ প্রারের টীকার শেষাংশ দ্রেইব্য

১৪। ব্যাস পূজন—আঘাট়ী-পূর্ণিমাতে সন্মাসিগণ ব্যাসপূজা করিয়া থাকেন; শ্রীপাদ নিত্যানন্দ শ্রীবাসের গৃহে ব্যাসপূজা করিয়াছিলেন। শ্রীচৈতন্তভাগবত। মধ্য। ৫।"

নিত্যানন্দাবেশে—নিত্যানন্দের আবেশে। ব্রজের শ্রীবলরামই নবদাপৈ শ্রীনিত্যানন্দরপে অবতীর্ণ হইয়াছেন। এস্থলে নিত্যানন্দাবেশ বলিতে নিত্যানন্দের অভিন্নরপ বলরামের আবেশই ব্রাইতেছে। বলরামের অন্ত ছিল ম্বল; বলরামের ভাবে আবিষ্ট হইয়া প্রভু হস্তে ম্বল ধারণ করিয়াছিলেন। শ্রীপাদ নিত্যানন্দের তত্ত্ব প্রকাশ করিবার অভিপ্রায়েই মহাপ্রভু "বলরাম ভাবে উঠে খট্টার উপর। শ্রীচৈ: ভা মধ্য ৫।" ব্যাসপৃষ্দার পূর্বের দিন শ্রীবাসের গৃহে এই লীলা হইয়াছিল।

১৫। তবে শাচী দেখিল ইত্যাদি—এক দিন রাত্রিতে শচীমাতা স্বপ্নে দেখিলেন, তাঁহাদের শ্রীমন্দিরের কৃষ্ণ ও বলরাম এবং নিমাই ও নিত্যানন্দ চারিজনে নৈবেছ লইয়া কাড়াকাড়ি করিতেছেন। পর দিন প্রাতঃকালে শচীমাতা প্রভুকে স্বপ্ন-বুরান্ত বলিলেন। প্রভু সেই দিন নিত্যানন্দকে আহারের জন্ম নিমন্ত্রণ করিতে বলিলেন। মধ্যাছে মহাপ্রভু ও নিত্যানন্দ প্রভু যখন আহারে বসিলেন, তখন শচীমাতা দেখিলেন যে, কৃষ্ণ ও বলরামই ভোজন করিতেছেন। শ্রীচৈতক্তভাগবত, মধ্য চো শ্রীচৈতক্ত ও শ্রীনিত্যানন্দ যে যথাক্রমে শ্রীকৃষ্ণ ও শ্রীবলরাম, এই লীলার তাহাই প্রভু দেখাইলেন।

তবে নিস্তারিল ইত্যাদি—জগাই-মাধাই-উদ্ধার লীলা শ্রীচৈতক্মভাগবতের মধ্যথণ্ডে ১০শ অধ্যায়ে বর্ণিত আছে।

১৬। এক দিন শ্রীবাসের গৃহে শ্রীমন্ মহাপ্রভু অবিচ্ছিন্ন ভাবে সাত প্রহর পর্যান্ত ভাবাবিষ্ট হইয়া ছিলেন এবং ভক্তগণের অভীষ্ট পূর্ণ করিয়াছিলেন। শ্রীচিঃ ভাঃ মধ্যে।১১।

১৭। বরাহ-আবেশ-বরাহ-অবতারের ভাবে আবিষ্ট। মুরারি-ভবনে-ম্রারিগুপ্তের গৃহে।

এক দিন প্রভু মুরারিগুপ্তের গৃহে গেলেন; গুপ্ত তাঁহার চরণ বন্দনা করিলে প্রভু "শৃকর শৃকর" বলিয়া গুপ্তের বিষ্ণুমন্দিরে প্রবেশ করিয়া সমুখে জ্লের গাড় দেখিয়া "বরাহ-আকার-প্রভু হৈলা সেই ক্ষণে। স্বাহ্তাবে গাড়ু প্রভু তুলিলা দশনে॥ গর্জে যজ্ঞবরাহ—প্রকাশে খুর চারি।" প্রভুর আদেশে ম্রারিগুপ্ত তখন প্রভুর স্তুতি করিতে লাগিলেন। স্তবে তুই হইয়া প্রভু নির্কিশেষ-ব্রহ্মবাদের অসারতা এবং স্বীয়-তত্ত্ব প্রকাশ করিলেন। শ্রীচৈঃ ভাঃ মধ্য।৩

তাঁর ক্ষকে চড়ি ইত্যাদি—একদিন মুরারিগুপ্তের গৃহে নারায়ণের ভাবে আবিষ্ট হইয়া প্রভূ "গরুড় গরুড় বলিয়া ডাকিতেছিলেন; তথন মুরারিগুপ্ত গরুড়ের ভাবে আবিষ্ট হইয়া প্রভূকে কাঁথে করিয়া নাচিয়াছিলেন। জ্রীটো: ভা: মধ্য ।২০। তবে শুক্লাম্বরের কৈল তণ্ডুল-ভক্ষণ।
'হরেনাম' শ্লোকের কৈল অর্থ বিবরণ॥ ১৮
তথাহি বৃহন্নারদীয়ে (৩৮/১২৬)—
হরেনাম হরেনাম হরেনামৈব কেবলম্।
কলৌ নাস্ক্যেব নাস্ক্যেব কাতিবল্লথা॥ ৩

কলিকালে নামরূপে কৃষ্ণ অবতার।
নাম হৈতে হয় সর্বর্ব জগত-নিস্তার॥ ১৯
দার্ট্য লাগি হরেনাম উক্তি তিনবার।
জড়লোক বুঝাইতে পুনরেবকার॥ ২০

গৌর-কৃপা-তর ক্লিণী টীকা।

১৮। তবে শুক্লাম্বরের ইত্যাদি—শুক্লাম্বর-ব্রশাচারী নবদীপে থাকিতেন; প্রভ্র একান্ত ভক্ত; নিতান্ত দরিত্র, ভিক্ষা করিয়া শ্রীক্লফের ভোগ লাগাইয়া প্রসাদ পাইতেন। একদিন প্রভ্র কীর্ত্তনে ভিক্ষার ঝুলি মধ্যে করিয়া শুক্লাম্বর নৃত্য করিতেছিলেন, এমন সময়ে ভক্তবৎসল শ্রীমন্ মহাপ্রভ্ তাঁহার ঝুলি হইতে ভিক্ষার চাউল লইয়া খাইয়াছিলেন। তণ্ডুল-—চাউল। শ্রীচৈ: ভা: মধ্য। ১৬।

হরেন মি-শ্লোকের ইত্যাদি—হরেনীম-শ্লোকের অর্থ প্রকাশ করিলেন। পরবর্তী প্রার সমূহে এই অর্থ ব্যক্ত হইরাছে।

্কো। ৩। অন্বয়াদি আদি-লীলার সপ্তম পরিচ্ছেদে তৃতীয় শ্লোকে শ্রষ্টব্য। পরবর্তী ১৯-২২ পয়ারেও এই শ্লোকের তাৎপর্য্য প্রকাশিত হইয়াছে।

১৯। কলিযুগে ইত্যাদি—কলিয়গে প্রাকৃষ্ণ নামরপেই অবতীর্ণ হইয়ছেন। নাম ও নামী যে অভেদ, ইহাঘারা তাহাই স্টেত হইতেছে। কলিতে নামরপেই প্রীকৃষ্ণ জীবগণকে রূপা করেন; প্রীনামের (প্রীকৃষ্ণনামের) রূপা হইলেই প্রীকৃষ্ণের রূপা হইল বলিয়া মনে করা য়ায়। "সর্বাসন্ত্রপূর্ণাং তাং বন্দে কাল্কন পূর্ণিমাম্। যস্তাং প্রীকৃষ্ণচৈতভাছিবতীর্ণ: রুষ্ণনামভি: ॥ ১।১৩।২ ॥"—এই শ্লোক হইতে জানা য়ায়; প্রীকৃষ্ণচৈতভা প্রীকৃষ্ণনামের সহিত অবতীর্ণ হইয়াছিলেন; অর্থাৎ তিনি যথন অবতীর্ণ হইয়াছিলেন, প্রীকৃষ্ণনামও এক অপূর্ব্ব শক্তি এবং এক অপূর্ব্ব মাধ্র্যা লইয়া দেই সময়ে অবতীর্ণ হইয়াছিলেন। শ্রীমন্ মহাপ্রভু য়থন লীলা অন্তর্ধান করিলেন, নাম কিন্তু অন্তর্ধান প্রাপ্ত হইলেন না, কলির জীবের প্রতি রূপাবশতঃ নাম জগতে রহিয়া গোলেন। নাম হৈতে ইত্যাদি—একমাত্র প্রিকৃষ্ণনামের আশ্রেষ গ্রহণ করিলেই (ব্যাবিধি নাম-কীর্ত্তন করিলেই) জগদ্বাসী জীব সংসার-বন্ধন হইতে উদ্ধার (নিতার) লাভ করিতে পারে; এজান্ত যজ্ঞ-ধ্যানাদি অপর কোনও সাধনের প্রয়োজন হয় না। শ্রীমন্ভাগবতও বন্দেন—"সত্যর্গে বিষ্ণুর ধ্যানহারা, ত্রেতার্গে যজ্ঞহারা, দ্বাপরে পরিচ্গ্যা দ্বারা যাহা পাওয়া য়ায়, কলিতে একমাত্র নামসন্ধীর্তন দ্বারাই তাহা পাওয়া য়ায়। কতে যজ্ঞায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজ্ঞতো মহৈঃ। দ্বাপরে পরিচর্য্যায়াং কলে। তদ্ধিরিকীর্তনাং ॥ শ্রীভা। ১২।৩৫২।" জগতে-নিস্তার্র—জ্পতের বা জগহাসীর উন্ধার; সংসারমোচন।

২০। দাঢ় লৈ গি— দৃঢ়তার জন্য; দৃঢ়তার সহিত প্রকাশ করিবার উদ্দেশ্য। হরেন মি ইত্যাদি—কলিতে যে হরিনামই একমাত্র গতি, কলিতে যে অন্ত গতি নাই—একথা দৃঢ়তার সহিত প্রকাশ করিবার উদ্দেশ্যই হরেন মি-লাকে "হরেন মি"-শব্দ তিনবার বলা হইয়াছে। জড়লোক— অজ্ঞান লোক। পুনরেবকার—পুন: + এবকার; পুনরায় "এব" (ই)-শব্দের প্রয়োগ (উক্ত শ্লোকে)। উক্ত শ্লোকে তিনবার হরেন মি-শব্দর পরেও আবার "এব" শব্দ প্রয়োগ করা হইয়াছে। শ্লোকের তৃতীয় শব্দ "হরেন মিব।" হরেন মি-শব্দের সহিত "এব" শব্দর বোগ হইলেই সন্ধিতে "হরেন মিব" হয়; দৃঢ়তার জন্য তিনবার "হরেন মিব" বলার পরেও পুনরায় "এব" শব্দ কেন বলা হইল, তাহার কারণ বলিতেছেন— "যাহারা অজ্ঞান, মুর্য, শাস্ত্রমর্ম জানে না,—হরিনামই যে কলিতে একমাত্র সাধন—তাহাদিগকৈ তাহা স্পট্রেপে বুঝাইবার নিমিত্তই এব-শব্দ প্রয়োগ করা হইয়াছে। এব শব্দের অর্থ— "ই"; ইহা নিশ্চয়াত্মক অব্যয়-শব্দ। নিশ্চয়াত্মক-শব্দ প্রয়োগের তাৎপর্য এই যে, বাহারা শাস্ত্রজ, তাহারা ইচ্ছা করিলে বিচার-তর্কাদি দ্বারা এই শ্লোকের মর্ম্ম নির্বর করিতে চেষ্টা করিতে পারেন; কিন্তু বাহারা শাস্ত্রজানেন না,

গৌর-কৃপা-তর্দ্দিণী টীকা।

বিচার-তর্ক জানেন না, তাঁহারা ইহাই নিশ্চিতরপে জানিয়া রাথুন যে, হরিনাম ব্যতীত কলিতে আর অন্ত কোনও গতি নাই। অথবা, কলিতে কর্মা, যোগ ও জ্ঞান—এই তিনের কোনও প্রয়োজন নাই, একমাত্র হরিনামই শ্রেষ্ঠ উপায়— ইহা বুঝাইবার জ্ঞাই তিনবার হরেনীম বলা হইয়াছে। হরেনীম এব গতি:, ন কর্ম; হরেনীম এব গতি:, ন যোগঃ; হরেনীম এব গতিঃ, ন জ্ঞানম্—হরিনামই একমাত্র গতি, কর্ম নয়; হরি নামই একমাত্র গতি, যোগ নয়; হরি নামই একমাত্র গতি, জ্ঞান নয়; ইহাই তাৎপর্য। "নামসকীর্ত্তন কলে। পরম উপায়॥ ৩। ২০। ৭॥" কর্ম, যোগ এবং জ্ঞানের (জ্ঞানমার্গের সাধনের) অহুষ্ঠানে যে যে ফল পাওয়া যায়, কেবলমাত্র নামসন্ধীর্ত্তনেও সেই সেই ফল পাওয়া যেইতে পারে। "এতলিরিজখানানামিচ্ছতামকুতোভয়ম্। যোগিনাং নূপ নির্ণীতং হরেনীমা<mark>ন্থকীর্তন</mark>ম্॥ শ্রীভা, ২। ১। ১১॥" এই শ্লোকের শ্রীধরস্বামিক্বত টীকা—ইচ্ছতাং কামিনাং তত্তংফলসাধনম্ এতদেব। নির্দ্বিশ্বমানানাং মুমুক্ষণাং মোক্ষসাধনমেতদেব। যোগিনাং জ্ঞানিনাং ফলঞ্ এতদেব। নিণীতিং নাত্ত প্রমাণং বক্তবামিতার্থঃ॥ এই টীকাত্রযায়ী তাৎপর্য্য এই। যাঁহারা কল কামনা করেন (অর্থাৎ যাঁহারা কর্মী), তাঁহাদের সাধনও এই নামসন্ধীর্ত্তন; থাঁহারা মুক্তিকামী (জ্ঞানমার্গের সাধনের ফল মুক্তি), তাঁহাদের সাধনও এই নামসন্ধীর্ত্তন; থাঁহারা যোগী, তাঁহাদের সাধনও এই নামসন্ধীর্ত্তন। "নারায়ণাচ্যুতানন্তবাস্থদেবেতি যো নর:। সততং কীর্ত্তয়েদ্ভূমি ুষাতি মল্পতাং স হি ॥—বরাহপুরাণ । ভগবান্ বলিতেছেন—যে লোক সর্বাদা নারায়ণ, অচ্যুত, অনন্ত, বাস্থাদেব এই সমস্ত নাম কীর্ত্তন করেন, তিনি আমাতে লয় (সাযুজ্য) প্রাপ্ত হয়েন।" এসমন্ত শাস্ত্র বচনের তাৎপর্য এই যে, যাঁহারা ইছকালের বা প্রকালের প্রথভোগ কামনা করেন, তাঁহারা কর্মার্গের অহ্নান করিয়া ধাকেন; যাঁহারা প্রমাত্মার সহিত যোগ কামনা করেন, তাঁহারা যোগমার্গের এবং যাঁহারা অঞ্জের সহিত সাযুজ্য কামনা করেন, তাঁহারা জানমার্গের উপাসনা করিয়া থাকেন। কিন্তু কর্ম, যোগ বা জ্ঞানমার্গের অনুষ্ঠান না করিয়াও তাঁহারা যদি কেবল হরিনাম মাত্র কীর্ত্তন করেন, তাহা হইলেও তাঁহাদের অভীষ্ট বস্তু তাঁহারা লাভ করিতে পারেন। অবশু কর্ম, যোগ বা জ্ঞানের ফলই নামসন্ধীর্তনের মুখ্য ফল নছে। নামসন্ধীর্তনের মুখ্য ফল হইল রুফপ্রেম; নামের শ্রীকৃষ্ণবশীকরণী শক্তি আছে। মহাভারতে শ্রীকৃষ্ণ বলিয়াছেন—"শ্লণমেতং প্রবৃদ্ধং মে হাদ্যালাপস্পতি। যদ্ গোবিন্দেতি চুক্রোশ কৃষ্ণা মাং দরবাসিনম। - ক্রফা (দ্রেপিদী) যে দুরস্থিত আমাকে গোবিন্দ বেলিয়া উচ্চস্বরে ডাকিয়াছিলেন, তাহাকেই আমি আমার প্রবৃদ্ধ ঋণরূপে আমি গ্রহণ করিয়াছি, আমার হৃদয় হইতে তাহা কথনও অপসারিত হয় না।" আদিপুরাণেও ভগবান্ বলিয়াছেন—"গীহা চ মম নামানি নর্ত্যেমম সন্নিধে। ইদং ব্রী।ম তে স্ত্যং ক্রীতোইছং তেন চাৰ্জ্জন।—হে অৰ্জ্জ্ন, আমার নাম কীর্ত্তন করিতে করিতে যে আমার নিকটে নৃত্য ককে, আমি তাছার নিকট বিক্রীত হইয়া যাই—ইহা আমি শপ্থপূর্বক তোমার নিকট বলিতেছি।" নামশন্তের বাৎপত্তিগগত অর্থবিচার ক্রিলেও উক্তরপ সিদ্ধান্তই পাওয়া যায়। নম্ ধাতুর উত্তর ঘঞ, প্রত্যে করিয়া নাম-শব্দ নিপান্ন হয়। নম্-ধাতুর অর্থ নামান। তাহা হইলে নাম-শব্দের অর্থ হইল—যাহা নামাইয়া আনে। কাকে নামায়? নামগ্রহণকারীকেও নামায় এবং নামী ভগবান্কেও নামায়। নামগ্রহণকারীকে নামায়—দেহাদিতে আবেশজাত অভিমানরূপ উচ্চ পর্বত ছইতে, ভক্তির আবিভাবের অন্তকুল দৈল্পন নিয়ভূমিতে। আর ভগবান্কে নামায়—তাঁহার স্বীয় ধাম হইতে নামগ্রহণকারীর নিকটে; অর্থাৎ নাম ভগবান্কে নামগ্রহণকারীর এমনই বশীভূত করিয়া দেন যে, ভগবান্ স্বীয় ধাম ছইতে অবতরণ করিয়াও নামগ্রহণকারীকে ক্নতার্থ করেন।

নামের মহিমা ঋগ্বেদের বিষ্ণুস্কেও দৃষ্ট হয়:—

"তমু স্তোতারঃ পূর্ব্যাং ঘথাবিদ্ধতশু গর্ভং জন্মবা পিপর্ত্তন। আশু জানস্তো নাম চিদ্বিক্তন্ মহন্তে বিশ্বো শুম্তিং ভজামহে। ১।২২।১৫৬।৩॥" সামনাচার্য্য এই মদ্বের এইরূপ ভাষ্য করিয়াছেন:— হে স্তোতারঃ, তমু তমেব বিষ্ণুং পূর্ব্যাং পূর্ব্বাইমনাদিসিদ্ধন্ অত্যু গর্ভং যজ্ঞগু গর্ভছুত্ম্। যজ্ঞাত্মনাংপদ্মিত্যর্থঃ। যজ্ঞো বৈ বিষ্ণুঃ।
লাতং ১।১।২।১০। ইতি শ্রুতঃ। যদ্ধা শ্বতশ্যোদকশু গর্ভং গর্ভকারণম্। উদকোৎপাদক্ষিত্যর্থঃ। অপ এব

গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

সমর্জাদে । মহ ১ । ৮। ইতি শ্বতিঃ। এবং ভূতং বিষ্ণুং যথা বিদ জানীথ তথা জহুষা জ্মানা স্বত্রব ন কেনচিং বরলাভাদিনা পিপূর্ত্তন। স্তোত্রাদিনা প্রীণ্যত। যাবদশ্ত মহাত্মাং জানীথ তাবদিত্যথাঃ। বিদেশটি মধ্যমবহুবচনম্। বিদ শ্বতশ্রের সংহিতায়ামৃত্যক্ ইতি প্রকৃতিভাবঃ। কিং চাশ্ত মহাহুভাবশ্ত বিষ্ণোর্নাম চিং সুর্বৈর্নমনীয়ম্ অভিধানং সার্কাত্মাপ্রতিপাদকম্ বিষ্ণুরিতেতয়াম জানন্তঃ পুক্ষার্থপ্রদমিত্যভিগচ্ছন্ত আ সমস্তাদ্ বিবক্তন। বদত। সঙ্গীর্ত্তয়ত। যদা নাম যজ্ঞাত্মনা নমনং বিষ্ণোরের সর্বেষাং স্বর্গাপবর্গসাধনায়েষ্ট্যান্তাত্মনা স্বব্যব্যব্যাদিশঃ। বছলং ছন্দ্দীত্যাভ্যাসম্ভের্ম্। পূর্ববন্তনাদেশঃ। ইদানীং সাক্ষাংক্রতাহ। হে বিক্ষো সর্বাত্মক দেব মহো মহতন্তে তব সুম্বিং স্বষ্ঠু তিং শোভাত্মিকাং বৃদ্ধিং বা ভজামহে। সেবামহে বয়ং যজ্ঞ্মানাঃ।

শাষনাচার্যাক্ত ব্যাগ্যাকুসারে উক্ত মৃদ্ধের তাৎপর্য এইরূপঃ—হে ন্তবকারিগণ, বিষ্ণু অনাদিসিদ্ধ, তাঁহা হইতেই যজ্জের অথবা জলের উৎপত্তি, তিনিই যজ্জরপে অবস্থিত। কাহারও বর বা অকুগ্রহলাভাদির অপেক্ষার নিশ্চেষ্টভাবে বসিয়া না থাকিয়া জন্মদ্বারা আপনা হইতেই (অর্থাং জন্মহেতু যে জীবন লাভ করিয়াছ, সেই জীবনবাপী স্তোত্তাদিদ্বারা নিজের চেষ্টাতেই) তোমরা সেই বিষ্ণুর প্রীতিবিধান কর—যাহাতে তোমরা তাঁহার মাহাত্তা অবগত হইতে পার। অধিকস্ক সেই সর্ব্বাত্তা মহাত্তাব বিষ্ণুর নাম চিং (অ-জড়, অপ্রাক্ত), সকলেরই নমনীয় (প্রাণ্য) এবং সর্ব্ব-পুরুষার্থপিদ—ইহা অবগত হইয়া তোমরা সম্যক্রপে তাঁহার নামকীর্ত্তন কর। অথবা সকলের স্বর্গাপবর্গদাধন যজ্ঞাদি, বা সেই যজ্ঞাদির উপকরণ, অথবা সেই যজ্ঞাদির অধিষ্ঠাতা দেবতা—এসমন্ত সেই বিষ্ণুরই পরিণাম, ইহা সম্যক্রপে অবগত হইয়া তোমরা তাঁহার ন্তব কর। হে বিষ্ণো, হে সর্ব্বাত্তাক দেব, উত্তমরূপে যেন তোমার স্থাত করিতে পারি, ইহাই প্রার্থনা করি।

উল্লিখিত ঋক্-মন্ত্রটীর দ্বিতীয়ার্দ্ধের ব্যাথা। শ্রীজীব-গোস্থামী তংকত ভগবং-সন্দর্ভে এইরূপ করিয়াছেন:—হে বিষ্ণো তব নাম চিং—চিংস্বরূপম্ অতএব মহঃ স্বপ্রকাশরূপম্। তস্থাং অস্ত্র নাম আ ঈষং অপি জ্ঞানন্তঃ নতু সমাক উচ্চারমাহাত্মাদিপুরস্পারেণ তথাপি বিবক্তন ক্রবাণাঃ কেবলং তদক্ষরাভ্যাসমাত্রং কুর্বাণাঃ স্থ্যতিং তদ্বিষাং বিত্যাং ভঙ্গামহে প্রাপ্নুমঃ।—হে বিষ্ণো, তোমার নাম চিং (চৈত্যুস্থরূপ) এবং সেজ্যু তাহা মহঃ (স্বয়ং-প্রকাশ); সেই হেতু সেই নামের ঈষং মহিমা জানিয়াও (উচ্চারণাদি ও মাহাত্মাদি পূর্ণভাবে না জানিয়াও) নামের কেবল অক্ষরমাত্র উচ্চারণ করিলেও তোমাবিষয়ক বিতা আমরা লাভ করিতে পারিব।

এইরপে ঋগ্বেদ হইতে জানা গেল—ভগবানের নাম-কীর্ত্তন সর্বপুরুষার্থ-সিদ্ধির উপায়, নাম-সন্ধীর্ত্তনের প্রভাবেই ভগবদ্বিষয়িণী বিজ্ঞা বা ভক্তি লাভ হইতে পারে। আরও জানা গেল—নাম জড়বস্তু নহে, ইহা চিদ্বস্তু, চৈতন্তরসবিগ্রহ, এবং চিদ্বস্তু বলিয়া নামীর ন্যায়ই স্প্রকাশ, নিজেকে নিজে প্রকাশ করিতে পারে, অপরকেও প্রকাশ করিতে পারে—ত্র্বাসনায় সমাচ্ছন্ন জীবাত্মাকেও স্বীয়-স্করপে আনমন করিয়া প্রকাশিত করিতে পারে। নাম চিদ্বস্তু বলিয়া—আগুনের শক্তি-আদি না জানিয়াও আগুনে হাত দিলে যেমন হাত পুড়িয়া যায় অর্থাৎ আগুন নিজের শক্তি প্রকাশ করিতে ক্ষান্ত হয়না, তত্রপ—নামের মাহাত্মাদি না জানিয়াও কেবল নামের অক্ষরগুলির উচ্চারণ করিয়া গেলেও ভগবদ্ভক্তি লাভ হইতে পারে।

নামই যে শ্রেষ্ঠ সাধন, শ্রুতি হইতেও তাহা জানা যায়। শ্রুতি-অমুসারে ওয়ারই (প্রণবই) ব্রন্ধ। "ওম্ ইতি ব্রন্ধ। তৈত্তিরীয়শ্রতি। ১৮৮॥" কঠোপনিষং বলেন, ওম্—এই অক্ষরই পরব্রন্ধ; এই অক্ষরকে জানিলেই জীবের অভীষ্ট সিদ্ধ হইতে পারে। "এতদ্বোবাক্ষরং ব্রন্ধ এতদ্বোবাক্ষরং পরম্। এতদ্বোবাক্ষরং জ্ঞাত্বা যো যদিচ্ছতি তম্ম তং॥ ১।২১৬॥" প্রণব হইল ব্রন্ধের বাচক—একটী নাম। (পাতঞ্জল বলেন—ঈশ্বর-প্রণিধানাদ্ধ। তম্ম বাচকঃ প্রণবঃ। স্মাধিপাদ। ২৭॥—প্রণব ঈশ্বের বাচকে বা একটী নাম।) প্রণবকেই ব্রন্ধ বলায় নাম ও নামীর অভেদত্বই উক্ত কঠশ্রতি প্রকাশ ক্রিলেন। এইরেপে নাম ও নামীর অভেদত্ব প্রকাশ করিয়া উক্ত শ্রুতিই কেবল-শব্দ পুনরপি নিশ্চয় কারণ। জ্ঞানযোগ-তপ-কর্ম্ম-আদি নিবারণ॥ ২১ অম্যথা বে মানে, তার নাহিক নিস্তার। 'নাহি নাহি' এ তিন এবকার॥ ২২

গৌন-কুণা-তরঙ্গিণী টীকা।

বলিতেছেন—"এতদালখনং শ্রেষ্ঠমেতদালখনং পরম্। এতদালখনং জ্ঞান্থা ব্রহ্মলোকে মহীয়তে॥ ১।২।১৭॥" এই শ্রুতিবাক্যের ভায়ে শ্রীপাদ শঙ্করাচার্য্য বলিয়াছেন—"যত এবং অত এব এতদালখনং ব্রহ্মপ্রাপ্রালম্বানানাং শ্রেষ্ঠং প্রশাস্ত্রতম্য ।—এইরূপ বলিয়া (নাম-নামী অভিন্ন বলিয়া—১।২।১৬ শ্রুতিবাক্যের ভায়ে শ্রীপাদ শঙ্কর ওয়ারকে ব্রহ্মের প্রতীক বলিয়াছেন) ব্রহ্ম-প্রাপ্তির যত রক্ম আলখন আছে, তাহাদের মধ্যে ওয়ারই শ্রেষ্ঠ আলখন"। এইরূপে উক্ত শ্রুতিবাক্যের তাংপ্র্যু হইল এই—ভগবং-প্রীতির যত রক্ম আলখন বা উপায় আছে, ওয়ারাক্ষরই হইল তয়ধ্যে সর্প্রশ্রেষ্ঠ, ইহার ত্রায় শ্রেষ্ঠ আলখন আর নাই। এই আলখনকে প্রানিতে পারিলে ব্রহ্মলোকে (ভগবানের ধামে) মহীয়ান্ হইতে পারে (ভগবানের সেবা পাইয়া ধয়ত হইতে পারে)। ওয়ার হইল ভগবানের নাম। ওয়ার (প্রণব) আবার মহাবাক্য বলিয়া ভগবানের অত্য সমস্ত নামই ওয়ারেরই অন্তর্ভুক্ত (১।৭।১২১ প্রারের টীকা শ্রুইবা)। স্কুতরাং ওয়ার-শব্দে সমস্ত ভগবন্ধামকেই ব্রায়। ওয়ারের শ্রেষ্ঠ-আলখনত্বে সমস্ত ভগবন্ধামেরই আলখনত্ব ব্রাইতেছে। নামই আলখন অর্থাং নামকীর্ত্তনই অবলখনীয় উপায় বা সাধন। স্কুতরাং উক্ত শ্রুতিবাক্যের নির্দ্ধেশ হইল এই যে, ভগবানের নামকীর্ত্তনই তাহার প্রাপ্তির (সেবাপ্রাপ্তির) সর্বশ্রেষ্ঠ সাধন। এই নামকে জানিতে পারিলে অর্থাং নামের স্বরূপ অন্তর্ভুত হইলে, নাম ও নামীর অভেদত্ব অন্তর্ভুত হইলে—ভগবদ্ধামে যুইয়া ভগবানের লীলায় তাঁহার সেবা পাইয়া রুতার্থ হওয়ার যোগ্যতা জীব লাভ করিতে পারে। অন্ত্রে কোনাও অভীইও লাভ হইতে পারে—"যো যাদ ইচ্ছতি তস্ত তং। কঠ। ১।২১৬।"

২১। কেবল-শব্দ—শ্লোকস্থ কেবল-শব্দ। পুনরপি—আবারও; এব-শব্দারা একবার নিশ্চয়তা ব্যাইবার পরেও আবার। নিশ্চয়-কারণ—নিশ্চয়তা ব্যাইবার উদ্দেশ্যে। কলিতে শ্রীহরিনামই যে একমাত্র গতি, এই তথার নিশ্চয়তা এব-শব্দারা একবার ব্যাইয়াও অধিকতর নিশ্চয়তার জন্ম পুনরায় কেবল-শব্দ ব্যবহৃত হইয়াছে। কেবল-শব্দ প্রয়োগে ইহাও স্থাচিত হইতেছে যে, একমাত্র হরিনামই কলির সাধন; জ্ঞান, যোগ, তপস্থা বা কর্ম আদি কলিয়ুগের সাধন নহে। তাই বলা হইয়াছে—"জ্ঞানযোগ-তপ-কর্ম-আদি নিবারণ—কেবল-শব্দারা জ্ঞান, যোগ, তপস্থাও কর্ম-আদি কলির অন্প্রাণী বলিয়া নিবারিত (নিষিদ্ধ) হইতেছে। কেবলমাত্র হরিনামই কলির উপযোগী সাধন।"

২২। অস্তথা যে মানে—যে ব্যক্তি অন্তর্জপ মানে বা মনে করে। "হরিনামই কলির একমাত্র সাধন, জ্ঞান-যোগ-তপশুদি কলির উপযোগী নহে"—একথা যে ব্যক্তি স্থীকার করে না। তার নাহিক নিস্তার—তাহার নিস্তার (সংসার-সমৃত্র হইতে উদ্ধার) নাই। হরিনামের আশ্রেষ গ্রহণ না করিয়া (হরিনামের উপলক্ষণে ভক্তিনার্গের আশুকুলা গ্রহণ না করিয়া) যাহারা জ্ঞান-যোগাদির অন্তর্হান করেন, তাঁহারা জ্ঞানযোগাদির কল—সংসার-বন্ধন হইতে মৃক্তি—পাইতে পারেন না; কারণ, ভক্তিশাস্ত্রাহ্মসারে, ভক্তিমার্গের সাহচর্য ব্যক্তীত জ্ঞান-যোগাদি নিজ নিজ কলও প্রতান করিছে পারেনা। "ভক্তিম্ব-নিরীক্ষক—কর্মযোগ জ্ঞান॥ এইসব সাধনের অতি তুছ্ছ কল। কৃষণভক্তি বিনে তাহা দিতে নারে বল॥ ২।২২।১৪-১৫॥" এসম্বন্ধে বিশেষ আলোচনা মধ্যলীলার দ্বাবিংশ পরিছেদে এবং ভূমিকার অভিধেন-তত্বে প্রইব্য। নাহি নাহি কাহি ইত্যাদি—হরেন্মি-শ্লোকে তিনবার শনভ্যেব" বলা হইয়াছে; "নান্তি" শব্দের সহিত "এব" বোগ করিলেই সন্ধিতে "নান্ত্যেব" হয়। "নান্তি" শব্দের অর্থ—নাই; আর "এব"-শব্দ নিশ্চয়াত্মক; স্থতরাং "নান্ত্যেব"-শব্দের অর্থ হইল—"নাই-ই" নিশ্চমই নাই।" তিনবার "নান্ত্যেব"-শব্দের অর্থ—নাই-ই, নাই-ই নাই-ই। অর্থাৎ হরিনাম ব্যতীত কলিতে বে জ্ঞানযোগ-কর্মাদি অন্তর্যার নিমিন্তই "নান্ত্যেব"-শব্দ তিনবার বলা হইয়াছে।

তৃণ হৈতে নীচ হৈয়া সদা লবে নাম।
আপনি নিরভিমানী, অত্যে দিবে মান॥ ২৩
তক্ত সম সহিষ্ণুতা বৈষণ্ডব করিবে।
ভংগন-তাড়নে কারে কিছু না বলিবে॥ ২৪

কাটিলেহ তরু যেন কিছু না বোলয়। শুকাইয়া মৈলে তবু জল না মাগয়॥২৫ এইমত বৈফব কা'রে কিছু না মাগিব। অঘাচিতর্ত্তি কিম্বা শাক-ফল থাইব॥২৬

গৌর-কুপা-তরঞ্জিণী টীকা।

২৩। হরিনাম করা ব্যতীত অন্য উপায় নাই, তাহা বলা হইল; কিন্তু কিরপে হরিনাম করিতে হয়, কিরপে নাম করিলে হরিনামের মুখ্য ফল পাওয়া যায়, তাহা এক্ষণে বলা হইতেছে।

তৃণ হৈতে—তৃণ সাধারণতঃ নীচ হইয়াই থাকে, মাটাতেই পড়িয়া থাকে, কাহাকেও আক্রমণ করে না। কিছ যদি কেই তৃণের এক প্রাপ্তে পা দেয়, তাহা হইলে কখনও কগনও অপর প্রাপ্তকে মাথা তৃলিতে দেখা যায়; এইরপে মাথা তৃলিলে আর তৃণের নীচতা থাকে না। কিছ যিনি যথারীতি হরিনাম করিবেন, তাঁহার এরপ হইলে চলিবে না; কেই তাঁহার গায়ে পা দিলে, কেই তাঁহাকে রুচ় কথা বলিলে, বা কেই তাঁহাকে আক্রমণ করিলেও তিনি সমন্ত মহ করিয়া চুপ করিয়া থাকিবেন, তৃণের লায় মাথা তৃলিতে পারিবেন না, কথা বলিতে পারিবেন না, বা অঞ্চের ব্যবহারের কোনও রূপ প্রতিশোধ লইতে পারিবেন না; এমন কি কাহারও অলায় কথার বা ব্যবহারের প্রতিশোধ লওয়া ত দ্বের কথা, প্রতিশোধের ভাবও তাঁহার মনে আনিতে পারিবেন না, কোনওরপ কইও মনে স্থান দিতে পারিবেন না। তিনি কোনরপেই বিচলিত হইতে পারিবেন না—এইরপ হইতে পারিলেই তৃণ হইতে নীচ হওয়া যায়; এইরপ হইতে না পারিলে নামের পূর্ব কল পাওয়া যায় না। অথবা—তিগ অতি তৃচ্ছ পদার্থ, কিছ সেই তৃণও গবাদির সেবায় আল্রনিয়োগ করিয়া রুতার্থ হইতেছে। গৃহাদি নির্মাণের সহায়তা করিয়া তৃণ লোকেরও অনেক উপকার করিতেছে। প্রত্যক্ষভাবে বা পরেক্ষভাবে তৃণছারা ভগবং-সেবারও আমুকুল্য হইতেছে। কিছ আমাছারা কাহারও উপকারও সাধিত হইতেছে না, ভগবং-সেবারও কোনওরপ আমুকুল্য হইতেছে না, মতরাং আমি তৃণ অপেক্ষাও অধন, আমার মত অধন আর কেই নাই —ইত্যাদি ভাবিয়া সাধক নিজেকে তৃণ অপেক্ষাও হেয় মনে করিবেন।

আপনি নিরভিমানী—নিজে কখনও কোনও অভিমান পোষণ করিবে না, কখনও কাহারও নিকট সম্মান পাওয়ার আশা করিবে না; এমন কি সাধারণের চক্ষে যে নিতান্ত হেয় বলিয়া পরিচিত, তাহার নিকটও সম্মান পাওয়ার আশা মনে স্থান দিবে না; অথচ সকলকেই সম্মান করিবে—সাধারণের চক্ষে যে নিতান্ত নীচ, তাহাকেও সম্মান করিবে। "জীবে সম্মান দিবে জানি কুষ্ণের অধিষ্ঠান। ৩৷২০৷২০৷"

২৪-২৬। তরু-নাছ। তরুসম সহিষ্ণুতা—বৈঞ্চকে তরুর নার সহিষ্ণু হইতে হইবে। কতলোক গছের উপর চড়িয়া বদে, গাছের ডাল ভাঙ্গে, পাতা ছিঁড়ে, আরও কত উৎপাত করে, কিন্তু গাছ কাহাকেও কিছু বলে না; অকাতরে সমস্ত সহ্ করে। এমন কি যাহারা গাছের ফল খায়, গাছের ছায়া উপভোগ করে, তাহারাও যদি গাছের প্রতি এরপ ব্যবহার করে, তথাপি গাছ কিছু বলে না। বৈঞ্চবকেও এইরপ হইতে হইবে। লোকে মন্দ বলুক, তাড়না করুক, মারুক, কাটুক, অকুভজ্ঞতা দেখাক্, তথাপি কিছু বলিবে না, আমান-বদনে সমস্ত সহ্ ক্রিবে। হরিদাস-ঠাকুরকে—যবনেরা বাইশবাজারে বেত্রাঘাত করিয়াছিল, কিন্তু তথাপি তিনি তাহাদের প্রতি কট হন নাই, বরং ভগবানের নিকট তাহাদের মঙ্গল কামনা করিয়াছিলেন।

শুকাইয়া মৈল ইত্যাদি—বৈষ্ণবকে তকর স্থায় অ্যাচক হইতে হইবে। জলের জ্বভাবে গাছ শুকাইরা মরিয়া যায়, তথাপি কাহারও নিকট জল ভিক্ষা করে না। বৈশ্বও কাহারও নিকটে কিছুর জ্বন্ত ভিক্ষার্থী হইবে না— অ্যাচিত ভাবে ধাহা পাওরা ধায়, তল্বারা জীবিকা নির্বাহ করিবে, অথবা ফল মূল বা শাক্ সব্জী—ধাহা অ্যের ক্তিনা করিয়া অনায়াসে পাওয়া যায়, তাহা খাইয়া প্রাণ ধারণ করিবে।

সদা নাম লইব যথা লাভেতে সম্ভোষ।

এই ত আচার করে ভক্তিধর্ম্ম-পোষ॥ ২৭

গোর-কুপা-তরঙ্গিণী টাঁকা।

নৈলে—মরিয়া গেলেও। না মাগয়—যাচ্ঞা করেনা, প্রার্থনা করেনা। বৃত্তি—জীবিকানির্বাহের উপায়।
ভাষাচিত বৃত্তি—কাহারও নিকটে কিছু যাচ্ঞা না করিয়া, মনে মনেও কাহারও নিকটে কিছু প্রাপ্তির আশা পোষণ
না করিয়া, আপনা আপনি যাহা আসিয়া উপস্থিত হয়, তাহাদারা—জীবিকা নির্বাহ করা। শাক-ফল—যখন
ভাষাচিত ভাবে কিছু পাওয়া না যায়, তখন শাক-সব জী আদি বা ফল-মূলাদি, যাহা বনে-জঙ্গলৈ যেথানে-সেথানে
জন্মে ও পাওয়া যায় এবং যাহা অপর কাহারও কোনওরপ ক্ষতি না করিয়া গ্রহণ করা যায়, তাহা থাইয়াই বৈষ্ণব

২৭- া সদা নাম লৈবে - সকলাই হরিনাম গ্রহণ করিবে, কখনও বুথা সময় নষ্ট করিবে না; কিছু খাইতে পাঁওয়া গেলেও নাম কীর্ত্তন করিবে, পাওয়া না গেলেও করিবে। যথা-লাভেতে সভোষ—যথন যাহা কিছু পাওয়া যায়, তাহাতেই স্কলা সন্তুষ্ট থাকিবে ; আহাবের বা ব্যবহারের জন্ম ভাল জিনিস পাওয়া না গেলে বা উপযুক্ত পরিমানে পাওয়া না গেলেও কথনও অসম্ভই হইবে না। একটা সত্য ঘটনার উল্লেখ কথা যাইতেছে। বাল্যকালে এক বাবাজীকে দেখিয়াছি; উজ্জ্বল গোরবর্ণ, দীর্ঘকায়, আয়ত স্থির চক্ষ্; এক খুব বঁড় দীঘির পাড়ে লোকালয় হইতে একটু দূরে—এক পর্নকুটীরে তিনি থাকিতেন; বালগোপালের সেবা ছিল। তাঁছার আশ্রমের বাছিরে—কোধায়ও কখনও তিনি যাইতেন না; কখনও কাহারও নিকটে কিছু চাহিতেন না; কুটীরে বসিয়া সর্বদা ভজন করিতেন; লোকে ইচ্ছা করিয়া থুব শ্রন্ধার সৃহিত তাঁহাকে ঢাউল তরকারী দিয়া যাইত ; সকল দিনই যে পাওয়া যাইত তাহা নহে। যেদিন কিছুই পওয়া যাইত না, সেই দিন—তাঁহার আশ্রমে একটা বাদাম গাছ এবং হুই তিনটা পেয়ারা গাছ ছিল—যেদিন কোনও স্থান হইতে ভোগের কোনও জিনিস আসিত না, সেই দিন—গাছের নীচে ছু'একটী বাদাম পাওয়া গেলে, তাহাই গোপালকে নিবেদন করিয়া দিতেন, আর না হয় পেয়ারা পাওয়া গেলে ত্'একটী পেয়ারা নিবেদন করিয়া অবশেষ পাইতেন। যেদিন তাহাও পাওয়া যাইত না, সেই দিন কেবল জল-তুলসী দিয়াই গোপালের শয়ন দিতেন। কিন্তু এরপ অভাবের সময়েও তিনি কাহারও নিকট কিছু যাজা করিয়াছেন বলিয়া, কিম্বা কথনও মুখ অপ্রসন্ন করিয়াছেন বলিয়া কেহ বলিতে পারিত না ; সর্বাদাই ভাঁহার মুখে হাসি লাগিয়া থাকিত। এ**ইত আচার—২**৩-২৭ পয়ারোক্ত আচরণ। ভক্তি-**ধর্ম্ম প্রোষ**—ভক্তি-ধর্মের পোষণ করে; উক্ত প্রকার আচরণের সহিত শ্রীহরিনাম কীর্ত্তন করিলেই চিত্তের মলিনতা দ্রীভূত হইয়া ক্রমশুঃ চিত্তে ভক্তির উন্মেষ হইতে পারে।

১৯-২৭ প্রার "হরেনীম"-শ্লোকের অর্থবিবরণ, শ্রীমন্ মহাপ্রভুর উক্তি।

এক্ষণে জিজ্ঞান্ত হইতে পারে, প্রথমেই কেহ তুল হইতে নীচ হইতে পারে না, প্রথমেই কেহ বয়ং নিরজিমান হইয়া অপরকে সন্মান করিতে পারে না, প্রথমেই কেহ তরুর নায় সহিষ্ণু হইতে পারে না; কারণ, এসবগুণ সাধন-সাপেক্ষ। এসব না হইলেও হরিনামের কল হইবে না; তাহা হইলে উপায় কি ? উত্তর—"হরেনাম—" এই শ্লোকের প্রমাণ অন্ত্যারে কলিতে যথন অন্ত কোনও গতিই নাই, তথন, জীব যে ভাবেই থাকুক না কেন, সেই ভাবেই প্রথমে নাম গ্রহণ করিবে, নামের প্রভাবেই তুণ হইতে নীচ হইবে, তরুর ন্তায় সহিষ্ণু হইবে। অবশ্ব প্রথম হইতেই তুণ হইতে নীচ, তরুর ন্তায় সহিষ্ণু হওয়ার জন্ম একটা তীত্র ইচ্ছা রাখিতে হইবে, তদ্মুকুল যত্ন এবং অভ্যাসও করিতে হইবে; তাহা হইলেই নামের প্রভাবে ঐ সমন্ত গুণ আসিয়া উপন্থিত হইবে এবং নামের প্রভাবে ঐ সমন্ত গুণর অধিকারী হইলে তারপর হরিনামের কল প্রেম প্রাপ্ত হওয়া যাইবে। (পরবর্তী প্রারের টীকার শেষাংশ শ্রেইব্য)।

তথাহি—
পত্যাবল্যাং (৩২) শ্রীমুখশিক্ষাশ্লোকঃ—
তৃণাদিপি স্থনীচেন তরোরিব সহিফুনা।

অমানিনা মানদেন কীর্ত্তনীয়ং সদা হরিং॥ ৪ উদ্ধবাহু করি কহি শুন সর্ববলোক।— নামসূত্রে গাঁথি পর কঠে এই শ্লোক॥ ২৮

শ্লোকের সংস্কৃত টীকা।

ত্ণাদপীতি। ত্ণাদপি সুনীচেন—যথা তৃণং সর্বেষাং পদ্দলনেনাপি অক্ষ্তাং নীচ্তাং চ প্রকটয়তি তত্মাদপি সুনীচেন হিংসারহিতেনাভিমানহীনেনচ, তরোরিব বৃক্ষবং সহিষ্ণুনা সহনশীলেন, তর্ক্থা স্বাঙ্গচ্ছেদকানপি জনান্ প্রতি ন করে। ভবতি তথা স্বল্রোহকারকান্ প্রতাপি রোষরহিতেন, স্বয়ং অমানিনা সন্মানবিষয়ে অভিলাষশৃত্যেন, অত্যেভ্যঃ সন্মানং দদাতীতি তেন জ্বনেন সদা হরিঃ কীর্ত্তনীয়ঃ ভবেং। হরিকীর্ত্তনকারিণা তৃণাদপি সুনীচ্সাদিকমাত্মনো বিধাতব্যমিতি ভাবঃ। ৪।

গৌর-কূপা-তর নিণী টীকা

শ্লো। ৪। অষয়। ত্ণাদিপি (ত্ণ অপেক্ষাও) স্থনীচেন (স্থনীচ) তরোরিব (তরুর ন্যায়) সহিষ্ণুনা (সহিষ্ণু) অমানিনা (সম্মানের জ্বন্ধ আভিলাষশূল) মানদেন (অপরের প্রতি সম্মান-প্রদানকারী) [জনেন] (ব্যক্তিছারা) হরিঃ (হরি—শ্রীহরিনাম) সদা (সর্বাদা) কীর্ত্তনীয়ঃ (কীর্ত্তনীয়)।

অসুবাদ। তৃণ হইতেও নীচ হইয়া, বুফের মতন সহিষ্ণু হইয়া, নিজে সন্মান লাভের অভিলাব না করিয়া। এবং অপর সকলের প্রতি সন্মান প্রদর্শন করিয়া সর্কাল হবি-কীর্ত্তন করিবে। ৪।

পূর্ববিত্তী ২০-২৭ পয়ারে এই শ্লোকের মর্মা ব্যক্ত হইয়াছে। ইহা শিক্ষাষ্টকের একটা শ্লোক, স্বয়ং শ্রীমন্মহাপ্রভুর রচিত। যে ভাবে শ্রীহরিনাম গ্রহণ করিলে রুফপ্রেম লাভ হইতে পারে, তাহার উপদেশরপেই প্রভু এই "তৃণাদিপি"— শ্লোক বলিয়াছেন।

২৮। **উর্দ্ধবান্থ করি** তুই বাহু উর্দ্ধে (উপরের দিকে) তুলিয়া। বহুদূর পর্যান্ত বহুলোককে লক্ষ্য করিয়া কিছু বলিতে হইলে লোকে সাধারণতঃ উপরের দিকে হাত ভুলিয়া উচ্চম্বরে তাহা বলিয়া থাকে; উদ্ধিবাহু দেখিয়া বক্তার দিকে সকলের মনোযোগ আরুষ্ট হয় এবং তাঁহার উচ্চধর দূর্ব্তী লোকেরও (এবং গোলমালস্থানেও সকলের) শ্রুতিগোচর হওয়ার সম্ভাবনা থাকে। গ্রন্থকার কবিরাজ-গোস্বামী ত্ণাদপি শ্লোকের প্রতি সকলের বিশেষ মনোযোগ আকর্ষণ করিয়া সকলকে ডাকিয়া বলিতেছেন—"আমি যাহা বলিতেছি, সকলে সাবধানে শুন; এই তৃণাদপি-শ্লোকটীকে নামরূপ-স্ত্রহারা মালার ভায় গাঁথিয়া সকলে কঠে ধারণ কর—অর্থাৎ সর্বদা এই শ্লোক সূর্ণ রাখিয়া শ্লোকের মন্মাতুসারে বা শ্লোকের উপদেশান্ত্রান্ত্রাদিপি স্থনীচ আদি হইয়া—সর্বদা প্রাহরিনাম কীর্ত্তন করিবে।" নামসূত্রে— ছরিনামরপ স্ব (স্বতা) দারা; এই রিনামকীর্ত্তনরপ স্বতদারা ে গাঁথি—গাঁথিমা। এই স্লোক—এই তৃণাদিপি শ্লোক। পর করে তি—কর্তে (গলায়) পরিধান কর; হার বা মালার আয় কঠে ধারণ কর। ধানি এই যে, মালা বা হার কঠে ধৃত হইলে যেমূন দেহের শোভা বর্দ্ধিত হয়, তদ্রপ নামরূপ স্থতে গ্রথিত হইয়া এই তৃণাদপি শ্লোক কঠে ধৃত হইলেও নামগ্রহণ-কারীর শোভা বৃদ্ধিত হয়। কৃতকগুলি মালাকে একত্রে গাঁথিয়া গ্লার ধারণ করিতে হইলে স্ত্রের দ্রকার; এই প্রার হইতে জানা যায়, তৃণাদ্পি শ্লোকটীকে মালার ভায় গাঁথিতে হইলে যে স্ত্রের (বা স্তার) দূরকার, নামকীর্ত্তনই হইতেছে সেই স্ত্র। ত্ণাদ্পি শ্লোকে চারিটী বস্তর উল্লেখ পাওয়া যায়—তৃণ অপেকাও অনীচতা, তরুর ভাষ সহিষ্তা, নিজের জভ সমানের অভিলাধ-শৃততা (অ্যানিজ) এবং অপরের প্রতি সম্মান প্রদর্শন (মানদত্ব); এই চারিটী বস্তকে তুণাদপি শ্লোকের চারিটী পূথক পৃথক মালা মনে করা যায়; নামকীর্ত্নরূপ স্ত্রারা গাঁথিলে এই চারিটী মালা একসঙ্গে পাশাপাশি থাকিয়া এক ছড়া মালায় পরিণত হয়, তাহা নামগ্রহণকারীর কঠের ভূষণ হইতে পারে—ইহাই এই পয়ার হইতে জানা যায়। স্থতের সহায়তায় যেমন পৃথক্ পৃথক্ মালাগুলি একত্তে গ্রাথিত হয়, তদ্রপ নামকীর্ত্তনের সহায়তায় তৃণ-অপেক্ষাও স্থনীচতাদি চারিটা পৃথক্ প্রভুর আজ্ঞায় কর এই শ্লোক আচরণ। অবশ্য পাইবে তবে শ্রীকৃষ্ণচরণ॥ ২৯ তবে প্রভু শ্রীবাসের গৃহে নিরন্তর। রাত্রে সঙ্কীর্ত্তন কৈল এক সংবৎসর॥ ৩০ কবাট দিয়া কীর্ত্তন করে পরম আবেশে। পাষণ্ডী হাসিতে আইসে না পায় প্রবেশে॥ ৩১

্রগৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

পৃথক্ বস্তু এক জিত হইয়া— যুগপথ একই স্থানে অবস্থান করিয়া— নাম-গ্রহণকারীর শোভা বর্দ্ধন করিতে পারে।
ব্যঙ্গনা এই যে, যিনি নিষ্ঠা সহকারে সর্বাদা নাম কার্ত্তন করিবেন, ঐ নামকীর্ত্তনের প্রভাবেই— ঐ নামকীর্ত্তনকে আশ্রয়
করিয়াই— তৃণাদিপি স্থনীচতাদি চারিটী বস্তু—কৃষ্ণ-প্রেম-প্রাপ্তির উপযোগী চারিটী গুণ— নামগ্রহণকারীর মধ্যে প্রকটিত
হইবে; তথন নামকীর্ত্তনের প্রভাবে তাঁহার চিত্তের সমস্ত মলিনতা সমাক্রপে দ্রীভূত হইয়া যাইবে, তাঁহার চিত্ত তথন
শুদ্ধবিত্র আবির্ভাবযোগ্যতা লাভ করিবে এবং শুদ্ধসন্ত্রে আবির্ভাবে চিত্ত প্রসন্ন ও উজ্জ্বল হইয়া নামগ্রহণকারীর
শোভা বর্দ্ধন করিবে। এইরপে, কি উপায়ে তৃণাদিপি স্থনীচ হওয়া যায়, তাহারই ইঞ্চিত এই প্রারে পাওয়া যায়।
(পূর্ববির্ত্তী ২৭ প্রারের টীকার শেষাংশ দ্রেধ্য)।

"দৰ্বলোক"-স্থলে কোনও কোনও গ্ৰন্থে "ভক্ত-লোক"-পাঠান্তরও দৃষ্ট হয়।

২৯। প্রভুর আজায়—শ্রীমন্মহাপ্রভুর আদেশে। শিক্ষাষ্টকে (অন্তালীলার ২০শ পরিচছেদে) শ্রীমন্মহাপ্রভু এই ত্ণাদিপি-শ্লোকের মর্মান্ত্র্যারে হরিনাম কীর্ত্তন করার জন্ত সকলকে আদেশ করিয়াছেন; প্রভু ম্বয়ং বলিয়াছেন—এই ভাবে হরিনাম করিলেই কৃষ্ণপ্রেম পাওয়া বায়। এই শ্লোক আচরণ—এই ত্ণাদিপি-শ্লোকের মর্মান্ত্র্যারে আচরণ অর্থাং ত্ণাদিপি স্থনীচ-আদি হইমা শ্রিহরিনামস্থার্ত্তন। অবশ্য পাইবে ইত্যাদি—ত্ণাদিপি-শ্লোকের মর্মান্ত্র্যারে হরিনামকীর্ত্তন করিলে নিশ্চয়ই শ্রীকৃষ্ণের চরণ-সেবা পাওয়া যায়, ইহাতে কোনওরূপ সন্দেহ নাই; কারণ, শ্রীকৃষ্ণ-চৈতন্ত্ররূপে বয়ং শ্রীকৃষ্ণই বলিয়াছেন, ঐভাবে নাম-কীর্ত্তন করিলে কৃষ্ণপ্রেম পাওয়া যায় এবং কৃষ্ণপ্রেম পাওয়া গেলেই কৃষ্ণপেরা পাওয়া যায়। শ্রীকৃষ্ণচরণ—শ্রীকৃষ্ণের চরণ-সেবা। সেবা-প্রান্থিতেই চরণ-প্রাপ্তি। কিরূপে তৃণাদিপি-শ্লোকের মর্মান্ত্ররূপ যোগ্যতা লাভ করা যায়, ২৮ পয়ারে তাহার ইঙ্গিত দিয়া ২০ পয়ারে গ্রন্থকার করিরাজ্তনাস্থামী সকলকে ডাকিয়া বলিতেছেন—"সকলেই তৃণাদিপি-শ্লোকের মর্মান্ত্র্যারে হরিনামকীর্ত্তন কর, তাহা হইলে নিশ্চয়ই শ্রীকৃষ্ণসেবা লাভ করিতে পারিবে, ইহাতে কোনও সন্দেহই থাকিতে পারে না; কারণ, ইহা স্বয়ং মহাপ্রভুর শ্রীম্থোক্তি—তাঁহারই আদেশ।"

২৮।২ন প্রারন্ধ্য, ১৯—২৭ প্রারোক্ত মহাপ্রভুর উক্তি-প্রসঙ্গে, গ্রন্থকার কবিরাজ-গোস্বামীর উক্তি।

- ত০! ১৮ পরারের পরে প্রসঙ্গক্ষমে হরের্নাম-শ্লোকের অর্থ-বিবরণ বলিয়া একলে আবার প্রস্তাবিত বিষয়—
 স্বাররপে মহাপ্রভুর যৌবন-লীলার উল্লেখ—আরম্ভ করিতেছেন। ১৮ পরারের সঙ্গে ৩০ পরারের সন্ধা। সূত্রে—
 অঙ্গনে। নিরস্তার—নিরবচ্ছিরভাবে প্রতি রাজিতে। এক সংবৎসর সম্পূর্ণরূপে এক বংসর। কবিকর্ণপুরের
 শ্রীচৈতভাচরিতামৃতমহাকাব্য হইতে জানা যায়, গয়া হইতে প্রত্যাবর্ত্তনের পরে (১৪৩০ শকের) মাঘ মাসের প্রথমভাগ
 হইতে মহাপ্রভু কীর্ত্তনরস প্রকাশ করিতে আরম্ভ করেন (৪।৭৬)। সন্ন্যাসগ্রহণের নিমিত্ত প্রভুর গৃহত্যাণের পূর্ব্ব
 পর্যান্ত প্রতিরাজিতে নিরবচ্ছিরভাবে এই কীর্ত্তন চলিয়াছিল। ১৪৩১ শকের মাঘী সংক্রান্তিতে প্রভু সন্ন্যাসগ্রহণ করেন।
 স্বতরাং বারমাসের কয়েকদিন বেশী সময়—মোটাম্টাভাবে সম্পূর্ণ একবংসরকাল-ব্যাপিয়া শ্রীবাস-অঙ্গনে প্রভুর
 সঙ্কীর্ত্তনলীলা অম্প্রতিত হইয়াছিল।
- ৩১। কবাট দিয়া—কপাটের অর্গল বন্ধ করিয়া, যেন বাহির হইতে কেহ ভিতরে প্রবেশ করিতে না পারে। পরম আবৈশে—একাস্কভাবে আবিষ্ট হইয়া। পাষ্ট্তী—কীর্ত্তন-বিদ্বেষী বহির্মুথ লোকগণ। হাসিতে আহিসে—উপ্হাস করিতে বা ঠাটা-বিদ্রাপ করিতে আসে। না পায় প্রবেশ—কপাট বন্ধ থাকে বলিয়া ভিতরে প্রবেশ করিতে পারে না।

কীর্ত্তন শুনি বাহিরে তারা জ্বলি পুড়ি মরে।

শ্রীবাদেরে তুঃখ দিতে নানা যুক্তি করে॥ ৩২

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

শ্রীবাস-অঙ্গনে প্রাত্যহিক রাত্রি-কীর্ত্তন ব্যতীতও প্রভুনদীয়ার বাজপথাদিতে কীর্ত্তন প্রচার করিতেছিলেন; নবদীপের কতকগুলি লোক এইরূপ কীর্ত্তনের অত্যন্ত বিরোধী ছিল; তাহারা সর্ব্বদাই এই কীর্ত্তনের বিরুদ্ধ সমালোচনা ক্রিত, কীর্ত্তনকারীদিগকে ঠাট্টা-বিদ্রাপ করিত, কীর্ত্তন নষ্ট করার জ্ঞাও নানাবিধ ষ্ড্যন্ত্র করিত। মহাপ্রভু এসমন্ত জানিয়াও কীর্ত্তনে নিরুৎসাই হন নাই; বরং এসমন্ত বহির্দুথ লোকদিগকে কীর্ত্তনের প্রতি উনু্থ করার উদ্দেশ্যে কীর্ত্তনের দল লইয়াই কথনও কথনও তাহাদের সম্ম্থীন হইতেন এবং তাহাদের ঠাটা-বিদ্রাপ এবং বিরুদ্ধাচরণাদিকে উপেক্ষা করিয়াও তাহাদের সমূথে কীর্ত্তন করিতেন; কারণ, প্রভুর এই সমস্ত কীর্ত্তনের একটী উদ্দেশ্ই ছিল—বহির্থ লোক-দিগকে অন্তর্জ্থ করা। কিন্তু শ্রীবাস-অঙ্গনে প্রভ্র কীর্ত্তন হইত তাঁহার নিব্দের এবং তাঁহার অন্তর্গ ভক্তগণের আস্বা-দনের জন্য-প্রচার কিমা বহির্থ লোকদিগকে অন্তর্মুথ করাই শ্রীবাস-অঙ্গনের কীর্ত্তনের মুখ্য উদ্দেশ ছিল না; তাই তাঁহার সহিত সমভাবাপন অন্তর্গ পার্ষদগণকে লইয়াই প্রভু এই কীর্ত্তন করিতেন; বাহিরের লোক্দিগকে, কিম্বা কীর্ত্তন-বিরোধী বহির্দ্য লোকদিগকে শ্রীবাস-অঙ্গনের কীর্ত্তন-স্থলে যাইতে দেওয়া হইত না; কারণ, বাহিরের লোক প্রেমাবেশ-জনিত ভাব-ভঙ্গীর রহস্ত জানিত না বলিয়া তাদৃশ ভাব-ভঙ্গীকে হয়তো বিক্ত-মন্তিদ উন্মত্তের চেষ্টা মনে করিয়া কীর্ত্তনের প্রতি এবং কীর্ত্তনকারীদের প্রতি অবজ্ঞার ভাব পোষণ করিয়া তাহাদের অপরাধী হওয়ার আশস্কা ছিল; তাহাদের মধ্যে কেহ কেহ তাহাদের মনোগত ভাব প্রকাশ্যে ব্যক্ত করিয়া ফেলিলেও কীর্ত্তনকারীদের ভাবধারা ছিন্ন হওয়ার আশক্ষা ছিল। আর যাহার। স্বভাষতঃই-কীর্ন্তন-বিরোধী, কীর্ন্তন ও কীর্ন্তনকারীদের ঠাট্টা-বিদ্রূপ করার উদ্দেশ্যেই তাহারা কীর্তুনস্থলে আসিত; তাহারা প্রবেশ করার স্থযোগ পাইলে, তাহাদের ঠাটা-বিদ্রপ এবং সমালোচনার উৎপাতে কীর্ত্তনানন্দ উপভোগ করার সম্ভাবনাই থাকিত না। যাহাতে সপার্ষদ শ্রীমন্ মহাপ্রভু নিরুপদ্রবে শ্রীবাস-অঙ্গনের কীর্ত্তনের রসাহাদন করিতে পারেন, ততুদেশ্যেই কীর্ত্তনারভের পূর্বেই অঙ্গনের সদর-দরজার কপাট বন্ধ হইত—যেন অপর লোক প্রবেশ করিয়া বিদ্ন জন্মাইতে না পারে ৷ কীর্ত্তনানন্দ-উপভোগের সোভাগ্য হইতে বহির্দ্ধ লোকদিগকে বঞ্চিত করাই কপাট বন্ধ করার উদ্দেশ্য ছিল না—তাহাদের উৎপাত হইতে কীর্ন্তনানন্দের নির্বিন্নতা রক্ষা করাই ইহার উদ্বেশ্য ছিল। বস্তুত: বহির্দুথ লোকগণ এক মাত্র ঠাট্টা-বিদ্রাপ করার উদ্দেশ্যেই কীর্ত্তন-সময়ে শ্রীবাস-অঙ্গনের দিকে আসিত; কিন্তু কপাট বন্ধ থাকায় তাহারা ভিতরে প্রবেশ করিয়া তাহাদের ত্রভিসন্ধি সিদ্ধ করিতে পারিত না।

৩২। বাহিরে থাকিয়াই—ভিতরের কীর্ত্রন শুনিয়া—ভাহার কোনও বিল্ল জনাইতে পারিতেছে না বলিয়া, তাহাদের ঠাটা-বিদ্রাপ ও বিক্লম-সমালোচনা কীর্ত্রন-সমায় কীর্ত্রনকারীদের কর্ণগোচর করিতে পারিতেছে না বলিয়া, হিংসায় ও বিল্লেষে—বহির্ত্থ লোকগণ বাহিরে থাকিয়াই রুদ্ধ আক্রোশের জ্ঞালায় যেন জ্ঞালায় পুড়িয়া মরিত। কীর্ত্রনকারীদের মধ্যে অপর-কাহারও কিছুই করিতে পারিবে না ভাবিয়া (বা জ্ঞানিয়া) শেষকাঙ্গে শ্রীবাসকে তৃঃখ দেওয়ার জ্ঞা—জ্ঞাক করার জ্ঞা—তাহারা নানাবিধ যুক্তি, নানাবিধ ষড়য়ন্ত্র করিতে লাগিল। শ্রীবাসের বিক্লমে বিশেষ আক্রোশের হেতু ছিল এই যে—"য়াহা কেহ কোনও দিন দেখে নাই, শুনে নাই,—মাহাতে ত্রাহ্মণ শূদ্র, তম্র জ্ঞান্ত সকলেই এক সঙ্গে হৈ হৈ রৈ রৈ করিয়া নিরীহ নগরবাসীদের স্থ্রনিম্রার ও শান্তির বিল্ল জ্মায়—এমন দেশরাজ্য-ছাড়া কীর্ত্রন—শ্রীবাস কেন তাহার বাড়ীতে হইতে দেয় গ আর দেয় তো, তাহাদিগকে কেন সে স্থানে প্রবেশ করিতে দেয় না ?"—ইহাই ছিল পাষ্ডীদের মনোগত ভাব।

একদিন বিপ্র—নাম গোপালচাপাল। পাষণ্ডী-প্রধান সেই চুর্ম্মুখ বাচাল॥ ৩৩ ভবানীপূজার সব সাম্গ্রী লইয়া। রাত্রে শ্রীবাসের দ্বারে স্থান লেপাইয়া॥ ৩৪ কলার পাত উপরে থুইল ওড়ফুল।
হরিদ্রা সিন্দূর আর রক্তচন্দন তণ্ডুল॥ ৩৫
মঁগুভাণ্ড পাশে ধরি নিজঘর গেলা।
প্রাতঃকালে শ্রীনিবাস তাহা ত দেখিলা॥ ৩৬

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

৩০৩৮। পাষ্ট্রীগণ ষড়যন্ত্র করিয়া কিরুপে এক রাজে শ্রীবাসের বাড়ীর সমূথে মছভাও রাখিয়া গিয়াছিল, তাহাই বলা হইতেছে।

গোপাল চাপাল—নবদীপবাসী একজন আদাণ; তাঁহর নাম ছিল গোপাল। বিজ্ঞান্ধত্যে ইনি খ্ব চপলতা করিতেন বলিয়াই নাকি ইহাকে চাপাল বলা হইড; সাধারণতঃ গোপাল-চাপাল নামেই ইনি পরিচিত ছিলেন। কীর্ত্তন-বিরোধী পাষতীদের মধ্যে ইনিই ছিলেন সর্বপ্রধান। তুর্দ্মুখ—যে খ্ব খারাপ কথা বলে; কটুভাষী। বাচাল—যে খ্ব বেশী কথা বলে। গোপাল-চাপাল খ্ব হুর্মুখ ও বাচাল ছিলেন। ভবানী—শিবের পত্নী; ভগবতী। সামগ্রী—পূজার উপকরণ। শ্রীবাসের দ্বারে—শ্রীবাসের বাড়ীর সদর দরজার সম্প্রে বাহিরে। ওড়ফুল—জবাফুল; ভবানী-পূজার জবাফুল লাগে। হরিদ্রা, সিন্দূর, রক্তচন্দন এবং তভুলও (চাউলও) ভবানী-পূজার উপকরণ। শ্রীনিবাস—শ্রীবাস।

শিবপত্নী ভবানী প্রমাবৈষ্ণ্বী; মন্ম তাঁহার পূজার উপকরণ হইতে পারে না। গোপাল-চাপাল পাষ্ণী বলিয়া পূজোপকরণের সঙ্গে মহাভাও রাথিয়াছিল।

ভবানী-শব্দে শিবপত্নীকে ব্ঝাইলেও এস্থলে ভবানীপূজা বলিতে শিবপত্নীর পূজাই গ্রন্থারের অভীষ্ট বলিয়া মনে হয় না। মূলের পয়ারে যাহা বলা হইয়াছে, তাহাতে ব্ঝা য়য়—বর্ণিত ভবানীপূজা শিষ্ট ভব্যলোকদের নিকটে অত্যন্ত নিশিত ছিল। পরবর্তী ৩৮ পয়ারে শ্রীবাস হাসিয়া হাসিয়া "বড় বড় লোক সব"কে বলিতেছেন—
"নিতা রাত্রে করি আমি ভবানীপূজন। আমার মহিমা দেখ ব্রাহ্মণসজ্জন।" শ্রীবাসের এই উক্তিতে ভবানীপূজা-সহদ্ধে একটা ঘণার ভাব ত্বস্পাই। জগজ্জননী ভগবতীর পূজা-সহদ্ধে ঘণার ভাব কেইই পোষণ করিতে পারেননা। চন্দ্রশেশর আচার্যাের গৃহে শ্রীমন্মহাপ্রভু জগজ্জননীর ভাবে আবিষ্ট হইয়া ভক্তবৃদ্দকে মাতৃ-ভাবে আরুষ্ট করিয়াছিলেন এবং স্বয়ং জগজ্জননীর পাবণ করিয়া সকলকে স্বীয় স্তম্যপানও করাইয়াছিলেন। এতাদৃশী জগজ্জননীর পূজার প্রতি ঘণার ভাব পোষণ করা বিশ্বাস্যোগ্য নহে। তাই মনে হয়, গ্রন্থকার যে ভবানীপূজার কথা এহলে বলিয়াছেন, তাহা শিবপত্নী-ভবানীর পূজা নহে। অহ্মান হয়, মছপেরা হয়তো মছের অধিষ্ঠাত্রী কোনও এক দেবতার কল্পনা করিয়া তাহাকেই ভবানী বলিত এবং মহাপূর্ণ ভাতে এই ভবানীরই পূজা (বা পূজার অভিনয়) করিত। মছাভাই এই ভবানীর প্রতীক এবং এই ভবানী শিবপত্নী ভবানী নহেন। এই ভবানীর পূজা বস্ততঃ মছেরই পূজা। মছাপব্যতীত অহা কেই এই পূজা করিত না। তাই ইহা শিষ্ট-লোকদের নিকটে ঘণিত ছিল।

এক রাত্রিতে গোপাল-চাপাল শ্রীবাসের সদর ঘারের সমুথে বাহিরে কতটুকু জায়গা লেপাইয়া সেই স্থানে এক থানা কলার পাতা পাতিয়া তাহার উপরে জবাফুল, হরিল্রা, সিন্দুর, রক্তচন্দন এবং চাউল প্রভৃতি ভবানী-পূজার উপকরণাদি সাজাইয়া রাখিল এবং তাহার পাশে এক ভাও মত রাখিয়া নিজ গৃহে চলিয়া গেল। সেই রাত্রিতে অপর কেহ ইহা দেখে নাই; কিন্তু পরদিন প্রাতঃকালে দরজা থুলিয়া বাহিরে আসিতেই শ্রীবাস সমন্ত দেখিতে পাইলেন।

এই ভবানীর নৈবেছ-সজ্জায় গোপাল-চাপালের বোধ হয় একটী হীন গৃঢ় উদ্দেশ্যও ছিল। গোলাল-চাপাল রাত্রির অন্ধকারে গোপনে এই নৈবেছ সাজাইয়া গিয়াছে; কেছ তাহাকে দেখে নাই। তাহার ভরণা বড়বড় লোক দৰ আনিল ডাকিয়া।
সভারে কহে শ্রীবাদ হাদিয়া হাদিয়া—॥ ৩৭
নিত্য রাত্রে করি আমি ভবানীপূজন।
আমার মহিমা দেখ ব্রাহ্মণ-সজ্জন॥ ৩৮
তবে দব শিষ্ট লোক করে হাহাকার—।
এতি কর্ম্ম এথা কৈল কোন্ দুরাচার १॥ ৩৯

'হাড়ি' আনাইয়া সব দূর করাইল।
জল গোময় দিয়া সেই স্থান লেপাইল॥ ৪০
তিনদিন বই সেই গোপাল-চাপাল।
সর্ববাঙ্গে হইল কুন্ঠ—বহে রক্তথার॥ ৪১
সর্ববাঙ্গে বেড়িল কীটে—কাটে নিরন্তর।
অসহ বেদনা তুঃখে জ্লয়ে অন্তর॥ ৪২

গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

ছিল—প্রাতঃকালে যাহার। মতভাওসহ নৈবেত দেখিবে, তাহারাই মনে করিবে—শ্রীবাসই এই নৈবেত দাজাইয়াছে; শ্রীবাস মত্যপ, তাই ভবানী-পূজায় মতভাও দিয়াছে, ভবানী-পূজার ছলে মত্যপানই শ্রীবাসের উদ্দেশ । গোপাল-চাপালের হয়তো ইহাও ভরসা ছিল যে, ভবানীর নৈবেতের সহিত মতভাও দেখিয়া লোকে মনে করিবে, কেবল শ্রীবাসই নহে, শ্রীবাসের অঙ্গনে রাত্রিতে দার বন্ধ করিয়া যাহারা কীর্ত্তন করে, তাহাদের সকলেই মত্তপ—মত্য পান করিয়া উন্মত্ত হইয়া কীর্ত্তন করে বলিয়াই লোক-লোচনের নিকট হইতে মত্যপানের বীভংসতা গোপন করার উদ্দেশ্যে তাহারা দার বন্ধ করিয়া দেয়; অপর লোককে প্রবেশ করিতে দেয় না।

৩৬ পয়ারে শ্রীনিবাস তাহাত দেখিল"-স্থলে কোনও কোনও গ্রন্থে শ্রীবাস তাহা দ্বারেতে দেখিল"—এইরূপ পাঠান্তর আছে। শ্রীরাস" পাঠই সমীচীন মনে হয়।

৩৭-৩৮। প্রতিংকালে শ্রীবাদ এই অভূত ভবানী-নৈবেল দেখিয়া স্থানীয় গণ্যমান্ত লোকদিগকে ডাকিয়া আনিয়া দেখাইলেন এবং যে পাষণ্ড এই হীন ষড়যন্ত করিয়াছে, তাহার মনোগত ভাবের প্রতিধ্বনি করিয়াই যেন হাসিতে হাসিতে উপহাদের পরে বলিলেন—"দেখুন আপনারা সকলে আমার কাণ্ড; আমি প্রত্যহই রাত্তিতে মলপূর্ণ ভাণ্ড দারা ভবানীপূজা করিয়া থাকি; নচেৎ আমার দারে মলভাণ্ডযুক্ত ভবানী-নৈবেল পাকিবে কেন? ব্রাহ্মণ-সজ্জন সকলে আমার মহিমা দেখুন।"

শ্রীবাসও ব্রাহ্মণ-সন্তান ছিলেন; কিন্তু মত্যপান তো দূরের কথা, মত্য স্পর্শ করাও ব্রাহ্মণ-সজ্জনের পক্ষে

৩৯-৪০। শিষ্ট-লোক—ভব্য ফ্রন্জন লোকসকল। হাহাকার—বিশ্বয় ও আক্ষেপস্থাক শক্ষ। সুরাচার—হীনাচার, হানপ্রকৃতির লোক। হাড়ি—নীচ জ্বাতীয় লোকবিশেষ। জ্বল-গোময়—জ্বের সহিত গোময় গুলিয়া। উচ্চজাতির পক্ষেমত অস্তুত্ব বস্তুত্ব ছিল বলিয়াই নীচজাতীয় হাড়ি আনাইয়া তাহা দ্বা মতভাও দ্ব করান হইল এবং অপবিত্র মত্তভাগুর স্পর্শে জ্বা-হরিল্রাদি অন্তান্ত উপকরণও অপবিত্র ও অস্তৃত্ব হইয়াছিল বলিয়াই সে সমন্তও হাড়ি দারাই দূর করান হইল। আর মত্তম্পর্শে সে স্থানও অপবিত্র হইয়াছিল বলিয়া গোময়জ্বল দিয়া সেই স্থানও পবিত্র করা হইল। মত্তভাগু না থাকিলে, কেবল ভবানী-পূজার নৈবেত স্বয়ং শ্রীবাসও দ্বে স্বাইয়া রাখিতে পারিতেন, তাহা দেখাইবার নিমিত্ত তিনি হয়তো স্থানীয় গণ্যমান্ত লোকদের ডাকিয়া আনার প্রয়োজনও মনে করিতেন না।

85-82। গোপাল-চাপাল এই ভক্তবিদ্বেষর বিষম্য কল হাতে হাতেই পাইল। যেদিন সে ভ্রানীর নৈবেত দাজাইয়াছিল, তাহার পরে তিন দিনের মধ্যেই তাহার সর্বাজে গলিত-কুঠ হইল; সমন্ত দেহে গলিত-কুঠের ক্ষতের মধ্যে অসংখ্য কীট (পোকা); তাহারা কুট্কুট্ করিয়া সর্বদা তাহার দেহস্থ ক্ষতে দংশ্ন করিতে লাগিল; তাহাতে গঙ্গাঘাটে বৃক্ষতলে রহে ত বিসিয়া।
একদিন বোলে কিছু প্রভুরে দেখিয়া—॥ ৪৩
গ্রাম-সম্বন্ধে আমি তোমার মাতুল।
ভাগিনা! মুঞি কুষ্ঠব্যাধ্যে হইয়াছোঁ ব্যাকুল॥ ৪৪
লোক সব উদ্ধারিতে তোমার অবতার।
মুঞি বড় ছঃখী, মোরে করহ উদ্ধার॥ ৪৫
এত শুনি মহাপ্রভু হৈলা ক্রোধ মন।
ক্রোধাবেশে কহে তারে তর্জ্জন বচন—॥ ৪৬

ভাবে পাপী ভক্তদেষী তোবে না উন্ধাৰিমু। কোটিজন্ম এইমত কীড়ায় খাওয়াইমু॥ ৪৭ শ্বীবাসে করাইলি তুই ভবানী-পূজন। কোটিজন্ম হবে তোর রোরবে পতন॥ ৪৮ পাষণ্ডী সংহারিতে মোর এই অবতার। পাষণ্ডী সংহারি ভক্তি করিমু প্রচার॥ ৪৯ এত বলি গোলা প্রভু করিতে গঙ্গালান। সেই পাপী তুঃখ ভোগে, না যায় পরাণ॥ ৫০

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

একদিকে যেমন সর্বাঙ্গ হইতে বক্ত-পূঁজের ধারা বহিতে লাগিল, অপর দিকে আবার অসহ যন্ত্রণায় গোপাল-চাপাল ছট্ফট্ করিতে লাগিল।

৪২ পরারে "জলয়ে অন্তর" স্থলে কোনও কোনও গ্রন্থে "জলে বাহান্তর" পাঠান্তরও আছে; এই পাঠান্তর অধিকতর উপযোগী বলিয়া মনে হয়। **জলে বাহান্তর—**শরীরের ভিতর বাহির জ্ঞালা করে।

৪৩-৪৫। কুঠের যম্বণায় অধীর হইয়া গোপাল-চাপাল গন্ধার ঘাটে এক গাছতলায় বসিয়া থাকিত। একদিন মহাপ্রভু গন্ধামানের উপলক্ষে দেই ঘাটে গিয়াছিলেন; তাঁহাকে দেখিয়া গোপাল-চাপাল অতি কাতরভাবে বলিল—"গ্রাম-সহন্ধে আমি তোমার মামা, তুমি আমার ভাগিনেয়; বাবা, কুঠব্যাধিতে আমি ঘারপরনাই কট পাইতেছি, যম্বণায় আমি অন্থির হইয়া পড়িয়াছি; সমস্ত লোককে উদ্ধার করিবার অভ্যেই তুমি অবতীর্ণ হইয়াছ। বাবা, দ্যাকরিয়া আমাকে উদ্ধার কর।"

৪৬। সম্ভানের প্রতি পিতার যেরপে দয়া থাকে, গোপাল-চাপালের প্রতিও মহাপ্রভুর তদ্রপ দয়া ছিল; এজস্ট তিনি গোপালের প্রতি কুদ্ধ হইয়াছিলেন। এই ক্রোধ দয়ারই বিকাশ; বাশুবিক ক্রোধ নহে। দয়া বশতঃ সম্ভানের মঙ্গলের জন্মই পিতা কুদ্ধ হন। মহাপ্রভূও পরে শ্রীবাসের দারা গোপালকে রূপা করিয়াছিলেন।

89-8৮। গোপাল-চাপালের প্রতি কট হইয়া প্রভু বলিলেন—"রে পাপি, ভূই ভক্তদ্বেষী, তোর উদ্ধার নাই, কোটি জন্ম পর্যান্ত তোকে এইভাবে কুষ্ঠ-রোগের কীটের দংশন-যন্ত্রণা ভোগ করিতে হইবে—ইহাই ভক্তবিদ্বেষের উপযুক্ত শান্তি।" কীড়ায়—কুষ্ঠ-রোগের কীট দ্বারা।

শ্রীবাসই মদিরাদারা ভবানী-পূজা করিয়াছেন, এই অপবাদ রটাইবার জন্মই তুই (গোপাল-চাপাল) তাঁহার দ্বারে মদিরাদির দ্বারা ভবানী-পূজার নৈবেল সাজাইয়া রাখিয়াছিলি। এই অপরাধে তোকে কোটি জন্ম রোরব-যন্ত্রণা ভোগ করিতে হইবে। রোরব—সর্প হইতেও নিষ্ঠ্য এক প্রকার জন্ধকে করু বলে; যে নরকে ঐ রুক্ত-নামক জন্ত পাপীকে দংশনাদির দ্বারা কট দেয়, তাহাকে রোরব বলে।

8৯। পাষণ্ডীদের হৃদর্শের বিষময় কল লোকের সাক্ষাতে প্রকটিত করিলো তাহা দেখিয়া ভয়ে লোক হৃদর্শ হইতে বিরত হইবে—এই উদ্দেশ্যেই ভগবান্ কখনও কখনও পাষণ্ডদের মধ্যে কাহারও কাহারও জাতা আদর্শ-শান্তির ব্যবস্থা করেন। হৃদর্শের তীব্র কল দেখিয়া লোক ভীত হইয়া হৃদর্শ হইতে বিরত হইলো তখন তাহাদের মধ্যে ধর্ম-প্রচারের স্থবিধা হয়, অজ্ঞাত এবং পূর্বজিমাক্ত হৃকর্শের শান্তি হইতে রক্ষা পাওয়ার জাতাও লোকে ধর্মাক্ষানে ইচ্ছুক হইতে পারে।

৫০। না যায় প্রাণ-প্রাণাত্তকর তৃঃখ হইলেও তৃঃখে গোপাল-চাপালের প্রাণবিয়োগ হয় নাই;

সন্ধ্যাস করি প্রভু যদি নীলাচলে গেলা।
তথা হইতে যবে কুলিয়াগ্রামেতে আইলা॥৫১
তবে সেই পাপী লইল প্রভুর শরণ।
হিতোপদেশ কৈল প্রভু হঞা সকরুণ॥৫২
শ্রীবাসপণ্ডিতস্থানে হইয়াছে অপরাধ।
তাহাঁ যাহ, তেঁহ যদি করেন প্রসাদ॥৫০
তবে তোর হবে এই পাপবিমোচন।
যদি পুনঃ এছে নাহি কর আচরণ॥৫৪
তবে বিপ্রা লৈল আসি শ্রীবাস শরণ।

তাঁর কুপায় পাপ তার হৈল বিমোচন ॥ ৫৫
আর এক বিপ্র আইল কীর্ত্তন দেখিতে।
দারে কবাট, না পাইল ভিতরে যাইতে॥ ৫৬
ফিরি গেলা ঘর বিপ্র মনে ছঃখ পাঞা।
আর দিন প্রভুরে কহে গঙ্গায় লাগ পাঞা॥ ৫৭
শাপিব তোমারে মুঞি পাঞাছি মনোছঃখ।
পৈতা ছিণ্ডিয়া শাপে প্রচণ্ড ছুর্মুখ—॥ ৫৮
সংসারস্থুখ তোমার হউক বিনাশ।
শাপ শুনি প্রভুর চিত্তে হইল উল্লাস॥ ৫৯

গোর-কৃপা-তরঙ্গিণী টীকা।

কারণ, প্রাণবিরোগ হইলেই তুঃথের অবসান হয়, পাপের শাস্তি আর ভোগ করা হয় না; তাই ভগবান্ তাহার হৃত্যু ঘটান নাই।

৫১-৫২। সন্নাসের পূর্বে প্রভু গোপাল-চাপালকে কুপা করেন নাই; সন্নাসের পরে তিনি নীলাচলে যান; নীলাচল হইতে বৃদ্ধান যাওয়ার পথে জননী ও জাহ্নীকে দর্শন করিবার উদ্দেশ্যে প্রভু যথন গোড়দেশে আসিয়া ছিলেন, তথন তিনি—গঙ্গার যে পাড়ে নবদীপ অবস্থিত, তাহার বিপরীত পাড়ে কুলিয়া-এমে আসিয়াছিলেন; তথন কুলিয়াগামেই গোপাল-চাপাল আবার প্রভুর শরণাপন হয়; তথন প্রভু কুপা করিয়া তাহার উদ্ধারের উপায় বলিয়া দেন। কুলিয়া—নবদীপের স্মূপে গঙ্গার অপর পাড়ে কুলিয়া নামে গ্রাম ছিল; এখন তাহা গঙ্গাগর্ভে লোপ পাইয়াছে।

৫৩-৫৪। প্রভু রূপা করিয়া গোপাল-চাপালকে বলিলেন—"শ্রীবাস-পণ্ডিতের নিকটে তোমার অপরাধ হইয়াছে; তাঁহার নিকটে যাও, তাঁহার শরণ লও; তিনি যদি তোমার প্রতি প্রসন্ন হয়েন, আর যদি তুমি ভবিষ্যতে কথনও কোনও ভক্তের প্রতি কোনওরূপ বিশ্বেষ-ভাব প্রেষণ না কর, তাহা হইলে তোমার পাপ ক্ষয় প্রাপ্ত হইবে, তুমি রোগম্কু হইবে।"

শ্রীবাস পণ্ডিতস্থানে ইত্যাদি—শ্রীবাসের প্রতি বিদ্বেশ-ভাব পোষণ করিয়া তাঁহার দারে মন্তভাও সহ ভবানীপূজার নৈবেন্ন সাজাইয়া রাথায় তাঁহার চরণে গোপাল-চাপালের অপরাধ হইয়াছে। ভক্ত-বিদ্বেষই অপরাধের হেতৃ। প্রসাদ—অন্প্রাহ। এই পাপবিমোচন—যে ভক্তবিদ্বেশ-জনিত পাপের ফলে তোমার দেহে গলিত-কুষ্ঠ হইয়াছে, সেই পাপ হইতে নিঙ্গতি। পুনঃ যদি ইত্যাদি—কেবল শ্রীবাস প্রসন্ন হইলেই তোমার নিস্তার নাই, শ্রীবাসের প্রসন্নতা যেমন অপরিহার্য্য, তাহার সঙ্গে সঙ্গে ভবিষ্যতে তোমারও ভক্তবিদ্বেশ পরিহার করা প্রয়োজন; নচেৎ তোমার উদ্ধার নাই।

৫৫। তবে—প্রভুর উপদেশ শুনিয়া। বিপ্র—গোপাল-চাপাল। শ্রীবাস-শরণ—শ্রীবাসের চরণে আশ্রয়। তাঁর-ক্রপায়—শ্রীবাসের ক্রপায়।

৫৬-৫৯। গোপাল-চাপালের বিবরণ বলিয়া আর এক বিপ্রের কথা বলিতেছেন। ইনিও কীর্ত্তন দেখিবার নিমিন্ত শ্রীবাসের অঙ্গনে যাইতেছিলেন; কিন্তু কপাট বন্ধ বলিয়া ভিতরে প্রবেশ করিতে না পারিয়া মনে অত্যন্ত কণ্ঠ পাইয়া ফিরিয়া আসিলেন। পরে এক দিন গঙ্গার ঘাটে প্রভূকে দেখিয়া বলিলেন—"নিমাই, তোমারা কপাট বন্ধ করিয়া কীর্ত্তন কর, আমি চুকিতে না পারিয়া মনে অত্যন্ত কণ্ঠ পাইয়া ফিরিয়া আসিয়াছি; আমার মনের তুঃগ এখনও যায়

প্রভুর শাপবার্ত্তা যেই শুনে শ্রাদ্ধাবান্। ব্রহ্মশাপ হৈতে তার হয় পরিত্রাণ॥ ৬০ মুকুন্দদত্তে কৈল দণ্ডপরসাদ। খণ্ডিল তাহার চিত্তের সব অবসাদ॥ ৬১ আচার্য্যগোসাঞিরে প্রভু করে গুরুভক্তি।

তাহাতে আচার্য্য বড় হয় হুঃখমতি ॥ ৬২
ভঙ্গী করি জ্ঞানমার্গ করিল ব্যাখ্যান।
ক্রোধাবেশে প্রভু তারে কৈল অবজান ॥ ৬৩
তবে আচার্য্য গোসাঞির আনন্দ হইল।
লঙ্জিত হইয়া প্রভু প্রসাদ করিল॥ ৬৪

গৌর-কুণা-তরঙ্গিণী টীকা।

নাই; সেই হৃঃথে আমি তোমাকে আজ অভিসম্পাত করিব।" ইহা বলিয়া সেই উগ্রস্বভাব হুর্গুথ ব্রাঙ্গণ নিজের পৈতা ছিঁড়িয়া এই বলিয়া প্রভুকে শাপ দিলেন যে—"তোমার সংসার-স্থথ বিনষ্ট হউক।"

শাপিব—শাপ দিব। **ছিণ্ডিয়া**—ছিঁড়িয়া। শাপে—শাপ দেয়। প্রচণ্ড—উগ্রস্থভাব; রুক্ষস্বভাব। **তুর্দ্মখ**—যাহার মুখ থারাপ; যে লোককে রুড় কথা বলে। সংসার-স্থখ—গৃহস্থাশ্রমের স্থখ। "সংসার-স্থখ তোমার" ইত্যাদিই প্রভুর প্রতি বিপ্রের অভিসম্পাত। উল্লাস—আনন্দ।

বিপ্রের শাপ শুনিয়া প্রভুর চিত্তে অত্যন্ত আনন্দ হইল। প্রভুর সংসার-স্থ নষ্ট হওয়ার জন্ম বিপ্র শাপ দিয়াছিলেন। সংসার-স্থুখ নষ্ট হওয়ার একাধিক অর্থ থাকিতে পারে। কাহারও হয়তো সংসার-স্থুখ-ভোগের বলবতী বাসনা আছে; কিন্তু তাহার অর্থবিত্ত সমস্ত নষ্ট হইয়া গেলে, উপার্জ্জনের ক্ষমতা নষ্ট হইয়া গেলে, স্ত্রীপুজাদি রোগে অসমর্থ হইয়া গেলে বা মরিয়া গেলে—তাহার আর সংসার-স্থ্য-ভোগের স্তাবনা থাকে না; এইরপ লোকের এই ভাবে সংসার-স্থুব নষ্ট হইলে তাহার উল্লাস হইতে পারে না, অবর্ণনীয় ছংখই উপস্থিত হয়। বিপ্রের অভিস্পাতে প্রাভুর যথন উল্লাস হইয়াছে, তথ্ন বুঝিতে হইবে, সংসার-স্থথ-ভোগের জন্ম প্রভুর বলব্তী বাস্না ছিল না এবং পূর্ব্বোক্তরপে সংসার-স্থথের বিনাশও তিনি আশঙ্কা করেন নাই। আবার কেহ এমন আছেন, কোনও রকমে সংসার হইতে ছুটী পাইতে পারিলে, অথবা কোনও উপায়ে সংসার-স্থের বাসনা দূর করিতে পারিলে সংসার ছাড়িয়া সন্মাসাদি গ্রহণ করিয়া ভগবদ্ভজন করিতে পারিলেই যিনি নিজেকে ধন্ত মনে করেন। এরূপ লোক যথন ভজনের উদ্দেশ্যে সংসারকে প*চাঁতৈ ফেলিয়া চলিয়া বায়েন, তথনও সাধারণ লোক মনে করে যে, তাহার সংসার-স্থথ নষ্ট ইইয়াছে। বিপ্রের অভিসম্পাতের কথা শুনিয়া প্র<mark>ভূ সন্ত</mark>ৰতঃ এই জাতীয় সংসার-স্থ-নাশের কথাই মনে করিয়াছিলেন (সংসার-ভোগে যাহাদের তীত্র বাসনা নাই, ভগবদ্ভজনের জন্মই যাহারা উন্মুখ, সংসার-স্থুখ-নাশের এই জাতীয় ধারণাই তাহাদের মনে জাগ্রত হওয়া স্বাভাবিক)। বিপ্র যথন প্রভুকে অভিসম্পাত দিয়াছিলেন, তাহার পূর্ক হইতেই (লৌকিক-লীলামুরোধে) প্রভু ভগবদ্ভজনে অত্যন্ত উন্থ হইয়াছিলেন, তাই সর্বাদা কীর্ত্তনাদিতে নিযুক্ত থাকিতেন। বিপ্রের অভিসম্পাত শুনিয়া তিনি ননে ক্রিলেন—"বিপ্রের শাপে যদি সংসার-স্থ আমা-হইতে দ্রে সরিয়া যায়, আমার চিত্তকে আর আকৃষ্ট না করে, তাহা হইলে তো আমার পরম-সৌভাগ্যা, আমি নিশ্চিন্ত মনে একাস্ত ভাবে ভগবদ্ভজন করিতে পারিব।"—ইহা ভাবিয়াই প্রভুর উল্লাস হইয়াছিল।

- ৬০। প্রভুর শাপবার্তা—প্রভুর প্রতি বিপ্রের শাপের কপা। **যেই শুনে শ্রদ্ধাবান্** শ্রদ্ধাবান্ হইয়া (শ্রদ্ধার সহিত্) যিনি শুনেন। **ত্রক্ষাপ**—ব্রাক্ষণের প্রদত্ত অভিসম্পাত। প্রিক্রাণ—মৃক্তি।
- ৬১। দণ্ড-পরসাদ—দণ্ড-প্রসাদ; দণ্ডরূপ অন্বগ্রহ। অবসাদ—গ্লানি। মুক্নদ্তের প্রতি প্রভুর দণ্ডের কথা ১/১২/৩৯ প্রারের টীকার দ্রপ্তব্য।

৬২-৬৪। আচার্য্য গোসাঞি—শ্রীঅহৈত-আচার্য্য। গুরুত্তক্তি—গুরুর ক্লার শ্রন্ধা। শ্রীনদহৈতাচার্য্য ছিলেন শ্রীপাদ নাগবেক প্রী-গোস্বামীর শিক্ত, স্কুতরাং নহাপ্রভুর গুরু শ্রীপাদ ঈশ্বর প্রীর সতীর্থ—গুরু-ভ্রাতা; তাই প্রভু তাঁহাকে গুরুর স্থায় সন্মান করিতেন। ভাহাতে—প্রভু তাঁহাকে গুরুর স্থায় সন্মান করিতেন

মুরারিগুপ্ত মুখে শুনি রামগুণগ্রাম। ললাটে লিখিল তার 'রামদাস' নাম॥ ৬৫ শ্রীধরের লোইপাত্রে কৈল জল পান। সমস্ত ভক্তের দিল ইফবরদান ॥ ৬৬ হরিদাসঠাকুরেরে করিল প্রসাদ। আচার্য্য-স্থানে মাতার খণ্ডাইল অপরাধ ॥ ৬৭

- গৌর-কুপা-তরক্রিণী টীকা।

ৰ্ণানা। **ত্বঃখনতি—হঃ**থিত; মহাপ্ৰভু তাঁহাকে অন্থ্ৰত ভূত্য মনে করিয়া রূপা করন, ইহাই ছিল আচাৰ্য্যের অভিপ্রায় ; কিন্তু তাহা না করিয়া প্রভু তাঁহাকে গুরুর ক্যায় সম্মান করিতেন বলিয়া আচার্য্যের মনে অত্যস্ত হুঃথ হইত। ভঙ্গীকরি ইত্যাদি—শ্রীঅদ্বৈত মনে করিলেন—"প্রভূ অস্ততঃ মনে মনেও যদি আমাকে ভূত্য বলিয়া মনে করেন্, তাহা হইলে কোনও গুরুতর অস্থায় কাজ করিলে তিনি নিশ্চয়ই আমাকে শাস্তি দিবেন। এইরূপ শাস্তির ব্যপদেশেও ধদি বুঝিতে পারি যে, আমার প্রতি প্রভুর ভূত্যবং বাৎসল্য আছে, তাহা হইলেও আমি নিজকে ক্তার্থ মনে করিব। " এইরূপ ভাবিয়া প্রভুর ক্রোধ-উৎপাদনের উদ্দেশ্যে এতিকত স্বীয় শিদ্যদের নিকটে যোগবাশিষ্ঠের ব্যাথ্যা করিয়া জ্ঞান-মার্গের প্রাধান্ত স্থাপন করিতে লাগিলেন। অন্ত সমস্ত সাধন-মার্গের উপরে ভক্তির প্রাধান্ত স্থাপন করিয়া ভক্তিংশ্ম প্রচারের নিমিত্ত শ্রীঅদৈতেরই আহ্বানে প্রভুর অবতার; এই ভক্তি-প্রচারে শ্রীঅদৈতেই প্রভুর একজন প্রধান সহায়। এইরূপ অবস্থায় স্বয়ং শ্রীঅদ্বৈতই যদি ভক্তির উপরে জ্ঞানের প্রাধান্ত স্থাপন করিয়া যোগবাশিষ্ঠের ব্যাখ্যা করেন, তাহা হইলে প্রভু যে তাঁহার প্রতি অত্যন্ত রুষ্ট হইবেন, তাহাতে আর আশ্চর্য্য কি ? বস্তুতঃ আচার্য্যের ব্যাখ্যার কথা শুনিয়া প্রভূ অত্যন্ত রুষ্ট হইলেন এবং ক্রোধাবেশে শান্তিপুরে যাইয়া আচার্য্যকে যথোপযুক্ত শাস্তি দিয়াছিলেন। শাস্তির বিবরণ আদিলীলার দ্বাদশ-পরিচ্ছেদের প্রথম শ্লোকের টীকায় দ্রষ্টব্য। অবজান—অবজ্ঞা; শাস্তি। ভবে আচার্য্য গোসাঞির ইত্যাদি—প্রভুর হাতে অভিল্যিত দণ্ড পাইয়া আচার্য্য অত্যন্ত আনন্দিত হইলেন। লজ্জিত হইয়া ইত্যাদি—প্রভূও অত্যপ্ত লজ্জিত হইয়া আচার্য্যের প্রতি রুপা প্রদর্শন করিলেন। প্রভূর লজ্জার কারণ এই যে, বয়োবৃদ্ধ অবৈতাচাৰ্য্যকে তিনি যথেষ্ট কিলাইয়াছিলেন—কিলাইতে কিলাইতে মাটীতে শোয়াইয়া ফেলিয়াছিলেন; তাহা দেখিয়া অদৈত-গৃহিণী শ্রী ও সীতা ঠাকুরাণী পর্যান্ত আর্দ্তনাদ করিয়া উঠিয়াছিলেন। প্রভুর ক্রোধ প্রশ্যিত হইলে তিনি যথন দেখিলেন যে, তাঁহার এই কঠোর শাস্তিতেও শ্রীঅৱৈত মনঃক্ষুণ্ণ হয়েন নাই, বরং আনন্দে মৃত্য করিতেছেন, তখন প্রভুর লজ্জিত হওয়াই স্বাভাবিক। লজ্জিত হইয়া প্রভু শ্রীঅদ্বৈতকে একটা বর দিলেন; তাহা এই :—"তিলার্কেকো যে তোমার করিবে আশ্রয়। সে কেনে পতঙ্গ কীট পশুপক্ষী নয়॥ যদি মোর স্থানে করে শত অপরাধ। তথাপি তাহারে মুঞি করিমু প্রসাদ॥ শ্রীটে: ভাঃ মধ্য। ১৯।" ইহাই শ্রীঅদৈতের প্রতি প্রভুর প্রসন্নতার পরিচায়ক।

৬৫। রাম গুণগ্রাম—শ্রীরামচন্দ্রের গুণসমূহ (মহিমা)। ললাটে—কপালে। রামদাস—শ্রীরামচন্দ্রের দাস; শ্লেষে শ্রীহম্মান। শ্রীমুরারিগুপ্ত ছিলেন শ্রীরামচন্দ্রের ভক্ত। পূর্বলীলার তিনি ছিলেন হম্মান (গৌর-গুণোদ্দেশ। ১১)।

৬৬। **শ্রীধরের**—শ্রীমন্ মহাপ্রভুর অহুগত খোলাবেচা-ভক্ত শ্রীধরের্। **লোহপাত্তে**—লোহনিন্মিত ঘটাতে। **দিল ইপ্ত বর দান**—শ্রীবাস্-অঙ্গনে মহাপ্রকাশের সময়ে ভক্তগণকে প্রভু অভীষ্ট বর দান করিয়াছিলেন্।

কীর্ত্তন লইয়া প্রভু তাঁহার পর্যভক্ত খোলাবেচা দরিদ্র শ্রীধরের বাড়ীতে গিয়া দেখেন, উঠানে একটী ভাঙ্গা লোহার ঘটী পড়িয়া আছে; প্রভু ঐ ঘটীতে করিয়া তখন জলপান করিয়াছিলেন।

৬৭। **হরিদাস ঠাকুরের** ইত্যাদি—মহাপ্রকাশের সময় প্রভু ডাকিয়া বলিলেন—"হরিদাস, আমাকে

ভক্তগণে প্রভু নাম মহিমা কহিল। শুনি এক পঢ়ুয়া তাহা 'অর্থবাদ' কৈল॥ ৬৮ নামে স্তুতিবাদ শুনি প্রভুর হৈল দুঃখ। সভে নিষেধিল—ইহার না দেখিহ মুখ।—৬৯
সগণে সচেলে যাঞা কৈল গঙ্গাস্পান।
ভক্তির মহিমা তাহাঁ করিল ব্যাখ্যান। ৭০

গোর-কুপা-তরঙ্গিণী টীকা।

দেখ। আমার দেহ হইতে তৃশি বড়। যবনগণ যথন তোমাকে বেত্রাঘাতে হুংথ দিতেছিল, তথন তাদের সকলকে সংহার করিবার উদ্দেশ্যে চক্রহস্তে আনি বৈরুপ্ঠ হইতে নামিয়াছিলাম; কিন্তু তৃমি তাহাদের মঙ্গলচিস্তা করিতেছিলে বলিয়া তাদের সংহার করিতে পারি নাই; তথন আমিই তোমার পৃষ্ঠে পতিত হইয়া প্রহার সহ্থ করিয়াছি; এখনও অঙ্গে চিহ্ন আছে। হরিদাস, তোমার হুংখ সহ্থ করিতে না পারিয়াই আমাকে শীত্র ভাবতীর্ণ হইতে হইল।" গ্রেছ্র কর্ষণার কথা শুনিয়া হরিদাস মৃদ্ধিত হইলেন, পরে প্রভুর কথায় বাহ্য প্রাপ্ত হইলে প্রভুর গুণ সর্গ করিয়া ক্রন্দন করিতে লাগিলেন এবং নিজের দৈয়া জ্ঞাপন করিতে লাগিলেন। শেষে প্রভুর চরণে তিনি প্রার্থনা করিলেন, যেন জন্মে জন্মে তিনি প্রভুর ভক্তের উদ্ভিষ্ট-ভাজন হইতে পারেন; "নচীর নন্দন বাপ! রুপা কর মোরে। কুরুর করিয়া মোরে রাথ ভক্তমরে।" প্রভু প্রসন্ন হইয়া বলিলেন—"হরিদাস! তিলার্ক্নেও তৃমি যার সঙ্গে কথা বল, যে এক দিনও তোমার সঙ্গে বাস করে, সে ব্যক্তি নিশ্চই আমাকে পাইবে।" আরও প্রভু বলিলেন—"মোর স্থানে মোর কর্ম বৈঞ্চনের স্থানে। বিনি অপরাধে তোরে ভক্তি দিল দানে॥" "হরিদাস প্রতি বর দিলেন যথনে। জয় জয় মহাধ্বনি উঠিল তথনে।" প্রীটেঃ ভাঃ মধ্য। ১০॥

আচার্য্য-স্থানে— এঅবৈতাচার্ব্যের নিকটে। নাভার— এশচীমাতার।

শীঅবৈত-আচার্য্যকে পরম-ভাগবত জানিয়া মহাপ্রভুর বড়ভাই বিশ্বরূপ সর্ব্রন্থ তাঁহার নিকট আসা-যাওয়া করিতেন। পরে বিশ্বরূপ যথন সম্যাস গ্রহণ করিলেন, তথন শচীমাতা মনে করিলেন যে, অবৈতই বিশ্বরূপকে সম্মাস গ্রহণ করিতে উপদেশ দিয়াছেন এবং অবৈতের কথাতেই বিশ্বরূপ সংসার ত্যাগ করিয়াছেন। ইহার পরে নিমাইও যথন অবৈতের নিকটে একটু যেন বেশা রকম আসা-যাওয়া করিতে লাগিলেন, তথন শচীমাতা মনে করিলেন যে, অবৈত নিমাইকেও বিশ্বরূপের ভায় সংসার ত্যাগ করাইবেন। এইরূপ ভাবিয়া শচীমাতা মনে মনে শ্রীঅবৈতের প্রতি একটু বিরক্ত হইয়াছিলেন। ইহাই শ্রীঅবৈতের নিকটে শচীমাতার অপরাধ। মহাপ্রকাশের দিন এই অপরাধের জন্ম তিনি শচীমাতাকৈ প্রেম দান করিলেন না; এবং বলিলেন, যদি শচীমাতা শ্রীঅবৈতের পদধূলি গ্রহণ করেন, তবে তাঁহার অপরাধ থণ্ডন হইবে এবং তথন তিনি প্রেমলাভ করিতে পারিবেন। শচীমাতা পদধূলি গ্রহণ করিতে গেলেন, কিন্তু শ্রীঅবৈত যশোদা-তুল্যা শচীমাতাকে পদধূলি দিতে কিছুতেই সম্মত হইলেন না। শচীমাতার তত্ত্ব ও মাহাম্ম্য বর্ণনা করিতে করিতে তিনি যথন আবেশে অজ্ঞান হইয়া পড়িলেন, তথন তাঁহার অজ্ঞাতসারে শচীমাতা পদধূলি গ্রহণ করিলেন। এইরূপে তাঁহার অপরাধ থণ্ডন হওয়ায় তন্মুহুর্ত্তেই তাঁহার শরীরে শ্রীকৃষ্ণ-প্রেমের লক্ষণ সকল প্রকাশ পাইয়াছিল। শ্রীচৈতন্মভাগবতের মধ্য ২২শ অধ্যায় দুইব্য।

৬৮। পঢ়ুরা—ছাত্র। অর্থবাদ—অতিরঞ্জিত প্রশংসাবাক্য। "হরিনামের যে মহিমার কথা বলা হইল, তাহা অতিরঞ্জিত প্রশংসামাত্র—প্রকৃত পক্ষে হরিনামের এত মহিমা থাকিতে পারে না"—এইরূপ উক্তিকে অর্থবাদ বলে। হরিনামে অর্থবাদকরনা একটা নামাপরাধ। কৈল—কহিল।

একদিন ভক্তগণের নিকটে প্রভু শ্রীহরিনামের মহিমা বর্ণন করিলেন; সে স্থানে এক পঢ়ুয়া ছিল; সেও প্রভুগ মুখে নামের মহিমা শুনিল; শুনিয়া বলিল—"নামের এত মহিমা থাকিতে পারে না; ইনি যাহা বলিলেন, তাহা অর্থবাদ—অতিরিক্ত প্রশংসা মাত্র।"

৬৯-৭০। নামে শুভিবাদ—হরিনামে অর্থবাদ; নাম-মাহাল্পাকে অভিরঞ্জিত শুভিবাক্য মাত্র

জ্ঞান কর্ম্ম যোগ ধর্ম্মে নহে কৃষ্ণ বশ। কৃষ্ণবশ-হেতু এক প্রেমভক্তিরস॥ ৭১ তপাহি—ভা:—>>।>৪।২০
ন সাধয়তি মাং যোগো ন সাঙ্খ্যং ধর্ম উদ্ধব।
ন স্বাধ্যায়ন্তপন্ত্যাগো যথা ভক্তির্মমোজিতা॥ ৫

সোকের সংস্কৃত চীকা।

ন সাধয়তীতি। মৎসাধনার্থং প্রযুক্তোহপি যোগাদিন্তথা মাং ন সাধয়তি বরায়োন্ত্র্থং করোতি। যথা উজিতা ভক্তিঃ সাধনাত্মিকা। শ্রীজীব ৫।

গোর-কুপা-তর ক্রিণী চীকা।

মনে করার কথা। সতে নিষেধিল—প্রভু সকল ভক্তকে নিষেধ করিলেন। ইহার না দেখিই মুখ—নামমাহায়্যে অর্থবাদ-করনাকারী এই পঢ়ুয়ার মুখ দর্শন করিওনা। স্গণে—গণের (সৃষ্ধীয়-লোক সকলের) সহিত।
সচেলে—চেলের (পরিহিত বস্তার) সহিত; সবস্তা। ভাহাঁ—সেই স্থানে; গঙ্গান্ধানের স্থানে।

পঢ়ুয়ার মুথে নাম-মাহাত্মো অর্থাদ-কল্পনার কথা শুনিয়া প্রভু অত্যন্ত হৃংথিত হইলেন; সকলকে বলিয়া দিলেন, কেহ যেন ঐ নামাপরাধী পঢ়ুয়ার মুখদর্শন না করে। তারপর নামাপরাধী পঢ়ুয়ার মুখদর্শনে দেহ অপবিত্র হইয়াছে মনে করিয়া সঙ্গীয় সমস্ত লোকের সহিত প্রভু সবস্ত্রে গঙ্গান্ধান করিলেন এবং গঙ্গান্ধান করিতে করিতে তাঁহাদের নিকটে তিনি ভক্তির মহিমা বর্ণনা করিলেন।

নাম-মাহাত্ম্যে অর্থবাদ-কল্পনায় যে অপুরাধ হয়, তাহার গুরুত্ব-প্রদূর্শনের উদ্দেশ্যে প্রভু নামাপুরাধীর মুখদর্শন নিষেধ করিলেন এবং নামপুরাধীর দর্শনে স্বস্ত্রে গঙ্গান্ধান করিয়া পবিত্র হওয়ার ব্যবস্থা করিলেন।

9)। ভানকর্ম যোগধর্ম—জ্ঞানমার্গ, কর্মার্গ, বা যোগমার্গের সাধনে। কৃষ্ণবশ-হেতু—কৃষ্ণক্ বশীভূত করার এক মাত্র হেতু। প্রেমভক্তিরস—প্রেমভক্তিরপ রস। বিভাব-অহভাবাদি-সামগ্রীর মিলনে প্রেমলক্ষণা-ভক্তি রসে পরিণত হয় (ভূমিকার ভক্তিরস-প্রবন্ধ দ্রষ্টব্য)। "ভক্তিবশং প্রুষং॥ মাঠর শ্রুতিঃ॥"

শ্রীকৃষ্ণ রিসিক-শেথর; ভত্তের প্রেমরস-নির্য্যাস আস্বাদনের নিমিন্তই তিনি লালায়িত এবং সেই সেই প্রেমরস নির্য্যাসন্থারাই তাঁহাকে নশীভূত করা যায়; ভত্তিমার্গই সেই শ্রীকৃষ্ণ-বশীকরণ-যোগ্যা প্রেমভক্তি লাভ করিবার একমাত্র সাধন; জ্ঞানমার্গ, কর্মমার্গ বা যোগমার্গে সেই প্রেমভক্তিও লাভ করা যায় না, স্কুতরাং শ্রীকৃষ্ণকেও বশীভূত করা যায় না। শ্রীকৃষ্ণকে বশীভূত করার উদ্দেশ্য—নিজের ইচ্ছান্থরূপ ভাবে শ্রীকৃষ্ণকের সেবা করিয়া তাঁহার প্রীতিসম্পাদন মাত্র।

এই পয়ার—ভক্তির মহিমা-ব্যাখ্যান-প্রসঙ্গে ভক্তগণের প্রতি শ্রীমন্ মহাপ্রভূর উক্তি। এই পয়ারের উক্তির প্রমাণরূপে নিম্নে "ন সাধয়তি"-শ্লোক উদ্ধৃত হইয়াছে।

কোনও কোনও গ্রন্থে "প্রেমভক্তিরস"-স্থলে "নাম-প্রেমরস"-পাঠ দৃষ্ট হয়। নাম-প্রেমরস—নাম (শ্রীহরিনাম-কীর্ত্তন) ও প্রেমরস; নামকীর্ত্তনাদি সাধনভক্তির অষ্টোন করিতে করিতে যে প্রেমভক্তি লাভ হয়, বিভাব-অষ্ট্রভাবাদির সন্মিলনে রসরূপে পরিণত সেই প্রেমভক্তি।

কো। ৫। আৰম। উদ্ধন (হে উদ্ধন)! মম (আমার) উজ্জিতা (দৃঢ়া) ভক্তি: (ভক্তি) মাং (আমাকে)
যথা (যেরপ) সাধয়তি (সাধন করে—বশীভূত করে) তথা (সেইরপ—বশীভূত করিতে) ন যোগ: (যোগ পারে
না) ন সাংখ্যং (সাংখ্য পারে না) ন ধর্মঃ (ধর্ম পারে না) ন স্বাধ্যায়। (বেদাধ্যায়ন পারে না), ন তপঃ (তপভা
পারে না) ন ত্যাগং (ত্যাগ্—সয়্যাস—পারে না)।

অনুবাদ! শ্রীরুঞ্চ কহিলেন—"হে উদ্ধন! মন্বিষয়ক দৃঢ়ভক্তি আমাকে যেরূপ বশীভূত করে—যোগ, সাংখ্য, ধর্ম, বেদাধ্যয়ন, তপস্থা এবং সন্ন্যাসও সেইরূপ পারে না।" ৫। মুরারিকে কহে—তুমি কৃষ্ণ বৃশ কৈলা। শুনিয়া মুরারি শ্লোক পঢ়িতে লাগিলা॥ ৭২ তথাহি তবৈর (২০1৮:1:৬)— ।
কাহং দরিদঃ পাপীয়ান্ ক কৃষ্ণঃ শ্রীনিকেতনঃ।
ব্রিন্দর্বিতি স্মাহং বাহুভ্যাং পরিরম্ভিতঃ॥ ৬

ধ্লোকের সংস্কৃত টীকা।

্রে কেতি। পাপীয়ান্ হুর্জাঃ রক্ষঃ সাক্ষাৎভগবান্। এবং ক্ষাত্ব-পাপীয়স্ত্যো দারিদ্র্য-শ্রীনিকেতত্বায়া বিরোধঃ। তথাপি রক্ষবত্তঃ বিপ্রক্রজাত ইতি বহিত্যাং দাত্যামের পরিরম্ভিতঃ পরিরক্ষঃ। ত্ম বিত্যামের পিষ্কিত্তে বিপ্রতিত্ব কার্যান্ত্র কর্ত্যা ত্রাজানোইতীবাযোগ্যত্বমননাৎ। ত্মতো ভগবতো ব্রহ্মণ্যেত্ব শ্লাঘিতা, ন তু ভক্তবৎসলতাপীতি ন কেবল পরিরক্ষ এব। শ্রীসনাতন। ৬।

গোর-কূপা-তরঙ্গিণী টীকা।

উর্জিতা—জ্ঞান-কর্মাদি রারা অনাবৃত বিশুদ্ধা ও দুঢ়া। যোগঃ—অষ্টাঙ্গ যোগ। সাংখ্য—সাংখ্যযোগ।
ধর্মা—স্বধর্মা, বর্গাশ্রম-ধর্মা, কর্মমার্মা স্বাধ্যায়ঃ—বেদাধ্যয়ন। তপঃ—তপ্রভা, রুজুসাধন। ত্যাগঃ—সংসার ত্যাগ, সন্ন্যাস। মাং-সাধ্যতি—আমাকে সাধন করে; আমাকে বশীভূত করে।

যোগ-কর্মাদি অস্থান্থ সাধনমার্গ-অপেক্ষা ভক্তি-মার্গ্ শ্রেষ্ঠ; কারণ, এক মাত্র ভক্তিই শ্রীরুফ্ককে সম্যুক্রপে সাধকের বনীভূত করিতে সমর্থ; যোগ-কর্মাদি সম্যক্ বনীকরণে সমর্থ নহে—ইহাই এই শ্লোকে দেখান হইল। পূর্ব্ব পয়ারের প্রমাণ এই শ্লোক।

৭২। মুরারিকে—মুরারিগুপুকে। কহে—প্রভূ কছেন। শ্লোক—নিয়ে উদ্ধৃত "কাহং"—ইত্যাদি শ্লোক; দ্বারকায় প্রীকৃষ্ণ যথন তাঁহার বাল্যবন্ধ শ্রীদাম-বিপ্রকে আলিঙ্গন করিয়াছিলেন, তথন শ্রীদাম এই শ্লোক উচ্চারণ করিয়াছিলেন (নিম্লিখিত শ্লোকের টীকার-শেষাংশ দ্রষ্টব্য)।

শো। ৬। অখ্যা। দরিদ্রং (দরিদ্র—গরীব) পাপীয়ান্ (পাপী) অহং (আমি) ক (কোণায়), শীনিকেতনঃ (লাদীর আবাসস্থল) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) ক (কোণায়)? ব্রহ্মবন্ধুঃ (ব্রহ্মবন্ধু—আমি) ইতি (তাই) স (অহো) অহং (আমি) বাহুভ্যাং (ক্রফের বাহুদ্ধ দারা) পরিরম্ভিতঃ (আলিঙ্গিত)।

ত্রাক্র প্রাদ! শ্রীদাম-বিপ্র কহিলেন—"অহো! কোপায় আমি লক্ষীবিহীন দরিত্র পাপী, আর কোথায় সেই শ্রীনিকেতন শ্রীক্ষণ! আমি ব্রহ্মবন্ধু বলিয়াই তিনি বাহদারা আমার আলিঙ্গন করিলেন। ৬।"

শ্রীদাম-বিপ্র বাল্যকালে শ্রীক্ষণের স্থা ছিলেন; উভয়ে এক সঙ্গে লেখা পড়া শিথিয়াছেন, এক সঙ্গে থেলাপ্লা করিয়াছেন; উভয়ের মধ্যে খুব প্রীতি ছিল। পরে শ্রীক্ষণ যথন দারকার অধিপতি ইইয়াছেন, তথন শ্রীদাম এত দরিদ্র যে, ভিক্ষা করিয়া দিনান্তেও একবার নিজে থাইতে পারেন না, নিজের পরিবারকেও থাওয়াইতে পারেন না। অভাবের তাড়না আর সহ্থ করিতে না পারিয়া তাঁহার পত্মী একদিন তাঁহাকে বলিলেন—"শ্রীক্ষণ তো তোমার বাল্যবদ্ধ ; তিনি এখন দারকার রাজা; তুমি যদি একবার তাঁহার সঙ্গে সাক্ষাং কর, তাহা হইলে তোমার কিছু উপকার হইতে পারে।" পত্মীর কথায় কম্পিত-হদয়ে শ্রীদাম দারকায় চলিলেন। বলুর সঙ্গে দেখা করিতে যাইতেছেন, অনেক দিন পরে; বন্ধুর জন্ম কি উপহার লইয়া যাইবেন ? ঘরেও কিছুই নাই; রাক্ষণী প্রতিবেশীর গৃহ হইতে চারি মুই চিড়া আনিয়া দিলেন; বিপ্র তাহাই কাপড়ে বাঁধিয়া লইয়া চলিলেন। দারকায় উপস্থিত হইয়া রাজপুরীর ঐখগ্য দেখিয়া গুতিত হইলেন; সঙ্কোচে চিড়ার পুটুলি বগলে লুকাইলেন। কম্পিত-হদয়ে শ্রীক্ষের নিকটে উপস্থিত হইলেন; দেখিলেন মণিকাঞ্চন-খচিত বহুম্ল্য পর্যঙ্গে করিণী-দেবীর গৃহে শ্রীকৃষ্ণ বসিয়া আছেন। শ্রীদামকে দেখিয়াই শ্রীকৃষ্ণ উঠিয়া আসিয়া ত্ই হাতে জড়াইয়া পরিয়া তাহাকে আলিসন করিলেন এবং পর্যঙ্গে বসাইয়া তাহার মথাবিধি সৎকার করিলেন; করিণী-দেবী তাহাকে চানির ব্যন্তন করিতে লাগিলেন। অন্তর্যামী শ্রীক্ষণ চিড়ার পুটুলির কথাও জানিতে পারিয়াছেন; তাই

গৌর-কুপা-তরঞ্জিপী টীকা।

তিনি বলিলেন—"স্থা, আমার জন্ম কি আনিয়াছ দাও।" শ্রীদাম তো লজ্জায় সঙ্গোচে একেবারে জড়সড়; এত এশ্বর্য যাঁর, স্বয়ং লক্ষী গাঁর পাদ-সেবা করিতেছেন, ভারতের সমস্ত রাজ্জাবর্গ যাঁর কপা-কটাক্ষের জন্ম লালায়িত, তাঁহার হাতে এক মৃষ্টি চিড়া শ্রীদাম কিরূপে দিবেন ? তিনি চিড়া বাহির করেন না—বরং বগল আরও চাপিয়া ধরেন। কৌতুকী শ্রীক্ষ বিপ্রের বগল ছইতে জোর করিয়া চিড়ার পূট্লি বাহির করিয়া খাইতে লাগিলেন—ভক্তের প্রীতির বস্তু তিনি আস্বাদন না করিয়া কি থাকিতে পারেন ? শ্রীদামের এক মৃষ্টি চিপিটকের সহিত যে প্রীতি মিশ্রিত হইয়া আছে, তাহার তুলনায় সমগ্র পৃথিবীর রাজ্যেশ্ব্য যে নিতান্ত তুচ্ছ!

যাহা ২উক, শ্রীদানের প্রীতির বশীভূত হইয়া শ্রীরুষ্ণ তো তাঁহাকে আলিঙ্গন করিলেন, তাঁহার চিড়া থাইলেন। এখন, প্রীতির স্বভাবই এই—গাঁহার নধ্যে শ্রীকৃষ্ণপ্রীতি যত বেশী বিকশিত হয়, নিজের দৈছা—নিজের হয়তা-জ্ঞান—তাঁহার তত বেশী হয়, তিনি নিজেকে তত বেশী অযোগ্য বলিয়া মনে করেন। শ্রীদানেরও তাহাই হইল; তাই শ্রীরুষ্ণের আলিঙ্গনে তিনি বিশ্বিত হইলেন; তিনি মনে মনে ভাবিলেন—"কি আশ্চর্যা! আমি নিতান্ত হুর্ভাগ্য, লক্ষীর রূপার ছায়াও আমাকে প্র্পান করে নাই: তাই আমি এত দরিদ্র যে, দিনান্তেও একবার মুখে এক মুষ্টি অন্ন দিতে পারি না। আর এই শ্রীরুক্ষ অনন্ত ঐপ্রর্যের অধীশ্বর, স্বয়ং লক্ষ্মী তাঁহার পাদসেবা করেন, তাঁহার বক্ষংস্থলে বিলাস করেন। তাঁহার সঙ্গে আমার তুলনা! আমি মহাপাপী, কত জন্ম-জন্মান্তরের পাপ আমার পুঞ্জীভূত হইয়া আছে; আমার হ্রবস্থাই তাহার প্রমাণ। আর শ্রীরুক্ষ স্বয়ং ভগবান্!! কোথায় আমি, আর কোথায় তিনি!! তথাপি তিনি যে আনায় আলিঙ্গন করিলেন, ইহাই আশ্চর্যের বিষয়। তবে ইহার একটা কারণ বোধ হয় আছে; শ্রীরুষ্ণ ব্রহ্মাদারক্ষার্থ ই বোধ হয়, তিনি আমাকে আলিঙ্গন করিয়াছেন।"

বস্ততঃ ভক্ত-বংসলতা-গুণের বশীভূত হইয়াই শ্রীকৃষ্ণ তাঁহার পরম-ভক্ত শ্রীদামকে আলিঙ্গন করিয়াছেন; শ্রীদানের কিন্তু ভক্ত-অভিমান ছিল না বলিয়া দৈগুবশতঃ—শ্রীকৃষ্ণের ভক্ত-বাৎসল্যকে আলিঙ্গনের হেতু মনে না করিয়া তাঁহার ব্রহ্মণ্যতাকেই হেতু মনে করিয়াছেন।

শ্রীমন্ভাগবতে শ্রীদামবিপ্রের নাম নাই। আছে কেবল "কশ্চিদ্ ব্রাহ্মণো ব্রহ্মবিত্তম:—ব্রহ্মবিত্তম কোনও এক বাহ্মণ॥ শ্রীভা, ১০৮০।৬॥" শ্রীমন্ভাগবতের ১০।৮১ অধ্যায় হইতে জানা যায়, এই ব্রাহ্মণের জন্ম শ্রন্থের ইন্দ্রের ঐশ্বর্যা প্রকটিত করিয়াছিলেন। তদমুসারে অষ্টোত্তর ভলাযে শ্রীক্ষের একটী নামও দৃষ্ট হয়—শ্রীদামরঙ্গ-ভলার্থ-ভূম্যানীতেক্রবৈভব:—(যিনি শ্রীদামনামক ভক্তের জন্ম ভূমিতে—মর্ত্যে—ইন্দ্রের বৈভব আনয়ন করিয়াছিলেন)। ইহা হইতে জানা যায়, যে ব্রহ্মবিত্তম ব্রাহ্মণের জন্ম শ্রীকৃষ্ণ মর্ত্যে ইন্দ্রের ঐশ্বর্যা প্রকটিত করিয়াছিলেন, তাঁহার নাম শ্রীদাম। শ্রীমন্ভাগবতের ১০৮০।৬ শ্লোকের বৈষ্ণবতোষণী টীকায় শ্রীপাদসনাতনগোস্বামী তাই লিথিয়াছেন—"কশ্চিদেক: শ্রীদামনামা, শ্রীদামরঙ্গভক্তার্থ-ভূম্যানীতেক্রবৈভবঃ। ইত্যেষ্ঠাতরশতনামপাঠাৎ॥" নারদপঞ্চরাত্রেও শ্রীকৃষ্ণের ঐ নামের উল্লেখ দৃষ্ট হয়। শ্রীদামশস্কৃভক্তার্থ-ভূম্যানীতেক্রবৈভবঃ॥ ৪০০১৫৭॥

মুরারিগুপ্তকে শ্রীমন্ মহাপ্রান্থ যথন বলিলেন "মুরারি, তুমি শ্রীকৃষ্ণকে বশীভূত করিয়াছ।"—তথন মুরারি উক্ত শ্লোকটীর উচ্চারণ করিয়াছিলেন। ইহার ব্যঞ্জনা এই যে, ভক্তির আধিক্য-জনিত অত্যধিক দৈছাবশতঃ শ্রীদামবিপ্র যেমন নিজেকে শ্রীকৃষ্ণের আলিঙ্গনের অযোগ্য মনে করিয়াছিলেন, তদ্ধপ ভক্তিজনিত দৈছাবশতঃ মুরারিগুপ্তও নিজেকে শ্রীকৃষ্ণবশীক্রণের সম্পূর্ণ অযোগ্য মনে করিয়াছিলেন।

শীনিকেতন:—শীর (লক্ষীর) নিকেতন (আবাস); যিনি লক্ষীর আবাসস্থল, সমগ্র ঐধর্য্যের অধিপৃতি;
স্বাং ভগবান্। বেক্সবন্ধু:—বাক্সণের মধ্যে অধ্য বাক্তিকে ব্রহ্মবন্ধু বলে; শ্রীদাম দৈহাবশতঃ নিজেকে ব্রহ্মবন্ধু

এক দিন প্রভু সব ভক্তগণ লৈয়া।
সকীর্ত্তন করি বৈসে শ্রমযুক্ত হৈয়া॥ ৭৩
এক আম্রবীজ প্রভু অঙ্গনে রোপিল।
তৎক্ষণে জন্মিল বৃক্ষ বাড়িতে লাগিল॥ ৭৪
দেখিতে দেখিতে বৃক্ষ হইল ফলিত।
পাকিল অনেক ফল—সভেই বিশ্মিত॥ ৭৫
শত তুই ফল প্রভু শীঘ্র পাড়াইল।

প্রকালন করি কৃষ্ণে ভোগ লাগাইল। ৭৬
রক্ত পীত-বর্ণ, নাহি অফ্যংশ-বঙ্কল।
একজনের উদর পূরে খাইলে এক ফল। ৭৭
দেখিয়া সম্ভব্ট হৈল শচীর নন্দন।
সভাকে খাওয়াইল আগে করিয়া ভক্ষণ। ৭৮
অফ্যংশ-বঙ্কল নাহি অমৃতরসময়।
একফল খাইলে রসে উদর পূর্য়। ৭৯

গৌর-কুপা-ভরঙ্গিণী টীকা।

বলিয়াছেন। স্ম—বিশায়-বোধক শব্দ। শ্রীকৃষ্ণ শ্রীদামকে আলিঙ্গন করিয়াছেন দেখিয়া শ্রীদাম বিশিত হইয়াছিলেন। পরিরম্ভিত:—আলিঙ্গিত।

৭৩। সঙ্কীর্ত্তন করি—সঙ্কীর্ত্তন করিয়া, সঙ্কীর্ত্তনের পরে। বৈসে—বিশ্রামের জন্ম বসিলেন। শ্রাম্যুক্ত—পরিশ্রাম্ভ ; কীর্ত্তনের পরিশ্রমে ক্লান্ত।

৭৩-৭৫। **আত্রবীজ**—আমের বীজ। **অঙ্গনে—শ্রী**বাস-অঙ্গনে বিশ্রামস্থলে। **তৎক্ষণে**—রোপণ করা মাত্রেই। **ফলিত**—ফলমুক্ত।

সকলের সঙ্গে বিসিয়া প্রভূ বিশ্রাম করিভেছেন ; এমন সময় সেই অঙ্গনেই প্রভূ একটী আমের বীজ রোপণ করিলেন। প্রভূ স্বায়ণ্ডগরান্ অচিস্ত্যুশক্তিসম্পার ; তিনি ইচ্ছামায়, যথন যাহা ইচ্ছা করেন, তাঁহার অচিস্ত্য-শক্তির প্রভাবে তথনই তাহা হইতে পারে। তাঁহারই ইচ্ছায়; তাঁহারই অচিস্ত্য-শক্তির প্রভাবে আত্রবীজ রোপণ করা মাত্রই তাহা অঙ্কুরিত হইল, দেখিতে দেখিতে অঙ্কুর বৃক্তে পরিণত হইল, বৃক্ষ বড় হইল, তাহাতে মুকুল হইল, মুকুল হইতে ফল জনিল, ফল বড় হইল—পাকিল ; একটা হুইটা ফল নহে—বহু ফল গাছে পাকিয়া রহিল। দেখিয়া সকলে বিশ্বিত হইলেন। প্রিকৃত কপা এই যে, প্রীবাস-অঙ্গন প্রীধাম নবদ্বীপেরই অন্তর্গত একটা অপ্রাক্ত চিন্ময় স্থান ; কণিত আত্রবৃক্ষ সে স্থানে নিত্যই বিরাজিত—তবে এ পর্যন্ত অপ্রকট—ছিল। প্রভূর ইচ্ছায় এখন তাহা প্রকটিত হইল এবং প্রকট-কালে বন্ধাওলীলার অন্থকরণে আত্রবৃক্ষরও জন্মাদি-সমন্ত লীলা যথাক্রমে—অবশু বিশ্বাসের অযোগ্য অত্যন্ত সময়ের মধ্যেই—প্রভূ প্রকটিত করিয়া দেখাইলেন। যাঁহারা ভগবানের অচিস্ত্য-শক্তি মানেন না, লীলার নিত্যন্থ এবং ব্রহ্মাণ্ডে বিশ্বাসবান্ লোকের নিকট এসমন্ত অসম্ভব নহে।]

৭৬-৭৭। প্রাক্ষালন করি—ধুইয়া। রক্ত-পীত্ত-বর্গ—আমগুলির কোনটা বারক্ত (লাল) বর্গ, আবার কোনটা পীত (ছরিদ্রা)-বর্গ ছিল। অষ্ট্রাংশ—আই (আটি) + অংশ (আঁশ)। বহনল—বাকল। আমগুলিতে আটি তো ছিলই না, আঁশও ছিল না, বাকলও ছিল না উদরপুরে—পেট ভরে। এক একটা আম এত বড় যে, থাইলে একটাতেই একজনের পেট ভরিয়া যায়। আটি, আঁশ ও বাকল নাই বলিয়া আমের কোনও অংশই ফেলিতে হইত না, স্মস্তই থাওয়া যাইত।

৭৮। প্রস্থ আপে নিজে থাইরা দেখিলেন; তার পর সকলকেই সেই প্রীক্ষঞ্চ-প্রাসাদী আম থাওরাইলেন।

৭৯। অযুত-রসময়—অমৃতের ভার হ্যাত্রিসে পরিপূর্ণ। আমে আটি নাই, আঁশ নাই, বাক্ল নাই; যাহা আছে, তাহা কেবল অমৃতের ভার হ্যাত্রেশে পরিপূর্ণ। (এই আমও প্রাকৃত আম নহে; প্রাকৃত আমে আটি, আঁশ, বাকল—স্থাই পাকে; ইহা অপ্রাকৃত আম)। এইমত প্রতিদিন ফলে, বারমাস।
বৈষ্ণবে খায়েন ফল—প্রভুর উল্লাস॥৮০
এই সব লীলা করে শচীর নন্দন।
অন্য লোক নাহি জানে—বিনা ভক্তগণ॥৮১
এইমত বারমাস কীর্ত্তন-অ্বসানে।
আাম্র-মহোৎসব প্রভু করে দিনে দিনে॥৮২
কীর্ত্তন করিতে প্রভু আইল মেঘগণ।
আাপন ইচ্ছায় কৈল মেঘনিবারণ॥৮৩
একদিন প্রভু শ্রীবাসেরে আজ্ঞা দিল—।
বৃহৎ সহস্রনাম পঢ়—শুনিতে মন হৈল॥৮৪

পঢ়িতে আইল স্তবে নৃসিংহের নাম।
শুনিঞা আবিষ্ট হৈল প্রভু গৌরধামু॥ ৮৫
নৃসিংহ-আবেশে প্রভু হাতে গদা লৈয়া।
পাষণ্ডী মারিতে যায় নগরে ধাইয়া॥ ৮৬
নৃসিংহ-আবেশ দেখি মহা তেজাময়।
পথ ছাড়ি ভাগে লোক পাঞা বড় ভয়॥ ৮৭
লোকভয় দেখি প্রভুর বাহ্য হইল।
শ্রীবাসের গৃহে যাঞা গদা ফেলাইল॥ ৮৮
শ্রীবাসের কহে প্রভু করিয়া বিষাদ।
লোক ভয় পাইল, মোর হৈল অপরাধ॥ ৮৯

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

৮০-৮১।—এ গাছটীতে বারমাস ধরিয়া—সমস্ত বংসর ব্যাপিয়াই—প্রত্যন্থ এরপ আম ধরিত; প্রত্যন্থ এ ভাবে কীর্ত্তনান্তে প্রভু ও ভক্তগণ ঐ ভাবে আম খাইতেন। কিন্তু ভক্তগণ ব্যতীত অন্ত কেছ ঐ আম গাছও দেখিত না, আমও দেখিত না, সকলের আম খাওয়ার কথাও জানিত না। [শুদ্দদ্বের আবির্ভাবে ভক্তদের সমস্ত ইন্দ্রিষ্ট শুদ্দব্বময় হইয়া যায়; তাই তাঁহারা শুদ্দসন্থময় ভগবদ্ধামের সমস্ত লীলাই দর্শন করিতে পারেন। অন্ত লোক প্রাকৃত চক্ষ্বারা সে সমস্ত কিছুই দেখিতে পায় না।

৮২। বারমাস—সর্বাণ : প্রতাহ। কীর্ত্তনাবসানে—কীর্ত্তনের পরে। আত্র-মহোৎসব করে—
উক্ত অপ্রাকৃত আত্রবৃক্ষ হইতে আম পাড়িয়া শ্রীকৃষ্ণের ডোগ লাগাইয়া সকলকে প্রসাদ বিতরণ করিতেন।
দিনে দিনে—প্রতিদিন।

৮৩। আর এক লীলার কথা বলিতেছেন। একদিন কীর্ত্তনের সময় আকাশ মেঘে আচছর হ্ইয়া গেল; প্রভূর ইচ্ছা মাত্রেই—সমন্ত মেঘ দূরীভূত হইল, এক কোঁটা বৃষ্টিও পড়িল না।

৮৪-৮৫। বৃহৎ-সহস্র-নাম—মহাভারতের অন্তর্গত বিষ্ণুর সহস্রনাম। এই সহস্রনাম নৃসিংহের নাম আছে। আবিষ্ঠ হইল—শ্রীনৃসিংহের ভাবে আবিষ্ট হইলেন, প্রভূ। প্রভূ গৌরধাম—গোরবর্গ জ্যোতি যে প্রভূর; শ্রীগোরাঙ্গ-মহাপ্রভূ।

মহাভারতের অন্তর্গত বিষ্ণুর সহস্রনাম পড়িবার নিমিত্ত প্রভু একদিন শ্রীবাসকে আদেশ করিলেন। প্রভুর আদেশে স্হস্রনাম পড়িতে পড়িতে যথন শ্রীবাস নৃসিংহের নাম উচ্চারণ করিলেন, তথনই প্রভু নৃসিংহের ভাবে আবিষ্ট হইয়া পড়িলেন।

৮৬। পাষ্ট্রী হিরণ্যকশিপুকে সংহার করার নিমিত্ত শ্রীনৃসিংহদেবের আবির্ভাব হইয়াছিল; নৃসিংহদেবের এই পাষ্ট্র-সংহার-লীলার ভাবে আবিষ্ট হইয়া শ্রীমন্ মহাপ্রভু সমস্ত পাষ্ট্রীকে বিনাশ করার উদ্দেশ্যে গদা হাতে শ্রীবাস অন্ধন হইতে বাহির হইয়া নগরের দিকে দৌড়াইয়া গেলেন।

৮৭। ভাবো-পলাইয়া যায়। নৃসিংহের আবেশে প্রভূর শ্রীঅঙ্গ হইতে অভূত জ্যোতিঃ বাহিয় হইতেছিল; ভাহা দেথিয়া এবং হাতে গদা দেথিয়া ভয়ে পথের লোক সকল পথ ছাড়িয়া পলাইয়া গেল।

৮৮-৮৯। লোকভয় দেখি—ভরে লোক সকল পলাইতেছে দেখিয়া, তাহাদের মুখে ভরের চিহ্ন দেখিয়া।
বাছা হৈল—প্রভুর বাহ্জান হইল, আবেশ ছুট্রা পেল। ফেলাইল—ফেলিয়া দিলেন। করিয়া বিষাদ—ত্ঃখ
করিয়া। হৈল অপরাধ—অনর্থক ভয় দেখাইয়া লোকসকলকে উদ্বেগ দিয়াছি; তাতে আমার অপরাধ হইয়াছে।

শ্রীবাস বোলেন—যে তোমার নাম লয়।
তার কোটি অপরাধ সব ক্ষয় হয়॥ ৯০
অপরাধ নাহি, কৈলে লোকের নিস্তার।
যে তোমা দেখিল তার ছুটিল সংসার॥ ৯১
এত বলি শ্রীনিবাস করিল সেবন।
তুষ্ট হঞা প্রভু আইলা আপন ভবন॥ ৯২
আর দিন শিবভক্ত শিবগুণ গায়।
প্রভুর অঙ্গনে নাচে—ডমরু বাজায়॥ ৯৩
মহেশ-আবেশ হৈলা শ্রীর নন্দন।

তার কান্ধে চটি নৃত্য কৈল বহুক্ষণ ॥ ৯৪
আর দিন এক ভিক্ষুক আইলা মাগিতে।
প্রভুর নৃত্য দেখি নৃত্য লাগিল করিতে ॥ ৯৫
প্রভু সঙ্গে নৃত্য করে পরম উল্লাসে।
প্রভু তারে প্রেম দিল—প্রেমরসে ভাসে ॥ ৯৬
আর দিনে জ্যোতিষ সর্বস্ত্র এক আইল।
তাহার সম্মান করি প্রভু প্রশা কৈল—॥ ৯৭
কে আছিলাও আমি পূর্বজন্মে কহ গণি ?।
গণিতে লাগিলা সর্বজ্ঞ প্রভুবাক্য শুনি ॥ ৯৮

গৌর-কৃপা-তরঙ্গিণী টীকা।

৯০-৯১। প্রভ্র কথা শুনিয়া শ্রীবাস বলিলেন—"না প্রভু, ভোমার কোনও অপরাধ হয় নাই; যে তোমার নাম গ্রহণ করে, তার কোটি কোটি অপরাধ ক্ষয় প্রাপ্ত হয়; তোমার আবার অপরাধ কি? অপরাধ কর নাই, তুমি লোকের উদ্ধার করিয়াছ; নুসিংহের ভাবে আবিষ্ট অবস্থায় যে ভোমার দর্শন পাইয়াছে, তাহারই সংসার-বন্ধন ছিন্ন হুইয়াছে। তুমি পাবজী-সংহার করিতে ধাইয়া গিয়াছিলে, তোমার উদ্দেশ্য সিদ্ধ হুইয়াছে; তোমার দর্শনে পায়জীর পার্গুরু দুরীভৃত হুইয়াছে, তাহারা সাধু হুইয়াছে।"

৯২। শ্রীনিবাস—শ্রীবাস। পূর্ববর্তী ৩৬ পয়ারেও শ্রীবাসকে শ্রীনিবাস বলা হইয়াছে। ইনি শ্রীনিবাস-আঢার্যা নহেন: কারণ, যথনকার কথা বলা হইতেছে, তাছার বহুবংসর পরে শ্রীনিবাস-আচার্য্যের আবির্ভাব হইয়াছে।

৯৩-৯৪। মহাদেবের ভাবে শ্রীমন্ মহাপ্রভুর আবেশের কথা বলিতেছেন। **শিবভক্ত-**শিবের ভক্ত; শিবের উপাসক। **ডমরু**—ডুগ্ডুগি। মহেশ-আবেশ—মহেশের (শিবের বা মহাদেবের) আবেশ।

একদিন একজন শিব-ভক্ত ডমরু বাজাইয়া নৃত্য করিতে করিতে প্রভ্রে অঙ্গনে শিবের মহিমা কীর্ত্তন করিতে-ছিলেন। তাহা শুনিয়া প্রভূ মহাদেবের ভাবে আবিষ্ট হইলেন এবং সেই শিবভক্তের কাম্বে চড়িয়া অনেক ক্ষণ নৃত্য করিয়াছিলেন।

এসম্বন্ধে শ্রীচৈতন্তভাগবত (মধ্য ৮ম অধ্যায়) বলেন—"একদিন আসি এক শিবের গায়ন। ডম্ক বাজায় গায় শিবের কথন। আইল করিতে ভিক্ষা প্রভ্র মন্দিরে। গাইয়ে শিবের গীত বেঢ়িন্ত্য করে। শম্বরের গুণ শুনি প্রভূ বিশ্বস্তর। হইলা শহ্ব মূর্ত্তি দিব্য জাটাগর। এক লক্ষে উঠি তার স্বন্ধের উপর। হুমার করিয়া বোলে 'মুঞি যে শহ্ব'। কেহো দেখে জাটা শিক্ষা ডম্ক বাজায়। 'বোল বোল' মহাপ্রভূ বোলরে সদায়। শে মহাপুরুষ্ যত শিবগীত গাইল। পরিপূর্ণ ফল তার একতা পাইল। সেই সে গাইল শিব নির-অপরাধে। গৌরচন্দ্র আরোহণ কৈলা যার স্বন্ধে। বাহ্ন পাই নামিলেন প্রভূ বিশ্বস্তর। আপনে দিলেন ভিক্ষা ঝুলির ভিতর।"

৯৫-৯৬। এক ভিক্ককে প্রেমদানের কথা বলিতেছেন। একদিন এক ভিক্ক ভিক্ষা করিতে আসিয়াছিল; তথন দেখিল যে প্রভু প্রেমাবেশে নৃত্য করিতেছেন; তাহা দেখিয়া ভিক্কও প্রম-উল্লাদে প্রভুর সঙ্গে নৃত্য করিতেছ লাগিল, প্রভু তাহার নৃত্য দেখিয়া প্রীত হইলেন এবং তংক্ষণং তাহাকে প্রেম দান করিলেন; প্রম ভাগ্যবান্ ভিক্ক প্রভুর ক্লায় কৃষ্ণ-প্রেমরদে ভাসিয়া যাইতে লাগিল।

৯৭-৯৮। এক সর্বজ্ঞ জ্যোতিধীকে প্রেমদানের কথা বলিতেছেন ৯৭-১০৮ প্রারে। একদিন প্রভূর গৃহে এক জ্যোতিধী আসিয়াছিলেন; জ্যোতিধ-শান্ত সম্বন্ধে তিনি সর্বজ্ঞ ছিলেন; প্রভূ থ্ব সমান করিয়া তাঁহাকে বসাইয়া জ্ঞাসা করিলেন—"আমি পূর্বজন্মে কে ছিলাম, গণিয়া বল দেখি ?" শুনিয়া জ্যোতিধী গণিতে লাগিলেন।

গণি ধ্যানে দেখে সর্বজ্ঞ—মহাজ্যোতির্মায়।
অনস্ত বৈক্ঠ ব্রহ্মাণ্ড সভার আশ্রয়॥ ১৯
পরতত্ব পরব্রহ্ম পরম-ঈশ্র।
দেখি প্রভু-মূর্ত্তি সর্বজ্ঞ হইল ফাঁফর॥ ১০০
বলিতে না পারে কিছু, মৌন ধরিল।
প্রভু পুন প্রায় কৈল, কহিতে লাগিল—॥ ১০১
পূর্বজন্মে ছিলা তুমি জগত-আশ্রয়।
পরিপূর্ণ ভগবান্ সর্বৈশ্বর্যাময়॥ ১০২
পূর্বের ঘৈছে ছিলা, তুমি, এবে সেইরূপ।
ছবিব্জেয় নিত্যানন্দ তোমার স্বরূপ॥ ১০৩

প্রের্ব আমি আছিলাঙ্ জাতিয়ে গোরালা। ১০৪
গোপগৃহে জন্ম ছিল, গাভীর রাখাল।
সেই পুণ্যে এবে হৈলাঙ্ ব্রাহ্মণ ছাত্তয়াল।১০৫
সর্বব্রু কহে—তাহা আমি ধ্যানে দেখিলাঙ্।
তাহাতেও ঐশ্বর্য দেখি ফাঁপর হৈলাঙ্॥১০৬
সেই রূপে এই-রূপে দেখি একাকার।
কভু ভেদ দেখি, এই মায়ায়ে তোমার।১০৭
যে হও সে হও তুমি, তোমাকে নমস্কার।
প্রভু তারে প্রেম দিয়া কৈল পুরস্কার।১০৮

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

জ্যোতিষ—এহ, নক্ষত্র, রাশি-আদি এবং লোকের উপরে তাহাদের প্রভাব-আদি যে শাস্ত্রে আলোচিত হইয়াছে, তাহাকে জ্যোতিষ্ শাস্ত্র বলে। জ্যোতিষ্ সর্বজ্ঞ—জ্যোতিষ-শাস্ত্র সম্বন্ধ সর্বজ্ঞ; যিনি সমস্ত জানেন, তাঁহাকে সর্বজ্ঞ বলে।

৯৯-১০১। মহা জ্যোতির্ময়—পরম-জ্যোতিখান্, যাহার দেহ হইতে মহা-উজ্জল অপূর্ব জ্যোতিঃ-পুঞ্জ বাহির হইতেছে। অনন্ত বৈকুণ্ঠ ব্রহ্মাণ্ড ইত্যাদি—অনন্ত বৈকুণ্ঠ ও ব্রহ্মাণ্ডের আশ্রয়। পরত্তর—শ্রেষ্ঠতম তত্ত্ব। পরব্রহ্মান্ত ব্রহ্মান্ত ব্রহ্মান্ত ব্রহ্মান্ত ব্রহ্মান্ত ক্ষাক্র কর্মান্ত ক্ষাক্র কর্মান্ত ক্ষাক্র কর্মান্ত ক্ষাক্র কর্মান্ত ক্ষাক্র কর্মান্ত ব্রহ্মান্ত ক্ষাক্র কর্মান্ত ব্রহ্মান্ত কর্মান্ত ব্রহ্মান্ত বর্মান্ত ব্রহ্মান্ত ব্রহ্মান্ত ব্রহ্মান্ত ব্রহ্মান্ত বর্মান্ত ব্রহ্মান্ত ব্রহ্মান্ত ব্রহ্মান্ত বর্মান্ত বর্মা

প্রভ্র আদেশে সর্বজ্ঞ প্রভ্র পূর্বজ্বাের বিষয় গণনা করিতে করিতে ধ্যানম্ভ ইইলেন; তিনি প্রভ্র মৃতি ধ্যান করিতে করিতে দেখিলেন—"সেই মৃতি ইইতে প্রম-উজ্জ্বল অপূর্ব জ্যােতি:পুঞ্জ সর্বাদিকে নিঃস্ত ইইতেছে। আর দেখিলেন—সেই মৃতিই অনস্ত বৈকুঠ এবং অনন্ত ব্রলাণ্ডের একমাত্র আশ্রয়। তিনি আরও দেখিলেন—ঐ মৃতিই প্রতন্ত্ব, ঐ মৃতিতেই ব্রলের চরমবিকাশ এবং তাহাই পূর্ণতিম ভগবান্, স্বয়ং ভগবান্।" প্রভ্র এই রূপ দেখিয়া সর্বজ্ঞ কিংকর্তব্যবিমৃত ইয়া পড়িলেন; কি বলিবেন, কিছু ঠিক করিতে না পারিয়া তিনি চূপ করিয়া রহিলেন। তাঁহার 'অবস্থা দেখিয়া প্রভ্রতিক পুনরায় প্রশ্ন করিলেন; তথন যেন ভাঁহার সংবিং ফিরিয়া আসিল, তথন তিনি বলিতে লাগিলেন।

১০২-১০৩। সর্বজ্ঞ বলিলেন—"গণিয়া দেখিলাম, তুমি পূর্বজ্ঞ আনস্ত বৈকুঠের এবং অনস্ত ব্রহ্মাণ্ডের আশ্রয় বিভ্রমায় স্বয়ংভগবান্ ছিলে; এই জ্বন্থেও তুমি তাহাই; আর, শ্রীনিত্যানন্দ—তোমারই এক স্বরূপ, তাঁহার তত্ত্বিজ্ঞিয়—আমি নির্ণিয় করিতে অসমর্থ।"

তুর্বিজ্ঞেয়—যাহা অবগত হওয়া তুঃসাধ্য; যাছা সহজে নির্ণয় করা যায় না।

১০৪-১০৫। সর্বজ্ঞের কথা শুনিয়া প্রভূ হাসিলেন, হাসিয়া বলিলেন—"না, আমার পূর্বজন্মের বিবরণ ভূমি জানিতে পার নাই। পূর্বজন্ম আমি জাতিতে গোয়ালা ছিলাম, গোয়ালার গৃহে আমার জন্ম হইয়াছিল; তথন আমি গাভী চরাইতাম; সেই পূণ্যেই এই জ্বনে আমি ব্রাহ্মণের ঘরে জন্ম গ্রহণ করিয়াছি।" কৌতুকী প্রভূ ভঙ্গীতে জানাইলেন—"পূর্বে প্রকটলীলায় গোপ-অভিমান লইয়া তিনি শ্রীনন্দগোপের গৃহে প্রকটিত হইয়াছিলেন; নন্দগোপের ধেছুর রাথাল গোপবেশ-বেণুকর শ্রীকৃষ্ণই তিনি।"

১০৬-১০৮। প্রভ্র কথা শুনিয়া সর্বজ্ঞ বলিলেন—"ভূমি যাহা বলিলে, ধ্যানে তামি তাহাও দেখিয়াছি,— ভূমি গোয়ালার ছেলে, ধেত্ব চরাইতেছ। কিন্তু তোমার রাথাল-বেশেও তোমার ঐপ্র্যা দেখিয়া আমি অবাক্

একদিন প্রভু বিষ্ণুমগুপে বসিয়া।

'মধু আন মধু আন' বোলেন ডাকিয়া॥ ১০৯
নিত্যানন্দ গোসাঞির আবেশ জানিল।
গঙ্গাজলপাত্র আনি সম্মুখে ধরিল॥ ১১০
জলপান করি নাচে হইয়া বিহবল।
যমুনাকর্ষণলীলা দেখয়ে সকল॥ ১১১
মদমত্ত গতি বলদেব-অমুকার।
আচার্য্যশেখর তাঁর দেখে রামাকার॥ ১১২
বন্মালী আচার্য্য দেখে সোনার লাঙ্গল।

সভে মিলি নৃত্য করে—আবেশে বিহ্বল ॥ ১১৩ এইমত নৃত্য হইল চারিপ্রহর ।
সন্ধার গঙ্গাস্থান করি সভে গেলা ঘর ॥ ১১৪ নগরিয়া লোকে প্রভু যবে আজ্ঞা দিল ।
ঘরে ঘরে সঙ্কীর্ত্তন করিতে লাগিল ॥ ১১৫ "হরয়ে নমঃ কৃষ্ণ যাদবায় নমঃ ।
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুসূদন ॥" ১১৬ মূদক্ষ করতাল সঙ্কীর্ত্তন উচ্চধ্বনি ।
হরিহরি-ধ্বনি বিনে আন নাহি শুনি ॥ ১১৭

গোর-কুপা-তরঙ্গিণী টীকা।

হইয়াছি। তোমার সেই রাথালরূপে এবং এই ত্রাহ্মণ-সন্তানরূপে আমি যেন একই দেখিতেছি, কোনও পার্থক্য দেখিতেছিনা। অবশু কথনও কথনও একটু পার্থক্য দেখি—তাহা কেবল তোমার মায়ারই থেলা। যাহাহউক, তুমি যেই হওনা কেন, আমি তোমাকে নমস্কার করিতেছি।" সম্ভুট হইয়া প্রভু তাঁহাকে প্রেম দান করিয়া কুতার্থ করিলেন।

১০৯। বলদেবের ভাবে প্রভুর আবেশের কথা বলিতেছেন। ১০৯-১১৪ প্রারে। একদিন প্রভূ বিষ্ণুমণ্ডপে বসিয়া "মধু আন, মধু আন" বলিয়া ডাকিতে লাগিলেন।

১১০-১১১। শ্রীবলরাম মধুপ্রিয়: "মধু আন"-ডাক শুনিয়া শ্রীনিত্যানন্দ বৃঝিতে পারিলেন, প্রভুতে শ্রীবলরামের আবেশ হইয়াছে। শ্রীনিত্যানন্দ গলাজলের পাত্র আনিয়া প্রভুর সাক্ষাতে ধরিলেনং। প্রভুও মধুজ্ঞানে সেই জ্বলপান করিয়া বিহ্বল হইয়া—(মধুপানের মন্ততায় নয়—ভাবের মন্ততায় বিহ্বল হইয়া)—নৃত্য করিতে লাগিলেন। এই সময়ে সকলে শ্রীবলদেবের যমুনাকর্ষণ-লীলা দর্শন করিলেন।

যমুনাকর্ষণ-লীলা—এক সময় শ্রীবলদেব রাসলীলা করিয়া জলবিহারের উদ্দেশ্যে যম্নাকে আহ্বান করিলেন; আহ্বানে যম্না না আসায় তিনি যম্নাকে আকর্ষণ করিয়া আনেন। শ্রীবলদেবের আবেশে প্রভুসকলকে এই লীলা দেখাইয়াছিলেন। শ্রীমদ্ভাগবতের ১০ম স্কন্ধে ৬৫ অধ্যায়ে এই লীলার বর্ণনা দ্রষ্টব্য।

১১২-১১৩। বলদেব-অনুকার—শ্রীবলদেবের ভূলা (প্রভ্র মদমন্ত-গতি)। অনুকার—অভ্করণ, ভূলা। আচার্য্য-শেখর—চন্দ্রশেধর আচার্যা। কোনও কোনও গ্রন্থে "আচার্য্য গোলাক্রি" পাঠ দৃষ্ট হয়; আচার্য্য-গোলাক্রি—শ্রীঅবৈত-আচার্যা। তাঁবে দেখে—প্রভূকে দেখেন। রামাকার—রামের (বলরামের) আকার (-বিশিষ্ট); আচার্য্য দেখিলেন—ঠিক যেন শ্রীবলরামই তাঁহার রজ্জত-ধবল শ্রীঅঙ্গ দোলাইয়া নৃত্য করিতেছেন। সোনার লাজল—শ্রীবলরামের অন্ত্র। বনমালী-আচার্য্য—বলদেব-ভাবে আবিষ্ট প্রভ্র হাতে—সোনার লাজপও দেখিরাছিলেন। সভে মিলি ইত্যাদি—সমন্ত ভক্ত আবেশে বিহ্বেল হইয়া নৃত্য করিতে লাগিলেন।

- ১১৪। এইরূপে চারিপ্রহর পর্যান্ত নৃত্য করিয়া সন্ধ্যাকালে গলান্ধানের পরে সকলে নিজ নিজ গৃহে গেলেন।
- ১১৫। এক্ষণে কাজী-দমন-লীলা বর্ণনার আরম্ভ করিতেছেন। ঘরে ঘরে (প্রত্যেক বাড়ীতে) সন্ধার্তন করার নিমিত্ত প্রভু নদীয়াবাসী সকলকে আদেশ করিয়াছিলেন। নগরিয়া লোকে—নবদ্বীপ-নগরবাসী লোকদিগকে।
 - ১১৬। কোন্ পদটী কীর্ত্তন করার জন্ম প্রভুর আদেশ ছিল, তাহা বলিতেছেন—"হরয়ে নম:" ইত্যাদি।
- ১১৭। প্রভ্র আদেশ অন্থগারে সকলেই মৃদন্ধ ও করতাল যোগে উচ্চ স্বরে "হরয়ে নমং"-ইত্যাদিরপে নাম-সকীর্ত্তন করিতে লাগিল। তাহার ফলে দূর হইতে "হরি হরি"-ধ্বনি ব্যতীত নদীয়া-নগরে কিছুই শুনা যাইতেছিলনা , অফা সমস্ত শব্দই সন্ধীর্ত্তনের উচ্চ ধ্বনিতে ডুবিয়া গিয়াছিল। আন্ন—অফা শব্দ।

শুনিয়া যে কুদ্ধ হৈল সকল ঘবন।
কাজী-পাশে আদি সভে কৈল নিবেদন॥ ১১৮
কোপে সন্ধ্যাকালে কাজী এক ঘরে আইল।
ফুদঙ্গ ভাঙ্গিয়া লোকে কহিতে লাগিল—॥ ১১৯
এতকাল কেহো নাহি কৈল হিন্দুয়ানী।
এবে যে উত্তম চালাও, কোন্ বল জানি ?॥ ১২০
কেহো কীৰ্ত্তন না করিহ সকল নগরে।
আজি আমি ক্ষমা করি যাইতেছি ঘরে॥ ১২১
আর যদি কীৰ্ত্তন করিতে লাগ পাইমু।

সর্বস্ব দণ্ডিয়া তার জাতি যে লইমু॥ ১২২
এত বলি কাজী গেল, নগরিয়া-লোক—।
প্রভু স্থানে নিবেদিল পাঞা বড় শোক॥ ১২৩
প্রভু আজ্ঞা দিল—যাহ, করহ কীর্ত্তন।
আমি সংহারিব আজি সকল যবন॥ ১২৪
ঘরে গিয়া সবলোক করে সঙ্কীর্ত্তন।
কাজীর ভয়ে স্বচ্ছন্দ নহে—চমকিত মন॥ ১২৫
তা-সভার অন্তরে ভয় প্রভু মনে জানি।
কহিতে লাগিলা লোকে শীঘ্র ডাকি আনি॥ ১২৬

গৌর-কূপা-তরক্সিণী টীকা।

১১৮-১১৯। নদীয়ায় যত যবন ছিল, নাম-সন্ধীর্তনের উল্চ ধ্বনিতে তাহারা অত্যন্ত ক্রুদ্ধ হইল এবং কাজীর নিকট্যাইয়া নালিশ করিল। শুনিয়া কাজীও ক্রুদ্ধ হইলেন এবং সন্ধ্যাসময়ে কাজী নিজে—যে স্থানে কীর্তন হইতেছিল, এমন এক বাড়ীতে আসিয়া মূদক ভাঙ্গিয়া দিলেন এবং কীর্তনকারী দিগকে শাসাইতে লাগিলেন। কাজী—যবনবাজার অধীনস্থ দেশাধ্যক্ষ; ইনিও যবন ছিলেন। মহাপ্রভুর সময়ে যিনি নবদ্বীপের কাজী ছিলেন, তাঁহার নাম ছিল "চাঁদ কাজী"; ইনি নাকি গোড়েশ্ব-নবাবের দৌহিত্র ছিলেন। তংকালে কাজীর হাতেই বিচার-কার্যের ভার থাকিত। যবন—এস্থলে, মুদলমান।

১২০% ২২। কীর্ত্তনকারীদের প্রতি কাজীর উক্তি। হিন্দুয়ানী—হিন্দুধর্ণের আচরণ। উজম চালাও—

থ্ব আড়ম্বরের সহিত কীর্ত্তন চালাইতেছ। কোন্বল জানি—কাহার বলে? সর্বাহ্য দণ্ডিয়া—যাহার যাহা

কিছু আছে, তাহার তৎসমস্ত দণ্ড (সরকারে বাজেষাপ্ত) করিয়া। জাতি যে লইমু—জাতি নই করিয়া মুসলমান
করিয়া দিব। ক্রোধান্তর কাজী উগ্রন্থরে বলিলেন—"বলি, এতদিন পর্যন্ত কেহ কি নবদ্বীপে হিন্দুধর্ণের আচরণ
করে নাই? কই, তথন তো এরুপ খোল-করতালের সহিত উচ্চ হরি-ধ্বনির কলরব শুনি নাই? কে তোমাদের
এরূপ করিতে বলিয়াছে? কাহার নিকটে জোর পাইয়া তোমরা এত ধুমধানের সহিত কীর্ত্তন আরম্ভ করিয়াছ?
আমি আজ তোমাদিগকে ক্ষমা করিয়া ঘাইতেছি; কিন্তু থবরদার! আমার এই নবদ্বীপে আর কথনও কেহ কীর্ত্তন
করিও না। যদি শুনি কেহ কীর্ত্তন করিয়াছ, আর যদি তাকে ধরিতে পারি, তাহা হইলে, তাহার যাহা কিছু
বিষয়-সম্পত্তি আছে, সমন্তই সরকারে বাজেয়াপ্ত করিয়া লইব; কেবল উহাই নহে—তাহার জ্বাতি নই করিয়া তাহাকে

মৃসলমান করিয়া দিব; ইহা যেন মনে থাকে।"

১২৩-১২৪। ধমক দিয়া কাজী চলিয়া গেলেন। এদিকে কাজীর ভয়ে ভীত হইয়া নদীয়াবাদী লোকদকল মহাপ্রভুর নিকটে গিয়া কাজীর কথা সমস্ত নিবেদন করিল। প্রভু তাহাদিগকে অভ্য দিয়া বলিলেন—"তোমাদের কোনও ভয় নাই; তোমরা ঘরে যাইয়া কীর্ত্তন কর, সমস্ত যবনকে আমি আজ সংহার ক্রিব।" সংহারিব—ধ্বংস করিব। যবনের স্বভাব—কীর্ত্তনবিরোধিতা—দূর করিব।

১২৫-১২৬। প্রভ্র কথায় সকলে ঘরে গিয়া কীর্ত্তন আরম্ভ করিল; কিন্তু পূর্ব্বের ন্যায় স্বচ্ছন্দে—উৎসাহের সহিত প্রাণ খূলিয়া কেহই আর কীর্ত্তন করিতে পারিল না; কখন আবার কাজী আসিয়া উৎপাত আরম্ভ করে, এই ভয়ে সকলেই যেন থাকিয়া থাকিয়া চমকিয়া উঠিতে লাগিল। প্রভূ তাহাদের মনের ভয়ের কথা জানিতে পারিয়া তংক্ষণাং তাহাদিগকে ডাকাইয়া আনিয়া বলিলেন—।

নগরে নগরে আজি করিব কীর্ত্তন। 🐪 সন্ধ্যাকালে কর সভে নগরমগুন॥ ১২৭ সন্ধ্যাতে দেউটা সব জাল ঘরে ঘরে। দেখোঁ কোন্ কাজী আসি মোরে মানা করে १১২৮ এত কহি সন্ধ্যাকালে চলে গৌররায়।

কীর্ত্তনের কৈল প্রভু তিন সম্প্রদায়॥ ১২৯ আগে সম্প্রদায়ে নৃত্য করে হরিদাস। মধ্যে নাচে আচার্য্য গোসাঞি পরম উল্লাস ॥ ১৩০ পাঁছে সম্প্রদায়ে নৃত্য করে গ্রোরচন্দ্র। তাঁর সঙ্গে নাচি বুলে প্রভু নিত্যানন্দ॥ ১৩১

(शोत-कुपा-उत्रक्रिणे हीका।

১২৭-১২৮। লোকদিগকে ডাকাইয়া প্রভু কি বলিলেন, তাহা প্রকাশ করিতেছেন। কর নগর মণ্ডন-সমস্ত নবদ্বীপ-নগরকে সজ্জিত কর_{় স্থ}ন্দররূপে সাজাও। মণ্ডন—সজ্জা। দেউটী—মশাল।

প্রভূ বলিলেন—"আজ আমি সমন্ত নদীয়া-নগবে কীর্ত্তন করিব। সন্ধ্যাকালে সকলেই নদীয়া-নগরটীকে স্থানররপে সাজাইবে, আর প্রত্যেক ঘরে মশাল জালিয়া আলোকিত করিবে। আজি আমি দেখিয়া লইব—কোন্ কাজী আসিয়া আমার কীর্ন্তন নিষেধ করে।"

১২৭-১২৮ পয়ারস্থলে কোনও কোনও গ্রন্থে নিম্নলিথিত পাঠান্তর দৃষ্ট হয়:—"নগরে নগরে আজি করিব কীর্ত্রন। দেখি কোন্কাজী আজি করে নিবারণ॥ সন্ধাকালে কর সবে নগর মণ্ডন। তিন সপ্রদায় আজি করিব কীর্ত্তন। সন্ধাতে দেউটী সব জাল ঘরে ঘরে। দেখো কোন্ কাঞ্জী আসি মোবে মানা করে।" এই পাঠান্তরে "তিন সম্প্রদায় আজি করিব কীর্ত্তন"—এই অংশ অতিরিক্ত আছে।

১২৯-১৩১। সম্প্রদার—কীর্ত্তনের দল। বুলে—স্রমণ করে। সন্ধ্যাকালে প্রভু কীর্ত্তনের দল লইয়া বাহির হইলেন। তিন সম্প্রদায়ে কীর্ত্তন চলিল। সর্বাগ্রের সম্প্রদায়ে শ্রীল হরিদাস ঠাকুর, মধ্যের সম্প্রদায়ে শ্রীল অবৈত-আচার্য্য এবং পশ্চাতের সম্প্রাণয়ে শ্রীমন্ মহাপ্রভু ও শ্রীমনিত্যানন্দপ্রভু নৃত্য করিতে লাগিলেন। কেহ কেহ বলেন, খ্রীল হরিদাস-ঠাকুর মুসলমান-ধর্ম ত্যাগ করিয়া হিন্দুধর্ম গ্রহণ করিয়াছেন বলিয়া সর্বাগ্রে তাঁহাকে কীর্তন করিতে দেখিলে মুসলমানগণ অত্যন্ত ক্রুর ইইবে; এজন্ম শ্রীল হরিদাসকে প্রথম সম্প্রদায়ে দেওয়া হইয়াছে। আর, শ্রীল অবৈতের রূপার শ্রীল হরিদাদ বৈষ্ণব হইয়াছেন, তাই তাঁহাকে দেখিলে তাহারা আরও জুর হইবে; তাই শ্রীল ছরিদাসের পরের সম্প্রদায়েই শ্রীল অবৈতকে কীর্ত্তন করিতে দেওয়া হইয়াছে।

১২৪ পয়ারে প্রভু রলিয়াছেন,—তিনি সমস্ত যবনকে সংহার করিবেন। দংহার অর্থ প্রাণ-বিনাশ নহে; শ্রীমন্মহাপ্রভু কাহারও প্রাণ বিনাশ করেন নাই; এই অবতারে তিনি কোনও অন্তরও ধারণ করেন নাই; "এবে অস্ত্র না ধরিল; প্রাণে কারে না মারিল, চিত্তগুদ্ধ করিল সভার।" হরিনাম দিয়াই চিত্তগুদ্ধ করিয়া তিনি অস্ত্রের অস্তরত্ব, বিদ্বেষীর বিদ্বেষ ধ্বংস করিয়াছেন। প্রভুর অভকার মহাস্কীর্ত্তনের উদ্দেশও হরিনাম-সন্ধীর্ত্তনের অভুত শক্তিতে যবনদিগের কীর্ন্তন-বিদ্বেধ ধ্বংস করা। কীর্ত্তনের শক্তি ও কীর্ত্তনের মাধুর্য্য ভক্তের মুখে যত বেশী বিকশিত হয়, তত আর কিছুতেই নহে; ভক্তমুথের কীর্ত্তনে—অন্সের কথা তো দূরে—সর্বশক্তিমান্ স্বয়ংভগবান্ পর্যান্ত বশীভূত হইয়া পড়েন। তাই বোধ হয় প্রভু নিজে সর্বাত্তে না থাকিয়া শ্রীল 'হরিদাস এবং শ্রীল অধৈতকে অগ্রে দিলেন ; এই চুই জনের মধ্যেও ভক্তিধর্শের মহিমা-প্রথ্যাপন-বিষয়ে শ্রীল হরিদাদের এক অপূর্ব বিশেষত্ব আছে; কারণ, ভক্তিধর্শের মহিমায়—নামকীর্ত্তনের মাধুর্ব্যৈ—মুগ্ধ হইয়া তিনি স্বীয় কুলোচিত ধর্ম পরিত্যাগপুর্বেক ভক্তিধর্মের—নামসন্ধীর্ত্তনের— আশ্রম গ্রহণ করিয়াছেন। শ্রীঅবৈত হিন্দু—ব্রাহ্মণ-সন্তান, ভক্তিধর্ম তাঁহারই কুলোচিত ধর্ম ; এ বিষয়ে শ্রীঅবৈত অপেক। প্রীল হরিদাসেরই বিশেষত্ব; তাই বোধ হয় প্রভু সর্বাগ্রের সম্প্রদায়ে প্রীল হরিদাসকে দিয়াছেন।

সম্প্রদায়ের ক্রম-নির্দেশে প্রভূ ইছাও দেখাইলেন যে, ভক্তির নিকটে জাতিকুলাদির বিচার নাই; ভক্তির রূপা হইলে যবনকুলোদ্ভৰ ব্যক্তিও প্ৰাহ্মণের সমান—এমন কি প্ৰাহ্মণ অপেক্ষা অধিকতর গোরবের—স্থানও লাভ করিতে পারেন।

বৃন্দাবনদাস ইহা চৈতত্যমঙ্গলে। বিস্তারি বর্ণিয়াছেন প্রভু কুপাবলে॥ ১৩২ এইমত কীর্ত্তন করি নগরে ভ্রমিলা। ভ্রমিতে ভ্রমিতে সভে কাজী দ্বারে গেলা॥ ১৩৩ তর্জ্জগর্জ্জ করে লোক, করে কোলাহল।

গৌরচন্দ্র-বলে—লোক প্রশ্রম-পাগল॥ ১৩৪
কীর্তনের ধ্বনিতে কাজী লুকাইল ঘরে।
তর্জ্জনগর্জ্জন শুনি না হয় বাহিরে॥ ১৩৫
উন্ধতলোক ভাঙ্গে কাজীর ঘর পুষ্পাবন।
বিস্তারি বর্ণিলা ইহা দাদ রুন্দাবন॥ ১৩৬

গোর-কুপা-তরঞ্চিণী টীকা।

় ১৩২। **চৈত্ত্য মঙ্গলে—**শ্রীচৈত্যভাগবতে। শ্রীচৈত্যভাগবতে মধ্যখণ্ডে ২০শ অধ্যায়ে শ্রীল বৃন্দাবনদাস্-ঠাকুর প্রভুর এই সঙ্কীর্ত্তন-লীলা বিস্তৃতীরূপ বর্ণন করিয়াছেন।

১৩৩। কাজীদারে—কাজীর বাড়ীর দরজায়।

১৩৪। তর্জ্জ করে—তর্জন গর্জন করে, ক্রোধে। কোলাহল—কলরব, গণ্ডগোল।
গৌরচন্দ্র-বলে—গৌরচন্দ্রের বলে; গৌরচন্দ্রের প্রদত্ত উৎসাহে; গৌরচন্দ্র সঙ্গে আছেন, এই সাহসে।
প্রশাস-পাগল—প্রশায়বশতঃ পাগল বা উন্মন্ত্র। শ্রীমন্ মহাপ্রভ্র অভয়বাণীতে, তাঁহার উৎসাহে, তিনি সঙ্গে
আছেন—এই সাহসে কীর্ত্রন-সম্প্রদায়ের লোকগণ যে প্রশ্রেষ পাইয়াছে, সেই প্রশ্রেষবশতঃ তাহারা যেন উন্মন্তের মত
হইয়াছে। অথবা, গৌরচন্দ্রের বলে ও প্রশ্রেষ লোক পাগলের ভায় ইইয়াছে।

১৩৫। কীর্ত্তনের ধ্বনিতে—কীর্ত্তনের ধ্বনি শুনিয়া ভয়ে। ভয়ের কারণ পরবর্তী ১৭১-১৭৮ প্রারে ব্যক্ত হইয়াছে।

১৩৬। কাজী যে পূর্বে মৃদক্ষ ভাঙ্গিয়াছিলেন, সম্ভবতঃ তাহার প্রতিশোধ লওয়ার উদ্দেশ্যেই এক্ষণে কাজীর পূপাবন ও ঘরছার ভাঙ্গা হইল। শ্রীল বৃন্দাবন্দাস-ঠাকুর শ্রীচৈতন্তভাগবতের মধ্যথণ্ডের ২৩শ অধ্যায়ে এই লীলা বর্ণন করিয়াছেন।

কাজী ছিলেন রাজ-প্রতিনিধি, রাজার শক্তিতে শক্তিমান্; তাঁহার অপমানে রাজার অপমান। আত্মরক্ষার জন্ত-নিজের ও রাজার সমান ও মর্যাদা রক্ষার জন্ত-তাঁহার যথেষ্ট ক্ষমতা-মথেষ্ট লোকজন পাইক-প্রোদাও ছিল। এ সমস্তের বলে বলীয়ান্ হইয়াই তিনি স্বয়ং কীর্ত্তনকারীদের বাড়ীতে গিয়া মৃদঙ্গু ভাঙ্গিতে এবং ভবিষ্যুতে স্ক্রেষ বাজেয়াপ্ত করার-এমন কি জাতি নষ্ট করার ধনক দিতেও ইতস্ততঃ করেন নাই। কিন্তু আজ সহস্র সহস্র লোক---যাহাদের প্রত্যেকেই কাজীর প্রজা, কাজীর শাসনের সীমার মধ্যে অবস্থিত এবং যাহারা নিজ নিজ বাড়ীতে বুসিয়া কীর্ত্ন করিলেও কাঞ্চীর হুকুমে তাঁহাদের সর্বাধ এবং জাতি পর্যান্ত হারাইবার ভয়ে ভীত ছিলেন, তাঁহারা—গুগন-বিদারী কীর্ত্তনধ্বনি করিতেছেন—তাঁহাদের নিজ বাড়ীতে নয়—রাজপথে নয়—পরস্ত স্বয়ং কাজী-সাহেঁবের বাড়ীতে। কেবল তাহাই নহে—কাজীকে লক্ষ্য করিয়া তাঁহারা হুস্কার দিতেছেন, তর্জন গর্জন করিতেছেন, লক্ষ-বাম্প দিতেছেন — এমন কি, কাজীর পুষ্পবন, ঘর-ঘার পর্যান্তও নষ্ট করিতেছেন !! আর কাজী আছেন অন্তঃপুরে লুকাইয়া !! তাঁহার রক্ষক পাইক-পেয়াদা কোথায় আছে, তাহারাই জানে! কীর্ত্তনোমত্ত লোকগুলিকে বাধা দেওয়ার নিমিত্ত টু-শ্বনটী করার জন্মও একটা লোক কোথায়ও দেখা যায় না !! ইহার কারণ কি ? কাজীর দৌর্দণ্ড প্রতাপ, তাঁহার রাজশক্তি— আজ কোথায় কেন আত্মগোপন করিল? উত্তর বোধ হয় এই:—রাজা প্রাক্ত-শক্তিতে শক্তিমান্; সেই শক্তিও আবার অনস্ক কোটি ব্রহ্মাণ্ডের অন্তর্গত ক্ষুত্র একটী ব্রহ্মাণ্ডের ক্ষুত্রতর এক অংশে মাত্র কার্য্যকরী; কাজীর শক্তি তাহা অপেক্ষাও ক্ষুত্র। আর আজ কাজীর বাড়ীতে যিনি উপস্থিত—যাঁহার বলে কীর্ত্তনোমত্র লোকসকল বলীয়ান, তিনি—অনন্ত-কোটি বিশ্বসাণ্ডে যত কিছু ঐশ্ব্যশক্তি আছে, অনন্ত-কোটি অপ্রাক্ত বৈকুণ্ঠাদিতে যত কিছু ঐশ্ব্যশক্তি আছে, তংসমন্তের একমাত্র অধিপতি তিনি, তাঁহার শক্তির ক্ষুত্র এক কণিকার আভাস মাত্র পার্থিব রাজার শক্তি ও ঐশ্বর্য। তাঁহার শক্তির তুলনায় কাজীর শক্তি—কোটি স্বর্যোর তুলনায় ক্ষুত্র থকোতকের শক্তি অপেক্ষাও তুচ্ছ—তাই

তবে মহাপ্রভু তার দারেতে বিদলা।
ভব্যলোক পাঠাইয়া কাজীরে বোলাইলা॥ ১৩৭
দূরে হৈতে আইলা কাজী মাথা নোঙাইয়া।
কাজীরে বসাইলা প্রভু সন্মান করিয়া॥ ১৩৮
প্রভু বোলে, আমি তোমার আইলাম অভ্যাগত।
আমা দেখি লুকাইলা, এ ধর্ম কেমত १॥ ১৩৯
কাজী কহে, তুমি আইস ক্রুদ্ধ হইয়া।
তোমা শান্ত করাইতে রহিন্ম লুকাইয়া॥ ১৪০
এবে তুমি শান্ত হৈলে, আিদি মিলিলাম।

ভাগ্য মোর, তোমা হেন অতিথি পাইলাম॥১৪১ গ্রামদম্বন্ধে চক্রবর্তী হয় মোর চাচা। দেহসম্বন্ধ হৈতে হয় গ্রামদম্বন্ধ সাঁচা॥ ১৪২ নীলাম্বরচক্রবর্তী হয় তোমার নানা। সে-সম্বন্ধে হও তুমি আমার ভাগিনা॥ ১৪৩ ভাগিনার ক্রোধ মামা অবশ্য সহয়। মাতুলের অপরাধ ভাগিনা না লয়॥ ১৪৪ এইমতে দোঁহার কথা হয় ঠারেঠোরে। ভিতরের অর্থ কেহো বুঝিতে না পারে॥ ১৪৫

গৌর-কুপা-তরঞ্চিণী টীকা।

আজ ন্তিমিত। অথবা, কাজীর শক্তির মূল উৎস সমংভগবান্ গোরচন্দ্র সীয় ঐশ্ব্য লইয়া যেথানে উপস্থিত, সেথানে কাজীর শক্তির অন্তিত্ব থাকিতে পারেনা। মহাসম্দ্রের জল পাইয়া যে ক্ষু নালার উৎপত্তি, মহাসম্দ্রকর্তৃক প্লাবিত হইলে তাহার আর স্বতন্ত্র অন্তিত্ব থাকিতে পারেনা।

১৩৭। **তার দারেতে**—কাজীর দারেতে। **ভব্য লোক—**শিষ্ট বা সন্থান্ত যোগ্য লোক। **বোলাইয়া**— ভাকাইয়া আনিলেন।

১৩৮। দূর হৈতে—ইত্যাদি—কাজী দূর হইতেই মাথা নোঙাইয়া আসিলেন, প্রভুর প্রতি সমান প্রদর্শনার্থ।

১০৯। অভ্যাগত—অতিথি। কাজীকে অপ্রতিভ করার উদ্দেশ্যে চতুর-চূড়ামণি প্রভু বলিলেন—"আমি তোমার বাড়ীতে অতিথি আদিলাম; অথচ তুমি আমাকে দেখিয়া ঘরে গিয়া লুকাইয়া রহিলে। ইহা তোমার কিরূপ ধর্মা!" অতিথি আদিলে স্বয়ং অগ্রদর হইয়া গিয়া তাঁহাকে অভ্যর্থনা করাই সদাচার-সন্মত ব্যবহার।

১৪০-১৪১। এই তুই পয়ারে কাজী যাহা বলিলেন, তাহার ব্যঞ্জনা বোধ হয় এই যে,—"তুমি যে অতিপিরপে আসিয়াছ, তাহা মনে করিতে পারি নাই; কারণ, অতিথি ক্রুদ্ধ হইয়া আসেনা, তুমি ক্রুদ্ধ হইয়া আসিয়াছ—তোমার লোকজনের তর্জন গর্জন-হুত্বার, তাহাদের দ্বারা আমার ঘর-দ্বার-পূপ্পবনাদির ধ্বংদ, আর তাহাতে তোমার উদাসীনতা, এ সমস্ত হইতেই তোমার ক্রোধের পরিচয় পাওয়া যাইতেছে। যাহা হউক, তুমি যথন বলিতেছ—তুমি আমার অতিথি, তথন ইহা আমার পরম-সোভাগ্যই; কারণ, তোমার ন্যায় অতিথি পাওয়া সকলের ভাগ্যে ঘটেনা।"

১৪২-১৪৩। পরবর্ত্তী ১৭১-১৭৮ প্রার হইতে জানা যায়, কাজী অত্যস্ত ভীত হইয়াছিলেন; এক্ষণে প্রভূ যথন বলিলেন, তিনি কাজীর অতিথিরপে আসিয়াছেন, তথন কাজীর মনে একটু ভরসা হইল; এই ভরসাতেই, সম্ভবতঃ প্রভূকে একটু সম্ভষ্ট করার জন্মই, প্রভূক সহিত গ্রাম-সম্বন্ধের কথা উত্থাপিত করিতেছেন।

চক্রবর্ত্তী—নীলাম্বর-চক্রবর্ত্তী, প্রভূব মাতামহ। চাচা—খুড়া। সাঁচা—সভ্য; শ্রেষ্ঠ। নানা—মাতামহ। ভাগিনা—ভাগিনেয়; ভগিনীর পুত্র।

১৪৪। গ্রামসম্বন্ধের কথা উল্লেখ করিয়া প্রভুর ক্রোধ দূর করার উদ্দেশ্যে গৃঢ়-মিনতির স্থরেই যেন কাজী বলিলেন—"তুমি আমার ভাগিনেয়, আমি তোমার মামা। ভাগিনেয়ের অত্যাচার, আবদার—স্নেহবশতঃ মামা নিশ্চয়ই সন্থ করিয়া থাকে; ইহা স্বাভাবিক। আবার মামা যদি ভাগিনেয়ের কাছে কোনও অপরাধ করিয়া থাকে, তাহা হইলে সেই অপরাধ উপেক্ষা করাও ভাগিনেয়ের পক্ষে উচিত।"

্রস্থলে কাজী ভঙ্গীতে—মৃদক্ষ-ভঙ্গ এবং কীর্তন-নিষেধ জনিত অপরাধের জন্ম ক্ষমা প্রার্থনা করিলেন।

১৪৫। ক্লোঁহার—প্রভুর ও কাজীর। ঠারেঠোরে—ইঙ্গিতে। ভিতরের অর্থ—মৃদণ্ণ-ভঙ্গ ও কীর্তুন-নিষেধ-জনিত অপরাধের জন্ম ক্লমা-প্রার্থনাই বোধ হয় কাজীর উক্তির ভিতরের অর্থ। প্রভু কহে—প্রশ্ন কাগি আইলাম তোমার স্থানে।
কাজী কহে—আজ্ঞা কর যে তোমার মনে॥১৪৬
প্রভু কহে—গোতুগ্ধ খাও, গাভী তোমার মাতা
ব্য অন্ন উপজায়, তাতে তেঁহো পিতা॥ ১৪৭
পিতা-মাতা মারি খাও—এবা কোন্ ধর্ম্ম ?।

কোন্ বলে কর তুমি এমত বিকর্ম ? ॥ ১৪৮ কাজী কহে তোমার ঘৈছে বেদ পুরাণ। তৈছে আমার শাস্ত্র—কেতাব কোরাণ॥ ১৪৯ সেই শাস্ত্রে কহে—প্রবৃত্তি-নিবৃত্তি-মার্গভেদ। নিবৃত্তিমার্গে জীবমাত্র-বধের নিষেধ॥ ১৫০

গৌর-কুপা-তর্ক্ষণী টীকা।

১৪৬। প্রশ্ন লাগি—কয়েকটা প্রশ্ন জিজ্ঞাস করার জন্ম। আজ্ঞা কর ইত্যাদি—তোমার ধাহা ইচ্ছা জিজ্ঞাসা কর।

১৪৭-১৪৮। গো-ছ্রান্ধ-গাভীর হ্রা। মাতা-ছ্রাদান করে বলিয়া গাভী মাতা। ব্য-খাড়। উপলক্ষণে প্রথ-জাতীয় গরু। উপজায়-উৎপাদন করে, জন্মায়। কৃষিকর্মাদির সহায়তা করিয়া থাতা-উৎপাদন করে বলিয়া ব্য লোকের পিতৃতুল্য। পিতামাতা মারি ইত্যাদি-পিতৃ-মাতৃতুল্য গোজাতিকে মারিয়া খাও, ইহা তোমার কিরপে ধর্ম গোনবধ কর কেন ? বিকর্মা-নিন্তি কর্মা, পাপকর্ম।

১৪৯। কেতাব—এর। কোরাণ—মুসলমানদের প্রামাণ্য ধর্মগ্রের নাম কোরাণ। মুসলমানগণ বলেন, মহাত্মা মহন্দদের যোগে এই গ্রন্থ ভগবান্ কর্তৃক প্রকটিত হইয়াছে। ইহা ভগবানেরই বাণীতে পূর্ণ। হিন্দুর নিকটে বেদ-পূরাণ যেরপে শ্রুদা ও সন্মানের বস্তু, মুসলমানের নিকটেও কোরাণ তেমনি শ্রন্ধা ও সন্মানের পাত্র। বস্তুতঃ আত্মধর্ম-বিষয়ক মূলনীতি-বিষয়ে কোরাণ এবং বেদ-পূরাণের বাণীতে বিশেষ কিছু পার্থক্যও নাই।

১৫০। সেই শাজে-কোরাণ-শাজে। প্রবৃত্তি-নিবৃত্তি-মার্গ ভেদ-প্রবৃত্তিমার্গ ও নিবৃত্তিমার্গ, এই তুইটা বিভিন্ন পন্থা। ইন্দ্রিয়-সংঘ্যের নিমিত্ত হিন্দুশাল্রেও এই ছুইটী পন্থার উল্লেখ পাওয়া যায়। নির্ত্তিমার্গ ইন্দ্রিয়ের কোনওরপ আকাজ্ঞা-পুরণেরই পক্ষপাতী নহে; প্রবৃত্তিমার্গ সংযত-ভাবে ইন্দ্রিরের আকাজ্ঞাপূরণের পক্ষপাতী। যাহারা প্রবৃত্তিমার্গের পক্ষপাতী, তাঁহারা বলেন, ইন্দ্রিয়ের ক্ষায় কথনও কোনওরূপ আহার না যোগাইলে, বাধাপ্রাপ্ত শ্রোতমতীর তায়, তাহা আরও প্রবলতর হইয়া উঠিবে, তথন তাহাকে দমন করা অসম্ভব হইয়া পড়িবে। স্থলবিনেষে, আহার-অভাবে কোনও কোনও ইন্দ্রিয় তুর্বল হইয়া পড়িতে পারে সত্য, কিন্তু তাহার আকাজ্ঞা অন্তর্হিত হইবে না; আকাজ্ঞার নিরুত্তিতেই সংযম। তাই তাঁহারা বলেন, ইন্দ্রিয়কে যথেষ্ঠ আহার না দিয়া—প্রবৃত্তির স্রোতে সম্যক্রপে . আত্মসমর্পণ না করিয়া--সময় সময় সংযতভাবে তাহাকে কিছু কিছু আহার দিয়া ক্রমশঃ তাহাকে বশীভূত করিতে হইবে। এই উদ্বেশ্যেই হিন্দুশান্ত্রে যজ্ঞার্থে পশুহননের ব্যবস্থা। লোকের মাংস খাওয়ার প্রবৃত্তি আছে; নানা কারণে যথেচছ মাংসভোজনও শাস্ত্রের অভিপ্রেত নহে; যাহারা মোটেই মাংস না থাইয়া পারেন, তাদের পক্ষে ভালই; আর যাহারা না খাইয়া পারেন না, তাদের জন্ম ব্যবস্থা এই যে, যজ্ঞোপলক্ষে পশুবধ করিয়া তাহার মাংস ভোজন করিবে। এইরূপে যজ্ঞার্থ প্রভ্রনের ব্যবস্থা করিয়া যুখন তখন, যেখানে সেথানে যে কোনও প্রাণীর মাংস-ভোজন নিষেধ করা হইল— উদ্দেশ্য, এই ভাবে ক্রমশঃ ইন্দ্রিরের ক্ষাকে সঙ্কৃচিত করিয়া আনা। এই পন্থাকে বলে প্রবৃত্তিমার্গ। আর যাহারা নিবৃত্তিমার্গের পক্ষপাতী, তাঁহারা বলেন, প্রবৃত্তিমার্গ ইন্দ্রিষ-সংখ্যের অন্তুক্ল নছে; মৃত্ত্বারা অগ্নি যেমন বর্দ্ধিতই হয়, তদ্রপ যজ্ঞাদি বিশেষ উপলক্ষ্যে হইলেও, কিছু আহার পাইলেই ইন্দ্রিয়গ্রাম বলবান্ হইয়া উঠিবে। তাই তাঁহারা বলেন, কঠোর ভাবে ইন্দ্রিষের শাসন—ইন্দ্রিষের ক্ধায় কোনওরপ আহার না যোগানই ইন্দ্রিয়-সংযমের প্রকৃষ্ট পন্থা; ইহাই নিবৃত্তিমার্গ। যজ্ঞার্থে যে পশুহননের বিধি আছে, তাহাকে পরিসংখ্যা-বিধি বলে; ইহা বাধ্যতামূলক বিধি নহে— যজ্ঞোপলক্ষে পশুহনন করিয়া যে ভোজন করিতেই হইবে, তাহা নহে; যদি মাংস-ভোজন না করিয়া থাকিতে না পার, তবে যজ্ঞোপলক্ষে নিহত পশুর মাংস থাইবে—অন্স মাংস থাইও না। যজ্ঞে নিহত পশুর মাংস যে থাইতেই হইবে,

প্রবৃত্তিমার্গে গোবধ করিতে বিধি হয়।
শাস্ত্র আজ্ঞায় বধ কৈলে নাহি পাপভয় ॥ ১৫১
তোমার বেদেতে আছে গোবধের বাণী।
অতএব গোবধ করে বড় বড় মুনি ॥ ১৫২
প্রভু কহে—বেদে কহে গোবধ নিষেধে।
অতএব হিন্দুমাত্র না করে গোবধে ॥ ১৫৩
জীয়াইতে পারে যদি, তবে মারে প্রাণী।
বেদ পুরাণে ঐছে আছে আজ্ঞাবাণী॥ ১৫৪
অতএব জরদগব মারে মুনিগণ।

বেদমন্ত্রে শীব্র করে তাহার জীবন ॥ ১৫ ৫
জরদগব হঞা যুবা হয় আর বার।
তাতে তার বধ নহে হয় উপকার ॥ ১৫৬
কলিকালে তৈছে শক্তি নাহিক ব্রাক্ষণে।
অতএব গোবধ কেহো না করে এখনে ॥ ১৫৭
তথাহি ব্রদ্ধবৈবর্ত্তে কৃষ্ণজন্মথণ্ডে (১৮৫।১৮০)
অখ্যেধং গবালন্তং সন্নাসং পলপৈতৃকম্।
দেবরেণ স্থতোংপত্তিং কলো পঞ্চ বিবর্জ্বেং॥ ৭

ধ্যোকের সংস্কৃত চীকা।

অশ্বনেধমিতি। অশ্বনেধং অশ্বধনিপান্নধাগ-বিশেষং গ্ৰালন্তং গোবধনিস্পান্নগোমেধাখ্যধাগ-বিশেষং সন্মাসং, পলপৈতৃকং মাংসেন পিতৃশ্ৰান্ধং, দেবৱেণ পত্যভাত্তা ক্রণেন স্থতোৎপত্তিং এতানি পঞ্চ কলো কলিয়গে বিবৰ্জ্জেং । ।।

গৌ?-কুণা-তর क्रिवी চীকা।

তাহাও নয়। না থাইয়া থাকিতে পারিলে থাইও না।"—ইহাই পরিসংখ্যা-বিধির তাৎপর্য। যজার্থে পশুহননের বিধি প্রবৃত্তিমার্গের বিধি—ইহাও পরিসংখ্যা বিধিমাত্র; যজে পশুহনন না করিলেও প্রত্যায় নাই,—আহারের প্রয়োজন হইলে করিবে; ইহাই উদ্দেশ্য। কিন্তু নিবৃত্তিমার্গ ষ্থন কোনও অবস্থাতেই ইক্রিষের আহার যোগানের পক্ষপাতী নয়, তথন তাহা যজে পশুহননের পক্ষপাতীও নহে; তাই নিবৃত্তিমার্গে জীবমাত্তে-বেধের নিষেধ—নিবৃত্তিমার্গাবলদীদের মতে কোনও সময়েই কোনও জীবের প্রাণেবধ করা সঙ্গত নহে। পাকের চূলায়, ঢেকিতে, জ্বলের কলসের নীচে, যাতায়াতাদিতে লোক-মাত্রের পক্ষেই অনেক দৃশ্য ও অদৃশ্য ক্ষুব্র প্রাণীর প্রাণসংহার অপরিহার্য্য হইয়া পড়ে; ইহাতেও পাপ আছে এবং এই পাপের প্রায়াশ্চিত্তের ব্যবস্থাও আছে।

- ১৫১। প্রবৃত্তিমার্গে কোরাণ-শাক্ষের মতে গোবধ করার বিধি আছে; শাস্ত্রবিধি আছে বলিয়া এইরপ গোবধে পাপের আশস্কা নাই।
- ১৫২। কাজী বলিতেছেন—"কেবল যে কোরাণেই গোবধের কথা আছে, তাহা নহে; বেদেও গোবধের কথা আছে; তাই বড় বড় মুনি-ঋষিরাও গোবধ করিতেন।"

১৫৩-১৫৭ । আজাবাণী—আদেশ। জরদ্পব—জরাগ্রস্ত (বৃড়া)গরু। বেদমক্ত্রে—বেদের মন্ত্রে।

কাজীর কথা শুনিষা প্রভু বলিলেন—"বেদে গোবধ নিষিদ্ধ; তাই হিন্দুগণ এখন গোবধ করেনা। তবে বেদে এবং পুরাণে এইরপ আদেশ আছে যে, যদি মারিয়া কেহ পুনরায় বাঁচাইতে পারেন, তাহা হইলে তিনি গোবধ-যজ্ঞে গোবধ করিতে পারেন। প্রাচীনকালের ম্নিগণের তাদৃশী শক্তি ছিল, তাই তাঁহারা বুড়া গরু মারিতেন; মারিয়া কিন্তু বেদমন্ত্র উচ্চারণ করিয়া আবার বাঁচাইতেন; যথন গরুটী আবার বাঁচিয়া উঠিত, তখন তাহা আর বুড়া থাকিতনা, বুবা হইয়া উঠিত; তাই তাদৃশ গোবদে গ্রুর অপকার না হইয়া উপকার হইত—প্রকৃত বধ হইত না। কিন্তু কলিকালের ব্রান্ধণের সেই শক্তি নাই, তাঁহারা কোনও প্রাণীই মারিয়া পুনরায় বাঁচাইতে পারেন না; তাই কলিতে গোবধ নিষেধ।" কলিতে গোবধ-নিষেধের প্রমাণরূপে নিয়ে একটী শ্লোক উদ্ধৃত হইয়াছে।

শো। ৭। **অবয়**। অখনেধং (অখনেধ-যজ্ঞ), গবালস্তং (গোনেধ-যজ্ঞ), সন্নাসং (সন্নাস), পলপৈতৃকম্ (মাংস্থারা পিতৃশাদ্ধ), দেবরেণ (সামীর কনিষ্ঠ ভাতাছারা) স্থতোৎপত্তিং (পুজোৎপাদ্ম) [ইতি] (এই) পঞ্চ ু (পাঁচটী) কলো (কলিমুগে) বিবর্জায়েৎ (বর্জন করিবে)।

তোমরা জীয়াইতে নার বধমাত্র দার।
নরক হইতে তোমার নাহিক নিস্তার ॥ ১৫৮
গরুর যতেক রোম, তত দহস্র বংসর।
গোৰধী রোরবমধ্যে পচে নিরস্তর ॥ ১৫৯
তোমা-মভার শাস্ত্রকর্তা—সেহো ভ্রান্ত হৈল।

না জানি শাস্ত্রের মর্ম—এছে আজ্ঞা দিল। ১৬০ শুনি স্তব্ধ হৈল কাজী, নাহি ক্ষুরে বাণী। বিচারিয়া কহে কাজী পরাভব মানি। ১৬১ তুমি যে কহিলে পণ্ডিত। সেই (সব) সত্য হয়। আধুনিক জামার শাস্ত্র,—বিচারসহ নয়। ১৬২

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

অনুবাদ।—অপ্রমেধ-যজ, গোমেধযজ্ঞ, সন্নাস, মাংসের দ্বারা পিতৃশ্রাদ্ধ, দেবরদ্বারা স্কৃত্যেৎপাদন,—কলিযুগে এই পাঁচটী বর্জন করিবে। ৭।

তাশন্দেশ—একরকম যজ্ঞ, ইহাতে যোড়া বধ করিতে হয়। গালাল্ড—একপ্রকার যজ্ঞ, ইহাতে গোবধ করিতে হয়। পালপৈতৃক—মাংস্থারা পিতৃশ্রাদ্ধ। দেবর—স্থামীর ছোটভাই। স্থতাৎপাদন—পুলোংপাদন, পুলুজনান। অশ্বমেধাদি যে পাঁচটী অনুষ্ঠানের কথা বলা হইল, তাহাদের প্রত্যেকটীই অনাত্মধর্মের অন্তর্ভুক্ত, দেশ-কালের অবস্থার পরিবর্ত্তনের সঙ্গে সল্ভ অনাত্মধর্মেরও পরিবর্ত্তন হয় (ভূমিকায় ধর্ম-শীর্ষক প্রবন্ধ দ্রেষ্ট্রা)। অশ্বমেধাদি পাঁচটী আনুষ্ঠান পূর্বে হিন্দুদের মধ্যে প্রচলিত ছিল; দেশ-কালের অনুপ্রোগী বলিয়া পরবর্তী সময়ে যে তাহা নিষিদ্ধ হইয়াছে, তাহারই প্রমাণ এই শ্লোক।

১৫৮-৫৯। তোমরা—তোমার (কাজীর) ন্থায় মুসলমানগণ। জীয়াইতে নার—বাঁচাইতে পার না। বধনাত্র সার—তোমাদের গোহতাা বিশুদ্ধ হত্যাতেই পর্যাবসিত হয়। প্রাচীনকালের ঋষিগণ বাঁচাইতে পারিতেন বলিষা তাঁদের গোহত্যা প্রকৃত প্রস্তাবে হত্যা হইত না। নরক—গোবধের ফলে নরক গমন। গোন্দী—গোহত্যাকারী। রৌরব মধ্যে—রৌরব নামক নরকের মধ্যে।

১৬০। না জানি ইত্যাদি—পুনরায় যে বাঁচাইতে পারে না, সে যদি গো-হত্যা করে, তাহা হইলে যে "গঞ্জ যত রোম, তত সহস্র বংসর" রোজব-যন্ত্রণা ভোগ করিতে হয়, তাহা না জানিয়াই তোমাদের (মুসলমানদের) শাস্ত্র-কর্ত্তা প্রবৃত্তিমার্গে গোবধের বিধি দিয়াছেন। ১৫০-১৬০ প্যার কাঞ্জীর প্রতি প্রভূর উক্তি।

১৬১। শুনি—প্রভুর বাক্য শুনিরা। নাহি ক্ষারের বাণী—কথা বন্ধ হইল। বিচারিয়া—প্রভুর সমস্ত " কথা বিচার করিয়া। প্রাভব মানি—পরাজ্য স্বীকার করিয়া। ১৬৪ প্যারের পূর্বার্দ্ধ পর্যান্ত কাজীর উক্তি।

১৬২। আধুনিক—হিন্দুর বেদ-পুরাণ অপেক্ষা পরবর্তী কালের লিখিত। মুসলমানধর্ম-প্রবর্ত্তক হজরতমহদদ কর্ত্ব কোরাণ প্রচারিত হইয়াছে, খৃষ্টীয় সপ্তম শতাব্দীর প্রথম ভাগে (৫৭০ খৃঃ অঃ হইতে ৬০২ খৃঃ অঃ পর্যান্ত)
মহদদ প্রকট ছিলেন। হিন্দুদের বেদ-পুরাণ তাহার বহু পূর্ব্বে প্রচারিত হইয়াছিল। কোরাণ লিখিত হইয়াছে
আরব-দেশে; স্তরাং কোরাণের থাছাথাছবিষয়ক বিধিসমূহ তৎকালীন আরবদেশবাসীদের অবস্থারই অন্তর্কুল ছিল
বিলিয়া মনে হয়। আসার শাস্ত্র—মুসলমানের কোরাণ শাস্ত্র। বিচারসহ নয়—বিচার করিয়া দেখিতে গেলে
যাহা সঙ্গত বলিয়া মনে হয় না। "বিচারসহ"—স্থলে কোনও কোনও গ্রন্থে "বিচারস্থ"—পাঠান্তর আছে;
বিচারস্থ—বিচারের উপর প্রতিষ্ঠিত; বিচারসহ। প্রভু গোবধ-সম্বন্ধেই কাজিকে প্রশ্ন করিয়াছিলেন; কাজির উক্তিও
গোবধ-সম্বন্ধেই, আর্থর্ম সম্বন্ধেনহে।

১৬৩। কল্পিতে আমার শাস্ত্র—আমার (কাজীর—মুসলমানের) শাস্ত্র লেখকের নিজের কল্পনা মাত্র। কাজীর মুখে মুসলমানদের শাস্ত্রদম্বন্ধ যে "বিচার-সহ নয়" এবং "কল্পিত" এই তুইটী কথা বাহির করা হইয়াছে, তংসমৃদ্ধে কাজীর অভিমত বোধ হয় কোনও মুসলমানই অলুমোদন করিবেন না; নিজের ধর্মশাস্ত্র সম্বন্ধে এরপে অভিমত প্রকাশ করার পক্ষে কাজীর যথেষ্ঠ কারণ ছিল—পরবর্তী ১৭১—১৮০ প্যার পড়িলেই তাহা বুঝা যাইবে। ত্বে এক্থা

কল্পিত আমার শাস্ত্র, আমি সব জানি।
জাতি-অনুরোধে তবু সেই শাস্ত্র মানি॥ ১৬০
সহজে যবন শাস্ত্র অদৃঢ়বিচার।
হাসি তারে মহাপ্রভু পুছেন আর বার—॥ ১৬৪
আর এক প্রশ্ন করি, শুন তুমি মানা।
যথার্থ কহিবে, ছলে না বঞ্চিবে আমা॥ ১৬৫
তোমার নগরে হয় সদা সন্ধীর্ত্তন।
বাছগীতকোলাহল সঙ্গীত-নর্ত্তন॥ ১৬৬
তুমি কাজী হিন্দুধর্ম্ম বিরোধে অধিকারী।
এবে যে না কর মানা, বুঝিতে না পারি॥ ১৬৭

কাজী বোলে—সভে তোমায় বোলে গৌরহরি। দেই নামে আমি তোমা সম্বোধন করি॥ ১৬৮ শুন গৌরহরি। এই প্রশাের কারণ।
নিভূত হও যদি, তবে করি নিবেদন॥ ১৬৯ প্রভূ বোলে—এ লোক আমার অন্তরঙ্গ হয়।
স্ফুট করি কহ তুমি, নাহি কিছু ভয়॥ ১৭০ কাজী কহে—যবে আমি হিন্দুর ঘর গিয়া।
কীর্ত্তন করিলুঁ মানা মূদঙ্গ ভাঙ্গিয়া॥ ১৭১
সেই রাত্রে এক সিংহ মহাভয়ঙ্কর।
নরদেহ সিংহমুখ গর্ভ্জয়ে বিস্তর॥ ১৭২

গৌর-কুপা-তরঞ্চিণী টীকা।

অবশুই শীকার্য্ হইতে পারে যে, যে সময়ে যে দেশে কোরাণ লিখিত হইয়াছিল, সেই সময়ের এবং সেই দেশের অবস্থার প্রতি লক্ষ্য রাখিয়াই শাস্ত্রকার গোবধের বিধি দিয়াছিলেন; কিন্তু মহাপ্রভুর সহিত কাজীর আলোচনা যে সময়ে এবং যে স্থানে হইতেছিল, হয় তো সেই সময়ের এবং সেই স্থানের—ভারতবর্ষের—উপযোগী ছিল না—কয়েক শত বংসর পূর্বের লিখিত কোরাণে গোবধের বিধি থাকিলেও কাজীর সময়ে সেই বিধি বিচাব সহ" ছিল না—ইহাই বোধ হয় কাজীর উক্তির তাৎপর্য ছিল।

জাতি-অনুরোধে ইত্যাছি—আমি মুসলমান বলিয়া মুসলমান-শাস্ত্রের প্রতি মর্যাদা দৈখাই মাত্র।

১৬৪। সহজে—স্বভাবত:ই। যবন-শান্ত্র—মুসলমানের শাস্ত্র। অদৃঢ় বিচার—দৃঢ় বিচারের উপর প্রতিষ্ঠিত নহে, পুঞান্তপুঞ্জপে বিচার পূর্ব্বক লিখিত নহে। (পূর্ব্ববর্ত্তী প্যারের টীকা দ্রষ্টব্য)।

নোবাং-সম্বন্ধে কাজীকে প্রভু যে প্রশ্ন করিয়াছিলেন, সে প্রশ্নের উত্তরে কাজী স্পষ্ট কথাতেই পরাজ্য স্বীকার করিলেন ; প্রভু তাহাতে একটু হাসিলেন ; হাসিয়া তাঁহাকে আর একটী প্রশ্ন জিজ্ঞাসা করিলেন।

১৬৫-৬৭। ছলে ইত্যাদি—ছলনা করিয়া—প্রকৃত কথা গোপন করিয়া—আমাকে প্রতারিত করিওনা। হিন্দুধর্ম-বিরোধে অধিকারী—মৃসলমান-রাজার অধীনে মৃসলমান-বিচারপতি বলিয়া হিন্দুধর্মের বিরুদ্ধাচরণে তোমার অধিকার বা ক্ষমতা আছে—তুমি বিরুদ্ধাচরণ করিলে কেহই কিছু বলিতে সাহস করিবে না, কেহ তোমার প্রতিকৃল আচরণও করিবে না।

প্রভুপ্তশ্ন করিলেন—"নামা, আমাকে একটা কথা সত্য করিয়া বলিবে; সত্য গোপন করিয়া আমাকে প্রতারিত করিওনা। কথাটা এই—তোমার নগরে নিত্যই সন্ধার্ত্তন হইতেছে, তাহাতে নৃত্য হইতেছে, বাহাগীতের কত কোলাহল হইতেছে। তুমি মুসলমান-কাজী, হিন্দুধর্মের বিক্ষাচরণ করিতে তোমার ক্ষমতা আছে; কিন্তু তুমি এই কোলাহলময় নৃত্যকীর্ত্তনে বাধা দিতেছনা কেন?"

কাজীর ভিতরের কথা বাহির করার উদ্দেশ্যেই প্রভু এই প্রশ্ন করিলেন।

১৬৯। **নিভৃত**—নির্জন। কাজী বলিলেন—"কীর্তনে বাধা না দেওয়ার কারণ তোমাকে বলিতে পারি; তবে এত লোকের সাক্ষাতে বলিতে পারি না, তোমার নিকটে গোপনে বলিতে পারি।"

১৭০। অন্তরঙ্গ—নিতান্ত আপনার জন। স্ফুট করি—প্রকাশ করিয়া, খুলিয়া।

১৭২। নরদেহ সিংহমুখ—মান্থধের মত দেহ—ত্বই হাত, ত্বই চরণ—কিন্তু মুধ ধানা সিংহের মুখের মতন। কাজীব বর্ণনা হইতে বুঝা যাইতেছে যে, শ্রীনৃসিংহদেবই কাজীকে দর্শন দিয়াছিলেন।

শয়নে আমার উপর লাফ দিয়া চটি। অট্ট হাদে, করে দন্ত কড়মড়ি॥ ১৭৩ মোর বুকে নখ দিয়া ঘোর স্বরে বোলে—। ফ্রাড়িয়ু তোমার বুক মৃদঙ্গ বদলে ॥-১৭৪ মোর কীর্ত্তন মানা করিস, করিমু তোর ক্ষয়! আঁখি মুদি কাঁপি আমি পাঞা বড ভয়॥ ১৭৫ ভীত দেখি সিংহ বোলে হইয়া সদয়—। তোরে শিক্ষা দিতে কৈল তোর পরাজয়। ১৭৬ সেদিন বহুত নাহি কৈল উৎপাত। তেএি ক্ষম করিয়া না কৈলুঁ প্রাণাঘাত ॥ ১৭৭ এছে যদি পুন, কর, তবে না সহিমু। সবংশে ত্রোমারে মারি যুবন নাশিমু॥ ১৭৮ এত কহি সিংহ গেল মোর হৈল ভয়। এই দেখ নথচিহ্ন আমার হৃদয়॥ ১৭৯ এত বলি কাজী নিজ বুক দেখাইল। শুনি দেখি সর্বলোক আশ্চর্য্য মানিল॥ ১৮০

কাজী কহে—ইহা আমি কারে না কহিল। সেই দিন আমার এক পেয়াদা আইল। ১৮১ আদি কহে—গেলুঁ মুঞি কীর্ত্তন নিষেধিতে। অগ্নি-উন্ধা মোর মুথে লাগে আচন্দিতে। ১৮২ পুড়িলা সকল দাড়ি মুখে হৈল ত্রণ। যেই পেয়াদা যায় তার এই বিবরণ।। ১৮৩ তাহা দেখি বলি আমি মহাভয় পাঞা। কীর্ত্তন না বর্জিছহ, ঘরে রহ ত বসিয়া॥ ১৮৪ তবে ত নগরে হৈবে স্বচ্ছলে কীর্ত্তন। শুনি সব শ্লেচ্ছ আসি কৈল নিবেদন—॥ ১৮৫ নগরে হিন্দুর ধর্ম্ম বাঢ়িল অপার। হরিহরিধ্বনি বিনা নাহি শুনি আর॥ ১৮৬ আর শ্লেচ্ছ কছে— হিন্দু 'কৃষ্ণকৃষ্ণ' বলি। হাসে কান্দে নাচে গায়—গড়ি যায় ধূলি॥ ১৮৭ 'হরিহরি' করি হিন্দু করে কোলাহল। পাৎসা শুনিলে তোমায় করিবেক ফল।। ১৮৮

গোর-কুপা-ভরঙ্গিণী চীকা।

১৭৪। ফাড়িমু—চিরিয়া কেলিব। মৃদঙ্গ বদলে—তুমি মৃদঙ্গ ভাঙ্গিবাছ, আমি তোমার বক্ষঃ বিদীর্ণ করিয়া তাহার প্রতিশোধ লইব।

১৭৫। এই পরার হইতে স্পষ্টই বুঝা যাইতেছে যে, শ্রীমন্ মহাপ্রভূই মৃসিংহরূপে কাজীকে রূপা করিয়াছিলেন।

১৭৭। তেঞি—তজ্ঞ। প্রাণাঘাত—প্রাণনাশ।

১৭৯। শেখাটিক্স—নথ দারা বক্ষোবিদারণের চিহ্ন। কাজী স্বপ্নে দেথিয়াছিলেন যে, নৃসিংহদেব তাঁহার বক্ষঃ বিদীর্ণ করিয়াছেন; জাগ্রত হইয়াও দেখিলেন, বক্ষে নথচিহ্ন রাইয়াছে। প্রাভূ যে দিন কীর্ত্তন লইয়া আসিলেন, দেই দিনও সেই চিহ্ন বর্ত্তমান ছিল।

১৮১-৮৩। নিজের উপর নৃসিংহের শাসনের কথা বলিয়া কাজীর লোকজনের উপরেও যে অলোকিক শাসন হইয়া গিয়াছে, তাহা বলিতেছেন।

অগ্নি-উক্ষা---আগুনের উল্লা; শৃত্য হইতে আগত অগ্নিরাশি। পেয়াদা--পদাতিক। ব্রণ-ক্ষত। পেয়াদার দাড়ি পুড়িয়া গেল, মুখে ক্ষত হইল। কিন্তু কোণা হইতে আগুন আসিল কেহ বলিতে পারে না।

১৮৪-৮৫। নাবৰ্জিছ—নিষেধ করিও না। **ওবেত** ইত্যাদি-—নগরে স্বচ্ছদে কীর্ত্তন চলিখে আশস্কা করিবা।

১৮৭। গড়ি যায় ধূলি—ধূলায় গড়াগড়ি যায়।

১৮৮। পাৎসা--বাদসাহ। করিবেক ফল-লান্তি দিবেন।

তবে দেই যবনেরে আমিত পুছিল—।

হিন্দু 'হরি' বোলে—তার স্বভাব জানিল॥ ১৮৯
তুমি ত যবন হৈয়া কেনে অনুক্রণ।

হিন্দুর দেবতার নাম লও কি কারণ १॥ ১৯০
মেস্ত কহে—হিন্দুরে আমি করি পরিহাম।
কেহো কেহো ক্ঞদাস, কেহো রামদাস॥ ১৯১
কেহো হরিদাস, বোলে 'হরিহরি'।
জানি কার ঘরে ধন করিবেক চুরি॥ ১৯২
দেই হইতে জিহ্বা মোর বোলে 'হরিহরি'।

ইছ্ছা নাঞি, তবু বোলে, কি উপায় করি গা।১৯৩ আর শ্লেচ্ছ কহে—শুন আমি এইমতে।
হিন্দুকে পরিহাস কৈল, সেই দিন হৈতে॥১৯৪
জিহ্বা ক্লফ্ডনাম করে না মানে বর্জ্জন।
না জানি কি মন্ত্রোষধি করে হিন্দুগণ॥ ১৯৫
এত শুনি তা সভারে ঘরে পাঠাইল।
হেনকালে পাষ্ডি-হিন্দু পাঁচ-সাত আইল॥১৯৬
আসি কহে—হিন্দুর ধর্মা ভাঙ্গিল নিমাই।
যে কীর্ত্ন প্রবর্তাইল, কভু শুনি নাই॥১৯৭

গৌর-কূপা-তরক্সিণী টীকা।

১৮৯-৯০। কাজী আরও এক অভুত ঘটনার কথা বলিতেছেন। যে সমস্ত ম্পলমান ছিন্দুর কীর্ত্তন নিথেধ করে না বলিয়া কাজীকে বাদ্যাহের রোধের ভয় দেখাইতে আসিত, তাহাদেরই একজন অনবরত "হরি হরি" ধ্বনি করিত।

১৯১-৯৩। যবন হইয়া দে কেন হরিনাম করিতেছে, কাজী এই প্রশ্ন করিলে দে বলিল:—হিন্দুদের কেহ "কৃষ্ণ কৃষ্ণ" বলে, কেহ "রাম রাম" বলে, কেহ "হরি হরি" বলে। তাই আমি উপহাদ করিয়া বলিলাম "তুমি কেবল কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ বল, তুমি বুঝি কৃষ্ণদাদ হইয়াছ! তুমি কেবল রাম রাম বলিয়া চীংকার কর, তুমি বুঝি বেটা রামদাদ হইয়াছ! আর তুমি কেবল "হরি হরি" বলিরা লক্ষ্ণ রাম্প দিতেছ, তুমি বুঝি হরিদাদ হইয়াছ! নিশ্চমই বেটারা রাজিতে কারও ঘরে চুরি করিবার মতলব করিয়াছিদ্, তাই দিনের বেলায় 'কৃষ্ণ রাম হরি' বলিয়া দাধুতার আবরণে নিক্ষদিগকে ঢাকিয়া রাগিয়া ধরা পড়ার হাত হইতে বাঁচিবার চেষ্টা করিতেছিদ্।"—কিন্তু এদকল বলার পর হইতেই —কেন বলিতে পারি না—আমার অনিচ্ছাদত্বেও আমার জিহ্বা হইতে অনবরত আপনা-আপনি "হরি হরি"-শব্দ বাহির হইতেছে।

১৯১-৯২ প্রারের অর্য:—মেচ্ছ কহিল—হিন্দুদিগকে পরিহাস করিয়া আমি (বলিলাম)—(তোমরা) কেহ কেহ রুফ্দাস, কেহ রামদাস, কেহবা হরিদাস (হইয়াছ)! তাই সর্বদা "হরি হরি" বলিতেছ! (আমি) জানি, (নিশ্চয়ই তোমরা) কাহারও ঘ্রে ধন চুরি করিবে।

হরিনাম যে স্বপ্রকাশ বস্তু, ১৯৩ প্রার হইতে তাহাই প্রমাণিত হইতেছে।

১৯৪। "পরিহাস"-স্থলে কোনও গ্রন্থে "মন্তরা" পাঠান্তর দৃষ্ট হয়; অর্থ—ঠাট্টা, বিদ্রূপ।

১৯৫। বর্জন – বারণ। মজোষধি ইত্যাদি — হিন্দুরা কোনও মন্ত্র প্রয়োগ করে, না কি ঔষধ প্রয়োগ করে বলিতে পারি না, যাহার ফলে আমার অনিচ্ছাসত্ত্বেও আমার জিহ্বা সর্বাদা কৃষ্ণনাম উচ্চারণ করিয়া থাকে।

পতিতপাবন শ্রীমন্মহাপ্রভু ভঙ্গীতে ষ্বনের মুখেও শ্রীহ্রিনাম স্কৃরিত করাইয়াছেন।

১৯৬। মুসলমানদের কথা বলিয়া কয়েকজন কীর্ত্তন-বিদ্বেষী হিন্দু, কীর্ত্তনের বিরুদ্ধে কিরপে কাজীর নিকটে নালিশ করিয়াছিল, তাহাই কাজী বলিতেছেন।

তা-সভারে--- ১৮৬-৯৫ প্রারোক্ত মুসলমানগণকে। পাষ্ট্রী-হিন্দু-কীর্ত্তন-বিদ্বেষী ভগবদ্বহির্গৃথ হিন্দু।

১৯৭। ভাজিল—নই করিল। প্রবর্তাইল—প্রবর্তিত করিল। যে কীর্ত্তন ইত্যাদি—এইরূপ কীর্ত্তনের কথা আমরা আর কথনও শুনি নাই। ব্যঙ্গনা এই যে, ইহা হিন্দুধর্মের অন্ন্যোদিত নহে; এই কীর্ত্তন চলিতে দিলে হিন্দুধর্ম নই হইবে।

মঙ্গলচণ্ডী বিষ্ণ বি করি জাগরণ।
তাতে বাস্থা নৃত্য গীত—যোগ্য আচরণ॥ ১৯৮
পূর্বের ভাল ছিল এই নিমাই পণ্ডিত।
গ্যা হৈতে আদিয়া চালায় বিপরীত॥ ১৯৯
উচ্চ করি গায় গীত, দেয় করতালি।
মৃদঙ্গ-করতাল শব্দে কর্ণে লাগে তালি॥ ২০০
না জানি কি খাঞা মন্ত হৈয়া নাচে গায়।

হাসে কান্দে পড়ে উঠে গড়াগড়ি যায়॥২০১
নগরিয়াকে পাগল কৈল সদা সঙ্কীর্ত্তন।
রাত্রে নিদ্রা নাহি যাই—করি জাগরণ॥২০২
'নিমাই' নাম ছাড়ি এবে বোলায় 'গোরহরি'।
হিন্দুধর্ম্ম নফ্ট কৈল পাষণ্ড সঞ্চারি॥২০৩
কুফের কীর্ত্তন করে নীচ রাড়বাড়।
এই পাপে নবদ্বীপ হইবে উজাড়॥২০৪

গোর-কূপা-তরঙ্গিণী টীকা 1

্১৯৮। পার্ষণ্ডী হিন্দুদের মতে, হিন্দুদর্শের উপযোগী আচরণ কি, তাহা তাহারা কাজীকে জানাইতেছে।
মঙ্গলচণ্ডী বা মনসার পূজা-উপলক্ষে নৃত্য-গীত-বাভাদি-সহকারে রাত্রি-জাগরণই হিন্দু-ধর্মের অন্তর্ক আচরণ। বিষহরি
—মনসাদেবী; ইনি সর্পের অধিষ্ঠাত্রী-দেবী।

স্পতিয়-নিবারণের জন্ম লোকে মনসার পূজা করে; আর সাংসারিক মঙ্গলের জন্ম মঙ্গল-চণ্ডীর পূজা করে; ত্ইটীই অনাত্ম-ধর্মের অঙ্গ—আনুধর্মে বা ভগবদ্বিষয়ক ধর্মাচরণের অঙ্গীভূত ইহাদের একটীও নহে।

১৯৯। বিপরীত—উন্টা, ভাল-এব-উন্টা, মনা। চালায় বিপরীত—উন্টা বা অভুত আচরণ করে। গ্যা হইতে আসার প্র হইতেই নিমাই-পণ্ডিতের এসমস্ত অভুত আচরণ দেখা যাইতেছে; তাহার পূর্বে কিন্তু সে ভালই ছিল—তখন কখনও তাহাকে কীর্ত্তন-রূপ অনাচার করিতে দেখা যায় নাই। (ইহা পাষ্টী হিন্দুদের কথা)।

২০০-২০১। নিমাই পণ্ডিতের বিপরীত আচরণ কি, তাহা-বলিতেছেন ২০০-২০১ পয়ারে। উচ্চ করি গায় গীত—চীৎকার করিয়া কীর্ত্তন করে। দেয় করতালি—হাত তালি দেয়। মৃদস্ত করতাল ইত্যাদি—গোল-করতালের এমন অভূত নন্ধ করে যে, তাতে কানে তালা লাগে—কর্ণ বিধির হইয়া যায়, কান ঝালা পালা করে। লা জানি ইত্যাদি—বোধ হয় ইহারা কোনও মাদক-দ্রব্য খাইয়া কীর্ত্তন আরম্ভ করে, তাই উন্মত্তের আয় কখনও নাচে, কখনও গায়, কখনও হাসে, কখনও কাঁদে, আবার কখনও বা ভূমিতে গড়াগড়ি যায়।

বস্ততঃ এই সমস্তই কুফপ্রেমের বহিল্ফিন। "এবংরতঃ স্বপ্রিয়নামকীর্ত্তা জাতারুরানো ফ্ত্টিস্ত উচ্চৈঃ। হসতাথো রোদিতি রোতি গায়ত্যুনাদ্বয়ৃত্যতি লোকবাহঃ॥ শীভা, ১১!২।৪০॥"

১০২। পাষণ্ডিগণ আরও বলিল—সর্ব্বদাই এই সঞ্চীর্ত্তনের কোলাহলে লোক অতিষ্ঠ হইয়া উঠিয়াছে—রাত্রিতে কেহ ঘুমাইতে পারে না; তাতে বায়ুর প্রকোপ বৃদ্ধি পাইয়া সকলেরই পাগল হওয়ার যোগাড় হইয়াছে।"

২০৩। পাষণ্ডিগণ আরও বলিল:—প্রের ইহার নাম ছিল নিমাই, কিন্তু এখন বোধ হয় সেই নামে তিনি সন্তুষ্ট নহেন; এখন আবার নিজের "গৌরহরি"-নাম প্রচার করিতেছেন। বস্তুতঃ নিমাই-পণ্ডিত পাষণ্ড-মত এবং পাষণ্ডের আচরণ প্রচার করিয়া হিন্দুধর্মটাকে নই করিয়া দিতেছে। পাষ্ড-স্পারি—পাষ্ড (হিন্দুধর্মবিরোধী) মত ও আচরণ প্রচার করিয়া।

২০৪। নীচ—নীচজাতীয় লোকগণ। রাড়বাড়—অতব্জঃ; যাহারা ভালমন্দ তত্ত্বাদি কিছুই জ্ঞানে না। কৃষ্ণের কীর্ত্তন ইত্যাদি—যাহারা ভালমন্দ বিচার করিতে পারে না, কোনও রপ তত্ত্বাদি জ্ঞানেনা, এরপ নীচজাতীয় লোকগণই রুফের কীর্ত্তন করিয়া থাকে; কোনও বিজ্ঞ বা সম্রান্ত লোক কথনও রুফকীর্ত্তন করে না। এই পাপে— যে কীর্ত্তন কেবল অজ্ঞ নিম্প্রেণীর লোকেরই কাজ, পণ্ডিত ও ব্রাহ্মণাদি উচ্চ বর্ণের লোকের পক্ষে সেই রুফকীর্ত্তন করার পাপে। উজাড়—ধ্বংদ; মড়ক হইবে, তাতে সমন্ত লোক মরিয়া যাইবে।

অথবা কৃষ্ণনাম মহামন্ত্রল্য পবিত্র, কেবলমাত্র বান্ধণসজ্জনেরই কৃষ্ণনাম কীর্তনে অধিকার; অজ্ঞ নিমুশ্রেণীর

হিন্দুশান্তে ঈশরনাম মহামন্ত্র জানি। সর্ববলোক শুনিলে মন্ত্রের বীর্য্য হয় হানি॥ ২০৫

গ্রামের ঠাকুর তুমি, সভে তোমার জন। নিমাই বোলাইয়া তারে করহ বর্জ্জন॥ ২০৬

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

লোকের তাহাতে অধিকার নাই। নিমাই-পণ্ডিত এই অনধিকারী নিয়শ্রেণীর লোকের দারা কৃষ্ণকীর্ত্তন করাইয়া পাপের কার্য্য করিতেছেন। তাঁহার এই পাপকার্য্যের ফলে সমস্ত নবদ্বীপের অমঙ্গল হইবে।

অভিযোগকারীদের উক্তি বিচারসহ নহে। ধনী, নিধ ন, উচ্চ-নীচ, পণ্ডিত-মূর্ধ—সকলেরই রুঞ্কীর্তনে অধিকার আছে।

শীমন্মহাপ্রত্ব আবির্ভাব-সময়ে নবদীপের হিন্দ্ধের অবস্থা কিরপ হইয়াছিল, কীর্ত্ন-বিদ্বেষী হিন্দ্দের কথা হইতে তাহার কিঞ্চিং পরিচয় পাওয়া যাইতেছে। শ্রীঅহৈত-আচার্য, শ্রীবাদ, ম্রারিগুপ্ত প্রভৃতি মৃষ্টিমেয় কয়েকজন ব্যতীত উচ্চশ্রেণীর হিন্দ্দের মধ্যে প্রায় কেহই হরিনাম-কীর্ত্নাদি করিতনা—করাও তাহারা বোধ হয় তাহাদের মধ্যাদার হানিজনক বলিয়া মনে করিত। তবে নিয় শ্রেণীর হিন্দ্দের মধ্যে কীর্তনের কিছু প্রচলন ছিল; কিন্তু তাহারা ধর্মের তত্ত্বাদি সম্বন্ধে নিতান্ত অজ্ঞ ছিল (২০৪ পয়ারে)। মঙ্গল-চঞীর গীত, মনসার গান এবং তত্বপলক্ষে জাগরণ—ইহাই ছিল সাধারণতঃ উচ্চশ্রেণীর হিন্দ্দের একমাত্র ধর্মাচরণ (১৯৮ পয়ার); মোটামোটি অবস্থা ছিল এই য়ে, ভগবদ্বিয়য়ক ধর্মের অনুষ্ঠান নবদ্বীপ হইতে প্রায় লুপ্ত হইয়া গিয়াছিল বলিলেও বোধ হয় অত্যুক্তি হইবে না।

২০৫। উচ্চ-নামকীর্ত্তনের দোষ-সম্বন্ধে বহির্গু হিন্দৃগণ কাজীর নিকট বলিল—"হিন্দ্-শাস্ত্রান্ত্যারে ঈশ্বরের নামই মহামন্ত্র; মহামন্ত্র অতি-গোপনে জপ করিতে হয়; অন্তে শুনিলে মন্ত্রের শক্তি কার্যাকরী হয় না। আর এই নিমাই-পণ্ডিত বহুলোক সঙ্গে করিয়া মহামন্ত্র-রূপ নাম উচ্চম্বরে কীর্ত্তন করিয়া নগরে নগরে ভ্রমণ করে; তাতে সকলেরই কর্ণগোচর হওয়ায় নামের শক্তি আর কার্যাকরী হয় না—তাহাদের চীৎকার লোকের অশান্তি উৎপাদন ব্যতীত আর কোনও কলই প্রস্ব করে না।"

অভিযোগকারীদের এই উক্তিও বিচারসহ নহে। দীক্ষামন্ত্রই গোপনে জপ করিতে হয়; দীক্ষামন্ত্র অত্যে শুনিলে তাহার শক্তি কার্য্যকরী হয় না। কিছু প্রীনাম মহামন্ত্র হইলেও সকলভাবেই কীর্ত্তনীয়। প্রীলহরিদাস্চাকুর এক লক্ষ্রাম উচ্চপরে নিত্য কীর্ত্তন করিতেন; শ্রীমন্ মহাপ্রভুও উচ্চপরে নাম কীর্ত্তন করিতেন এবং উচ্চপন্ধতিন প্রচার করিয়া গিয়াছেন (৩০৬৪)। প্রীমন্ভাগবতের "শ্রবং কীর্ত্তনং" ইত্যাদি শ্লোকের টীকায় প্রীজীবগোস্থামী লিখিয়াছেন— "নামকীর্ত্তনঞ্জেরের প্রশক্তম্— নামকীর্ত্তন উচ্চিত্তেরের করাই প্রশক্ত।" শাল্রে নামশ্রবণের অনেক মাহান্ত্র্য কীর্ত্তিত হইয়াছে; উচ্চিত্রেরে নামকীর্ত্তন নিবিদ্ধ হইলে শ্রবণের কথাই উঠিতে পারে না। নামী প্রীজ্ঞাবিভিক্তিবিলাসও নামকে "শ্বতন্ত্রতত্ত্ব" বলিয়াছেন। "কিছু স্বতন্ত্রতত্ব। স্বন্ধপ্রাণের প্রমাণ উদ্ধৃত করিয়া প্রীশ্রহিভিক্তিবিলাসও নামকে শেবতন্ত্রতত্ব" বলিয়াছেন। "কিছু স্বতন্ত্রত্বে নামও কোনও বিধি-নিবেধের অধীন নহেন; তাই প্রীনাম দীক্ষা, পুরশ্বর্য্যা, সদাচার, দেশ-কাল প্রভৃতি কিছুরই অপেক্ষা রাগেন না। "আকৃষ্টি: কতচেতসাং স্বন্ধতান্ত্রাইনং চাংহসামা-চপ্তালমন্ত্রকলোকস্বলভো বশ্বন্ধ মৃত্তিপ্রিয়:। নো দীক্ষাং ন চ স্বক্রিয়াং ন চ পুরশ্বর্গ্যাবিধি অপেক্ষা না করে। ক্রিহ্বাম্পর্শে আচপ্তালে সভারে উদ্ধারে ॥ ২০১০ এ ॥ থাইতে শুইতে থ্যা তথা নাম লয়। দেশকাল নিয়ম নাহি স্বর্বসিদ্ধি হয় ॥ ৩০২০ ১৪ ॥ ন দেশনিয়মন্তর্ত্তন ন কালনিয়মন্ত্র্যা। নোছিষ্টাদে নিবেধণ্ড হরের্নামনি লুক্ক ॥ হ, ভ, বি, ১১ ২০। ২০২ ধৃত বিষ্কুধর্ণ্যেন্ত্রেরবিলন দশ-কাল-দশাতে ব্যাপ্তি যার ॥২০২ এ ২০ ৪ । তথা নাম লয়। দিন্ত্রণাতির বার ॥২০২ এ ২০ ৪ । তথার । সর্বজ্ঞন-দেশ-কাল-দশাতে ব্যাপ্তি যার ॥২০২ এ ২০ ৪ ।

২০৬। ১৯৭-২০৫ প্রারে কীর্ন্তনবিদ্বেষী হিন্দুগণ কীর্ত্তন স্থান্ধে তাহাদের আপন্তির কারণ জ্ঞানাইয়া এক্ষণে কাজীর নিকট প্রতীকার প্রার্থনা করিতেছে।

তবে আমি প্রীতিবাক্য কহিল সভারে—।

সভে ঘর যাহ, আমি নিষেধিব তারে॥ ২০৭

গৌর-কুণা-তর ক্লিণী টীকা।

্থানের ঠাকুর—নবদ্বীপের শাসন-কর্তা। সভে ভোমার জন—নবদ্বীপবাসী সকলেই তোমার শাসনাধীন প্রজা। নিমাই বোলাইয়া—নিমাই-পণ্ডিতকে ডাকাইয়া। করহ বর্জন—কীর্তন করিতে নিধেধ কর।

কাজীর উক্তি হইতে একটা কথা সভাবত:ই মনে উদিত হয়; তাহা হইতেছে এই। মৃসলমানদের মধ্যে যাহার। কীর্ত্তনের বিদ্বেষী ছিল, বা কীর্ত্তন বন্ধ করার চেষ্টা করিয়াছিল, তাহাদের সকলেই কোনও না কোনও প্রকারে ভগবংরূপা লাভ করিয়াছে। স্বয়ং কাজী—মৃদঙ্গ'ভাঙ্গিয়া কীর্তন করিলে সর্বস্থি দণ্ড করিয়া জাতি লওয়ার ধমক দিয়া থাকিলেও নূসিংহদেবের কুপা পাইলেন; কাজীর পাইক-পেয়াদা কীর্তন-নিবেধ করিতে যাইয়া অলোকিক অগ্নি-উদ্ধায় দাড়ী পোড়া যাওয়ায় মুথে ক্ষত লইয়া গৃহে ফিরিল; যাহারা কীর্তনকারিগণকে ঠাটা-বিদ্রাপ করিতে গিয়াছিল, তাহাদের স্কলের জিহ্বাতেই আপনা-আপনি হরি-কৃষ্ণনাম, তাহাদের অনিচ্ছাসত্ত্বেও ক্রিত হইতে লাগিল—সাধকের পক্ষে 🐥 যাহা বহু-সাধনায়ও পাওয়া তুম্বর, তাহা তাহারা—যাহারা হরি-কুফ্কে ভগবান্ বলিয়াই স্বীকার করেনা, হরি-কুফ্রের প্রতি বিদ্বেষ্যাত্রই পোষণ করে; তাহার।—কেবল ঠাট্টা-বিজ্ঞপের বলে পাইয়া ফেলিল। আর যাহারা হিন্দু, যাহাদের শাস্ত্র হরিক্ষ্কে ভগবান্ বলিয়া কীর্ত্তন করে, তাহাদের মধ্যে যাহারা কীর্ত্তনের প্রতি বিদ্বেষভাব পোষণ করিয়াছিল, তাহাদের জিহ্নায় আপনা-আপনি হরিনামের অভ্যুদ্যের কথা, নৃসিংহ কর্তৃক তাহাদের কাহারও বক্ষঃ বিদীর্ণ হওয়ার কথা, কিমা অগ্নি-উন্ধার কাহারও মুখ-দাহরপ শান্তি-কুপার কথা গুনা নায় না। ইহার কারণ কি ? ভগবানের লীলার অভিপ্রায় ভগবান্ই জানেন, আর জানেন তাঁহার অন্তর্ম ভক্ত ; আমাদের ন্যায় বহির্থ লোকের পক্ষে তাহার অনুসন্ধান করিতে যাওয়া বিভ্রনামাত্র; তথাপি, যে তুএকটা কথা চিত্তে উদিত ছইতেছে, ভক্ত-পাঠকগণের বিবেচনার নিমিত্ত এস্থলে উল্লেখ করিতেছি। প্রথমতঃ মুদলমানদের মধ্যে যাহারা কোনও না কোনও ভাবে ভগবংরূপা লাভ করিয়াছে, তাহারা জাতিগত-ভাবে হিন্ধরেপকপাতী না হইলেও সভবতঃ ব্যক্তিগত ভাবে কীর্তনের বিরোধী ছিলনা, অন্তরের সহিত কীর্ত্তনের প্রতি বিদ্বেশ-ভাব পোষণ করিত না ; কাজী ও তাঁহার পেয়াদাগণ সম্ভবতঃ তাহাদের কর্মের অন্তরোধে, বাদশাহের অপ্রীতির আশহায় কীর্ত্তন বন্ধ করার চেষ্টা করিয়াছিল এবং অত্যাত্ত মুসলমানগণ সম্ভবতঃ তাহাদের জাতিগত সংস্কার বশতঃ, কিম্বা প্রভাব-স্থলভ কৌতুক-চপলতা বশতঃ কীর্ত্তনকারীদিগকে ঠাট্টাবিদ্রপ করিয়াছিল; তাহাদের অস্তরে বাস্তবিক কোনও বিদ্বেষ না থাকায় তাহাদের গুক্তর অপরাধ হয় নাই এবং ভাবী গুক্তর অপরাধ হইতে তাহাদিগকে রক্ষা করার উদ্দেশ্যে প্রীনৃসিংহরূপে বা উল্লা-অগ্নিরূপে প্রম-কর্ষণ শ্রীভগবান্ তাহাদিগকে রূপা করিয়াছেন। বিশেষতঃ যাহারা হরি-রাম-কৃষ্ণ বলিয়া হিন্দুদিগকে ঠাটা করিয়াছিল, হেলায়-ঠাটায় নামগ্রহণ করাতেও প্রম্করুণ-ভূবন্মঙ্গল-শ্রীহ্রিনাম তাহাদের প্রতি রূপা প্রকাশ করার উদ্দেশ্যে—আপনা-আপনিই তাহাদের জিহ্বায় নৃত্য করিয়া তাহাদিগকে কুতার্থ করিয়াছেন। আর, হিন্দের মধ্যে যাহার। কাজীর নিকটে উপনীত হইয়া কীর্ত্তনকারীদের নামে নালিশ করিয়াছিল, তাহারা সম্ভবত: অন্তরের সহিতই কীর্ত্তনের প্রতি বিদ্বেষের ভাব পোষণ করিত; এই গুরুতর অপরাধেই তাহার। শ্রীভগবানের ও শ্রীনামের রূপা হইতে বঞ্চিত হইয়াছে। কীর্ত্তনের বিক্লাচরণকারী হিন্তু এ মুদলমান্দের মধ্যে সকলের মনের অবস্থা একরপই ছিল বলিয়া—সকলেই সমভাবে নিপাপ অথবা সমপরিমাণ পাপী ছিল বলিয়া —মনে করিলেও ইহার একটা সমাধান পাওয়া যায়। শ্রীমন্ মহাপ্রভূ এবার নাম প্রচাব করিতে আসিয়াছেন; নাম-প্রচারের নিমিত্ত নামের মহিমা প্রকটন বিশেষ প্রয়োজনীয়। শীহরিনাম যে কেহ ইচ্ছা করিয়া ইন্দ্রিয়ারা গ্রহণ করিতে পারেনা, নাম যে স্থাকাশ বস্তু, নাম রূপা করিয়া স্বয়ং যাহার ভিহোর ক্রিত হর, কেবল তিনিই যে নামকীর্ত্তন করিতে পারেন—তাঁহার জনিচ্ছাসভেও, নাম যে তাঁহার জিহাৰ উচ্চাৰিত হুইতে থাকে—নামেৰ এই অন্তত ও অলোকিক মহিমাটী জনসমাজে যদি প্ৰচাৰিত হয়, তাহু

হিন্দুর ঈপর বড় যেই নারায়ণ।
সেই তুমি হও, হেন লয় মোর মন॥ ২০৮
এত শুনি মহাপ্রভু হাসিয়া-হাসিয়া।
কহিতে লাগিলা কিছু কাজীরে ছুঁইয়া—২০৯

তোমার মুখে কৃষ্ণনাম—এ বড় বিচিত্র।
পাপক্ষয় গোল, হৈলা পরম-পবিত্র ॥ ২১০
'হরি কৃষ্ণ নারায়ণ' লৈলে, তিন নাম।
বড় ভাগ্যবান্ তুমি বড় পুণ্যবান্॥ ২১১

গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

ছইলে লোক স্বভাবতঃই নামের প্রতি শ্রহাবান্ ছইতে পারে। ভগবন্নাম-কীর্ত্তন করা হিন্দুর ধর্মা; স্বতরাং কোনও ধর্মদোহী হিন্দুর জিহবায়ও যদি হরিনাম আপনা-আপনি—তাহার অনিচ্ছায়—ফুরিত হয়, তাহা হইলেও যাহারা নামের মহিমা জানেনা, তাহারা নামের স্বতঃক্রণে সন্দেহ পৌষণ করিতে পারে—ধর্মদ্রেছী হইলেও সেই হিন্দু জাতিগত সংস্কার-নশত: নাম উচ্চারণ করিতেছে বলিয়া সন্দেহ কবিতে পারে। কিন্তু যাহারা হিন্দুধর্মের বিরোধী, হরি-রাম-রুঞ্-নাম উচ্চারণ করাকে যাহারা নিজেদের ধর্মের হানিকর বলিয়াই মনে করে—দেই ম্দল্মানদের মধ্যে যদি কেছ—কোনও ছিন্দুর কাছে নয়, স্বয়ং কাজীর নিকটে, যিনি স্বধর্মের বিরুদ্ধাচরণের নিমিত্ত তাহাদিগকে যথোচিত শান্তি দিতে পারেন—হরিদাস-ঠাকুরের ন্যায় বাইশ-বাজারে নিয়া বেত্রাঘাতে জ্বজ্ঞারিত করিতে পারেন, সেই কাজীর নিকটে যাইয়া মৃদলমানদের কেহ যদি—নিজের অনিচ্ছাদত্তেও হরি-ক্লফ্-রাম-শব্দ উচ্চারণ করে, তাহা হইলে কেহই সম্ভরতঃ তাহার উপরে কপটতার আরোপ করিবে না ; দওদাতা-স্বয়ং-কাঞ্জীর নিকটে যাইয়া সেই লোক স্বীয় ধর্মের প্রতিকৃদ্ আচরণদার। ইচ্ছাপুর্বক বাচালতা ও ঔদ্ধতা প্রকাশ করিতেছে বলিয়া কেছ বিশ্বাস করিবে না—হরিনাম স্বয়ংই তাছার ক্ষিহ্রায় নৃত্য করিতেছেন, ইছাই লোকে বিশাস করিবে। এই ভারে শ্রীভগবন্নামের স্বথকাশতা প্রকটিত করার উদ্দেশ্যেই বোধ হয় শ্রীমন্ মহাপ্রভ্ সমভাবাপর হিন্দুর পরিবর্তে মুদলমানের জিল্পায় ঐ নাম স্ফ্রিড করিয়াছেন। আর নৃসিংহরপে কাঞ্জীকে রূপা করিয়া এবং অগ্নি-উল্কারূপে কাঞ্জীর পেয়াদাকে রূপা করিয়া শ্রীমন্ মহাপ্রভু দেখাইলেন যে, ভগবান্ সকপা-প্রকাশে জাতিকুলের অপেক্ষা রাখেন না, তাঁহার নিকটে সকলেই সমান। হিন্দু যবনকে সামাজিকভাবে দূরে সরাইয়া রাখিলেও শ্রীভগবান্ তাহাকে দূরে রাথেন না, কোনওরপে তাঁহার সংখ্রাবে আসিলেই তিনি তাহাকে স্বীয় কুপাধারা অন্তর্তের যোগাতা দান করেন।

২০৮। অরয:—কাজী প্রভ্কে বলিলেন—"আমার মনে হয়, হিন্দুর বড় ঈশ্বর যে নাবায়ণ, ভূমি সেই নারায়ণ।" বড় ঈশ্বর—প্রমেশ্ব: স্থং ভগবান্। মহাপ্রভ্র রূপায় কাজী প্রভ্র স্কুপ অন্ভব করিতে পারিয়াছেন।

২০৯ । ছুঁইয়া—স্পর্শ করিয়া। স্পর্শ দারা প্রভু বোধ হয় কাজীর চিত্তে বিশেষ কুপাশক্তি সঞ্চারিত করিলেন।

২১০-১১। এই ছই পয়ার কাজীর প্রতি প্রভার উক্তি। প্রভু বলিলেন—"কাজী, তুমি নিজে ম্সলমান, ম্সলমান বাদসাহের প্রতিনিধি, নবদীপ-নগরে তুমিই ম্সলমান-ধর্মের রক্ষাকর্তা; এরপে অবস্থায় তোমার মুখে রক্ষানা—ইহা বস্তুত:ই অভ্ত ব্যাপার! যাহাহউক, রক্ষনাম উচ্চারণ করাতে তোমার পাপ ক্ষয় হইল, চিত্ত পবিত্র হইল। তুমি—'হরি, রক্ষ ও নারায়ণ'—ভগবানের এই তিনটী নামই গ্রহণ করিয়াছ; কাজী, তুমি বড়ই ভাগবোন্।" ১৮৮, ১৮৯, ১৯২, ১৯৩, ২০৩ প্যারে "হরি," ১৮৭, ১৯১, ১৯৫, ২০৪ প্যারে "রক্ষ" এবং ২০৮ প্যারে "নারায়ণ"

শব্দ কাজীর মৃথ হইতে বাহির হইয়াছে।

এসংল প্রশ্ন হইতে পারে, ভগবানের নাম করার উদ্দেশ্যে কাজী "হরি, ক্রফা, নারায়ণ"-শন্দ উচ্চারণ করেন নাই; প্রসন্ধানে তিনি এই তিনটী শব্দের উচ্চারণ করি গছেন; তাহাতে কিরপে তাঁহার পাপক্ষয় হইল ? উত্তর—ইহা নামের বস্তুগত শক্তি; বস্তুশক্তি বৃদ্ধিশক্তির অপেক্ষা রাথে না; অগ্নির দাহিকাশক্তির কথা না জানিয়াও যদি কেহ আগুনে হাত দেয়, তাহা হইলেও তাহার হাত পুড়িয়া যাইবে, আগুনের শক্তি স্বীয় ক্রিয়া প্রকাশ করিবেই। ভগবন্ধানও এই

এত শুনি কাজীর তুই চক্ষে পড়ে পানী।
প্রভুর চরণ ছুঁই কহে প্রিয়বাণী—২১২
তোমার প্রসাদে মোর ঘুচিল কুমতি।
এই কুপা কর যে—তোমাতে রহু ভক্তি ২১৩॥
প্রভু কহে—এক দান মাগিহে তোমায়।
সঙ্গীর্ত্তনবাদ থৈছে না হয় নদীয়ায়॥২১৪
কাজী কহে—মোর বংশে যত উপজিবে।
তাহাকে তালাক্ দিব কীর্ত্তন না বাধিবে॥২১৫
শুনি প্রভু "হরি" বলি উঠিলা আপনি।
উঠিলা বৈষ্ণব সব করি হরিধ্বনি॥২১৬
কীর্ত্তন করিতে প্রভু করিলা গমন।

সঙ্গে চলি আইসে কাজী উল্লাসিতমন ॥ ২১৭ কাজীরে বিদায় দিল শচীর নন্দন।
নাচিতে নাচিতে আইলা আপন ভবন ॥ ২১৮ এইমতে কাজীরে প্রভু করিলা প্রসাদ।
ইহা যেই শুনে তার খণ্ডে অপরাধ ॥ ২১৯ একদিন শ্রীবাসের মন্দিরে গোসাঞি।
নিত্যানন্দ সঙ্গে নৃত্যু করে ছুই ভাই ॥২২০ শ্রীবাসপুত্রের তাহাঁ হৈল পরলোক।
তবু শ্রীবাসের চিত্তে না জন্মিল শোক ॥ ২২১ মৃতপুত্রমুথে কৈল জ্ঞানের কথন।
আপনে ছুইভাই হৈলা শ্রীবাসনন্দন॥ ২২২

গৌর-কূপা-তরঞ্চিণী টীকা।

ভাবে নাম-গ্রহণকারীর বৃদ্ধির অপেক্ষা না করিয়া স্থীয় শক্তি প্রকাশ করিয়া তাহার পাপ ধ্বংস করে, তাহার চিত্ত পবিত্র করে। তাই শীশীহরিভক্তিবিলাস্ও বিলিয়াছেন, হেলায়-শ্রদ্ধায় নাম উচ্চারণ করিলেও তাহা ব্যর্থ হয় না। "শ্রদ্ধা হেলয়া নাম রটস্তি মম জন্তবঃ। তেধাং নাম সদা পার্থ বর্ততে মম হৃদয়ে॥—শীক্ষ্ণ বলিতেছেন, হে অজ্বনি! শ্রদ্ধা বা হেলা ক্রমেও যাহারা আমার নাম উচ্চারণ করে, আমার হৃদয়ে তাহাদের নাম জাগরিত থাকে। ১১।২৪৫॥" হরিভক্তিবিলাস আরও বলেন—"সক্তৃচ্চারয়ন্ত্যের হরের্নাম চিদাত্মকম্। ফ্লং নাস্ত ক্ষমো বক্তুং সহস্রবদনো বিধিঃ॥—চিদাত্মক হরিনাম একবার মাত্র উচ্চারণ করিলে যে ফ্ল হয়, চতুর্ল্থ বিধাতা এবং সহস্র-বদন অনস্তও সেফলবর্ণন করিতে সমর্থ নহেন। ১১।২৪২॥"

- ২১২। **তুই চক্ষে পড়ে পানী**—ভগবন্নাম উচ্চারণের ফলে কাজীর চিত্তে প্রেমের উদয় হইয়াছে; তাই তাঁহার নয়নে অশ্রূপে সাত্ত্বিকভাবের বিকার প্রকটিত হইয়াছে। পানী—পানীয়; জল।
- ২১৩। ভক্তি-রাণী হৃদয়ে আসন গ্রহণ করিলে আপনা-আপনিই দৈন্ত আসিয়া পড়ে, তখন সর্ব্বোত্তম হইয়াও ভক্ত নিজেকে সকলের অধম বলিয়া মনে করেন। তাই আজ নবদ্বীপের শাসনকর্ত্তা কাজী, লৌকিক হিসাবে তাঁহার একজন প্রজা শ্রীনিমাই-পণ্ডিতের—যিনি কাজী অপেক্ষা বয়সে অনেক ছোট এবং যিনি মুসলমান-ধর্মের বিরোধী হিন্দুধর্মাবলম্বী, সেই শ্রীনিমাই-পণ্ডিতের—চরণ স্পর্শ করিয়া ভক্তি যাচ্ঞা করিতেছেন।
 - ২১৪। এক দান-একটা ভিক্ষা। সঙ্কীত্ত নিবাদ-সঙ্কীত নির বাধা বা বিল্ল। বৈছে-থেন।
- ২১৫। **তালাক**—শপথ। কাজী বলিলেন, "আমার বংশধরদিগকে শপথ দিয়া যাইব, তাহার! যেন কখনও সঙ্কীর্ত্তনে বাধা না দেয়।"
- ্ ২১৭। কী**ত্ত ন করিতে**—সঙ্কীর্ত্তন করিতে করিতে। **সঙ্গে চলি** ইত্যাদি—কাজীও কীর্ত্তনের সঙ্গে সঙ্গে কতদূর পর্যাস্ত গেলেন।
 - ২১৯। **প্রসাদ**—ক্রপা। **ইহা**—কাজীর প্রতি ক্রপার কথা।
- ২২০-২২। শ্রীমন্ মহাপ্রভু যে এক সময়ে শ্রীবাসের মৃতপুত্রের মুখে কথা বলাইয়াছিলেন, সেই লীলার কথা বলিতেছেন ২২০-২২২ পয়ারে।

নিত্যানন্দ সঙ্গে—নিত্যানন্দ সহ। **তুইভাই**—শ্রীচৈত্যু ও শ্রীনিত্যানন্দ। **শ্রীবাস-পুত্রের**—শ্রীবাসের পুত্রের। **হৈল পরলোক**—মৃত্যু হইল। **কৈল**—কহাইল। **জ্ঞানের কথন**—কে কার পিতা, কে কার পুত্র তবে ত করিল সব ভক্তে বরদান।
উচ্ছিফ দিয়া নারায়ণীর করিল সম্মান॥ ২২৩
শ্রীবাসের বস্ত্র সিঁয়ে দরজী ঘবন।
প্রভু তারে নিজরূপ করাইল দর্শন॥ ২২৪
'দেখিকু দেখিকু' বলি হইল পাগল।
প্রেমে নৃত্য করে, হৈল বৈক্ষব আগল॥ ২২৫
আবেশে শ্রীবাসে প্রভু বংশিকা মাগিল।

শ্রীবাস কহে—গোপীগণ বংশী হরি নিল ॥ ২২৬ শুনি প্রভু 'বোল বোল' কহেন আবেশে।
শ্রীবাস বর্ণেন বৃন্দাবন-লীলা-রসে ॥ ২২৭
প্রথমেতে বৃন্দাবন-মাধুর্য্য বর্ণিল।
শুনিয়া প্রভুর চিত্তে আনন্দ বাঢ়িল॥ ২২৮
তবে 'বোল বোল' প্রভু বোলে বারবার।
পুনঃপুনঃ কহে শ্রীবাস করিয়া বিস্তার॥ ২২৯.

গোর-কুণা-তর্ক্তিণী টীকা।

ইত্যাদি তত্ত্ব-কথা। **আপনে তুইভাই** ইত্যাদি—শ্রীচৈতগ্য ও শ্রীনিত্যানদ শ্রীবাসকে বলিলেন—"আমাদিগকে তুমি তোমার পুত্র বলিয়া মনে কর।"

প্রীচৈত ছা ও প্রীনিত্যানদ বধন প্রীবাসের অঙ্গনে নৃত্য করিতেছিলেন, তখন প্রীবাসের শিশু-পুলের মৃত্যু হয়।
কিন্তু প্রভ্রে আনদ ভঙ্গ ইইবে বলিয়া প্রীবাস মৃত-পুলের জন্ম বিন্দুগাত্রও হুঃখ বা শোক প্রকাশ করিলেন না এবং
বাড়ীর কাহাকেও শোক প্রকাশ করিতে দিলেন না। কলতঃ ঠাহার যে পুল-বিয়োগ ইইয়াছে, ইহা বাড়ীর কাহারও
ব্যবহারেই প্রকাশ পাইল না। কীর্তনান্তে মহাপ্রভু যথন এ সংবাদ জানিলেন, তখন মৃত-বালকের মুখ দিয়া মহাপ্রভু
এই কথা বলাইলেন—"কে কার পিতা ? কে কার পুল ? ইত্যাদিন" ইহাই জ্ঞানের কখা। তারপর প্রীবাসকে
প্রভু বলিলেন—"আমি নিত্যানদ হুই নদন তোমার। চিত্তে কিছু তুমি ব্যথা না ভাবিহ আর॥" প্রীচৈতন্মভাগনতের
মধ্যও ২৫শ অধ্যায় দ্রষ্টব্য।

- ২২৩। শ্রীবাস-অঙ্গনে মহাপ্রকাশের সময় প্রভু সমস্ত ভক্তকৈ বর দান করিয়াছিলেন। নারায়নী—শ্রীবাস-পণ্ডিতের আতুপ্রী; ইনি শ্রীল বুদাবনদাস-ঠাকুরের জননী। ইনি ব্রজলীলায় ছিলেন অম্বিকার ভণিনী কিলিয়া—
 যিনি সর্বাদা ক্ষোছিষ্ট-ভোজনের সোভাগ্য লাভ করিয়াছিলেন। নারায়ণীর বয়স যখন চারি বংসর, তখন প্রভুর আদেশে ইনি "হা কৃষ্ণ" বলিয়া ভূপতিত হইলেন, অঞ্জ ও স্বেদে ধরণী সিক্ত হইয়া গেল। (শ্রীচৈঃ ভাঃ মধ্য তা) প্রভুর মহাপ্রকাশের সময়ে প্রভুর চর্নিত-ভাস্থল সেবন করার জন্ম প্রভু সকলকে আদেশ করিলে "মহানন্দে থায় সভে হর্মিত হৈয়া। কোটিচান্দ-শারদ-ম্থের দ্বন্য পায়া॥ ভোজনের অবশেষ যতেক আছিল। নারায়ণী পুণ্যবতী তাহা সে পাইল॥ শ্রীবাসের আতৃস্কতা বালিকা অজ্ঞান। তাহারে ভোজন শেষ প্রভু করে দান॥" শ্রীচৈঃ ভাঃ মধ্য ১০।
- ২২৪। সিঁরে—সিলাই করে। দরজী যবন—মুসলনান দরজী। পাগল—প্রেমে উন্মন্ত। আগল— অগ্রগণ্য। বৈশ্বৰ আগল—বৈ্ফাৰদের মধ্যে শ্রেষ্ঠ।
- ২২৬। আবেশে—ব্রজভাবের আবেশে, শ্রীরুঞ্জরপে। বংশিকা—বাশী। প্রভু শ্রীবাসের নিকটে বাশী চাহিলেন। শ্রীবাসও চতুরতা করিয়া রসপ্ষ্টের নিমিত্ত বলিলেন—"তোমার বাশী গোপিকারা চুরি করিয়া লইয়া গিয়াছে।"
- ২২৭। আবেশে—বংশী-চুরি-লীলার আবেশে। রুন্দাবনলীলা রসে—রসময়-বৃন্দাবনলীলা। কোন্ লীলা বর্ণন করিলেন, পরবর্তী ২২৮-২৩২ পয়ারে তাহার দিগ্দর্শন দেওয়া হইয়াছে।
 - ২২৮। श्रीनाम व्यथरम श्रीनुननाचरनत माधूर्य वर्णन कतिरलन।
- ২২৯। করিয়া বিস্তার—বৃন্দাবন-মাধুর্য্য এবং পরবর্তী-পরারে বর্ণিত লীলাসমূহ বিস্তৃতরূপে বর্ণন করিলেন।

বংশীবাতে গোপীগণের বনে আকর্ষণ।
তা-সভার সঙ্গে যৈছে বনবিহরণ॥২৩০
তাহি-মধ্যে ছয়ঋতু লীলার বর্ণন।
মধুপান রাসোৎসব জলকেলি কথন॥২৩১
'বোল বোল' বোলে প্রভু শুনিতে উল্লাস।
শ্রীবাস কহে তবে রাসরসের বিলাস॥২৩২

কহিতে শুনিতে ঐছে প্রাতঃকাল হৈল।
প্রভু শ্রীবাসেরে তুষি আলিঙ্গন কৈল॥ ২৩৩
তবে আচার্য্যের ঘরে কৈল কৃষ্ণলীলা।
রুক্মিণীস্বরূপ প্রভু আপনে হইলা॥ ২৩৪
কভু তুর্গা কভু লক্ষ্মী হয়েন চিচ্ছক্তি।
খাটে বিদি ভক্তগণে দিলা প্রেমভক্তি॥ ২৩৫

গৌর-কুপা-তর क्रिनी টীকা।

২৩০-৩১। শরৎ-পূর্ণিনা-রজনীতে শারদীয়-মহারাস-লীলা প্রকটনের উদ্দেশ্যে প্রীয়ঞ্চ বৃদাবনে প্রবেশ করিয়া যথন বংশীবাদন করিয়াছিলেন, তথন তাঁহার বংশীধানি শুনিয়া গোপবধ্গণের চিত্ত কিরূপ বিচলিত হইয়াছিল, যিনি যে কাজে নিরুক্ত ছিলেন, তৎকণাৎ সেই কাজ পরিত্যাগ করিয়া ব্যস্ততাবশতঃ কেহ কেহ বিপর্যাস্তভাবে বেশভূষা করিয়াও তাঁহারা কি ভাবে বনের দিকে ধাবিত হইয়াছিলেন, প্রীক্ষণ প্রথমে কিরূপ চতুরতাময় বাক্যে তাঁহাদের প্রেম পরীক্ষা করিয়াছিলেন, পরে কিরূপে তাঁহাদের সহিত বনবিহার করিয়াছিলেন, বনভ্রমণকালে, গ্রীক্ষা বর্ষাদি ছয়ঋতুর ভাবপূর্ণ বনস্মূহে কিভাবে তিনি গোপীদের সঙ্গে লীলা করিয়াছিলেন, কিভাবে মধুপান-লীলা এবং জল-কেলি-লীলা অহাইত হইয়াছিল—প্রভ্রে প্রীতির নিমিত্ত শ্রীবাস তৎসমস্তই বর্ণনা করিলেন।

বনবিহরণ—বনে বিহার। তাহি মধ্যে—বনবিহারের মধ্যে। ছয়ঋতু লীলা— শ্রীর্নাবনের অন্তর্গত ছয়টা বনে গ্রীয়-বর্ষাদি ছয়টা ঋতুর অবস্থা—এক বনে গ্রীয় ঋতু, এক বনে বর্ষা-ঋতু, এক বনে শরত ঋতু ইত্যাদি ক্রমে ছয়টা বনে ছয়টা ঋতুর অবস্থা—নিত্য বিরাজিত; এতদতিরিক্ত আরও একটা বন আছে, যেথানে ছয়টা ঋতুই যুগপৎ দর্ভ্যান। ব্রুজবধ্দের সহিত বনবিহার-কালে শ্রীক্ষা এই সকল বনেও বিহার করিয়াছিলেন।

২৩০। প্রাতঃকাল হৈল—সমস্ত রাত্রি অতিবাহিত হইল। প্রস্তু শ্রীবাসেরে ইত্যাদি—লীলাকথা দারা প্রভুর আনন্দ বর্দ্ধন করিরাছেন বলিয়া প্রভু শ্রীবাসের প্রতি অত্যন্ত প্রীত হইরা তাঁহাকে আলিঙ্গন করিলেন, শ্রীবাসও তাহাতে তুই হইরা নিজেকে ধ্যা মনে করিলেন। তুমি আলিঙ্গন কৈল—তুই করিয়া (তুমি—তুমিরা) আলিঙ্গন করিলেন; অর্থাৎ আলিঙ্গন করিয়া তুই (বা ক্তার্থ) করিলেন। কোনও জিনিস মাটীতে পড়িয়া তারপর "ধৃপ্" শব্দ করিলেও যেমন সাধারণতঃ বলা হয় "ধৃপ্ করিয়া পড়িল", তদ্রপ বস্তুতঃ আলিঙ্গন দারা তুই করিয়া থাকিলেও এন্থলে "তুমি (তুই করিয়া) আলিঙ্গন করিলেন" বলা হইল।

২৩৪। আচার্য্যের ঘরে—চন্দ্রশেখর-আচার্য্যের গৃছে। কৈল কৃষ্ণলীলা—প্রভু রুষ্ণ-লীলার অভিনয় করিলেন। তাহাতে প্রভু নিজে করিণী দেবীর ভূমিকা অভিনয় করিয়াছিলেন—তিনিই করিণী সাজিয়াছিলেন।

২৩৫। ক্রিণী সাজার পরে প্রভু কখনও বা তুর্গার ভাবে এবং কখনও বা লক্ষীর ভাবে আবিষ্ঠ হইয়া তুর্গা ও লক্ষীর ভূমিকা অভিনয় করিয়াছিলেন। চিচ্ছক্তি—ভগবানের অন্তরঙ্গা স্বরূপশক্তিকে চিচ্ছক্তিবলে; ক্রিণী, লক্ষী, তুর্গা প্রভৃতি তাঁহারই চিচ্ছক্তির বিভিন্ন বিলাস-বৈচিত্রী।

খাটে বিস ইত্যাদি—অভিনয়-উপলক্ষে প্রভু এক সময় মহালক্ষীভাবে আবিষ্ট হইয়া থাটের উপরে বসিয়া তাঁহার স্তব পড়ার জন্ম ভক্তগণকে আদেশ করিলে তাঁহারা সকলে মাতৃভাবের আবেশ জানিয়া স্ব-স্ব-কচি অনুসারে কেহ লক্ষ্মীস্তব, কেহ চণ্ডীস্তবাদি পাঠ করিতে লাগিলেন। হঠাৎ রাত্রিশেষ দেখিয়া মাতৃবিরহ-বেদনার আশিক্ষায় সকলে বিচলিত হইয়া পড়িলে "মাতৃভাবে বিশ্বন্তর সভারে ধরিয়া। স্তনপান করায় পর্ম শ্বিশ্ব হৈয়া। ঐ স্তন পানে সভার বিরহ গেল দূর। প্রেমর্নে সভে মন্ত হইলা প্রচুর॥" প্রভু এইর্ন্নপে সকলকে প্রেমভক্তি দান করিলেন। শ্রী-চৈঃ ভাঃ মধ্য। ১৮॥

এক ব্রাহ্মণী আদি ধরিল চরণে॥ ২০৬
চরণের ধূলি সেই লয় বারবার।
দেখিয়া প্রভুর চুঃখ হইল অপার॥ ২০৭
সেইক্ষণে ধাঞা প্রভু গঙ্গাতে পড়িলা।
নিত্যানন্দ হরিদাস ধরি উঠাইলা॥ ২০৮
বিজয় আচার্য্যগৃহে সে রাত্রি রহিলা।
প্রাতঃকালে ভক্ত সব ঘরে লৈয়া গেলা॥ ২০৯
একদিন গোপীভাবে গৃহেতে বৃদিয়া।
'গোপী গোপী' নাম লয় বিষন্ন হইয়া॥ ২৪০
এক পঢ়ুৱা আইল প্রভুকে দেখিতে।
'গোপী গোপী' নাম শুনি লাগিল কহিতে—॥২৪১
'কৃষ্ণনাম' কেনে না লও ? কৃষ্ণনাম ধন্য।
'গোপী গোপী' বলিলে বা কিবা হবে পুণ্য॥ ২৪২

শুনি প্রভু ক্রোধে কৈল কৃষ্ণে দোষোদ্যার।
ঠেঙ্গা লৈয়া উঠিলা প্রভু পঢ়ুয়া মারিবার॥ ২৪৩
ভয়ে পালায় পঢ়ুয়া, পাছে পাছে প্রভু ধায়।
আস্তেব্যস্তে ভক্তগণ প্রভুরে রহায়॥ ২৪৪৩
প্রভুরে শান্ত করি আনিল্ নিজঘরে।
পঢ়ুয়া পলাঞা গেল পঢ়ুয়া-সভারে॥ ২৪৫
পঢ়ুয়া সহস্র যাহাঁ পঢ়ে একঠাই।
প্রভুর র্ত্তান্ত দিজ কহে তাহাঁ যাই॥ ২৪৬
শুনি কুদ্ধ হৈল সব পঢ়ুয়ার গণ।
সভে মেলি তবে করে প্রভুর নিন্দন—॥২৪৭
সব দেশ প্রন্থ কৈল একলা নিমাই।
ব্রাহ্মণ মারিতে চাহে ধর্ম্মভয় নাই॥ ২৪৮
পুন যদি ঐছে করে, মারিব তাহারে।
কোন বা মানুষ হয়, কি করিতে পারে ?॥ ২৪৯

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

২৩৬-৩৯। **নৃত্য-অবসাসে**—শ্রীবাস-অঙ্গনে নৃত্যকীর্ত্নের পরে। চরণে—গ্রন্থর চরণে। তুঃখ হইল—পরস্ত্রীর স্পর্শ হইয়াছে বলিয়া প্রভ্র হুঃখ হইল। গঙ্গাতে পড়িলা—পরস্ত্রী-স্পর্শজনিত পাপ দূর করার উদ্দেশ্যে। ঘস্তুতঃ, কোনও পাপই প্রভ্রকে কখনও স্পর্শ করিতে পারে না; তথাপি, স্ত্রীলোক-বিষয়ে লোকদিগকে সতর্কতা শিক্ষা দেওয়ার উদ্দেশ্যেই প্রভ্রু এইরূপ আচরণ করিলেন। **ঘরে লৈয়া গেল**—প্রভ্রুকে গৃহে লইয়া গেলেন।

২৪০-৪৩। গোপীভাবে—ত্রজগোপীর ভাবে আবিষ্ট হইয়া। বিষয় হইয়া—হৃঃখিত হইয়া। পঢ়ুয়া— বিখার্থী; ছাত্র। দোষোদ্গার—পৃতনাবধাদি-দোষের কীর্তন।

গোপীগণ মন প্রাণ দেহ কুলবর্ম দিয়। শীরুষ্ণকে ভালবাসিতেন; কিন্তু শীরুষ্ণ তথাপি তাঁহাদিগকে ত্যাগ করিয়া মথুরাদি স্থানে যাইয়া তাঁহাদিগকে কপ্ত দিতেন। এ সন বিষয় চিস্তা করিতে করিতে গোপীদিগের কামগন্ধহীন প্রেমের প্রতি মহাপ্রভুর আত্যন্তিক সহাত্বভূতি ও শীরুষ্ণের নিষ্ঠুরতার প্রতি ক্রোধ জন্মাতে, তিনি গোপীভাবে আবিষ্ট হইয়া গোপী গোপী জপ করিতেছিলেন; এমন সময় এক পঢ়ুয়া আদিয়া যথন শ্রীরুষ্ণের উল্লেখ করিল, তখন গোপীভাবে বিষ্ট প্রভু মনে করিলেন, এই বৃয়ি শ্রীরুষ্ণের পক্ষের লোক আসিয়া তাঁহাকে গোপীদিগের পক্ষ ত্যাগ করিয়া শ্রীরুষ্ণের পক্ষাবলম্বন করার জন্ম অনুর্বাধ করিতেছে। ইহাতে শ্রীরুষ্ণের প্রতি প্রভুর ক্রোধ আরও বিশ্বিত হইলা; তাই তিনি বলিতে লাগিলেন, "তোমাদের শ্রীরুষ্ণ পূতনাদি-বধ করিয়া স্ত্রীহত্যা-জনিত পাপে লিগু হইয়াছেন, ব্যাহ্মরাদিকে বধ বরিয়া গোহত্যা-জনিত পাপ অর্জ্জন করিয়াছেন; তোনাদের শ্রীরুষ্ণের দয়া নাই, তিনি অত্যন্ত নিষ্ঠুর। এইরূপে নিষ্ঠুরের নাম করার জন্ম ভূমি আনাকে অনুরোধ করিতেছ ?" এই বলিয়া মহাক্রোধে ভাবাবিষ্ট প্রভুপ পূচুয়াকে ঠেমা লইয়া নারিতে গেলেন। বলা বাছলা, এই সময়ে প্রভুর বাহজ্ঞান ছিল না। শ্রীটৈঃ ভাঃ মধ্য। ২৫।

- ২৪৪-৪৬। রহার—থানায়। পঢ়ুয়া-সভারে—পঢ়ুয়াদিগের সভায়; যেখানে সমস্ত পঢ়ুয়াগণ একত্র হইয়াছে, সেই স্থানে। প্রভুর বৃত্তান্ত-প্রভু যে ঠেঙ্গা লইয়া তাহাকে নারিতে আসিয়াছে, সেই কথা। দ্বিজ— প্রভু যাহাকে ঠেঙ্গা লইয়া তাড়াইয়াছিলেন, সেই পঢ়ুয়া ব্রাহ্মণ-সন্তান।

২৪৭। প্র**পুর নিন্দন**—কি বলিয়া নিন্দা করা হইয়াছে, তাহা ২৪৮-৪৯ প্রাধ্যে বলা হইয়াছে।

প্রভুর নিন্দায় সভার বুদ্ধি হৈল নাশ।
স্থপঠিত বিজ্ঞা কারো না হয় প্রকাশ ॥ ২৫০
তথাপি দান্তিক পঢ়ুয়া নত্র নাহি হয়।
ঘাহাঁ যাহাঁ প্রভুর নিন্দা হাসি সে করয়॥ ২৫১
সর্বব্দ্র গোসাঞি জানি তা-সভার হুর্গতি।
ঘরে বসি চিন্তে তা সভার অব্যাহতি—॥ ২৫২

যত অধ্যাপক, আর তাঁর শিশ্যগণ।
ধশ্মী কশ্মী তপোনিষ্ঠ নিন্দুক তুর্জ্জন। ২৫৩
এই সব মোর নিন্দা-অপরাধ হৈতে।
আমি না লওয়াইলে ভক্তি না পারে লইতে॥২৫৪
নিস্তারিতে আইলাঙ্ আমি, হৈল বিপরীত।
এ সব-তুর্জ্জনের কৈছে হইবেক হিত १॥ ২৫৫

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

- ২৫০-৫১। প্রান্তর নিন্দায়—প্রভুর নিন্দা করার অপরাধে। সভার—সমস্ত পঢ়ুয়ার। স্থপঠিত বিজ্ঞা— যে বিজ্ঞা সম্যক্তরূপে অধ্যয়ন পূর্বকি শিক্ষা করা হইয়াছে। না হয় প্রকাশ—বাহির হয় না; কার্য্যকালে মনে থাকে না। নিন্দা হাসি—নিন্দা ও হাসি ঠাটা। যাঁহা তাঁহা—যেথানে সেথানে।
- ২৫২। সর্বজ্ঞ গোসাঞি—সর্বজ্ঞ শ্রীমন্ মহাপ্রভু। চিত্তে ইত্যাদি—নিন্দাজনিত অপরাধ হইতে পঢ়ুয়াগণ কিরূপে নিয়তি পাইবে, তাহা চিস্তা করিতে লাগিলেন। অব্যাহতি—নিয়তি; পরিত্রাণ। প্রভু যাহা চিস্তা করিলেন, পরবর্তী ২৫৩-২৬০ পরারে তাহা ব্যক্ত হইয়াছে।
- ২০০। প্রভ্র নিলাকারীদের বিবরণ বলা হইতেছে। অধ্যাপক--টোলের অধ্যাপকগণ। ইহাদের সমব্যবসায়ীও সমকর্মী—অথচ বয়সে অনেকের অপেকাই ছোট—নিমাই-পণ্ডিতের অসাধারণপ্রতিতা, প্রসার-প্রতিপত্তি এবং সর্ব্বোপরি নৃতন ধর্ম-মত-প্রচারের-গৌরবে কর্ষান্বিত হইয়াই বোধ হয় এই সমস্ত অধ্যাপকগণ প্রভ্র নিলা করিতেন। আর তাঁহাদের ইন্ধিতে, অথরা তাঁহাদের সহিত সহামুভূতি-সম্পন্ন হইয়া, কিম্বা তাঁহাদের প্রতিসন্মান প্রদর্শনের জন্মই হয় তো তাঁহাদের শিশ্য-পঢ়ুয়াগণও প্রভ্র নিলা করিতেন। ধর্মী—মক্লচঙী বা বিষহরের পূজা এবং তত্পলক্ষে নৃত্যকীর্তন ও রাত্রি-জাগরণকেই যাহারা হিন্দুর আদর্শ-ধর্ম বলিয়া মনে করিত, তাহারা। অথবা, স্বধর্ম (বর্ণাশ্রমধর্ম) আচরণকারী। কর্মী—বর্ণাশ্রম-ধর্মকেই বাহারা আশ্রম করিয়াছিলেন; তাঁহারা। তেপোনিষ্ঠ—কঠোর তপস্থাদিতে বাহারা নিরত ছিলেন, তাঁহারা। এসমস্ত ধর্মী, কর্মী এবং তপোনিষ্ঠগণ স্ব-স্ব-অমুষ্ঠানাদিকেই একমাত্র ধর্ম বলিয়া মনে করিতেন এবং প্রভ্র প্রবর্তিত নাম-সন্ধীর্তনের বিরুদ্ধাচরণ করিয়া প্রভ্র নিলা করিতেন। নিন্দুক ত্রজ্ঞান অধ্যাপক, পঢ়ুয়া, ধর্মী, কর্মী ও তপোনিষ্ঠগণ প্রভূর ও কীর্তনের নিন্দা করিতে বলিয়া তাহাদিগকে নিন্দুক ত্রজ্ঞন বলা হইয়াছে।
- ২৫৪। এই সব—অধ্যাপকাদি। মোর নিন্দা ইত্যাদি—আমার (প্রভুর) নিন্দাজনিত অপরাধ বশতঃ। আমি না ইত্যাদি—আমার নিন্দা করায় আমার নিকটে ইহাদের অপরাধ হইয়াছে; স্ক্তরাং ইহাদের অপরাধ ক্ষমা করিয়া আমি যদি ভক্তি-পথে ইহাদের মতিকে পরিচালিত না করি, তাহা হইলে আপনা হইতে ইহাদের মতি ভক্তির পথে অগ্রসর হইবেনা। কাহারও নিকটে অপরাধ হইলে সেই অপরাধের ক্ষমা না পাওয়া পর্যন্ত ভক্তির রূপা হইতে পারে না—ইহাই সাধারণ নিয়ম।
- ২৫৫। নিস্তারিতে—সমস্ত লোককে উদ্ধার করিতে। হৈল বিপরীত—উণ্টা হইল। প্রভুর কথার মর্ম এই মে, তিনি আবিভূতি হইয়াছেন বলিয়াই তাহারা তাঁহার নিন্দা করার স্থােগা পাইয়াছে; স্থতরাং নিন্দাজনিত অপরাধে অপরাধী হইয়া—তাঁহার সঙ্কলিত নিস্তার না পাইয়া—অধংপাতে যাইতেছে—তাঁহার সঙ্কল্পের বিপরীত ফল ফলিতেছে। কৈছে হইবেক হিত—কিসে ইহাদের মঙ্গল হইবে ? কির্মাপে ইহারা এই অপরাধ হইতে নিষ্কৃতি পাইবে ?

আমাকে প্রণতি করে, হয় পাপক্ষয়।
তবে সে ইহারে ভক্তি লওয়াইলে লয়॥ ২৫৬
মোরে নিন্দা করে—যে না করে নমস্কার।
এ-সব জীবের অবশ্য করিব উদ্ধার॥ ২৫৭
অতএব অবশ্য আমি সন্ন্যাস করিব।
সন্যাসীর বুদ্ধো মোরে প্রণত হইব॥ ২৫৮
প্রণতিতে হবে ইহার অপরাধক্ষয়।
নির্মাল হৃদয়ে ভক্তি করিব উদয়॥ ২৫৯
এ-সব পাষ্ণীর তবে হইবে নিস্তার।

আর কোন উপায় নাই, এই যুক্তি সার॥ ২৬০
এই দৃঢ়যুক্তি করি প্রভু আছে ঘরে।
কেশব-ভারতী আইলা নদীয়া নগরে॥ ২৬১
প্রভু তাঁরে নমস্করি কৈল নিষ্টেশ।
ভিক্ষা করাইয়া তাঁরে কৈল নিষ্টেশন—২৬২
তুমি ত ঈশর বট সাক্ষাৎ নারায়ণ।
কুপা করি কর মৌর সংসারমোচন॥ ২৬৩
ভারতী কহেন—তুমি ঈশর অন্তর্যামী।
যেই করাহ, সেই-করিব, স্বতন্ত্ব নহি আমি॥২৬৪

গৌর-কুপা-ভরঞ্জিণী টীকা।

- ২৫৬। নিক্ষতির উপায় বলিতেছেন। প্রভুকে প্রণাম করিলেই প্রভুর চরণে ইহাদের অপরাধ ক্ষয় হইতে পারে এবং তথাই উপদেশ পাইলে ইহারা ভক্তির পথ গ্রহণ করিতে পারে। (যতক্ষণ অপরাধ পাকে, ততক্ষণ ভক্তিপথে কেহ টানিয়া নিতে চাহিলেও অপরাধী ব্যক্তি সেই পথে যাইতে পারে না)। ১1৭৩৫ পয়ারের টীকা দ্রুব্য।
- ২৫৭। **অন্তর্য**—যাহার। আনার নিন্দা করে, অথচ আনাকে নমস্কার করে না (নমস্কার না করার যাহাদের অপরাধ ক্ষমা করিতে পারিতেছিনা)—সেই সমস্ত জীবকেও অবগ্রুই উদ্ধার করিতে হইবে—(নচেৎ, সমস্ত জীবের উদ্ধারের নিমিত্ত আমার যে সঙ্কল আছে, তাহা সিদ্ধ হইবে না)।
- ২৫৮। কিরূপে তাহাদিগকে উদ্ধার করিবেন ? যাহাতে তাহারা আমাকে (প্রভূকে) প্রণাম করে, সেই উপায় অনলম্বন করিতে হইনে—প্রণাম করিলেই তাহাদের অপরাধ ক্ষমা করিতে পারি। কি উপায় অবলম্বন করিলে তাহারা প্রণাম করিতে পারে ? সন্মাস গ্রহণ করিলে—তথন সন্মাসি-বুদ্ধিতে আমাকে প্রণাম করিবে। সাগতে প্রারের টীকা দ্রষ্টিব্য ।
 - ২৬১। এইরূপে প্রভু সন্মাস-গ্রহণের সঙ্কল স্থির করিয়াছেন, এমন সময়ে কেশ্ব-ভারতী নবদ্বীপে আসিলেন।
 - ২৬২। **নমস্করি**—নমস্কার করিয়া। ভিক্ষা—আহার।
- ২৬৩। কেশব-ভারতীর প্রতি প্রভুর উক্তি এই পয়ার। ঈশার বট—জীবের সংসার-মোচনের পক্ষে ঈশারের তুল্য শক্তি ধারণ কর। সাক্ষাৎ নারায়ণ—স্বয়ং নারায়ণের ছায় (সংসার-মোচনের) শক্তি ধারণ কর। সংসার মোচন—সংসার-ক্ষয়। ভোগ-বাসনার ক্ষয়। প্রভু ভঙ্গীতে সংসারাশ্রম ত্যাগ করাইয়া সম্যাস দানের প্রার্থনা জানাইলেন।
 - ২৬৪। ভারতী ক**হেন**—প্রভুর কথা শুনিয়া কেশব-ভারতী বলিলেন।

অন্বয়:—কেশন-ভারতী বলিলেন—"তুমি ঈশ্বর, তুমি অন্তর্গামী; তুমি যাহা করাইবে, আমি তাহাই করিব; তোমার নিকটে আমার স্বাতন্ত্র কিছু নাই।"

ভারতী-গোস্বামীর নিকটে প্রভু ভঙ্গীতে সন্ন্যাস প্রার্থনা করিয়াছিলেন; ভারতীও ইঙ্গিতে সন্মতি জানাইয়া গোলেন। প্রভুর রূপায় ভারতী প্রভুর তত্ত্ব অনগত হইয়াছিলেন; তাই প্রভুকে "ঈশ্বর, অন্তর্যামী" বলিলেন। এত সহজে প্রভুকে সন্ন্যাসদানে ভারতীর সন্মত হওয়ায় হেতু এই যে, ভারতী বুঝিয়াছিলেন—প্রভু স্বতন্ত্ব ঈশ্বর, আর তিনি স্বর্ধপতঃ তাঁহার দাস; প্রভু যদি তাঁহার যোগেই সন্ন্যাসবেশ গ্রহণ করিতে ইচ্ছা করেন, নিষেধ করিবার তাঁহার আর কি শক্তি আছে?

এত বলি ভারতী গোসাঞি কাটোয়াতে গেলা।
মহাপ্রভু তাহা যাই সন্ন্যাস করিলা॥ ২৬?
মঙ্গে নিত্যানন্দ, চন্দ্রশেখর-আচার্য্য।
মুকুন্দদত্ত—এই তিন কৈল সর্বকার্য্য॥ ২৬৬
এই আদিলীলার কৈল সূত্রগণন।

বিস্তারি বর্ণিলা ইহা দাস রুন্দাবন ॥ ২৬৭
যশোদানন্দন হৈল শচীর নন্দন।
চতুর্বিবধ ভক্তভাব করে আস্বাদন ॥ ২৬৮
স্বমাধুর্য্য রাধাপ্রেমরস আস্বাদিতে।
রাধাভাব অঙ্গী করিয়াছে ভালমতে ॥ ২৬৯

গোর-কূপা-তরঞ্চিণী টীকা।

২৬৫। কাটোয়া—বর্দ্ধান-জেলার অন্তর্গত একটা নগর। **তাঁহা যাই**—কাটোয়াতে যাইয়া। সম্ক্রাস করিলা—সম্ক্রাস গ্রহণ করিলেন, প্রভুর চতুর্বিংশবর্ষের মাঘী সংক্রান্তিতে। (ভূমিকা দ্রষ্টব্য)।

২৬৬। সর্ববর্ণ — সয়াস-গ্রহণের সময় অবশু-কর্ত্ব্য অন্থানাদির আয়োজনরপ কার্যা। সঙ্গে ইত্যাদি—
প্রান্থ প্রত্যাগ করিয়া কণ্টক-নগরে (কাটোয়াতে) উপনীত হইলে, পূর্ব্বে "য়ারে য়ারে আজ্ঞা প্রভু করিয়া আছিলা।
তাঁহারাও অলে অলে আসিয়া মিলিলা। অবধৃতচন্দ্র (নিত্যানন্দ), গদাধর, শ্রীমুক্ন। শ্রীচন্দ্রশেখরাচার্য্য আর
রন্ধানন্দ। আইলেন প্রভু য়পা কেশব-ভারতী। মত্তসিংহপ্রায় প্রিয়বর্নের সংহতি॥" সয়্যাসের আন্থ্যক্ষিক কর্মন্দর্বন্ধ প্রভু চন্দ্রশেখর-আচার্যকে আদেশ করিলেন—"বিধি যোগ্য মত কর্ম সন কর তুমি। তোমারেই, প্রতিনিধিকরিলাম আমি॥" তদন্স্যারে চন্দ্রশেখর "দ্ধি, জ্রা, মৃত, মুদ্গ, তাম্বূল, চন্দ্র। পুপা, য়জ্বস্তা, বস্ত্রে" ও নানাবিধ ভক্ষ্য-দ্রব্যাদি সংগ্রহ করিলেন। অন্থান্থ সকলেই সয়্যাসের আন্থানিক কার্য্যের আন্থাক্লা করিয়াছিলেন।
শ্রীটৈঃ ভাঃ মধ্য। ২৬।

২৬৭। এই-পূর্ববর্ত্তা পয়ার-সমূহে। বিস্তারি বর্ণিলা-ত্রীচৈতক্তভাগবতে।

২৬৮-৬৯। প্রীচৈতভার তত্ত্ব ও তাঁহার অবতারের প্রয়োজন নলিতেছেন। সাক্ষাৎ যশোদা-নদন প্রীক্ষই প্রীচৈতভা—ইহাই তাঁহার তত্ত্ব। চতুর্বিধ ভক্তভাব—দাস, সথা, পিতামাতা ও কাস্তা—এই চারি প্রকার ভক্তের চারি প্রকার ভাব; এই চারিটী ভাব এই—দাস্ত, সথা, বাৎসল্য ও মধূর; স্বমাধূর্য্য—নিজের (প্রীক্ষের) মাধুর্য্য। রাধা-প্রেমরস আস্বাদিতে—আশুমুভাবে প্রীরাধাপ্রেমের মাধুর্য্য আস্বাদন করিছে। আশ্রয়রূপে শ্রীরাধাপ্রেমরস এবং স্বীয় মাধুর্য্য আস্বাদন করিবার উদ্দেশ্যে শ্রীক্ষ প্রীরাধার ভাবকান্তি অঙ্গীকার করিয়া শ্রীচৈতভারপে অবতীর্ণ হইয়াছেন; ইহাই তাঁহার অবতারের মুখ্য প্রয়োজন। আশ্রয়রূপে রাধা-প্রেমরস এবং স্বমাধুর্য্যও তিনি আস্বাদন করিয়াছেন এবং বিষয়রূপে আবার দাস-স্থাদি চতুর্বিধ ভক্তের দাস্ত-স্থ্যাদি চতুর্বিধ ভাবও আস্বাদন করিয়াছেন (তাঁহার পরিকর-স্থানীয় চতুর্বিধ ভক্তে লইয়াই তিনি অবতীর্ণ হইয়াছেন)।

এই পরাবন্ধর হইতে বুঝা যায়—শ্রীচৈত ছাপ্রভ্রু দাস্থা, সথ্য, বাৎসল্য ও মধুর, এই চারিভাবেরই বিষয় এবং রাধাভাব অঙ্গীকার করিয়াছেন বলিয়া মধুর-ভাবের আশ্রয়ও বটেন। অর্থাৎ তিনি দাস্থা, সথ্য ও বাৎসল্যের মুখ্যতঃ বিষয়; আর তিনি মধুর ভাবের বিষয় এবং আশ্রয় তুইই। রাধাভাবের আশ্রয়ন্তহেতুই তিনি রাধাভাবত্যতি স্থবলিত। যে সমস্ত কাস্তাভাবের উপাসক শ্রীচৈত ছাকে রাধাভাবত্যতি স্থবলিত বলিয়া চিস্তা করেন, তাঁহাদের উপাসনায় তিনি মুখ্যতঃ শ্রীরাধা—ক্ষ্মকান্তা, কিন্তু ক্ষ্ম নহেন; রাধাভাবের আশ্রয়। তিনি মধুরভাবের বিষয়ত—স্থতরাং কোনও কোনও কাস্তাভাবের উপাসক তাঁহাকে কান্ত বা নাগররূপেও চিন্তা করিতে পারেন; শ্রীল নরহরি-সরকার-ঠাকুর-প্রমুখ নাগরীভাবের উপাসকগণের উপাসনা বোধ হয় এই ভাবের অস্কুল; তাঁহাদের উপাসনায় শ্রীমন্ মহাপ্রভ্র রাধাভাবত্যতি স্থবলিত নহেন—তিনি গৌরবর্ণ ক্ষ্য—রাধাত্যতি স্থবলিত ক্ষ্যাভাবের উপাসকগণের উপাসনায়ও তিনি বিষয়-আলিঙ্গিত ক্ষ্যও বরং হইতে পারেন। আর দাস্থা, সথ্য ও বাৎসল্যভাবের উপাসকগণের উপাসনায়ও তিনি বিষয়-

গোপীভাব যাতে প্রভু ধরিয়াছে একান্ত।
ব্রজেন্দ্রনদনে মানে—আপনার কান্ত॥ ২৭০
গোপিকাভাবের এই স্তৃদ্য় নিশ্চয়—।
ব্রজেন্দ্রনদন বিনা অন্যত্র না হয়॥ ২৭১
শ্যামস্থাদর শিখিপিচ্ছ-গুঞ্জাবিভূষণ।
গোপবেশ ত্রিভঙ্গিম মুরলীবদন॥ ২৭২

ইহা ছাড়ি কৃষ্ণ যদি হয় অন্তাকার।
কোঁপিকার ভাব না যায় নিকট তাহার॥ ২৭৩
তথাহি ললিতনাধনে (৬।১৪)—
গোপীনাং পঙ্পেন্দ্রনন্দনজুযো ভাবস্ত কস্তাংকৃতী
বিজ্ঞাতুং ক্ষমতে ও্রহপদবীসঞ্চারিণঃ প্রক্রিয়ান।
ভাবিষ্কুর্কতি বৈষ্ণুবীমপি তন্তুং তিম্মিন্তু, ক্র্ণুতি ॥ ৮
বাসাংহস্ত চতুভিরম্ভুতক্রচিং রাগোদয়ঃ কুঞ্চি॥ ৮

স্লোকের শংস্কৃত চীকা।

গোপীনানিতি। কঃ কৃতী কঃ পণ্ডিতো ভক্তো বা গোপীনাং ভাবস্ত তাং প্রাসিদ্ধাং প্রক্রিয়াং ভাবমূদ্রাং ব্যাপারমিতি যাবং বিজ্ঞাত্বং ক্ষমতে সমর্থো ভবতি ন কোহপীত্যর্থঃ। কথস্তুত্ত ভাবতা

পশুপেন্দ্র-নন্দরভূষঃ পশুপেন্দ্র-নন্দরভূষঃ পশুপেন্দ্রনন্দরং
নন্দপুলং জ্বতে সেবতে তত্ত ; পুনঃ কথস্তৃত্তা

তুর্হিপদ্বীসঞ্চারিণঃ ক্রেন্ডারাং আছৈঃ রোচুম্পক্যায়াং পদব্যাং
সঞ্চারিণঃ সঞ্চরিতুং শীলং যন্তা জিঞ্ভির্জিয়শীলৈঃ চতুভিতু জৈরপলন্ধিতাং অভ্তা চমৎকারিণী কচি শোভা যন্তা স্তাং
বৈষ্ণবীং তন্ত্বং পরিহাসার্থমানিকুর্কতি তিম্বিন্ ক্রেন্ডাংপি হন্ত আশ্চর্য্যে যাসাং গোপীনাং রাগোদয়ঃ কুঞ্তি সঙ্গোচায়মানো
ভবতীত্যর্থঃ। চক্রবর্ত্তা

।

গোর-কুপা-তর ন্সিণী টীকা

মাত্র—আশ্রয় নহেন। চারিভাবেরই বিষয়রূপে শ্রীমন্ মহাপ্রভুর উপাসনা হইতে পারিলেও কাস্তাভাবের (রাধাপ্রেমের) আশ্রয়রূপে তাঁহার উপাসনাই তাঁহার অবতরণের বৈশিষ্ট্য বা মুখ্য উদ্দেশ্যের অহুকুল।

২৭০। গোপীভাব—রাধাভাব। কান্ত—পতি। গ্রীরাধার ভাবে আবিষ্ট হইয়া খ্রীচৈতগ্য নিজেকে রাধা বলিয়া মনে করেন।

২৭১-৭৩। স্থান্ট নিশ্চয়—স্থান্ট নিশ্চিত লক্ষণ। অন্যত্তা—দিভুজ প্রীকৃষ্ণ ন্যতীত অন্য কাহারও প্রতি এই (কাস্ক)-ভাব প্রয়োজিত হয় না। ব্রজবধৃদিগের কাস্কাভাবের অপূর্ব্ব-বৈশিষ্ট্য এই যে, দিভুজমুরলীধর শিথি-পিঞ্-গুঞ্জাবিভূষণ ব্রজেজ্র-নন্দন ব্যতীত অন্য কোনও স্বরূপের প্রতি তাঁহাদের এই কাস্কাভাব প্রয়োজিত হয় না; অন্যের কথা তো দূরে, স্বয়ং ব্রজেজ্র-নন্দনও যদি কৌতুকবশতঃ কথনও অন্ম রূপ ধারণ করেন, তাহা হইলেও সেই অন্ম রূপের নিকট ব্রজবধৃদের কাস্কাভাব সঙ্কৃতিত হইয়া যায়; ২৭১-৮১ প্যারে ব্রজগোপীদিগের ভাবের এই অপূর্ব্ব বৈশিষ্ট্যের কথা বলা হইয়াছে। বৈকুণ্ডেখরী লক্ষ্মীদেবীর কান্তাভাবের সহিত তুলনা করিয়াই বোধ হয় ব্রজগোপীদিগের কান্তাভাবের এই বৈশিষ্ট্যের কথা বলা হইয়াছে; লক্ষ্মীদেবী শ্রীনারায়ণের বক্ষোবিলাসিনী হইয়াও শ্রীকৃষ্ণসঙ্গ লাভের নিমিত্ত তপস্থা পর্যান্ত করিয়াছিলেন। "যুদাঞ্জয়া শ্রীর্ল্লনাচর্ত্তপো বিহায় কামান স্কৃতিরং ধৃতব্রতা। শ্রীভা, ১০১৬।৩৬॥"

শিখিপিচ্ছ—শিখীর (ময়ুরের) পিচ্ছ (পুচ্ছ); ময়ুরের পাখা। গুঞ্জা—কুচ্ (বা কাইচ্) ফল। গুঞ্জা হই রকমের—রক্ত ও খেত। বিভূষণ—সজ্জা। শিখিপিচ্ছ গুঞ্জা বিভূষণ—শিখিপিচ্ছ (ময়ুর-পাখা) এবং গুঞ্জা (-মালা) বিভূষণ খাহার। যিনি চূড়ায় শিখিপাখা এবং বক্ষে গুঞ্জামালা ধারণ করেন। বিভিক্তিম—গ্রীবা (ঘাড়), কটা ও জায় (হাঁটু) এই তিন হুল বাঁকাইয়া যিনি দাঁড়ান। মুরলী-বদন—যাহার মুখে (বদনে) মুরলী পাকে। শ্রীক্তিফের যে রূপে গোপীকাদের চিত্ত আরুষ্ট হয়, ২৭২ পয়ারে তাহারই বর্ণনা দেওয়া হইয়াছে। ইহা ছাড়ি—২৭২ পয়ারোক্ত রূপব্যতীত। অস্তাকার—অন্তর্নপ আকার; চড়ভূজাদিরপ। গোপীকার ভাব—গোপীদের কাস্তাভাব। না যায় ইত্যাদি—সেই অন্তর্নপর প্রতি তাঁহাদের কাস্তাভাব ফ্রি প্রাপ্ত হইয়াছে।

(শা। ৮। অশ্বয়। তুরুহপদবীসঞ্চারিণ: (তুরুহ-প্রথ-সঞ্চারী) পশুপেক্স-নন্দজুম: (নন্দ-নন্দন্নিষ্ঠা)

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

গোপীনাং (গোপীদিগের) ভাবস্থা (ভাবের) তাং (সেই) প্রক্রিয়াং (প্রক্রিয়া) বিজ্ঞাভুং (জানিতে—বুনিতে) কঃ বিকোন্) কৃতী (কৃতী ব্যক্তি) ক্ষমতে (স্মর্থ) হয় ? [যতঃ] (যেহেতু) হন্ত (আশ্চর্য্য—আশ্চর্য্যের—বিষয় এই যে) জিফুভিঃ (জয়শীল) চতুভিঃভুজৈঃ (চারিটী হন্তদারা) অদ্ভুতক্চিং (অনুত-শোভাবিশিষ্ট) বৈশ্ববীং তন্তং (শ্রীবিষ্ণুমূর্ত্তি) আবিষ্কুর্কতি (প্রকটনকারী) তিম্মন্ (তাঁহাতে—সেই শ্রীকৃষ্ণে) অপি (ও) যাসাং (যাহাদের—যে গোপীদের) রাগোদয়ঃ (অন্বরাগোলাস) কুঞ্তি (স্কুচিত হন্ন)।

আমুবাদ। গোপিকাদিগের নন্দ-নন্দনিষ্ঠ এবং হ্রছ-পথ-সঞ্চরণশীল ভাবের প্রক্রিয়া কোন্ কৃতী ব্যক্তিই বা অবগত হইতে সমর্থ ? (অর্থাৎ কেহই সমর্থ হয় না)। যেহেতু, আশ্চর্য্যের বিষয় এই যে, (স্বীয় রূপ গোপন করিবার উদ্দেশ্যে, কৌতুকবশতঃ) সেই নন্দ-নন্দনই যদি জয়শীল চতুতুজিদ্বারা উপলক্ষিত গ্রীবিঞুমূর্ত্তি প্রকটিত করেন, তাহা হইলে তাঁহাতেও (সেই—শ্রীকৃষ্ণেও) তাঁহাদের (গোপীদের) রাগোলাস স্কুচিত হয়। ৮

ললিত-মাধ্ব-প্রন্থে বর্ণিত আছে যে, কোনও এক কল্পে মাধুর-বিরহে অধীর হইনা শ্রীরাধা যমুনায় কাঁপ দিনা-ছিলেন; তাহা দেখিনা বিশাখাদি সখীগণও যমুনান কাঁপ দিলেন। স্থ্যকলা যমুনা তাঁহাদিগকে লইনা স্থ্যলোকে গিয়া স্থাদেবের তথাবধানে রাখিয়া আমিলেন। সেখানেও শ্রীক্ষণ-বিরহে শ্রীরাধা অত্যন্ত অস্থিরতা প্রকাশ করিলে স্থাপত্নী ছান্না শ্রীরাধার সান্থনার নিমিত্ত এক উপায় স্থির করিলেন। স্থামণ্ডল-মধ্যবর্তী নারামণ স্করপতঃ শ্রীকৃষ্ণ হইতে অভিন্ন বলিয়া ছান্নাদেবী মনে করিলেন, স্থামণ্ডলস্থিত নারামণই শ্রীরাধার বলভ; স্তরাং তাঁহার সহিত মিলিত হইলেই শ্রীরাধা সান্থনা লাভ্ করিবে। তাই তিনি শ্রীরাধাকে বলিলেন—"রাধে! তুমি ব্যাকুল হইও না; তোমার প্রাণবন্ধভ এই স্থামণ্ডলেই অবস্থিত।" ছান্নাদেবীর কথা শুনিয়া বিশাখা তাঁহাকে যাহা বলিয়াছিলেন, তাহাই এই শ্লোকে প্রকাশ করা হইয়াছে।

ত্মক্ত-পদবী-সঞ্চারিণঃ-ত্রহ—অত্যের আবোহণের অযোগ্য, পদবীতে (পথে) সঞ্চরণশীল; ষ্ঠা বিভক্তি, "ভাবের" বিশেষণ। গোপীদিগের ভাব—কাস্তাভাব—তুরহ-পদবী-সঞ্চারী—অপর কেহ যে পথে কখনও আরোহণ করিতে পারে না, সেই পথেই বিচরণ করিয়া থাকে; স্কুতরাং ইহা অপরের—গোপীগণ ব্যতীত অন্ত কাহারও—বোধগম্য নছে; তাই এস্থলে তুর্বহ-পদবী-সঞ্চারী অর্থ—অন্ত্যের বুদ্ধির গতির অতীত—অন্তে যাহা বুঝিতে পারেনা। প্রত্থেক্স-নন্দ্ন-জুষঃ--প্রত (গো-) দিগকে পালন করে যাহারা, তাহারা প্রপ্--গোপ; তাহাদের মধ্যে ইক্ততুল্য অর্থাৎ রাজা যিনি, তিনি পশুপেক্স—শ্রীনন্দমহারাজ; তাঁহার নন্দন—পশুপেক্র-নন্দন—ব্রজেক্র-নন্দন— শ্রীকৃষ্ণ; তাঁহার সেবা (জুষ্-ধাতুর অর্থ সেবা) করে যে, তাহা হইল পগুপেন্দ্র-নন্দন-জুট্—ইহার ষ্ট্রা বিভক্তিতে ্পঞ্পেজ-নন্দন-জ্যঃ ; ইহা "ভাবের" বিশেষণ । মর্ম—ষাহা একমাত্র বঙ্জ-নন্দন-শ্রীক্ষের সেবাতেই নিয়োজিত, সেই ভাবের—ব্রজেন্দ্রনানিষ্ঠ কান্তাভাবের। দ্বিভূজ-মুরলীধর ব্রজেন্দ্র-নন্দ্রই যে গোপীদিগের কান্তাপ্রেমের একমাত্র বিষয়ালম্বন—তাহাই স্থাতি হইল। গোপীনাং ভাবস্তা—গোপীদিগের ভাবের—কান্তাভাবের। এই ভাব কিরূপ গ ত্ত্রহ-পদবী-সঞ্চারী এবং পশুপেন্দ্র-নন্দন-জুট্। প্রক্রিয়াং—পদ্ধতি; প্রকৃতি; গোপীদের কান্তাভাবের প্রকৃতি বা স্বরপ। বিজ্ঞাতুং-বিশেষরপে জানিতে। জিম্বুভিঃ চতুর্ভিঃ ভুরেজঃ-জম্বশীল চারিটী হস্ত দারা। জিফুভি: (জয়শীল)-শন্দের সার্থকতা এই যে, শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী চারিটী হস্ত দ্বারা শ্রীবিষ্ণু সকলকেই জ্বয় করিতে পারেন। এম্বলে ব্যঞ্জনা এই যে, এই জয়শীল হস্ত-চতুষ্টয়ও কিন্তু গোপীদের ভাবকে জয় করিতে পারে নাই—চতুর্জরূপ দেখিয়া গোপীদের কান্তাভাব উচ্ছুদিত না হইয়া বরং সঙ্কৃচিত হইয়াছে। বৈঞ্বীং তকুং—বৈঞ্ব অর্থাৎ বিফুদম্বদীয় বা বিষ্ণুর স্বরূপভূত দেহ; বিষ্ণুমূর্ত্তি। রা**গোদয়**—রাগের (কান্তাভাবোচিত প্রীতির) উদয় বা উল্লাস। **কুঞ্তি**— সঙ্কৃচিত হয়।

২৭০ পয়ারের প্রমাণ এই শ্লোক।

ব্ৰজ্মন্দ্ৰীগণেৰ ভাব শুদ্ধ-মাধুৰ্য্যময়; শ্ৰীক্লঞ্চের ভগবস্তার কথা তাঁহাদের চিত্তে স্থান পায় না; তাঁহারা এই মাত্র-

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

জানেন যে, শ্রীকৃষ্ণ ব্রজরাজ-নন্দন এবং তাঁহাদের প্রাণবল্লভ। তাই ছায়াদেবীর কথা শুনিয়া বিশাখা হ্যতো প্রথমে ব্রিতেই পাবেন নাই—তিনি কেন স্থামওলমধ্যবর্তী নারায়ণকে শ্রীরাধার প্রাণবল্লভ বলিতেছিলেন। সম্ভবতঃ তথন তাঁহার মনে পড়িল যে, শ্রীকৃষ্ণের নামকরণের সময়ে গর্গাচার্যা নাকি বলিয়াছিলেন—শ্রীকৃষ্ণ "নারায়ণসমো শুণৈঃ।" ইহা মনে করিয়া তিনি মনে করিলেন, এই নারায়ণের সঙ্গে শ্রীকৃষ্ণের শুণসাম্য—অধিকন্ত বর্ণসাম্য—আছে বলিয়াই বোধ হয় ছায়া-দেবী নারায়ণকে শ্রীরাধার প্রাণবল্লভ বলিয়াছেন। ইহা মনে করিয়াই বিশাখা ছায়া-দেবীকে বলিলেন—

"তুমি মনে করিয়াছ, বিষ্ণুষ্টি দর্শন করিলেই শ্রীরাধার রুফবিরহ-ব্যথা প্রশমিত হইবে; কিন্তু ইহা তোমার প্রান্ত ধারণা। ঐশর্যময়-বিষ্ণুষ্টির কথা তো দ্রে, স্বয়ং ব্রজেল্র-নন্দন যদি কোতুকবশতঃ তাঁহার ব্রজের সমস্ত মাধুর্যকে অক্র রাথিয়া চতুর্জন্ধপ ধারণ করেন, তাহা হইলে সেই পূর্ণ-মাধুর্যময় চতুর্জন্ধপ দেথিয়াও শ্রীরাধার কান্তাভাব সঙ্কৃতিত হইবে। শ্রীরাধার কথাই বা বলি কেন ? শ্রীরাধার কথা উঠিতেই পারে না— কারণ, তাঁহার স্থীম্বানীয়া গোপবধ্দের কান্তাভাবও সেই চতুর্জন্ধপ দেথিয়া সঙ্কৃতিত হইয়া য়য়। বস্ততঃ, গোপবেশ-বেণুকর, নবকিশোর-নটবর, বিভূজ-শ্রামস্থানরন্ধপ ব্যতীত শ্রীক্ষেরই অন্ত বেশে আমাদের চিত্ত প্রসায় হয় না—বিষ্ণুষ্টির কথা আর কি বলিব ? নিজের প্রত্যক্ষ অভিজ্ঞতা হইতেই বিশাখা এই কথা বলিলেন; যে লীলায় তাঁহার এই অভিজ্ঞতা জন্মিয়াছে, তাহার ইঙ্গিত মাত্র উক্ত-শ্লোকে দেওয়া হইয়াছে। পরবর্ত্তী ২৭৪-৮০ প্রারে প্রন্থকার কবিরাজ-গোলামী এই লীলাটী বর্ণন করিয়াছেন।

লীলাটা এই। এক সময়ে বসন্তকালে প্রীকৃষ্ণ সমস্ত ব্রজ্বধ্দের সঙ্গে গোবর্দ্ধনে রাসলীলা করিতেছিলেন। একাকিনী শ্রীরাধাকে লইয়া নিভ্ত-নিকুঞ্জে বিহার করার নিমিত্ত হঠাৎ তাঁছার ইচ্ছা হইল; ইন্সিতে শ্রীরাধাকে তাঁছার উদ্দেশ্য জানাইয়া তিনি রাদস্থলী হইতে অন্তর্হিত্ হইলেন এবং শ্রীরাধার অপেকার নিভ্ত-নিকুঞ্জে যাইয়া বসিয়া রহিলেন। এদিকে, রাসস্থলীতে কুক্চকে দেখিতে না পাইয়া গোপবধুগণ রাসস্থলী ত্যাগ করিয়া শ্রীকৃষ্ণকে অরেমণ করিতে লাগিলেনে; অন্বেষণ করিতে করিতে দূর হইতে তাঁহারা দেখিলেন—শ্রীকৃষ্ণ এক কুঞ্জের মধ্যে বসিয়া আছেন। কৃষ্ণও দূর হইতে গোপীগণকে দেখিলেন, দেখিয়া একটু সন্ত্ৰস্তও বোধ হয় হইলেন—সকলকে ত্যাগ করিয়া রাসস্থলী হইতে পলাইয়া আসিয়া একাকী নিভূত-নিকুঞ্চে বসিয়া থাকার কি সন্তোষজনক উত্তর তিনি তাঁহাদিগকে দিবেন ? কুঞ্জ ছাড়িয়া অন্তক্ত গিয়া যে আত্মগোপন করিবেন, সেই স্ক্যোগও আর ছিলনা; কারণ, গোপীগণ আসিয়া পড়িয়াছেন, পলাইতে গেলেই ধরা পড়িবেন—তথন আরও অধিকতরব্ধপে বিত্রত হইতে হইবে। অন্ত কোনও উপায় না দেখিয়া শ্রীক্লফ্ ভাবিলেন—"হায়, হায়! কি করি ? যদি এসময় আমার আরও তুইটী হাত বাহির হইত, যদি চতুর্জ হইতে পারিতাম, তাহা হইলে সম্ভবতঃ গোপীদের হাত হইতে রক্ষা পাইতে পারিতাম—দূর হইতে আমার বর্ণ দেখিয়াই তাঁহারা 'রুফ' মনে করিয়া এদিকে আসিতেছেন; কিন্তু কুঞ্জের ভিতরে আসিয়া যখন চারিটী হাত দেখিবেন, তখনই তাঁহারা নিজেদিগকে ভ্রান্ত মনে করিয়া অন্তত্ত চলিয়া যাইবেন। কিন্তু আর তুইটী হাতই বা কোথায় পাইব ?" ব্রজে মাধুর্য্যের পূর্ণতম অধিকার ছইলেও ঐশ্বর্য্যের পূর্ণতম অভিব্যক্তিও সেখানে আছে—তবে বিশেষত্ব এই যে, এজের ঐশ্বর্যা মাধুর্য্যের অন্তরালে প্রচ্ছের—কারণ, ব্রচ্ছেন্ত-নন্দন ব্রজে সাধারণতঃ প্রত্যক্ষভাবে ঐশ্বর্যাকে অঙ্গীকার করেন না; কিন্তু, পতিকর্তৃক পরিত্যক্তা পতিগতপ্রাণা পত্নীর ক্যায় শ্রীকৃষ্ণের ঐশ্বর্যাশক্তি খ্রোগ পাইলেই অলক্ষিতভাবে ব্রজে শ্রীক্ষের সেবা করিয়া পাকেন। তাই, চতুভূজি হওয়ার নিমিত্ত শ্রীক্ষের যে ইচ্ছা হইয়াছিল, সেই ইচ্ছাশক্তির ইঙ্গিত পাইয়া ঐর্থাশক্তি শ্রীকৃষ্ণকে তৎক্ষণাৎ চতুতু জ করিয়া দিলেন—শ্রীকৃষ্ণ স্বীয় চারিটী বাহু দেখিয়া চমৎকৃত ও আনন্দিত হইলেন। ইত্যবসরে গোপীগণ আশান্বিত হইয়া কুঞ্জে আসিয়া উপস্থিত হইলেন; উপস্থিত হইয়াই কুঞ্জমধ্যস্থিত খ্যামস্কর-মূর্ত্তির দিকে চাহিয়া হতাশ হইলেন! ইনি তো তাঁদের প্রাণবঁধুয়া শ্রীকৃষ্ণ নহেন ? ইনি তো দেখা ঘাইতেছে চতুতুজি নারায়ণ! তাঁহাদের উচ্ছুসিত কাস্তাভাব সঙ্গুচিত হইয়া গেল। তাঁহারা করজোড়ে শ্রীনারায়ণকে স্ততি-নতি করিয়া শ্রীকৃষ্ণ-প্রাপ্তির প্রার্থনা নিবেদন করিয়া শ্রীকৃষ্ণের অয়েষণে অন্তর চলিয়া গেলেন। (স্বয়ং শ্রীকৃষ্ণও যদি কৌতুক-

বসন্তকালে রাসলীলা করে গোবর্দ্ধনে।
অন্তর্দ্ধান কৈল সঙ্গেত করি রাধা সনে॥ ২৭৪
নিভৃত-নিকুঞ্জে বসি দেখে রাধার বাট।
অন্বেয়িতে আইলা তাহাঁ গোপিকার ঠাট॥ ২৭৫
দূরে হৈতে কুফে দেখি কহে গোপীগণ——।

এই দেখ কুঞ্জের ভিতর ব্রজেন্দ্রন্দর ॥ ২৭৬
গোপীগণ দেখি কুফের হইল সাধ্বস ।
সুকাইতে নারিলা ভয়ে হইলা বিবশ ॥ ২৭৭
চতুর্ভুজ মূর্ভি ধরি আছেন বসিয়া।
কুষ্ণ দেখি গোপী কহে নিকটে আসিয়া॥ ২৭৮

গৌর-কুপা-তরঙ্গিণী চীকা।

বশতং অন্তর্গন ধারণ করেন, তাহা হইলে প্রীরাধার সহচরীগণের ভাবও গে সঙ্গৃতিত হইয়া যায়, এ পর্যান্ত তাহার প্রমাণ পাওয়া গেল)। গোপীগণ চলিয়া যাওয়ার সঙ্গে সঙ্গেই প্রীরাধা প্রীরুফের দৃষ্টির পথবর্ত্তিনী হইলেন। নিরুপক্ষরে প্রীরাধাকে একাকিনী পাইবেন—এই ভরসায় প্রীরুফ উংফ্র হইলেন; ঐ চারিটী হাতের দ্বারা প্রীরাধাকে চ্যুংকত করিতে পারিবেন ভাবিয়াও তিনি অধিকতর আনোদ অন্তর্ভব করিতে লাগিলেন। কিন্তু আশ্চর্গের বিষয়, ঐ চারিটী হাত রক্ষা করা যেন তাঁহার পক্ষে কষ্টকর ব্যাপার হইয়া উঠিল—প্রীরাধা মতই নিকটবর্ত্তিনী হইতেছেন, অভিরিক্ত হাত ত্বানা ততই যেন শীল্প শীল্প অন্তর্হত হওয়ার চেষ্টা করিতেছে। সে ত্বানাকে রক্ষা করার জন্ম প্রীরুফ্ষ অনেক চেষ্টা করিলেন; কিন্তু তাঁহার সমস্ত প্রয়াস নিক্ষা হইল—প্রীরুফ্ষ প্রিরাধার স্পাঠ-দৃষ্টির মধ্যে আসিবার পূর্বেই অতিরিক্ত হাত-ত্বানা সমাক্রপে অন্তর্হিত হইল—প্রীরুক্ষ কেবল দিতুজরূপে বসিয়া রহিলেন। ইহা মহাভাব-স্বরূপিনী প্রীরাধার মাধ্যামন বিশুন্ধভাবের এক অন্তর্গ প্রভাব—মাহার সাক্ষাতে ঐর্য্যানিক্ত কিন্তুতেই আল্মপ্রকাশ করিতে সমর্য হয় না। অন্ত গোপীদের ভাবও শুন্ধ-মাধ্যাময়—তথাপি কিন্তু তাহাদের সাক্ষাতে ঐর্য্যানক্তি কিন্ত্রং-পরিমাণে আল্মপ্রকাশ করিতে পারিয়াছিল—শ্রীরুক্ষের ইচ্ছাশক্তির ইন্ধিতে তাঁহাকে চতুত্বজনপ দিতে পারিয়াছিল। কিন্তু প্রীরাধার ভাব সর্ব্বাতিশানী; তাহার প্রভাব এতই বেশী যে, প্রীরুক্ষের বলবতী ইচ্ছা এবং প্রবল প্রয়াস থাকা সম্ভেও ঐর্য্যানকি অতিরিক্ত তুইটী হাত অন্তর্হিত করিতে—কোটিস্ব্র্যের বিকাশে সামান্ত যথোতেকের ন্যায়—সমাক্রপে আল্মগ্রোপন করিতে—বাধ্য হইয়াছে। শ্রীরুক্ষের ইচ্ছা এবং প্রয়াদ অপেক্ষাও শ্রীরাধার প্রেমের প্রভাব অনেক বেশী শক্তিশালী (পরবর্ত্তী হন প্রোক্রের টাকা ক্রপ্রয়)।

২৭৪-৭৫। গোবর্দ্ধনে—গোবর্দ্ধন পর্বতের নিকট রাগেলি-নামক স্থানে। সঙ্কেত করি ইত্যাদি—নিভ্ত বিহারের নিমিত্ত শ্রীরাধাও যেন রাসস্থলী ছাড়িয়া নিকুঞ্জে শ্রীক্ষেত্রের সহিত মিলিত হয়েন, এই উদ্দেশ্যে শ্রীরাধাকে ইন্ধিত করিয়া। নিভ্তত—নির্জ্জন। রাধার বাট—শ্রীরাধার পণ (বাট অর্থ রাস্তা)। শ্রীরাধা আসিতেছেন কিনা, তাহা দেখিবার নিমিত্ত তাঁহার পথের দিকে চাহিয়া আছেন—শ্রীকৃষ্ণ। অন্বেষিতে—শ্রীকৃষ্ণকে খুঁজিতে। তাঁহা—সেই স্থানে; নিভ্ত নিকুঞ্জের নিকটে। গোপিকার ঠাট—গোপীস্কল।

২৭৭-৭৮। সাধ্বস—আস, ভয়। গোপনে রাসস্থলী ছাড়িয়া আসিয়া একাকী নিভ্ত-নিকুঞ্জে বসিয়া থাকার কি সন্তোষজনক উত্তর দিবেন, তাহা ভাবিয়া ক্ষেত্রৰ ভয় হইল। কারণ, তিনি যে একাকিনী প্রীরাধার সহিত নিভ্তে ক্রীড়া করার উদ্দেশ্যেই পলাইয়া আসিরাছেন, একথা গোপীদের নিকটে প্রকাশ করিতে পারিবেন না, করিলে তাঁহারা মানিনী হইবেন বলিয়া তিনি আশক্ষা করিয়াছিলেন। লুকাইতে ইত্যাদি—কুঞ্জ ছাড়িয়া অগ্রত্র আত্মগোপন করিতেও পারিলেন না; তথন আর পলাইবার সময় ছিল না। গোপীগণ নিকটে আসিয়া পড়িয়াছেন, পলাইতে গেলেই ধরা পছিয়া অপ্রতিভ হইতে হইবে; তাই কুঞ্জে বসিয়াই ভয়েতে প্রায় বিহলেল হইয়া পড়িলেন। চতুতু জ মূর্ত্তি ইত্যাদি—তাঁহার এই ভর দেখিরা এবং আত্মগোপনের উদ্দেশ্যে চতুতু জ হওয়ার জন্ম প্রীরুক্তের ইচ্ছাশক্তির ইন্ধিত পাইয়া ঐশ্বর্যাশক্তি, তাঁহাকে চতুতু জন্মপ দিয়া দিলেন (পূর্ব্বর্ত্তা লোকের টীকার শেষাংশ প্রইব্য) এবং সেই চতুতু জন্মপেই শ্রীরুক্ত কুঞ্জের মধ্যে বসিয়া রহিলেন। কুক্ত দেখি— মাহাকে একটু আগে দ্র হইতে রক্ষ বিলিয়া মনে করিয়াছিলেন, এক্ষণে নিকটে আদিয়া তাঁহাকে দেখিয়া।

ইহোঁ কৃষ্ণ নহে, ইহোঁ নারায়ণমূর্ত্তি।
এত বলি তাঁরে সভে করে নতি-স্তুতি॥ ২.৭৯
নমো নারায়ণ দেবঁ! করহ প্রসাদ।
কৃষ্ণসঙ্গ দেহ, মোর খণ্ডাহ (যুচাহ) বিষাদ॥ ২৮০
এত বলি নমস্করি গেলা গোপীগণ।
হেনকালে রাধা আসি দিলা দরশন॥ ২৮১
রাধা দেখি কৃষ্ণ তাঁরে হাস্ত করিতে।
সেই চতুভুজি মূর্ত্তি চাহেন রাখিতে॥ ২৮২
লুকাইল তুই ভুজ রাধার অগ্রেতে।

বহুষত্ন কৈল কৃষ্ণ—নাবিল বাখিতে ॥২৮৩
রাধার বিশুদ্ধভাবের অচিন্তা প্রভাব।
যে কৃষ্ণেরে করাইল দ্বিভুজস্বভাব॥ ২৮৪
উজ্জ্বনীলমণে নায়িকা-ভেদপ্রকরণে (৬)—
রাসারস্ভবিধে নিলীয় বসতা কুল্লে মৃগাক্ষীগণৈদৃষ্টিং গোপয়িত্বং সমুদ্ধবিধিয়া যা স্মুষ্ঠ্ সন্দর্শিতা।
রাধায়াং প্রণয়স্ত হন্ত মহিমা যাস্ত শ্রিলা রক্ষিত্বং
সা শক্যা প্রভবিষ্ণুনাপি হ্রিণা নাসীচ্চতুর্বাহুতা॥ ব

ধ্যোকের সংস্কৃত টীকা।

রাসারস্ভেতি। তত্তটৈতিহ্প্রমাণমাহ রাসেতি। যা চতুর্বাহতা। শ্রীজীব।না

গৌর-কূপা-তরঞ্চিণী টীকা।

২৭৯-৮০। ইতেঁ কৃষ্ণ ইত্যাদি—ইনি তো দেখিতেছি নারায়ণ; আমরা দূর হইতে ঢারি হাত দেখিতে না পাইয়া ভূল করিয়াছিলাম। নতি স্ততি—নমস্কার ও শুব। নমোনারায়ণ ইত্যাদি—নতিস্ততি করিয়া গোপীগণ বলিলেন—"হে নারায়ণ! আমাদের প্রতি প্রসন্ন হও; আমাদের প্রাণবল্লভ কৃষ্ণকে মিলাইয়া দাও— আমাদের তৃংখ দূর কর।" বিষাদ—হৃংখ। খণ্ডাহ—খণ্ডন কর; দূর কর।

২৮১-৮৩। হেনকালে—গোপীগণ চলিয়া যাওয়া সাতেই। রাধা আসি ইত্যাদি—শ্রীরাধা আসিয়া শ্রীক্ষের দৃষ্টিপথবর্ত্তিনী হইলেন; শ্রীক্ষ দেখিলেন, দ্বে শ্রীরাধা আসিতেছেন। তাঁরে হাস্ত করিতে—শ্রীরাধাকে হাস্ত করিতে, শ্রীরাধার সহিত কৌতুক-রঙ্গ করিতে। লুকাইল—অন্তর্হিত হইল। তুই ভূজ—ছইবাহ; অতিরিক্ত যে তুই বাহু প্রকৃতিত হওয়াতে শ্রীক্ষ চতুর্ভু হুইয়াছিলেন, সেই তুই বাহু। রাধার অত্যেতে—শ্রীরাধার সন্মৃথে; শ্রীরাধার উপস্থিতিমাত্রে। বহুষত্ন ইত্যাদি—সেই তুই বাহু রক্ষা করার জ্লু শ্রীকৃষ্ণ বহু চেষ্টা করিয়াছিলেন; কিন্তু রাখিতে পারিলেন না; কারণ, শুদ্ধ-মাধুর্য্যের প্রতিমৃত্তি শ্রীরাধার সাক্ষাতে ঐশ্ব্যা কিছুতেই আত্মপ্রকাশ করিতে সমর্থ হইল না—শ্রীকৃষ্ণের বলবতী ইচ্ছাসত্ত্বেও না (পূর্ববের্ত্তী শ্লোকের টীকার শেষাংশ দ্বইব্য)।

২৮৪। বিশুদ্ধ ভাবের— ঐশ্ব্যা-গদ্ধলেশশূর্য শুদ্ধ-মাধুর্য্যায় ভাবের। যে—যে বিশুদ্ধভাব। করাইল ইত্যাদি—চতুর্ভূজত্ব ঘূচাইয়া ক্ষেত্র স্বর্নাম্বন্ধী দিল্লন—একমাত্র যে দিল্লন্ধন গোপস্ন্দরীদের রতির বিষয়ালম্বন। দিল্ল-স্বতাব—স্বরূপদিদ্ধ দিল্লন্ধন। দিল্ল-স্বতাব—স্বরূপদিদ্ধ দিল্লন্ধন। দিল্ল-স্বতাব—স্বরূপদিদ্ধ দিল্লন্ধন। "ক্লফের যতেক খেলা, সর্বোত্তম নরলীলা, নরবপু ক্ষেত্র স্বরূপ। ২০১০ পূর্ববিত্তী শ্লোকের টীকার শেষাংশ দ্বেইব্য।

২৭৪-৮৪ পয়ারের উক্তির প্রমাণরূপে নিম্নে একটা শ্লোক উদ্ধৃত হইয়াছে।

শ্রেণা। ৯। অষয়। রাসারস্ভবিধে (রাসারস্ভ-সময়ে) কুঞ্জে (কুঞ্জমধ্যে) নিলীয় (লীন হইয়া—লুকাইয়া)
বসতা (অবস্থানকারী) হরিণা (শ্রীহরিকর্ত্রক)—মূগাক্ষণিগণৈ: (মূগ-নয়না-গোপীগণকর্ত্রক) দৃষ্টং (দৃষ্ট) সং (নিজেকে)
গোপয়িতুং (গোপন করিতে—লুকাইতে) উদ্ধরধিয়া (উৎকৃষ্ট বুদ্ধিয়ারা) য়া (য়াহা—য়ে চতুর্ভূজতা) স্বষ্চু (স্থেলাররপে)
দল্শিতা (প্রদর্শিত হইয়াছে)—হন্ত (অহো), রাধায়া: (শ্রীয়াধার) প্রণয়ত্তা (প্রেমের) মহিমা (মাহায়া)
[এবস্তুতঃ] (ঈদৃশ), মস্তা (য়াহার—য়ে রাধাপ্রেমের) শ্রেয়া (প্রভাবয়ারা) প্রভবিষ্ণুনা অপি (প্রভাবশালী—
সর্বসমর্থ—হইয়াও) হরিণা (শ্রীহরিকর্ত্রক) সা (সেই) চতুর্বাহ্নতা (চতুর্ভূজত্ব) রক্ষিত্বং (রক্ষিত হইতে) শক্যা
(সমর্থা) ন আদীৎ (হইয়াছিল না)।

গৌর-কূপা-তরঞ্জিণী টীকা।

অসুবাদ। রাসারস্তে (রাসমণ্ডল পরিত্যান করিয়া) শ্রীকৃষ্ণ কোনও কুঞ্জনধ্যে আত্মনোপন করিয়া অবস্থান করিতেছিলেন, এমন সময়ে মুগনয়না-গোপিকাগণ সেই স্থানে আসিয়া তাঁহাকে দর্শন করিলে, তিনি স্বীয় উত্তমবৃদ্ধির প্রভাবে নিজেকে (গোপিকাদিগের নিকট হইতে) লুকাইবার উদ্দেশ্যে সুষ্ঠ্রপে যে চতুর্ভুজরপ প্রকাশ করিয়াছিলেন; অহা ! শ্রীরাধার এমনই প্রেম-মহিমা, যে প্রেম-মহিমার প্রভাবে—সেই চতুর্ভুজরপ—শ্রীকৃষ্ণ সর্বাণক্তিশালী হইয়াও—রক্ষা করিতে সমর্থ হয়েন নাই। ১

গোবর্দ্ধন-গিরির উপত্যকায় রাসোলী-নামক স্থানের বসন্তরাস-স্থান্ধ বুন্দাদেবী পৌর্নমানীর নিকটে যাহা বলিয়াছেন, তাহাই শ্লোকে বিবৃত হইয়াছে। এক্ষি কোতুকবশতঃ প্রকটিত চতুভুজিরপ, গোপিকাগণের সন্মুখে রক্ষা করিতে পারিলেও—শ্রীরাধার প্রেমের অদ্ভুত প্রভাববশতঃ শ্রীরাধার স্মাথে যে তাহা রক্ষা করিতে পারেন নাই, তাহাই এই শ্লোকে প্রকাশ করা হইয়াছে। প্রীরাধার সাক্ষাতে তিনি চতুর্কুরূপ রক্ষা করিতে পারিলেন না কেন? উত্তর বোধ হয় এইরূপ:—শ্রীকৃষ্ণ থড়ৈশ্ব্যপূর্ণ স্বয়ংভগবান্; তিনি প্রম-স্বতন্ত্র—তাঁহার ঐশ্ব্যের প্রম-বিকাশই তাঁহার পর্ম-সাতন্ত্রোর হেতু; কিন্তু তিনি প্রম স্বতন্ত্র হইলেও প্রেমের অধীন—্যে প্রেম তাঁহার ঐশ্ব্য-জ্ঞানের সহিত মিশ্রিত, সেই প্রেমের অধীন নহেন; কারণ, সেই প্রেমে তিনি প্রীতিলাভ করিতে পারেন না; তিনি নিজেই বলিয়াছেন "এশ্বর্যা-শিখিল প্রেমে নছে মোর প্রীত। ১।৩,১৪॥"—পরস্তু, যে প্রেমে ঐশ্বর্যা-জ্ঞানের গন্ধলেশও নাই, যে প্রেম শুদ্ধ-মাধুর্য্য-ভাবময়, শ্রীকৃষ্ণ সেই প্রেমেরই বশীভূত, সেই প্রেমের বশীভূত হইয়া তিনি নন্দ-যশোদার তাড়ন-ভং সন লাভ করিয়া, স্থবলাদিকে স্কন্ধে বছন করিয়া এবং 'দেছি পদপ্লবম্দারং' বলিয়া শ্রীরাধার পাদমূলে পতিত ছইয়াও অনিব্বিচনীয় আনন্দ অন্তভ্ৰ করিয়াছেন। প্রীকৃষ্ণ এইরূপ শুদ্ধ-মাধুর্য্য-ভাবময় প্রেমের অধীন বলিয়া তাঁছার ঐশ্ব্যও এই প্রেমের অন্ত্রত—শুদ্ধনাধুর্য্যের অন্ত্রত। যে স্থলে শুদ্ধন্মাধুর্য্যের বিকাশ, সে স্থলেও—লীলারস-পুষ্টির বা লীলার সহায়তার নিমিত্ত লীলাকারীদের ইচ্ছাশক্তির ইঙ্গিতে, সাধারণতঃ তাঁহাদের অজ্ঞাতসারেই—ঐশ্বর্য আত্মপ্রকাশ করিয়া মাধুর্য্যের সেবা করিয়া যায়; কিন্তু স্বরূপতঃ শুদ্ধ-মাধুর্য্যের অন্তগত বলিয়া সে স্থলে ঐশ্ব্য কথনও শুদ্ধ-মাধুর্য্যের বা মাধুর্য্যাত্মক প্রেমের উপরে প্রাধান্ত স্থাপন করিতে পারে না—গুদ্ধ-মাধুর্য্য-ভাবাত্মক ভক্তকে তাঁহার ইন্ধিত ব্যতীত অভিভূত, অপ্রতিভ বা চমংকৃত করিতে পারে না এবং তাঁহার একিন্ধপ্রীতিকে কোনও সময়েই শিপিল করিতে পারে না। তাই পূতনা-তৃণাবর্ত্তবধাদিতে, কি কালীয়-দমনাদিতে, কি গোবর্দ্ধন-ধারণাদিতে, কি গোবর্দ্ধন-গুহায় শ্রীরাধার গোরীপূজাদিতে, এমন কি রাসলীলায় এক্তিফের বছ-প্রকাশমূর্ত্তি-প্রকটনে—অশেষ ঐশ্বর্যাের বিকাশ থাকা সত্ত্বেও ব্রজ-পরিকরদের ব্রজেল্র-নন্দন-নিষ্ঠ ভাব সঙ্গুচিত হয় নাই; কারণ, যে যে স্থলে পরিকরগণ ঐশ্বর্যা অন্তভবও করিয়াছেন, সে সে স্থলেও শুদ্ধমাধুর্য্য-বশতঃ তাঁহার। সেই এশ্বর্যকে শ্রীক্ষের এশ্বর্য বলিয়াই মনে করিতেন না। নিভূত-নিকুঞ্জে গোপীগণ যে চতুরু জরপ দেখিয়াছিলেন, তাহাতে তাঁহারা একঞেরই চতুরু জন্ত-প্রাপ্তি মনে করেন নাই—চতুরু জরপকে নারায়ণ বলিয়াই মনে করিয়াছেন; তাই, প্রথমে কুঞ্জমধ্যস্থ মূর্ত্তিকে শ্রীকৃষ্ণ মনে করিয়া তাঁহাদের যে প্রেম উপলিয়া উঠিয়াছিল, তাঁহাকে নারায়ণ ভাবিয়া তাহা সন্ধৃচিত হইয়া গেল—গ্রীক্লফেরই চতুতু জত্ব ভাবিয়া সন্ধৃচিত হয় নাই। যাহা হউক, যে স্থলে শুদ্ধ-মাধুৰ্য়াত্মক প্ৰেমের বিকাশ যত বেশী, সে স্থলে শ্ৰীকৃষ্ণের প্ৰেমাধীনত্বও তত বেশী এবং তাঁহার ঐশব্যের বিকাশ—মাধুর্য্যের অনহাগত ভাবে বিকাশও—তত কম। শ্রীরাধাতে প্রেমের পূর্ণতম বিকাশ; স্কুতরাং তাঁহার কোনওরূপ ইঙ্গিত ব্যতীত, তাঁহাকে চমংকৃত বা অপ্রতিভ করার জন্ম ঐশ্র্যের বিকাশ একেবারেই সম্ভব ন্য়। তাই তাঁহার সাক্ষাতে ঐশ্বর্যজনিত চতুতু জত্ব স্বীয় অন্তিত্ব ককা করিতে সমর্থ হয় নাই। অক্ত গোপীদের প্রেমও শুদ্ধ-মাধুর্যাময় হইলেও এবাধা অপেক্ষা তাঁহাদের মধ্যে প্রেমের বিকাশ কিছু কম; তাই লীলারস-পুষ্টির উদ্দেশ্যে—শ্রীরাধা ও প্রীকৃষ্ণ এতত্বভয়েরই অভীষ্ট নিভ্ত-নিকুঞ্জ-বিহারের আত্মকুল্য-সাধনের উদ্দেশ্যে—তাঁহাদের সাক্ষাতে চতুতু জত্ব প্রকটিত করিষা ঐশ্ব্যাশক্তি তাঁহাদিগকে অন্তত্ত পাঠাইষা দিতে সমর্থ হইয়াছে; এই সামর্থ্যের ত্ইটা হেতু:—(১) শ্রীরাধা

দেই ব্রজেশ্বর ইহাঁ —জগন্নাথ পিতা।
দেই ব্রজেশ্বরী ইহাঁ—শচীদেবী মাতা॥ ২৮৫
দেই নন্দস্ত ইহাঁ—-চৈত্রতাগোসাঞি।

সেই বলদেব ইহাঁ—নিত্যানন্দ ভাই॥ ২৮৬ বাৎসল্য দাস্থ সখ্য—তিন ভাবময়। সেই নিত্যানন্দ কৃষ্ণচৈত্য সহায়॥ ২৮৭

গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

অপেক্ষা অন্ত গোপীদের মধ্যে প্রেম-বিকাশের ন্যনতা এবং (২) অন্ত গোপীদের অন্থপস্থিতিতে নিভ্ত-নিকুঞ্জ-বিলাসের নিমিত্ত শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ—বিশেষতঃ শ্রীরাধার—ইচ্ছা (ইহাতে ঐপ্র্-প্রকাশে মাধুর্য্যের ইন্ধিত পাওয়া যায়)।

অথবা, শ্রীকৃষ্ণ তো এজে ঐথর্যকে অদীকারই করেন না, তথাপি ঐথর্য শ্রীকৃষ্ণের পোনা না করিয়া থাকিতে পারেনা; যেহেতু, ঐ্থর্য উহারই শক্তি। তবে ঐথর্যশক্তি প্রিকৃষ্ণের পোনা করেন—শ্রীকৃষ্ণের অজ্ঞাতসারে, তাঁহার ইচ্ছাশক্তির ইঞ্জিত। এছলে শ্রীকৃষ্ণের মুখ্য ইচ্ছা ছিল—নিভ্ত নিকুজে একাকিনী শ্রীরাধার সহিত নিলন। স্কুরাং এই নিলনের স্থাোগ করিয়া দেওরাই ইইবে ঐথ্যাশক্তি তাহা করিয়াছিলেন—শ্রীকৃষ্ণের ইচ্ছাশক্তির ইন্ধিতেই তাঁহার চারিটী হাত প্রবিষা। চারিটী হাত দেখিয়াই গোপীগণ মনে করিলেন,—কুল্লে যিনি বসিয়া আছেন, তিনি তাঁদের প্রাণবল্লভ নহেন; তাই তাঁহারা কুল্ল ছাড়িয়া চলিয়া গেলেন। গোপীদের সহিত মিলিত হও্যাই যদি শ্রীকৃষ্ণের মুখ্য উদ্বেশ হাহলে তাঁহাদের সাক্ষাতেও, কৌতুক্বশতঃ চারিটী হাত রক্ষা করার ইচ্ছা শ্রীকৃষ্ণের মনে উদিত হইলেও, ঐথ্যাশক্তি তাহা রাখিতে পারিতেন না, বা রাখিতেন না; যেহেতু, তাহাতে গোপীদের সহিত মিলনের নিমিত্ত শ্রীকৃষ্ণের মুখ্য উদ্বেশ্য করিয়া গেল। শ্রীরাধা আসিলেন, তাঁহার সাক্ষাতে চতুর্ভ্জিরপ রাখার জ্য়া ক্ষের ইচ্ছা জ্বিলেও ঐথ্যাশক্তি তাহা রাখিতে পারিলেন না, বা রাখিলেন, তাঁহার সাক্ষাতে চতুর্ভ্জিরপ রাখার জ্যাক্রিয়া গেলেন। চতুর্ভ্জিরপও তথনও রহিয়া গেল। শ্রীরাধা আসিলেন, তাঁহার সাক্ষাতে চতুর্ভ্জিরপ রাখার জ্যাক্রিয়া হিলালও ঐথ্যাশক্তি তাহা রাখিতে পারিলেন না, বা রাখিলেন না; যেহেতু, তাহাতে নিভ্ত নিকুল্পে একাকিনী শ্রীরাধার সহিত মিলনের আয়ক্ল্য বিধানরূপ সেবা ঐথ্যাশক্তির সন্তব হইত না। ব্রজ্যের অন্তব্ত; তাই যাধ্র্যাত্রিকা লীলারে প্রতিক্ল কোনও কার্যাই ঐথ্যাশক্তির সন্তব হইত না। ব্রজ্যের অন্তব্ত; তাই যাধ্র্যাত্রিকা লীলার প্রতিক্ল কোনও কার্যাই ঐথ্যাশক্তি সেথানে করিতে পারেন না, লীলার পুষ্টি-সাধনের আয়কুল্যই যথাসন্তব্তাৰে করিতে পারেন।

রাসারস্তবিদোঁ—বাসের আরম্ভ বিহিত হইলে; রাসলীলা আরম্ভ হওয়ার পরে। কুঞে নিলিয় বসতা হরিণা—যিনি রাসস্থলী হইতে পলাইয়া গিয়া নিভ্ত-নিকুঞ্জে লুকাইয়া অবস্থান করিতেছিলেন, সেই শ্রীহরি কর্ত্ক (পরবর্ত্তা সন্দর্শিতা-ক্রিয়ার কর্তা হইল 'হরিণা'—কর্মবাচ্যে)। য়ুগাক্ষীগৈণৈঃ—মূগের (হরিণের) য়ায় অফি (চক্ষ্) বাহাদের, সেই গোপীগণ কর্ত্ক। হরিণ-নয়না গোপীগণ কর্ত্ক (দৃষ্টং ক্রিয়ার কর্ত্তা—কর্মবাচ্যে)। উদ্ধর্মবিয়া—প্রতিভার্চা বৃদ্ধিরারা (করণ); প্রতিভা-সম্পন্না বৃদ্ধিরারা। ব্রিয়া—সম্পত্তি হারা; প্রেমের সম্পত্তি অর্থ প্রেমের প্রভাব। প্রভবিষ্ণুক্তনা—প্রভাবশালী বা সর্বাণক্তিসম্পন্ন (শ্রীহরি)-কর্ত্ক। এই শব্দের ব্যঞ্জনা এই য়ে, শ্রীকৃষ্ণ সর্বাণক্তি-সম্পন্ন, বত্ত্বর্ষর্পাপূর্ণ স্বয়ংভগ্রান্ হইলেও শ্রীরাধার সাক্ষাতে স্বীয় চত্ত্র্জিত্ব রক্ষা করিতে সমর্থ হইলেন না।

২৮৫-৮৭। ২৬৮ পয়ারের সঙ্গে এই কয় পয়ারের অয়য়। ২৬৮ পয়ারে বলা হইয়াছে, রাধাভাবে সীয়
মাধুয়্য়াদির আসাদন শ্রীমন্ মহাপ্রভ্র অবতারের ম্থাকারণ হইলেও, বিষয়রূপে তিনি চতুর্বিধ-ভক্তের চতুর্বিধ ভাবও
আসাদন করিয়াছেন; এই চতুর্বিধ ভক্ত লইয়াই তিনি অবতীর্ণ হইয়াছেন; ইহাদের মধ্যে কে কোন্ ভাবের ভক্ত,
কাহার কোন্ ভাব প্রাস্থ আসাদন করিয়াছেন, তাহাই এফাণে বলা হইতেছে।

সেই ত্রজেশার ইত্যাদি—দাপরে যিনি ব্রজনাজ নন্দ ছিলেন, তিনিই এই নবদীপে শ্রীকৃষ্ণতৈততার পিতা জননাথ মিশ্র। সেই ত্রজেশারী ইত্যাদি—দাপরে যিনি ব্রজনাজপত্নী যশোদা ছিলেন, তিনিই এই নবদীপে শ্রীকৃষ্ণ-চৈত্তাের মাতা শচীদেবী। শচীমাতা ও জননাথমিশ্র প্রভুর মাতা-পিতা বলিয়া তাঁছাদের বাংসল্যভাব; প্রভুও প্রেমভক্তি দিয়া তিঁহো ভাদাইল জগতে।
তাঁহার চরিত্র লোক না পারে বুঝিতে ২৮৮
অবৈত আচার্য্যগোদাঞি ভক্ত অবতার।
কৃষ্ণ অবতারি কৈল ভক্তির প্রচার॥ ২৮৯
'সখ্য দাস্থা' তুই ভাব—সহজ তাঁহার।
কভু প্রভু করেন তাঁরে গুরু-ব্যবহার॥ ২৯০
শ্রীবাদাদি যত মহাপ্রভুর ভক্তগণ।

নিজনিজভাবে করেন চৈতক্যসেবন ॥ ২৯১
পণ্ডিতগোসাঞি-আদি যাঁর যেই রস।
সেই-সেই রসে প্রভু হন তার বশ ॥ ২৯২
তেঁহো শ্যাম বংশীমুখ গোপবিলাসী।
ইহোঁ গোর—কভু দিজ—কভুত সন্ন্যাসী ॥ ২৯৩
অতএব আপনে প্রভু গোপীভাব ধরি।
ব্রজেন্দ্রনদনে কহে—'প্রাণনাথ' করি॥ ২৯৪

গৌর-কুপা-তর্ন্ধিণী চীকা।

বিষয়রপে তাঁহাদেরই বাংসল্যরস আশ্বাদন করিয়াছেন। সেই নন্দস্ত ইত্যাদি—যিনি ছাপরে নন্দ-নন্দন শ্রীকৃষ্ণ ছিলেন, তিনিই নবদীপে শ্রীচেতন্মপ্রভূ। সেই বলদেব ইত্যাদি—যিনি ছাপরে শ্রীবলদেব ছিলেন, তিনিই নবদীপে শ্রীমনিত্যানন্দ, শ্রীচেতন্মের জ্যোষ্ঠলাতার ন্যায়। বাৎসল্য দাস্থা ইত্যাদি—শ্রীমনিত্যানন্দের ভাব—দাস্থা, সংগ্র ও বাংসল্য—এই তিনভাবের মিশ্রিত ভাব—দাস্থ-সংগ্রমিশ্রিত বাংসল্য ভাব। (বড়ভাই বলিয়া ছোটভাইয়ের প্রতি বাংসল্য)। প্রভূত্ত তাঁহার এই ভাবের আশ্বাদন করেন। কুষ্ণেচৈতন্য-সহায়—পার্যদ; শ্রীকৃষ্ণচৈতন্মের লীলা-সহচর; নাম-প্রেম-বিতরণ-কার্যোও প্রভূর মূল সহায়।

২৮৮। কিরপে শ্রীনিত্যানন্দ শ্রীচৈতত্তার সহায়তা করিয়াছেন, তাহা বলিতেছেন। জগতে প্রেমভক্তিবিতরণই শ্রীমন্ মহা প্রভুর একটা উদ্দেশ্য—জীবের দিক্ হইতে দেখিতে গেলে ইহাই মুখ্য উদ্দেশ্য। শ্রীমিরিত্যানন্দ-প্রভু
অকাতরে এবং নির্বিচারে যাহাকে তাহাকে প্রেমভক্তি দান করিয়া প্রভুর এই উদ্দেশ্য-সিদ্ধির আন্তর্কুল্য করিয়াছেন।
ভাঁহার চরিত্র ইত্যাদি—শ্রীমিরিত্যানন্দের চরিত্র সাধারণ লোকের বৃদ্ধির অতীত— ত্র্বিজ্ঞেয়।

২৮৯-৯০। ভক্ত-ভাবতার—১০০২ এবং ১০০৯৮ প্রার দ্রেষ্ট্রা। কৃষ্ণ ভাবতারি—স্বীর আরাধনার প্রভাবে শ্রীগোরাঙ্কলপে কৃষ্টকে অবতার্শ করাইয়া। ১০০৭৬-৮৯ প্রার দ্রেষ্ট্রা। সখ্য দাস্ত ইত্যাদি—স্থ্য ও দাস্ত এই তুই ভাবই শ্রীঅধ্যতের স্বাভাবিক ভাব; কিন্তু শ্রীমন্ মহাপ্রভু কখনও কখনও শ্রীঅধ্যতকে গুকর কার সন্মান করিতেন (শ্রীঅধ্যত শ্রীপাদ ঈশ্র-পুরীর গুক্ভাই ছিলেন বলিমা)।

২৯১। শ্রীবাসাদি ভক্তগণের শ্রীচৈতন্মের প্রতি দাস্তাদিময় ভাব।

২৯২। শ্রীলগদাধরপণ্ডিত-গোস্বামীর ভাব ছিল মধুর-ভাব। যিনি যেই ভাবের ভক্ত, শ্রীমন্ মহাপ্রভু তাঁহার সেই ভাব আস্বাদন করিয়া তাঁহার সেই ভাবোচিত সেবায় তাঁহার বশীভূত হয়েন।

েকোনও কোনও গ্রন্থে "সেই দেই রসে প্রভু" স্থলে "সেই সেই রসে রুফ"—এইরপ পাঠান্তর আছে। এস্থলে "রুফ"-শব্দে "শ্রীচৈতক্যরূপী রুফ" বুঝায়।

২৯৩-৯৪। ২৮৬ প্রাবে বলা হইয়াছে, শ্রীকৃষ্ণই শ্রীচৈতন্ত হইয়াছেন। ইহাতে কেছ প্রশ্ন করিতে পারেন যে, ইহা কিরপে সম্ভব হয় १ ক্ষা হইলেন শ্রামবর্ণ, আর শ্রীচৈতন্ত হইলেন গোরবর্ণ; আবার কৃষ্ণ হইলেন গোয়ালা, আর শ্রীচৈতন্ত হইলেন রাল্যালা—পরে সন্ন্যাসী; শ্রীকৃষ্ণ বাশী বাজাইতেন—শ্রীচৈতন্তের বাঁশী নাই; এরপ অবস্থায় শ্রীকৃষ্ণ ও শ্রীচৈতন্ত কিরপে এক হইতে পারেন ? ২০০ প্রাবে এই প্রশ্ন উত্থাপিত করা হইয়াছে। ইহার উত্তর দিয়াছেন ২০৪ প্রাবের প্রথম প্রারাদ্ধে—"গোপীভাব ধরি"-বাক্যো। এস্থলে গোপীভাব অর্থ—রাধাভাব; এবং ভাবের উপলক্ষণে ভাব ও কান্তি উভয়ই লক্ষিত হইতেছে। গোপীভাব বা শ্রীরাধার ভাব ও কান্তি অপীকার করিয়াই শ্রীকৃষ্ণ গোরবর্ণ হইয়াছেন—শ্রীরাধার গোরকান্তির অন্তর্রালে স্বীয় শ্রামকান্তিকে লুকাইয়া গোর হইয়াছেন। গোপবেশ।

সেই কৃষ্ণ সেই গোপী—পরম বিরোধ।

অচিন্ত্যচরিত্র প্রভুর—-অতি স্তৃতুর্বেবাধ॥ ২৯৫

গোর-কুণা্-তরক্ষিণী টীকা।

অধ্বের বর্ণ এবং ম্থের গঠনই কাহাকেও চিনিবার পক্ষে প্রধান সহায়। এস্থলে শ্রীক্ষেরে ও শ্রীচৈতন্তের ম্থগঠন সম্বন্ধ কোনও প্রশ্ন না থাকায় ব্যা যাইতেছে যে, হয়তো উভয়ের ন্থগঠন একরপই ছিল (তদ্ধপ হওয়ার সম্ভাবনাই বেনী; কারণ, কফের দেহে রাধার বর্ণ সমাক্রপে মাথিয়া দিয়াই গৌররূপ হইয়াছেন); অথবা, যাহারা শ্রীকৃষ্ণ বা শ্রীচৈতন্তকে দেখে নাই, স্তরাং উহাদের ম্থগঠন কিরপ তাহা জানে না—এমন সাধারণ লোক এরপ প্রশ্ন করিতে পারে আশস্তা করিয়াই ম্থগঠন সম্বন্ধ কোনও কথা বলা হয় নাই; তাহাদের মনে কেবল বর্ণস্থান্ধই প্রথম এবং প্রধান সন্দেহ উঠিতে পারে; তাই কেবল বর্ণের সম্বন্ধই উত্তর দেওয়া ইয়াছে। একই ব্যক্তি—কথনও গোয়ালার বেশ কথনও বা রাজ্যণের বেশ, কথনও বা সমাসীব বেশও ধারণ করিতে পারে; আবার কথনও বাশী বাজাইতে পারে, কথনও বা বাশী ফেলিয়াও দিতে পারে—স্তরাং গোপত্ব, দিজত্ব, সমাসিত্ব বা বংশীম্থত্ব কাহাকেও চিনিবার পক্ষে নিশ্চিত লক্ষণ নহে বলিয়া এবং ম্থ-গঠন সম্বন্ধ কোনও সন্দেহ বা প্রশ্ন থাকায়—অন্ধের বর্ণই ম্থ্য লক্ষণ বলিয়া গোপত্বাদি সম্বন্ধ কোনও উত্তর না দিয়া কেবল বর্ণদ্বন্ধই এম্বনার উত্তর দিয়াছেন। যাহা হউক, শ্রীক্ষণ্ধ শ্রীষার ভাবকান্থি অন্ধীকার করিয়াছেন বলিয়া—শ্রীরাধার ভাবে আবিই হইয়া নিজেকে শ্রীরাধা মনে করেন বলিয়াই—বজেন্ত-নন্দনক "প্রাণনাধ" বলিয়া সংঘাধন করেন। ২৯০-৯৪ পন্ধারেব অন্ধয:—তিনি জান, বংশীম্থ, এবং গোপ (রূপে)-বিলাসী; আর ইনি গোর, কথনও দ্বিদ্ধা (গোর হইয়াছেন, তাই উভয়ের একত্ব অসম্বন্ধ কহিতে পারেন ?) প্রভ্ (কৃষণ্ধ) আপনি গোপী (রাধা)-ভাব ধ্রিয়া (গোর হইয়াছেন, তাই উভয়ের একত্ব অসম্বন্ধ নহে।) অত এব (শ্রীক্ষণ্ধ বাধাভাব অঞ্চীকার করিয়াছেন বলিয়া) ব্রজেন্ত-নন্দনকে "প্রাণনাধ" কহেন।

অথবা, এই প্রারম্বরের অহারপ অন্য এবং অর্থও হইতে পারে।

২৮৬ প্রারে শ্রীকৃষ্ট শ্রীকৈত্যু হইয়াছেন বলিয়া, শ্রীকৃষ্পন্ধপের এবং শ্রীকৈত্যুদরপের বর্ণাদির বিশেষ্ত্ব সংক্ষেপে জানাইতেছেন। অরয়:—তেঁহো (শ্রীকৃষ্ণ ছিলেন) শ্রাম, বংশীম্থ এবং গোপ (রূপে)-বিলাসী; আর, ইহোঁ (শ্রীকৈত্যু হইয়াছেন) গোর, কথনও দ্বিজ, কখনও স্ন্যাসী। (কিরূপে গোর হইলেন? শ্রীবাধার ভাবকান্তি ধারণ করিয়া)। অতএব—আপনে প্রভু (কৃষ্ণ) গোপী (রাধা)-ভাব ধরিয়া ব্রজেন্দ্র-নন্দনকে "প্রাণনাণ" করিয়া ক্ছেন।

এরপ অর্থ্যে, ২৯৪-প্রারে "অতএব"-এর প্রে "আপনে প্রভূ গোপীভাব ধ্রি" বাক্য ইইতেছে "অতএব"-এর ব্যাথ্যামূলক বাক্য—২৯৩ প্রারে গোরত্বের হেতু স্পষ্টরূপে বলা হয় নাই বলিয়া; অথচ, "অতএব" এর পরে "ব্রজন্ত্রন কহে প্রাণনাথ করি" ইত্যাদি মৃথ্যবাক্যে সেই হেতুর ইন্ধিত আছে বলিয়া, "অতএব"-এর পরে গোরত্বের হেতুমূলক এবং "অতএব"-এর ব্যাথ্যামূলক "আপনে প্রভূ"-ইত্যাদি বাক্য বলা হইরাছে।

২৯৫। সেই কৃষ্ণ—শ্রীরাধার মাদনাগ্য-প্রেমের বিষয় যিনি, সেই কৃষ্ণ। সেই গোপী—মাদনাথ্য-প্রেমের একমাত্র আশ্রয় যিনি, সেই গোপী শ্রীরাধা। ২৬৯ এবং ২৯৪ পয়ারে বলা হইয়াছে—বিষয়-শ্রীকৃষ্ণই আশ্রয়-শ্রীরাধার ভাবগ্রহণ করিয়াছেন; ২৬৮ পয়ার ইইতে বরা৷ য়য়, রাধাভাব-কান্তিমুক্ত শ্রীকৃষ্ণ—অর্থাং শ্রীকৃষ্ণতৈত্য—শ্রীরাধার কান্তাভাবের—মাদনাথ্যভাবের—বিষয় এবং আশ্রয় উভয়ই। কিন্তু একই ব্যক্তি—একই শ্রীকৃষ্ণতৈত্য—কিরূপে একই ভাবের বিষয় এবং আশ্রয় হইতে পারেন ? ইহাই পরম বিরোধ—একই পাত্রে তুইটা বিকৃষ্ণ ভাবের—বিষয়-জাতীয় ও আশ্রয়-জাতীয় ভাবের সমাবেশ বলিয়া ইহা অসম্ভব। অচিন্তা চরিত্র ইত্যাদি—প্রভুর অচিন্তা-শক্তিপ্রভাবেই ইহা সম্ভব হইয়াছে; একই পাত্রে তুইটা বিকৃষ্ণভাবের সমাবেশ সাধারণতঃ অসম্ভব হইলেও মহাপ্রভুর অচিন্তা-শক্তির প্রভাবে তাঁহাতে তাহা সম্ভব হইয়াছে।

ইথে তর্ক করি কেহো না কর সংশয়। কুষ্ণের অচিন্তাশক্তি এইমত হয়॥ ২৯৬ অচিন্তা অদ্ভুত কুষ্ণচৈতন্মবিহার। চিত্র ভাব, চিত্র গুণ, চিত্র ব্যবহার॥ ২৯৭ তর্কে ইহা নাহি মানে যেই জুরাচার।

কুন্তীপাকে পচে, তার নাহিক নিস্তার ॥ ২৯৮
তথাহি ভক্তিরসায়তসিন্ধো, দক্ষিণবিভাগে,
স্থায়িভাবলহর্ষ্যাম্ (৫১)—
অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজ্যেং
প্রেক্তিভ্যঃ পরং যচ্চ তদ্চিন্তাস্থ লক্ষণম্॥ ১০

স্লোকের সংস্কৃত চীকা।

অচিন্তা: অচন্তনীয়া: খলু নিশ্চিতং যে ভাবা: তর্কেণ তর্কশাস্ত্রেণ তান্ ভাবান্ ন যোজ্যেৎ যোজনাং ন কুর্যাং। যং প্রকৃতিভাঃ প্রকৃতিবিকারেভাঃ পরং ভিন্নং, তং অচিন্তান্ত লক্ষণং স্থাং। চক্রবন্তী ১০।

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

২৯৬। ইথে--এ বিষয়ে; ছইটা বিরুদ্ধ-ভাবের একত্র সমাবেশ-বিষয়ে। এই প্রার পূর্ববর্ত্তী প্রারের শেষার্দ্ধেরই ব্যাখ্যামূলক।

২৯৭-৯৮। কৃষ্ণেচৈতন্ত্রবিহার—শ্রীমন্ মহাপ্রভুর লীলা অভুত এবং অচিস্ত্য—তর্কযুক্তির অতীত। চিত্র—বিচিত্র, অভুত, অচিস্তা। তর্কে —বহির্মুধ তর্কের বশীভৃত হইয়া। ইহা নাহি নানে—ভগবানের অচিস্তাশক্তি মানে না। কুন্ত্রীপাক—একরকম নরকের নাম।

বস্তুতঃ, ভগবানের অভিন্তাশক্তির অমুভব দাধন-সাপেক্ষ—মুখ্যতঃ ভগবং-কুপাসাপেক্ষ—বস্তু; বহির্থ জীবের পক্ষে এই অমুভব সম্ভব নহে। অথচ, অচিন্তাশক্তিতেই ভগবানের অতীক্রিয়ত্ব—তাঁহার বিশেষত্ব—তাহা না মানিলে ভগবানের বিশেষত্বই মানা হয় না; ভগবানের বিশেষত্ব—অতীক্রিয়ত্ব—না মানিলেই অপরাধী হইতে হয়।

শ্লো। ১০। অস্থা। যে (যে সমস্ত) ভাবাঃ (ভাব—পদার্থ) অচ্নিষ্ঠাঃ (অচিষ্ঠা) খলু তান্ (সে সমস্তকে—সে সমস্ত অচিষ্ঠাভাব বা পদার্থকে) তর্কেণ (তর্কদারা) ন যোজায়েং (যোজানা করিবে না)। যং চ (যাহা) প্রকৃতিভাঃ (প্রকৃতির—প্রকৃতির বিকারসমূহের) পরং (অতীত) তং (তাহা) অভিষ্ঠাশ্ত (অচিষ্ঠারে) লক্ষণম্ (লক্ষণ)।

তাকুবাদ। যে সকল ভাব বা পদার্থ অচিস্তা, তর্ক দারা সে সমস্তের যোজানা করিবে না (অর্থাৎ সে সমস্তকে তর্কের বিষয়ীভূত করিবে না); যাহা প্রকৃতির বিকার-সমূহের অতীত (অর্থাৎ যাহা অপ্রাকৃত), তাহাই অচিস্তা। ১০

আমাদের অভিজ্ঞতাও প্রাকৃত বস্তব উপরেই প্রতিষ্ঠিত। আমাদের যুক্তিতর্কে আমরা এই প্রাকৃত জগতের অভিজ্ঞতারই প্রয়োগ করিয়া থাকি; প্রাকৃত বিষয়-সম্বন্ধীয় বিচারে প্রাকৃত জগতের অভিজ্ঞতার প্রয়োগ করিয়া থাকি; প্রাকৃত-বিষয়-সম্বন্ধীয় বিচারে প্রাকৃত জগতের অভিজ্ঞতার প্রয়োগ প্রয়োজনীয় এবং অপরিহার্যা। কিন্তু অপ্রাকৃত—চিন্নয় জগং-সম্বন্ধীয় কোনও বিচারে প্রাকৃত জগতের অভিজ্ঞতার বিশেষ স্থান নাই। তাহার হেতুও আছে। যাহা প্রকৃতির বিকারভূত নহে—যাহা প্রকৃতির অতীত, তাহাই অপ্রাকৃত; এ সমস্ত অপ্রাকৃত বস্ত স্থারুত বিশ্ব ; চিন্নয় বস্তু প্রাকৃত লোক-আমরা কখনও দেখিনা, দেখিবার সম্ভাবনাও আমাদের নাই; কারণ, "অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত প্রার্ব ।" শান্তবাক্য বা আপ্রবাক্য ব্যতীত অন্ত কোনও উপায়েই চিন্নয় জগতের কোনও সংবাদ আমরা পাইতে পারি না; সেই জগং আমাদের কোনও ইন্ধিয়েরই গোচরীভূত নহে বলিয়া আমাদের পক্ষে অচিন্তা। এই অভিন্তা চিন্নয় জগতের রীতিনীতি সর্ব্ববিষয়ে আমাদের প্রাকৃত জগতের রীতিনীতির অন্থর্জন না হইতেও পারে; কাজেই অভিন্তা চিন্নয় জগং-সম্বন্ধীয় কোনও বিচারে প্রাকৃত জগতের অভিজ্ঞতার প্রয়োগ করিলে প্রকৃত সিদ্ধান্তে উপনীত হওয়ার নিশ্চিত সন্তাবনা থাকিতে পারে না। অবশ্ব, শান্তবাক্য বা আপ্রবাক্য হইতে চিন্নয় জগং-সম্বন্ধ যে তথ্য অবগত হওয়া যায়, প্রকৃতসিদ্ধান্ত-নির্গমে সে সমস্ত তথ্যের প্রয়োগ—সে সমস্ত তথ্যমূলক তর্ক—অসম্বত হইবে না। কিন্ত অন্তর্গ তর্কের প্রয়োগ সমীচীন হইবে না।

অন্তুত চৈত্যুলীলায় যাহার বিশাস।
সেই জন যায় চৈত্ত্যের পদপাশ॥ ২৯৯
প্রসঙ্গে কহিল এই সিদ্ধান্তের সার।
ইহা যেই শুনে, শুন্ধভক্তি হয় তার॥ ৩০০।
লিখিত গ্রন্থের যদি করি অনুবাদ।
তবে সে গ্রন্থের অর্থ পাইয়ে আম্বাদ॥ ৩০১
দেখি গ্রন্থে ভাগবতে ব্যাসের আচার।
কথা কহি অনুবাদ করে বারবার॥ ৩০২
তাতে আদিলীলার করি পরিচ্ছেদগণন।
প্রথম-পরিচ্ছেদে কৈল মঙ্গলাচরণ॥ ৩০৩
দিতীয়-পরিচ্ছেদে চৈত্যুতত্ত্ব-নির্ন্পণ—।

সায়ং ভগবান্ যেই ব্রজেন্দ্রনন্দন। ৩০৪
তেঁহো ত চৈতন্সকৃষ্ণ শচীর নন্দন।
তৃতীয় পরিচ্ছেদে জন্মের সামান্ত-কারণ। ৩০৫
তহি-মধ্যে প্রেমদান বিশেষ কারণ।
যুগধর্ম্মকৃষ্ণনাম প্রেম-প্রচারণ। ৩০৬
চতুর্থে কহিল জন্মের মূল প্রয়োজন।
সমাধুর্য্য-প্রেমানন্দর্য আসাদন॥ ৩০৭
পঞ্চমে শ্রীনিত্যানন্দত্ত্ব নিরূপণ—।
নিত্যানন্দ হৈলা রাম রোহিণীনন্দন॥ ৩০৮
যষ্ঠ পরিচ্ছেদে অদৈত-তত্ত্বের বিচার—।
অদৈত-আচার্য্য মহাবিষ্ণ্য-অবতার॥ ৩০৯

গৌর-কুণা-তরঞ্চিণী চীকা।

- ২৯৯। অছুদ চৈতন্তলীলায়—শ্রীচৈতন্তের লীলার অভুতত্বে বা অচিন্তাবে; শ্রীচৈতন্তের লীলা যে প্রাক্ত লোকের যুক্তিতর্কের বিধয়ীভূত নহে, তৰিব্রে। পদপাশ—চরণের নিকটে। ভগবানে যাহার দৃঢ় অচল বিশাস আছে, তিনিই ভগবানের মচিন্তা-শক্তিতে, তাঁহার লীলার অতী ক্রিয়েবে বিশাস করিতে পারেন। স্কুতরাং ভগবলীলার অভুতত্বে যাহার দৃঢ় বিশাস, তাঁহারই ভগবানে দৃঢ় বিশাস আছে বলিয়া মনে করা যায় এবং ভগবানে এই দৃঢ় বিশাসবশতঃ—সাধনের যে স্তরে উন্নীত হইলে ভগবানে এবং তাঁহার অভুত লীলায় এইরূপ দৃঢ় বিশাস জন্মে, সেই স্তরে অবস্থান হৈতৃ—ভগচ্চরণ-দেবা লাভ তাঁহার পক্ষে স্কুলভ হইয়া পড়ে।
 - ৩০০। এ**ই সিদ্ধাত্তের সার**—পূর্ববর্ত্তী প্রারোক্ত সিদ্ধান্ত।
- ৩০১। **অমুবাদ**—কথিত-বিষয়ের সংক্ষিপ্ত পুনক্জি। সমগ্র গ্রন্থে যাহা লিখিত হয়, গ্রন্থলৈয়ে যদি সংক্ষেপে সে সমগ্র গ্রন্থের পুনকলেথ করা যায়, তাহা হইলেই একসঙ্গে সমগ্র গ্রন্থে বর্ণিত বিষয়ের আম্বাদনের স্থ্রিধা হয়। শীতিতভাচ বিতামৃত-গ্রন্থের প্রত্যেক লীলার—আদি-লীলা, মধ্য-লীলা ও অন্ত্য-লীলার—বর্ণনার পরে গ্রন্থলার ক্রিরাজ-গোমামী শেষ পরিচ্ছেদে সেই লীলার বর্ণিত বিষয়সমূহের স্ক্রোকারে পুনকলেথ করিয়াছেন।
- ৩০২। এইরূপ পুনরুল্লেখ-বিষয়ে পূর্ব্ব-মহাজনগণের আচরণ দেখাইতেছেন। স্বয়ং ব্যাসদেবও শ্রীমদ্ভাগবতের শেষ-ক্ষাের শেষে—দ্বাদশ-অধ্যায়ে সমগ্র গ্রন্থের অন্থবাদ
- ৩০৩। তাতে—অন্বাদ-বিষয়ে ব্যাসের আচরণ অনুকৃল বলিয়া। আদি-লীলার ইত্যাদি--ইতঃপুর্বে এই গ্রন্থের আদিলীলার কোন্ পরিচ্ছেদে কি বিষয় আলোচিত হইয়াছে, তাহার উল্লেখ করিতেছি। বস্ততঃ প্রাচীন-দিগের অন্থবাদ বর্ত্তমানযুগের স্চীপত্রের অন্থরূপ; পার্থক্য এই যে— প্রাচীনদের অন্থবাদ থাকিত গ্রন্থের শেষভাগে, আর আধুনিক স্ক্টীপত্র থাকে গ্রন্থারন্তের পূর্বেনি
 - ৩০৫। কোনও কোনও গ্রন্থে "তেঁহো ত চৈতগুরুষ্ণ শচীর নন্দন।"—এই পয়ারার্দ্ধ নাই; থাকা সঙ্গত।
 - ৩০৬। কোনও কোনও গ্রন্থে "তহি-মধ্যে প্রেমদান বিশেষ কারণ।"—এই প্রারাদ্ধ নাই।
 - ৩০৮। রাম-বলরাম। "নিত্যানন্দ হৈলা রাম"-স্থলে "রাম নিত্যানন্দ হৈলা"—পাঠও দৃষ্ট হয়।

সপ্তম-পরিচ্ছেদে পঞ্চত্ত্বের আখ্যান।
পঞ্চত্ত্ব মিলে থৈছে কৈল প্রেমদান॥ ৩১০
অফমে চৈত্ত্যলীলাবর্ণন-কারণ।
এক কৃষ্ণনামের মহা মহিমা-কথন॥ ৩১১
নবমেতে ভক্তিকল্পরক্ষের বর্ণন।
শ্রীচৈত্ত্য-মালী কৈল বৃক্ষ আরোপণ॥ ৩১২
দশমেতে মূলস্কন্ধের শাখাদিগণন।
সর্ববশাখাগণের থৈছে ফলবিতরণ॥ ৩১৩
একাদশে নিত্যানন্দ শাখা-বিবরণ।
ভাদশে অদৈতক্ষন্ধশাখার বর্ণন॥ ৩১৪
ত্রয়োদশে মহাপ্রভুর জন্মবিবরণ।
কৃষ্ণনাম-সহ থৈছে প্রভুর জনম॥ ৩১৫
চতুর্দশে বাল্যলীলার কিছু বিবরণ।
পঞ্চদশে পৌগগুলীলা-সংক্ষেপ-কথন। ৩১৬
ধ্যোড়শ-পরিচ্ছেদে কৈশোর-লীলার উদ্দেশ।

সপ্তদশে যৌবনলীলার কহিল বিশেষ। ৩১৭
এই সপ্তদশপ্রকার আদিলীলার প্রবন্ধ।
দাদশ প্রবন্ধ তাতে প্রস্থাবন্ধ। ৩১৮
পঞ্চ প্রবন্ধ পঞ্চ রসের চরিত।
সংক্ষেপে কহিল, অতি না কৈল বিস্তৃত। ৩১৯
বৃন্দাবনদাস ইহা চৈতগ্রমঙ্গলে।
বিস্তারি বর্ণিল নিত্যানন্দ-আজ্ঞাবলে। ৩২০
শ্রীকৃষ্ণচৈতগ্রলীলা অভুত অনন্ত।
ব্রহ্মা শিব শেষ যার নাহি পায় অন্ত। ৩২১
যে যেই-অংশ কহে শুনে—সেই ধন্য।
অচিরে মিলিবে তারে শ্রীকৃষ্ণচৈতন্য। ৩২২
শ্রীকৃষ্ণচৈতন্য অদৈত নিত্যানন্দ।
শ্রীবাস-গদাধর আদি ভক্তবৃন্দ। ৩২০
যত্যত ভক্তগণ বৈসে বৃন্দাবনে।
নম্র হৈয়া শিরে ধরোঁ সভার চরণে। ৩২৪

গৌর-কুঁপা-ভরঞ্চিণী টীকা।

- ৩১২। আরোপণ—আ (সমাক্রপে) রোপণ, যাহাতে প্রচুর পরিমাণে অপুষ্ঠ ফল ধরিতে পারে।
- ৩১৮। প্রবিদ্ধ-পূর্বাপর-সঞ্চিযুক্ত রচনা; কোনও বিষয়ে পূর্বাপর-সঞ্চিযুক্ত আলোচনা বা বর্ণনা। এই সপ্তদশ ইত্যাদি—আদি-লীলার এই সতর পরিচ্ছেদে সতরটী বিষয় আলোচিত হইয়াছে। প্রথম প্যারাদ্ধ-স্থলে
 —"এই সপ্তদশে লীলার প্রকার প্রবন্ধ"—এইরপ পাঠান্তর দৃষ্ট হয়। লীলার প্রকার প্রবন্ধ—প্রভু কিরূপে লীলা করিয়াছেন, তাহার আলোচনা। হাদশ প্রবন্ধ—প্রথম বারটী পরিচ্ছেদে বর্ণিত বারটী বিষয়। গ্রন্থ নুখবন্ধ—প্রস্থের মুখবন্ধ বা ভূমিকা-স্বরূপ। প্রথম পরিচ্ছেদ হইতে দ্বাদশ পরিচ্ছেদ পর্যন্ত যাহা বর্ণিত হইয়াছে, তাহা হইল সমগ্র গ্রন্থের ভূমিকার তুল্য।
- ৩১৯। পঞ্চপ্রক্ষে— ত্রোদশ-পরিচ্ছেদ্ ক্রিডেন্স্ প্রচ্ছেদ্ পর্যন্ত পাঁচ পরিচ্ছেদেই গ্রন্থর মূল বর্ণনীয় বিষয়—শ্রীচৈতন্তের লীলা—বর্ণিত হইয়াছে। পঞ্চরেসের চরিত—শ্রীচৈতন্তের পাঁচটী রস; ত্রেয়াদশ-পরিচ্ছেদে জ্নালীলারস, চতুর্দশে বাল্য-লীলারস, পঞ্চদশে পোঁগণ্ড-লীলারস, যোড্শে কৈশোর-লীলারস এবং সপ্তদশে যোবন-লীলারস বর্ণিত হইয়াছে।
 - ৩২১। শেষ—সহস্রবদন অনন্তদেব।
- ৩২২। যেই যেই অংশ ইত্যাদি— প্রীচৈতন্ত-লীলার সম্পূর্ণ অংশ বর্ণন বা প্রবণ করা কাহারও পক্ষেই সম্ভব নয়; কারণ, এই লীলা অনন্ত। সম্পূর্ণ না পারিলেও, যে ব্যক্তি এই লীলার কোনেও এক অংশমাত্রও বর্ণনা করিবেন বা প্রবণ করিবেন, তিনিই ধন্ত। কারণ, এই প্রবণ-কীর্তনের প্রভাবে অবিলম্পেই তিনি প্রীকৃষ্টেচতন্ত্রের চরণস্বা পাইতে পারিবেন।

শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন। শ্রীরত্বনাথদাস আর শ্রীজীবচরণ॥ ৩২৫ শিরে ধরি বন্দোঁ নিত্য করোঁ তাঁর আশ। চৈতত্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৩২৬ ইতি শ্রীচৈতত্যচরিতামৃতে আদিখণ্ডে গৌবন-লীলাস্কুবর্ণনং নাম সপ্তদশপরিচ্ছেদঃ ॥

গৌর-কুপা-তরজিণী টীকা।

৩২৫। "শ্রীরঘুনাথ দাস" ছলে "শ্রীরঘুনাথ তুই" এইরূপ পাঠাস্তরও দৃষ্ট হয়। শ্রীরঘুনাথ তুই—তুইজন রঘুনাথ, রঘুনাথ-দাস ও রঘুনাথ-ভট্ট এই তুইজন।

৩২৬। "শিরে ধরি" ইত্যাদি প্রথম পয়ারার্দ্ধস্থলে "শ্রীল গোপালভট্ট-পদ করি আশ।"--এইরূপ পাঠান্তরও দৃষ্ট হয়।

ইতি এটিচতম্ভরিতামৃতের আদিলীলার গোরকুপা-তরনিণী-টীকা সমাপ্তা।

व्यापि-लीमा ममाश्वा।